অনম্ভব পুৰাণতত্ত্বিদ সুধীশ্রেষ্ঠ সূত সমবেত মুনিগণকে • সম্বোধন করিয়া, ধীর ও প্রশান্তভাবে আবার বলিতে লাগিলেন, িঁহে মুনিপুঙ্গবঁগণ, দেবদেব বিঞ্**র নিকট বরলাভ কবিয়া মহামুনি** মৃক্তু সর্বদা দেবারাধনা পূর্বক সাংসারিক জিমাকলাপ নম্পাদন করিতে লাগিলেন। কিছুদিন পবে নারাযণের তুল্য তেলোময় তাঁহাব ১কটি পুত্র সঞাত হইলেন। তাঁহার নাম মার্কণ্ডেম। মার্বতের্ম পরম যোগী, ভাহার হৃদয়ে অসাম দবা, ধর্মে তাঁহার প্রগাঢ অমুরাগ , ডিনি আত্মবান, সভ্যসন্ধ, জ্বিভেক্সিয়, শাস্তভ্রদয ও পরমজানী, মাওণ্ডের স্থায় তাঁহাব জ্লন্ত জ্যোতি। সেই সর্ববতত্বার্থকোবিদ "হরিভক্ত মুক্তুতনয় নাবায়ণের প্রীতিসাধনার্থ কঠোর তপশ্চরণে প্রবৃত হইলেন। ভিক্তের আরাধনায় আরুট হইযা ভক্তানুরত ভগবান অচ্যত পুরাণসংহিতা রচনা করিতে তাঁহাকে বরপ্রদান করিয়াছিলেন। মার্কণ্ডেযমূনি সেই জগু নাবায়ণ বলিয়া প্রথিত। ডিনি চিরজীবী এবং দেবদেব চক্রপাণির মহাভক্ত। হে ব্রহ্মন্ । তাঁহার অসীম তপ ও প্রভাবের কথা কি বলিব । যে দিন সমত লগং একার্ণবে নিময়, সে দিন স্থাবর-জন্মাদি সমন্তই বিনষ্ট হইয়া সেই একীভূত অনম্ভ জলরাশিতে বিদীন হইয়া গেল, মহা-তপা মাৰ্কণ্ডেয় সেই দিন নারায়ণকে স্তীয় প্রভাব দেখাইবার নিমিত্ত ভগবানকে নমস্বার করিয়া সেই মহাভয়াবহ সলিলরাশির উপর শীর্ণ-পত্রবং ভাসমান হইলেন। হরি যতদিন শহরে রহিলেন, মার্কভের মুনীধরও তুর্জন শ্যন ত্যাগ ক্রিলেন না।

হে ছিলবর। সেই অসীম ও অনন্ত জলরাশিতে শয়ন করিয়া

মহামুনি নাৰ্কটেণ যে বত কাল যাপন কৰিয়াছিলেন, তাহার প্রমাণ বলিতেছি, শ্রবণ হরুন। পঞ্চদশ নিমেষে এক কাঠা, তিংশং কাষ্টায় এক কলা, ত্রিংশং কলায় শুক কণ, চরা সংগে এক ঘটকা, ছুই ঘটিকাম এক মুহূর্ত, জিংশং মুহূর্তে এক অহ্যেরাত্র, পঞ্চদশ ু অহোরাত্তে এক পক্ষ, ছুই পদে এক মাদ, ছুই মাদে এ গৃহু, তিন হততে এক অয়ন, ছুই অয়নে এক অন্ত। হে মুনির্গণ। সেই অন্স দেবতাদিগের একদিন। যাহা উত্তরায়ণ নামে প্রসিদ্ধ, তাহা ভাহাদের দিবদ এবং যাহা দক্ষিণায়ন, তাহা রাত্রি। মনুযোর এক। মানে পিতৃ্লোকের এক দিন, দেবতাদিগের বাদশ সহস্র বর্ণে একটি<sup>©</sup> দৈবত যুগ; ছই সহস্র দৈবত যুগে মন্থ্যের এক কল্ল, একসপ্রতি टेम्य यूर्ण अक मयस्त्र , अञ्जल न्ड्र्ल्म मयस्टात खनाव अक् रिन। এইরূপ ত্রিংশং দিবদে তাঁহার এক মাস এবং সেইরূপ ঘাদশ মাসে তাঁহার এক বংসর। এইরূপ পরার্দ্ধদ্ম বংসরে বিফুব এক দিবস।

হে ছিলবরগণ। জগৎ একার্থীমূত হইলে মহামুনি মার্কণ্ডেয পরমাত্মাকে ধ্যান করিতে করিতে এই দীর্ঘকার্ল সেই অসীম জল-রাশির উপর হবিসমিধানে জীর্ণগত্রবং শ্যন করিয়া ছিলেন। অন-ন্তর উপযুক্ত কাল উপস্থিত হইলে, ভগবান্ মহাবিষ্ণু যোগনিস্লা হইতে উখিত হইযা ভ্রহ্মরূপে এই চরাচর নিখিল জগং সৃষ্টি করি লেন। এ দিকে মার্কণ্ডেয সেই জলরাশিকে বিশুছ ও সংহত দেখিয়া যুগপং হর্ষ ও বিশ্বয়ে বিচলিত হইলেন এবং হরির চরণ यूगन रचना कविया श्रीय मिरव अक्षनिशावन शृक्तक रेहेरहान छगरमक দেবের স্তব করিতে লাগিলেন ,—"অনাময়, সহস্রশীর্ধ, পরমপুরুষ, নারায়ণ, আধারহীন জনার্দনকে নমন্তার। সর্বভৃতের আধার, অনাদি, অন্ত, প্রভূ, সর্ক্ষায়ার অভৈদ্য-জনাদ্দনকে নমস্বার। যিনি অমেয, যিনি অঞ্জ, যিনি নিতা ও। সদানন, যিনি অপ্রতর্কা ও # অনির্দ্দেশ্য, সেই জনার্দ্দনকে নমৃন্ধার। যিনি অক্ষর ও পরম, বিখাখা

অপ্রতার্কা—তর্কের অগোচর।

ও বিশ্বসন্তব, দেই সর্বতত্ত্বায় শান্ত জনার্দ্ধনকে নমস্কার। যিনি
পুরাণপুক্ষ ও সিন্ধ, সমস্ত দান, ধ্যান ও যজ্ঞাদি একমাত্র যাঁহাতেই
উৎসর্গ করা কর্ত্তব্য, সেই পরাংশর জনার্দ্ধনকে নমস্কার। যিনি
পরমদ্যোতি, পরমধান ও পরমপদস্বরুপ, সেই পরমাত্রা ইজনার্দ্ধনকে
নমস্রার। যিনি সদানন্দ, চিন্মাত্র, পরমেশ্বর ও পরম, যিনি সকলের
শ্রেষ্ঠ ও পূর্বে, সেই সনাতন জনার্দ্ধনকে নমস্কার। যিনি নিগুর্প ইইয়াও গগুণ, নায়াতীত হইবাও মায়াম্য, অন্তপ ইইযাও বছকুণবান্,
সেই জনার্দ্ধনকৈ নমস্কার। যিনি ত্রিগুণ্ডেদে তিন মৃত্তি ধারণ করিয়া
জগতের স্বৃত্তি, স্থিতি ও প্রলব্রুলার্ঘ্যে ব্যাপ্ত, সেই আন্দিদের ঈশান
জনার্দ্ধনকে নমস্কার। তে পবেশ, তে পরম্যানন্দ, হে শরণাগতবংসল কৃকণাসিক্রো। আপনার, চরণে কোটি কোটি নমস্কার,
স্মানাকে ত্রাণ কর্কন্।"

মহর্ষি মার্কণ্ডেয়ের এই অমিয়ম্য মনোহর গুব প্রবাধ করিয়া
ভক্তবংসল ভগবান্ হরি পরমু প্রীতি সহকারে বলিলেন,—
"হে বিদ্ধান্ত ! ইতুলোকে যাহারা ভগবন্তক, তাহাদিগের উপর
আমি সর্বাধা সন্তঃ; আমি প্রচন্তর, কিন্তু ভগবন্তকরূপে সমস্ত লোককে রক্ষা করিয়া থাকি। আহা, ভাগবত ব্যক্তিগণই যথার্থ
পুণ্যবান্ ও স্থবী।"

ভগবভক লৈকের এই রূপ গুণামুবাদ প্রবণে যার-পব-নাই
আনন্দিত হইয়া মার্কণ্ডেয় সাগ্রহে জিজ্ঞাসা করিলেন,—"হে নারাযণ, ভাগবড ব্যক্তিদিগের কি কি লক্ষণ? কি প্রকার কর্ম ঘারাই বা
লোকে ভগবভক হইতে পারে? এ বিষয়ে আমার অত্যন্ত কৌতুহল ভারিযাছে; প্রভো! করুণা করিয়া আমার এই বুভূৎসা • নিবাবণ, করুন।"

অনন্তর ভক্তবাঞ্চাকন্পতক ককণাসিকু নারামণ ভুতের মনো-ভিলাম পূর্ণ করিবাব জন্ম ধীবগন্তীর-স্ববে বলিতে লাগিনেন,

पूजुरमा—भानिवात देखा ।

৪০ বৃহহারদীয়-পুরাণ i

"হে মুনিশ্রেষ্ঠ ! ভগবন্তক ব্যক্তিগণই যথার্থ ধার্ম্মিক ও পুণাবান । ভাঁহাদের অসীম প্রভাব ও গুণ কোটি বংসর ধরিয়া কীর্নন করিলেও শেষ করিতে পারা যায় না। এক্ষণে তাঁহাদিগের সমস্ত লক্ষণ ক্রমে ক্রমে বলিভেছি, অবহিতচিত্তে প্রবণ কর। হে প্রা**জ**! খাহারা জিতেম্প্রিয়, নিম্পুহ ও শাস্তহদয়, সর্বাস্থতের হিভাযুষ্ঠানে, খাঁহারা সর্বাদা বত, অহন্তার বা অসুষা থাঁহাদিগের পবিত্র হাদ্যে স্থান পায় না, তাঁহারাই প্রকৃত ভগবন্তক্ত। যাঁহারা কর্ম, বাক্য অথবা মনেও কখন্ও পরের অনিট্রাধন করেন না, থাহারা বাহা-বও নিকট কদাপি দান গ্রহণ কবেন না, তাঁহারাই প্রকৃত ভাগবত। হাঁছারা সংক্থা শ্রবণ করিতে ভালবাদেন, বিশ্ব-সুসংসারের সকল ভূতেই বাঁহাদেব দমান দয়া, বাঁহারা পিতা-মাতার শুঞাযা করেন, গলা ও বিশেষরের খানে বাঁহারা নিরন্তর রত, তাঁহারাই প্রকৃত ভগবন্ধক। যাঁহারা সর্বদা দেবার্চনা করিয়া থাকেন, যাঁহারা তাহার আয়োজন কবিয়া দেন, অথবা দেবোপাসনা বাঁহাদেব অনুমোদিত, ভাঁহারাই প্রকৃত ভগবন্তক। বাঁহারা ব্রতী ও বিভিন্ন পরিচর্য্যায রত, পর্নিন্দা ও প্রমানি খাঁহারা পাণবং <sup>\*</sup>পবিত্যাগ কবিয়া থাকেন, খাঁহারা প্রকৃত গুণগ্রাহী ও সকলকে হিডকথা বলেন, তাঁহারাই প্রকৃত ভাগুবত। খাঁহার। সর্ব্বভূতকে আত্মবং জ্ঞান করিয়া থাকেন. কি শত্রু, কি মৈত্র থাঁহাদের পকে সমান, ভাঁহারাই প্রবৃত • ভগবদভক্ত। যাঁহারা সর্বদা ধর্মণাত্র পাঠ কবিয়া থাকেন, যাঁহারা সভ্যবাদী ও স্ত্যুসন্ধ, অধবা ধাঁহারা পুণ্যবান্ ব্যক্তিব শুশ্রাৰা করেন, তাঁহারাই প্রকৃত ভাগবত।

বাঁহারা দিবপ্রিয় ও শিবাসক্ত, ললাটে ত্রিপুণ্ড ধারণ কবিযা বাঁহাঁরা সর্বনা শিবের চরণ-পূজা কবিয়া থাকেন, ওাঁহাবাই প্রকৃত ভাগবত। বাঁহারা পুরাণ-সংহিতাদি ব্যাখ্যা করিয়া দেন, বাঁহারা তানা প্রবণ করেন এবং বাঁহারা এ সকল পুণ্যবান ব্যক্তিকে ভাল-বাসেন, তাঁহাবাই প্রকৃত ভাগবত। বাঁহারা নিত্য গো-ত্রান্মণেব সেবা বরিয়া ধার্কেন, অথবা বাঁহারা নিরন্তর তীর্থ দর্শন করেন, তাঁহারাই প্রকৃত ভাগবত। অপরের উন্নতি ও প্রীর্ত্তি দর্শনে বাঁহাদের হিংদা হয় না, পরস্ত বাঁহারা ভাহাডে/ আনন্দিত হইযা থাকেন, হরিনাম-জপে বাঁহারা অকুদিন রত, তাঁহারাই প্রকৃত ভাগবত। পথিপার্বে বাঁহারা ত্রিফ্ছায়াবিনিষ্ট পাদপনালা রোপণ এবং স্থানে স্থানে দেবালয়, সরোবর, ভভাগ ও কুপাদি প্রতিষ্ঠা করিয়া থাকেন, বাঁহারা আবার তৎসম্পাবের বন্দা কবেন, ভাঁহা-বাই প্রকৃত ভাগবত।

হে মুনে। বাঁহারা গাযক্রীনিরত, হবিনাম-প্রবণে সাঁহাদের দেহ অতি গরিত ও রোমাঞ্চিত হয, তাঁহারাই প্রকৃত ভাগবত। তুশদীকানন দর্শনে বাঁহারা নমন্ধার করেন, তুলসীকানক দর্শনে বাঁহারা নমন্ধার করেন, তুলসীকানক দর্শনে বাঁহারা নমন্ধার করেন, তুলসীকানক দর্শনে বাঁহারা আমাদিত হযেন, অথবা তাহার তুশদেশে বাঁহারা অবস্থিতি করেন, তাঁহারাই ভগবতত। বাঁহারা হ আক্রমের আচার-ব্যবহার ব্যবানিরমে পালন করিয়া থাকেন, অতিথি-পূলা বাঁহাদের একটি প্রধান বভ, অথবা বাঁহাবা বেদার্থ বাাখ্যা করিয়া দেন, তাঁহারাই ভাগবত। বাঁহাবা মহাত্মা শন্তুর পরিত্র নামনালা জপ করেন, ক্রম্লাক-মালার বাঁহাদের বুলনে প্রকলি বাবা বিবিধ ব্যক্তর্ব অমুষ্ঠান করিয়া বাঁহারা গরম ভতিশহকারে মহাদেব অথবা হরির পূলা কবিবা থাকেন, তাঁহাবাই প্রকৃত ভগবতত। বাঁহারা শিব, পরমেশ ও পরমাত্মা বিশ্বদে অতেদভানে ধানি করেন, তাঁহাবাই প্রকৃত ভগবতত।

হে মহর্ষে। শিব-সেবায় বাঁছারা নিবস্তর বড, পঞ্চাক্ষর \* বাঁছাদের প্রধান জপ্য, এবং শিবধ্যান প্রধানতম চিন্তন, তাঁছারাই

শিবের পঞ্চয়ণ প্রার্থ পাচটি অকর য়য়য়য়য় পায়ভায়য়য় কর্তৃত্ব
কীপ্তিত ইইয়া গাজে। সেই পঞ্চয়য় য়য়য়, য়য়য়য়, য়য়য়, য়য়য়য় ও প্রায়াদ এই
গঞ্জবারে হিভয়, তয়য়য়

<sup>&</sup>quot;সমজানা" বরাণান্ত দীর্ঘাঃ শেবাঃ সবিন্দুকাঃ ? ন্ত ২ কু-শুহাঃ নার্চন্দো উপান্তে নাভিদাহিতাঃ অভি. পঞ্চাক্টরম স্তং গঞ্চনক্র জু ন্টার্ভিডম্। ক্রমাৎ স্থানসন্দোহ মান্দ্রোর্থ সম্প্রকাঃ ॥"

প্ররত ভাগবঁত। সর্বশাস্ত্রে যাঁহাদের পারদর্শিতা আছে, প্রমার্থ যাঁহারা ব্যাখ্যা কবিযা থাকেন, যাঁহারা সর্বভণসম্পন্ন, তাঁহারাই প্রকৃত ভাগবত। খাঁহাবা ভূষার্ত্তকে পানীয দান কবেন, কুধার্ত্তকে অন্ন দান কবেন এবং একাদশীব্রত, পালন কবিষা থাকেন, তাহারাই প্রকৃত ভাগবত। যাঁহারা গাভীও ককা দান করেন, আমার জন্ম যাঁহারা দর্বকর্মেব অনুষ্ঠান করিয়া থাকেন, যাহারা . আমার ভক্ত, আমাব চিন্তা যাঁহাদের কদ্বে নিরন্তর জাগকক. আমার শাম যাঁহারা প্রবণ করিতে ভালবাসেন, এমন কি. যাঁহারা আমাব ভক্তকেও ভালবাসিষা থাকেন, তাঁহারাই প্রকৃত ভগবন্তক্ত। হে মার্কণ্ডেয় ! আর অধিক কি বি-াব, আমার গুণ যাঁহাতে আছে, তিনিই প্রকৃত ভাগবত। হে বিপ্রেন্দ্র। প্রকৃত ভগবস্তক্ত মহাপুঞ্চব-গণেব ক্যেকটি লক্ষণ এ স্থলে কীর্ন্তিড হইল; পরন্ত যাহারা অবশিষ্ট্ বহিলেন, শত কোটি বংসর ধরিষা বর্ণন করিলেও আমি স্বয়ং শেষ কবিতে পারি না। অতএব, হে মহামুনে, তুমি সর্ববদা সুশীল, শান্ত-চবিত, সর্ব্বভূতেব আশ্রয, মৈত্র ও ধর্মপরায়ণ হও এবং যুগাস্তকাল পর্য্যন্ত আমার মূর্ত্তি ধ্যান পূর্বক সর্ব্বধর্মের সম্যক্ অন্তর্চান করিয়া পরম নির্বাণ লাভ কর।"

হে মুনিগণ। করণানিধি ভগবান্ নারাযণ খীয পরম ভক্তকে এইরপ বরদান করিয়া দেই খুলেই অন্তর্ধান করিলেন। অতঃপর মহাখা যুকতুতনর হরিভক্তিন্দপ পরম পবিত্র মন্ত্র অন্তর্দান হদেযে ধারণপূর্বক যথাবিধি বিবিধ যজ্ঞের অন্তর্চান করিয়া পুণ্যমন্ত্রখালআমক্ষেত্রে কঠোর তপজায় নিরত হইলেন এবং পরপ্রক্ষ নারাযণের

প্রাসাদন্ত ভাবৎ পের: পঞ্চমন্ত্রা: প্রকীর্ডিঙা:। এবৈকেন ভবৈবৈক: বজুং মহেণ পৃহত্তে ॥" কালিকাপুরাব, ৫ম অধ্যাব।

এই পক্ষিণ মান্ত্ৰ মধ্যে প্ৰামাদ মন্ত্ৰী কৰা সমতে প্ৰপন্ধ , চেন না, ভগবান্ ভূচতাৰন ইবাতে ভাকের প্রতি বিশেষ প্রদায় হটা। থাকেন। সম্পন্ধ মতে পচুর আন্দোন, সন্দোধে মানদের পুর্বিচা, মান্তে ভারের চিত্তের আকর্ষণ এবং গোলের তবং কাম্পিত হয়। "

ধ্যানে করিতগাণ ইইরা অঞ্চে পরম বির্বাণ লাভ করিলেন। ব্ৰন্দৰ্যিগণ ! হরিই নিৰ্ব্বাণমুক্তি-দাভা, খ্রীহারা সর্ব্বভূতের হিতকারী হইয়া পরম ভক্তিদহকাবে হরিপূজা করিয়া থাকেন, তাঁহারা নিশ্চয়ই

মভীষ্টলাভ করিতে সমর্থ হয়েন।

অন্তর হরিতক্তশ্রেষ্ঠ দেবর্ষি নারদ - নেই প্রমপবিত্র স্কুরনদীর ভটাসীন স্থাভোঠ সনংকুমারকে বলিলেন,—"হে লক্ষ্ণ। তুমি

যাহা জিজাসা করিলে, তাহা সমাক্রণে কীর্তন করিলাম, একণে ভগবন্তজির মাহাত্মা স্বাহে আর কি শুনিতে বাসনা কর %

# ষষ্ঠ- অধ্যায়।

#### গঙ্গাৰ মাহাত্ম্য-কীন্তৰ।

সর্বতবার্থবিং রোমহর্থণ স্ত স্থাপন্থ মুনিগণকৈ সম্বোধন করিয়া আবাব বলিতে আরম্ভ করিলেন,—হে মহর্ষিমগুল। মুনীয়র সনংকুমার দেবর্ষি নাবদের নিকট গুগবন্তকের্য মাহাজ্য প্রবণ করিমা পরম প্রীতি সহকারে তাঁহাকে জিল্লাসা করিলেন, "হে'দেবর্ষিসভ্তম। ভূমগুলে কোন্ পুণ্যক্ষের সর্বপ্রোষ্ঠ এবং কোন পুণ্যভীর্থই বা উংক্লাই, তাহা আমাদিগের নিকট কীর্ত্তন করুন।"

অনস্তব দেবর্ঘিশ্রেষ্ঠ নারদ পুনর্বার বলিতে লাগিলেন, "হে ব্রহ্মন। তুমি যে কথা আমাকে আলি জিল্লাসা করিলে, তাহা তোমালিগের ভায মুনিগণেইই শ্রোভব্য বটে। এই কাহিনী পরম গুছ, ইহা প্রবাণ করিলে সর্বাহ্মণ, মমন্ত পাপ, সকল গ্রহ-বৈগুণা বিনষ্ট হঠ্যা বায় এবং পরম মঞ্চল, অক্ষর বাস্থ্য ও দীর্ঘ-জীবন লাভ হয়। প্রমুভবিদ প্রমার্ঘণণ ব্লিয়া থাকেন যে, গলা-যমুনার সংযোগগুলই সকল পুণ্যক্ষেত্রের প্রেষ্ঠ এবং মন্ত পুণাজিবেই উৎকৃষ্ট। যে ক্লে পুরনদী ভাগীরবী ও কালিনীর অমল ধবল ও অসিত ভ সলিলরানি একত্রে মিলিভ হইয়াছে, ভাহা যে কত পরিয়, ভাহা একমুখে কীর্তন করিয়া উঠা যায় না। ছবি ও দেবতাগণও পুণালাভের অভিপ্রায়ে কেই সর্বাহ্মেষ্ঠ তীর্থের সেবা করিয়া থাকেন। যে সরিষরা ভগবান বিক্ষর মোকপ্রদ পাদপথে উদ্বুড, ভাহা অপেকা অধিকভর পরিক্র নদী লগতে আব কি আহে পিই ব্রহনদীর সহিত বিরহা। । যুমুনা যে ক্লে মিলিভ

<sup>•</sup> অসিত –ফুফবর্ণ

t विद्रका--शि<del>र</del>ना

হইবাছে, তাহা যে অধিকতর পবিত্র, তাহাতে আব সন্দেহ কি প পতিতপাবনী অবধুনী সকল নদীর শ্রেষ্ঠ, ইহার পরমপবিত্র সলিলরানিতে অবগাহন করিলে সকল পাপ, সমস্ত উপদ্রব, সম্দায় ছংখ বিনষ্ট হইযা বার। হে সহর্বে। এই মহীতলে যে সকল পুণ্যক্ষেত্র, নদনদী ও সাগর প্রভৃতি তীর্বস্থল আছে, তমধ্যে একনাত্র প্রয়াগই পুণ্যতম। লোকপিতামহ প্রক্ষা ও সর্বম্মৃনিগণ দেবদেব অচ্যুত যজেষরের প্রীতিসাধনার্থ এই পবিত্রতম পুণাক্ষেত্রে বিবিধ যজের অমুঠান করিয়াছিলেন।

হে এখান্ ৷ সুরসরিৎ গঙ্গার মাহান্ম্যের কথা আঁর কি বলিব ? এই পবিত্রতম প্রয়ম্বিনীর প এক বিন্দু জল স্পর্শ কবিলে লোক যে পুণ্য লাভ করে, অপর সকল পবিত্র নদ-নদীতে স্নান করিলে ভাহার ষোডশকলাও প্রাপ্ত হইতে সমর্থ হয় না। গঙ্গা পতিভোদ্ধারিণী, ইহাঁকে শারণমাত্রও লোকে সকল কটু হঁইতে মুক্তি লাভ করিতে পারে। এমন কি, পাপের কঠোর প্রাযশ্চিত্ত ভোগ করিতে করিতে যে ব্যক্তি অযুর্ত যোজন দূর হইতে ভিক্ন-পূর্ণ-রদয়ে একবার 'গঙ্গা গলা' বলিয়া আহ্বান করে, সে তখনট সকল পাপ হহতে মুক্ত হয়। ভবে ভাবিষা দেখ, যাহার্য শিলাভীরে বাস করে, ভাহারা কভই পুণাবান, তাহারা কতই সুধী। আহো। মোকপ্রদ বিস্থুপাদপদ্মে উত্তত তইয়া, দেবদেব বিবেশবের জটাজাল বিখোত করিয়া, ভগবতী ভাগীরথী যে পশিলরাশিতে ভূবনত্রর পবিত্র করিয়াছেন, মোমলাভার্থ দেবতা ও নিস্পাপ মৃনিগণও তাহাতে ভক্তিসহকারে স্নান করিয়া থাকেন। সূর, নর ও মুনিগণের সেবনীয়া একপ প্ৰিত্ত নদী ভগতে আর কি আছে ? মূনিসভ্তনগণ প্রম ভুক্তিব महिल याहात रेमकल-मृखिका । नर्रया, ननाकि व्यक्तम् शहर करहन, সুকুতারা ব্যক্তিগণের পক্ষেও গাঁহার পবিত্র বল স্বন্ধুর্ভ, যে সলিলে "

<sup>•</sup> न्द्रिनी—स्वी।

h দৈকত মুদ্তিকা—ৰালুকামর মাটী ।

স্নান করিয়া লোকে বিফুর স্বরূপতা প্রাপ্ত হয়, তাঁহাব মহিমা আর কি বলিব ? যে জলে স্থান কবিলে মহাপাপিগণও সর্ব্বপাপ হইতে বিমুক্ত হইয়া দিব্য বিমানে আরোহণ পূর্ব্বক প্রমণ্দ লাভ করিযা থাকে এবং মহাত্মগণ পিতৃমাতৃকুলকে উদ্ধাৰ কযিয়া বিফুলোকে গমন করিতে পাবেন, তাহার অসীম মহিমার কথা আব কি বলিব ? যে ব্যক্তি পতিতপাবনা গন্ধাকে সদা শুর্ণ করিয়া থাকে, সে নিশ্চয সমস্ত পুণাকের-জমণের পবিত্রতা প্রাপ্ত হয়। অহো । গঞ্চায়াত বাক্তিকে দুর্শন করিলে পাণীও অর্গলাভ কবিতে পাবে। যাঁহাব পবিত্র সলিল ক্সাম করিলে মানবও দেবতাদিগের অধিপ হইয়া থাকে, বাঁহার পবিত্র মৃত্তিকা, শিবোদেশে ধারণ এবং সর্বাঙ্গে লেপন কবিলে, ভগবান্ ভূতভাবনেব = পার্থে স্থান লাভ কবিতে পারা যায়, তাঁহার মাহাত্ম্য সমাকৃ কে কীর্ত্তন কবিতে সমর্থ হয় 2- খাঁহাকে দেখিলে পাপিগণও সর্ব্বপার্প হইতে মুক্ত ইয়, বাঁহার মৃতিবা মস্তকে ধাবণ করিলে লোকে বিফুলোক প্রাপ্ত হইযা থাকে, মহাত্মা ব্যক্তিগণ বাঁহার প্রশান্ত সলিলবাশি সর্বাদা দেখিতে ইচ্ছা কবেন, ভাহাই বিফুর প্রমপদ। 'ক্বে গদার পবিত্র জলে স্নান করিব গ কবে তাহা পান করিয়া প্রাণ-মন শীতশ করিব ?' যে ব্যাক্ত নিত্য এইবাপ অমুতাপ করিয়া থাকে, দে বিফুর পরমপদ লাভ কবিতে সমুর্য হয়। হে ক্রমনু । ব্যং বিঞু লোকপাবনী গলার মহিমা শত বংগরেও কার্ত্রন করিয়া শেষ করিতে পারেন না, আমরা ত কোন তার। অহো। যে পবিত্র-নাম স্মরণ বরিলে লোকে ভবযন্ত্রণা হইতে া মূতি লাভ করে, সেই অধিলতারণ পতিতপাবন গ্রদানাম থাকিতেও পাপিগণ ভূলিয়াও একবার ভাহা উচ্চারণ করে না। হাম, বি ছঃগ। কি পরিতাপ। অবিভারপিনী নাযা মূর্ণ যান্তিদিগকে এতই 'সভীরতর আছের বরিষা রাবিষাছে ! হরি, তুলনী ও পরানামের প্রতি ভটি ই সংমারপাশচ্ছেদনের প্রধানতম সাধন। এ উপায়

च्टडारा-मिती दः च्रडेस्सा।

স্কলের করায়ন্ত 'থাকিতে মোহাদ্ধ মানবগণ কৈন নরকের পথ স্বহতে পরিকাব করে ? হে মুনিদত্তন ৷ যে ব্যক্তি বেছাক্রমে 'গলা' 'গলা' নাম উচ্চারণ

করে, দে সকল পাপ হইতে নিমুক্ত হইয়া বিফুর পরমপদে স্থান পাইযা থাকে। হে ব্ৰহ্মন্ ! ভগবান্ দিবাকর মেষ-ব্লাশিতে প্ৰবেশ করিলে যে ব্যক্তি এই লোকপাবনী দবিদ্বরা স্করধুনীর পুণ্যসলিলে স্থান করিতে পারে, সে পরম পবিত্রতা লাভ করে। হে মুনিবর। পবিত্র ভারতভূমে অনেকগুলি পুণাসলিলা নদী আছে। তাঁহাদের নাম কার্ত্তন কবিতেছি, প্রবণ কব। গোদাবরা, ভীগর্থা, ক্ষা, कारवरी, नर्यता, महसंखा, जूबच्या, कालिन्ती, वाहना, रवजवजी, তামপূর্ণা ও মৃত্তা। এতহাতীত আরও অসংখ্য নদ-নদী আছে, তাহাদের বর্ণন এ খলে নিপ্রয়োজন। বহু খিলোত্র। দর্পনাযুক্ত मुनिशन स्मिर्ट नमन्छ नमीरक्टे शूनाजोर्थ विनास कीर्तन किराहिन। গল্পাতে সেই সমন্ত নদীরই ত্রল আছে, দেই ভক্ত-গল্পাছল পবিত্রতর, সেট জন্ম ইহা অথিল জগংকে পবিত্র ক্রিয়া থাকে। প্রমেশ বিফু যেমন স্ক্রিব্যাপী, স্ক্রিপাপনাশিনী গস্থাও সেইরূপ স্ক্তিব্যাপিনী। মহো! যে গদার বিন্দুমাত্র জল স্পূর্ব করিলে লোক পবিত্র হইয়া পাকে, দেই জগদ্ধাত্ৰী জাহুবীদলিলে কেন মৃত মানব স্থান না করে ? হে মুনিসন্তন। পবিত্র বারাণসীধাম ভগবতী গদার তীরে হিও। वांगांगमी मकन भूगाठीर्थ ७ भूगाय्कटाव बार्या व्यथान, ज्याय मकन দেবতাগণই দর্মদা বিরাজ করিয়া থাকেন। দেই বারাণনী তীর্থ দর্শন করিলে লোকে পরম গতি প্রাপ্ত হইয়া থাকে। ভুবনপ্রকা-শক ভগবানু দিবাকর মকররাশিতে পেনার্পণ করিলে যে ব্যক্তি কাণীধানে গমন ক্রিয়া গলালকে আন করিতে পারে, যে নহাপুণা লাভ করিতে সমর্থ হয়। যে লোকশহর = ভগবানু শঙ্গর, দিস্ত্রণে নির্ন্তর গহার সেবা করিয়া গাকেন, উল্লিব সদস্ত

গে'কপ্রঃ—স্থিসনের-মৃত্যুগাঁতা।

مرزي

মহিমা কে কীর্ত্তন করিছে পারে ? হে মহাত্মন্ ! হরি, হর উভযেই এক ,—দেই জগদেকদেবের ভিন্ন ভিন্ন নাম মাত্র। পিন্ন হবিরূপে এবং হরি লিম্বরূপে দর্বত্ত বিরাজমান। এতত্ত্তয়ের মধ্যে অণুমাত্তও ভিন্নতা নাই। যে মৃচ মোহবশতঃ একাত্মা হব-নারায়ণে ভেদভাব আরোপ করে, সে পাণী, সে নিতার্ম্ত জ্ঞানহীন , তাহার কিছুতেই নিস্তার নাই। যিনি এই নিখিল ত্রন্মাণ্ডেব ঈশ্বর, যিনি কারণেরও কাৰণ, যুগান্তে যিনি কজৰূপে সমস্ত জন্ধান্ত গ্রাসমাৎ করেন, তিনিই ত্রহ্মা, তিনিই বিষ্ণু, ডিনিই মহেশ্বর। জগৎপত্তি মহাবিষ্ণুব এই ' তিনটি মূর্ত্তিব মধ্যে যে মৃচগণ ভেদভাব দেখিতে পায, তাহারা নিশ্চ-यरे नत्रक्गोमी , हख, एर्या ७ श्रद्यनक्तानि यक हिन क्गर्ट जानार्क-দান করিবে, তত দিন সে পাতকিগণ দাকণ নবকানলে বিদ্ধা হইতে থাকিবে। হরি, হব ও বিধাতাকে বাঁহার। অভেদ-দৃষ্টিতৈ অব-লোকন করেন, তাঁহাবা যথার্থ পুণ্যবান, অস্তে সমস্ত কট হইতে মুক্ত इहेगा ठीशाता शतमाननमय शतमश्रम श्राख इत्यन, हेश प्रश्वभीय भाजीय वहन। ८० विक । यिनि जकरणत आपि, यिनि पर्वरेख धरा সমস্ত লগতের স্ষ্টিক্তা, প্রম পুণাম্য কাশীধামে সেই জনার্দন লিপ্নরাপী বিশেশর-মূর্ত্তিতে ব্রিরাজ করিতেছেন। তথায তিনি জ্যোতিলিক নামে প্রসিদ্ধ। তাঁহাকে দেখিয়া মন্ত্রগণ পরম জ্যোতি লাভ কবিয়া থাকে। হে ক্ষিসন্তম। যে স্থলে ভগবান্ ভৃতভাবন মহাদেব ও দেব-

হৈ প্রিসন্তম। যে ক্লে ভগবান্ ভ্তভাবন মহাদেব ও দেবদেব নারামনেব পাবাণ, মুন্ম অথবা দাক্ষম সৃত্তি প্রতিতিত, কিংবা
ভাহানেব চিত্র সঞ্জলিত, হরি তথায় বিরাজমান। যথায় তুলগীকান্ন অথবা কমলবন পরিশোভিত, ঘেবানে পুরাণপার্চ হইয়া থাকে,
হবি তথায় বিরাজমান। হে ছিলোভয়া যিনি, নিজেব জন্ম অথবা
ধবের জন্ম পর্ম ভক্তি সহকারে সতত পুরাণাবশী পাঠ ক্রিয়া
ধানেনে, তিনি নিশ্চমই নরকণী নারায়ণ। যিনি কর্ম, চিন্তা অথবা
াাকের ধারা নিরন্তর বিজ্ঞ্ব ভলনা ক্রিয়া থাকেন, যিনি
নত্য শিবপুলায় রত, হরি ভাঁহার স্মিহিত। যিনি প্রম পরিত্র

পুরাণ-সংহিতাদি কীর্নন করিয়া থাকেন, শাস্ত্রান্থসারে তিনি হরিনামে অভিহিত। •পুরাণ-শ্রবণে বাঁহার দৃচ-ভক্তি, তিনি গঙ্গাস্নানের ফল লাভ করেন। সেই পুরাণভক্তব্যক্তির প্রতি যাহার আবার ভক্তি আছে, দে প্রযাগগমনের ফল লাভ করিয়া থাকে। অহো। পুরাণোক্ত ধর্ম-কথামালা কীর্তন পূর্বক যিনি সকলকে উদ্ধার করিয়া থাকেন, তিনি যথার্থ পুণ্যবান্ , তিনি অনাযাসে এ ভবসংসার পার ুইতে সমর্থ হয়েন। হে মুনে ! পভিতপাবনী গঙ্গার তুশ্য তীর্গ নাই, মাতাব তুল্য গুরু নাই, বিফুর তুল্য শ্রেষ্ঠ দেব আর কেহই নাই, এবং খুকুর তুলা পরমতব আর কিছুই নাই। যেমন মন্ত্র শব্দের সার-ভূত, যেমন আত্মা অধিদেবতা, বিছা বেমন শ্রেষ্ঠ ধন, গঙ্গা সেইরূপই সকলের খ্রেষ্ঠ। মূনিবব। এ জগতে শান্তির সমান যেমন বন্ধু নাই, সচ্চ্যের অপেকা শ্রেষ্ঠ তপ নাই, মোকের অপেকা পরম লাভ নাই, সেইরপ গলাব অপেকা শ্রেষ্ঠ নদী আর নাই। অহো। এই পাপময় কাননের প্রচণ্ড দাবানল নির্ব্বাণ করিতে একমাত্র গঙ্গানামা-মৃতই সম্ব। এই সুধা পান করিলে লোকে সকল ব্যাধি, সমস্ত দুঃথ ও অসীম কট হইতে মুক্তি লাভ করিতে পারে; সেই জন্ম বলিভেছি,-পতিভপাবনী গদার পূজা করা কর্তব্য। হে মহর্বে। শালে বর্ণিত আছে যে, গাযত্রী ও, ছাহ্নবী

হে মহর্বে! শালে বর্ণিত আছে যে, গাঁমজী ও, জাহ্নী।

এই উত্যই সকল পাপু মোচন করিতে সমর্প। যে মৃচ মোহবশতঃ
ইহাদের উত্যের প্রতি তকি-প্রদর্শন না করে, সে পতিত্ব, তাহার
উলার মুদ্রপরাহত। গায়্রী বেদমাতা, ইহাঁকে ভকি করিলে
সর্ক্রানা দিল তইমা থাকে এবং চতুর্ক্রণের ফলস্করেপ
পরমানন্দরম পরমেখনকে লাভ করিতে পারা যায়। তে মুনে।
ভগতী হাহ্মবৃতি দেইরপ সর্ক্রিভিগায়নী, ইহাঁরা উত্যেই
মুদ্রি। দেইরপ সুব্দীভিতি ও ইরিভিকি তইডেও লোকে সকল
গামনার সাফলা লাভ করিতে পারে। অতা। গালাক-নাহারী।
মার কি বার্কিন করিব। ইনি, পাপপ্রশাননী, প্তিত-পামনী,
সর্ক্রিং বারিনি ইনির ভালাক করিকে ইটার নাম করেব।

রহন্নারদীয়-পুরাণ।

4.

केंद्रा कर्तवा

কবিলে, ইহার পবিত্র কলে স্থান করিলে, মহাপাতকীও সকল পাপ হউতে মুক্ত হইয়া, বিফুলোক প্রাপ্ত ইইয়া থাকে। ুহে মহর্দে। নারায়ণ অগছরা, সভ্য, সনাওন, পরমানন্দরয়। তিনি গসানান-পরায়ণ ব্যক্তিদিগের সকল অভিলাব পুরণ করিয়া থাকেন। আহা, যে মহলোজন কণামাত্র গলাভলে অভিবিশ্বিত হয়, সে সকল পাপ ইউতে নিমুজ্য ইইয়া পরনপদ লাভ করিতে পারে। হাঁহার বিকুমার অল-স্পূর্ণনে সগর রাজার, বংশধর রাজ্যকার পরিস্তাগি করিমা পরমপদ লাভ কবিয়াচেন, মুমুক্ত ব্যক্তিমাতেরই ওাঁহার সেবা

### সপ্তম অধ্যায়।

#### বাহুবাজাব বিবরণ।

অনন্তর নৈমিবাবণ্যবাসী মহবিগণ পরম কোতৃহলাক্রান্ত, হইবা শুধীখেট প্তকে জিল্লারা করিলেন,—"হে মহাপ্রাল্ল। আপনি এইমাত্র বলিলেন যে, সগরবংশীয কোন বাজা বাক্ষসভাব হুইডে মুক্তি লাভ করিয়া বিফুর পরমন্ত্র প্রাপ্ত ইংবাছিলেন, একণে উাহার বিবরণ স্বিভারে বর্ণন করিয়া আমাদের কোতৃহল নিবারণ করন। হে মুনীবর। সগর বালা কোন্দেশের অধিপতি, কোথায় তিনি লম্মগ্রহণ করিয়াছিলেন, উাহার সমন্ত ব্রান্ত অনুগ্রহ কবিবা আমাদিগের নিকট কার্ডন করন।"

মুমুল্ মুনিগগের এই কথা শ্রবণ করিয়া পুত ধীর ও গঞ্জীরভাবে পুনর্বরির বলিতে আরত করিলেন,—হে মহর্ষিমগুল। দেবর্ষি নারদ সনংকুমারের নিকট দে পরম পবিত্র গঙ্গা-মাহার্য্য-বিবরণ করিরাছিলেন, আপনারা তাহা শ্রবণ কলন। আপনারা মহাতাগ, কুতার্থ এবং পরম পণ্ডিত। সেই ফ্রন্তই আপনারা ভগ্নতী ভাগীরথীর অসীম প্রভাব ভক্তিসহকারে শ্রবণ করিতে উত্তত হুইমাছেন। গঙ্গার মাহার্য্য শ্রবণ করা সকলের ভাগো ঘটিয়া উঠেনা। অন্মবাদী মুনিগণ বলিয়া থাকেন দে, ভাহা একমার স্থক্তায়া ভ ব্যক্তিগদেরই অধিগম্য; কিন্তু অপরের পক্ষে হল্ভি। হে মুনিস্বন্ধ্য স্বরহত গদার পবিত্র স্বিল্যাভিবেকে যে প্রকারে বিকুল্য প্রাপ্ত স্থামিছলেন, আমি ভাহা কীর্ত্তন করিছেছি, অরহিত-চিত্তে মাপনার। শ্রবণ করন।

युक्तराया-भूगाया।

পুরাকালে স্থ্যকুলে বাহু নামে একজন পরম প্রাক্ত নৃণ্ডি ছিলেন। তিনি বৃকরাজার ,আত্মদ। 'তিনি পরম ধার্মিক, সর্ব-শান্তবিং এবং মহা পুণ্যাত্ম। প্রকৃত ধর্ত্মার্গ অমুসরণ করিয়া ডিনি সমাগরা স্থীপা বস্থভরাকে পালন করিয়াছিলেন। তদীয় ভাষায়-মোদিত শাসনক্ষে তাক্ষণ, কল্লিয়, বৈশ্য ও শূদ্ৰগণ য বৃধি অফুসরণ করিয়া জীবিকা নির্বাহ করিত। এমন কি নিস্কৃষ্ট জাতীয় ব্যক্তিগণও প্রচুর অনুগ্রহ লাভ করিছে সমর্থ হইত। এই সকল স্দুমুধীন জন্ম বাহু রাজা প্রকৃত বিশাপাতি 🛊 বলিয়া প্রণিক। 🔒

হে মুনির্দা! পরম-পুণ্যবান্ বৃকাঅল সপ্তমীপে সপ্ততি অং-মেধ-যজ্ঞের অমুষ্ঠান করিয়া অমরকুলেব ভৃষ্টিবিধান করিযাছিলেন। সেই সমস্ত যজ্ঞে দ্বিজগণ বছল গো-হেমরত্বাদি উপহার পাইয়া তং-প্রতি সাতিশয় সন্তুট হয়েন। বাছ রাজা বেমন নীতিশাত্রবিদ, সেইরপ'একজন প্রসিদ্ধ যোদ্ধ। তাঁহার 'গভীর নীতিজ্ঞানে তদীয় রাজ্যন্থ পণ্ডিভগণ পবিতৃষ্ট হইতেন। তাঁহার অসীম রণকৌশলে পবা-হত হইয়। পরিপত্নিগণ অবনত-শিরে তাঁহার জয়-ঘোষণা করিত। মহাবাজ বাছর অদীম পুণ্যপ্রভাবে তদীয় রীজ্য স্থবিদল স্থাংব নিকেতন হইয়াছিল। হে মুনীয়রগণ। ভাঁহার বাজ্যে পৃথিবী কর্ষণ वाजित्रक्ष अहुत कन-भूष्ण अभव केतिजं, छभवान् शब्द णात्र यथां-काल वादि-वर्षण कतिष्ठन ;े मुर्गाएम वंश जाशनांत वरमधेरतत ज्ञान-গৌরব বৃদ্ধি করিবাব জ্বল্ল পৃথিবী হইতে রস-গ্রহণ করিয়া বাবিদ-কুলের সহায়তা কবিতেন। বস্তুতঃ তুদীয় শাসনকালে সমস্ত প্রজাবর্গ পরমন্ত্রে জীবন ধাবণ করিয়াছিল। হে খবিবৃন্দ। মহীপতি বাছ প্ৰকৃত বাজ্ধৰ্ম অনুশীলন কৰিয়া প্ৰজাদিগকে পালন করিতেন; হুষ্টের দমন ও শিষ্টের পালনাদির নিমিত্ত সাম, দান, ভেদ ও দণ্ড প্রভৃত্তি যে চতুর্বিধ বিধান আছে, ভাহাৰ অনুসরণ পূর্বক রাজকার্য্য পর্য্যা-ল্যোচনা করিতিন। তদীয় উদাব শাসনগুণে প্রজাকুল পরসমুখে

<sup>্</sup>বিশাম্পতি-প্রজাগতি। া পরিগন্ধী-প্রতিবাদী, বিপক্ষ

জীবিকা নির্বাহ করিত ;—গবিগণ নির্বিদ্ধে তপশ্চরণ কবিতে সমর্থ 'হইতেন এবং দিজ্পণ আপনাদেব আশ্রমোচিভ আচার-ব্যবহার অমুষ্ঠান করিতে পারিতেন।

হে মুনিগণ! মহারাজ বাহু সর্বশাস্ত্রজ্ঞ, কৃতজ্ঞ ও শুভলক্ষণ-শালী। এইবপে তিনি নির্বিয়ে স্ববাজ্যপালন করিতে লাগিলেন; কিন্তু তাঁহাব অধঃপতনের কাল সহসা সন্নিহিত হইল। নিজ গৌরব ও অফুর প্রতাপের বিষয় চিন্তা করিয়া একদা তাঁহার মনোমধ্যে অনর্থক পাপ অহঙ্কারেব আবির্জাব হইল। হে বিজকুল। অহঙ্কার হইতে সর্ব্য-সম্পদ, সমস্ত সুখ, সকল গৌরব বিনষ্ট হইয়া থাকে। বস্তুতঃ ইহাব তুল্য শত্রু জগতে আর কিছুই নাই। এইরপ অসুয়া-' ময় অহতারে মত্ত হইযা বাহু রাজা একদা মনে মনে চিন্তা করিলেন, 'আমার তুল্য প্রতাপশালী লোক এ ধগতে আর কে আছে গুঃআমি সকলেব রাজা, সমস্ত লোকেব শাসনকর্তা, সকলের প্রভু; আমি কি না করিতে পারি ? আমার অসাধ্য কি আছে ? জগতে আমার অপেকা পূজ্যতর ব্যক্তি আব কে আছে ? আমি সকল শান্তে পারদর্শিতা লাভ করিঁযাছি। আমি পরম রূপবান, সমস্ত অরাতি-কুল আমার বাছবলে পরাজিত হইয়াছে, তবে আমাব স্থায়পরাক্রম-শালী লোক এ জগতে আর কে ? আমি সমস্ত দ্বীপের অধিপতি, ভাগ্যলন্দ্রী আমার গৃহস্থিতা। দেখ, যাহার অহন্ধার নাই, তাহার পুরুষর কোথার। অহলারী ব্যক্তি সকলের রক্ষক ও শিক্ষক। আমি অহন্ধাব করিয়া বলিতে পারি যে, অধিকতর বেদবেদান্ততশ্বস্ত অল্লেয়, এবর্য্যশালী ব্যক্তি এ জগতে আমার অপেকা কেহই নাই।

হে ধবিবৃন্দ ! মহীপতি বাহ এইরূপ বগত অহত্বত বচনে
মনে মনে ক্ষীত হঠতে লাগিলেন । আহা ! নিশ্চমই সে সময়ে
তাহার মোহ উপস্থিত হইয়াছিল, নিশ্চমই তাহার বুদ্ধিবৃত্তি লোপ
পাইয়াছিল। নতুবা তিনি বিজ্ঞ ও বিবেচক হইয়া অনর্থকর অহছারের বনীতৃত হইবেন কেন ? তাহার সেই অহন্ধার সমন্ত সম্পাদের নাশবেতু হইয়াছিল। হে মহোদয়লণ ! বেখানে অহ্ছার,

**48** 

কামাদি পাপরিপুগণ দেইবানেই বলবান্। বে ব্যক্তি অহতত, দি নিশ্চয বিনাশ প্রাপ্ত হইয়া থাকে। গৌবন, খন, প্রভূহ ও অবি-বেকিডা এই এক একটি অনর্থের প্রধান কারণ; কিন্তু যে স্থলে এই চারিটি অনর্থ একত্রে সম্মিলিত হয়, সেখানে কি ভয়ানক সর্বনাশই ষটিযা থাকে। সেইরূপ অসুয়া লোকের সুখ-সম্পদের এক ঘোর भकः। याशत्र अस्या चाह्यः, तम लाद्यत्र यक्षमः, छेप्रकि वा श्रीवृषि দেখিতে পারে না। অনুয়াবান ব্যক্তি সকলের সৌভাগ্যের পথে কটক রোপণ করে। 'অসুয়া যেমন পরের সর্বনাশ করিয়া থাকে; সেইরূপ নিধ আশ্রয়ভূত দেহকেও বিনষ্ট করে। যাহার হৃদ্ধে হিংসা ও অসুত্বা বলবতী, সে কখন সম্পদ্ লাভ করিতে পারে না। কালভুলন্ধিনী সদৃশ অস্য়ার বিষদংশনে তাহার জদ্য জর্জরিত হয়, দেহ ৩৯ হইয়া যায়, অবদেবে দেই পাপালা সকলের অভি-সম্পাতের ভাগী হইয়া অকালে কালগ্রাসে পতিত হয়। আহা <u>।</u> সে হতভাগ্যের মৃত্যুতে কেহ এক বিন্দু অঞ্চঁও নিক্ষেপ করে না। ट मृनिगंत । यादात विद्यम्ना-मंकि नांदे, त्य मर्खना प्रश्ना-

বুখির দাস হইরা দেহ ধারণ করে, ভাহার যদি সম্পদ্ হয, যদি সে
বিপুল ধনসম্পতিশালী হন্ত, ভাহা হইলে ভূষানলে বায়-সংযোগৰ
ছাম দে অভি ভীষণ হইয়া উঠে। যাহারা অপুরানান ও দান্তিক,
বাহারা কঠোর বাবেণ লোকের মর্শ্বে আঘাত করে, লোকের মুর্থছাবের বিষয় না ভাবিরা স্বার্থনাধনের জন্ত মাহারা পকরোজি
প্রযোগ করিয়া থাকে, ভাহার কি ইহলোক, কি পরলোক কোন
লোকেই মুর্যভোগ কবিতে পারে না; তাহারের জীবনধারণ বিড়খনামাত্র। যাহার মন অপুরা-বিবে পরিপূর্ব, যে ব্যক্তি নিরন্তর
ক্রাট্ট করা প্রযোগ করিয়া থাকে, ভাহার ত্রী, পুত্র ও বাদ্ধবর্গপ শক্র
হীরা দাঁড়ায়। হে বিপেত্রবর্গ বিজনপাতি নারায়ণ যাহার
ভূয়কুল, ভাহার সৌভাগ্য দিন দিন বুদ্ধি পাইতে থাকে, কিন্তু যে
পানী তাহার বিরাগভাজন হন্ত, ভাহার মুর্যক্ষপদ্ সমন্তই বিনর্ভী
হীরা যায়।জন্মীকান্ত যভনিন কুপাকটাক্ষ বিভরণ করেন, তেপিনই

লোকে পুজপোজাদি ৪ ধনধান্ত ভোগ কবিণত সমর্থ হয়। অহো ।
করণাম্য ভগবানের কামাত্র অমুগ্রহে মূর্ব, বধির, লডবৃদ্ধি ব্যক্তিপণও লগতে শাঘনীয় ইবা থাকে। দর্শহারী মুরারি কাহারও দর্শ
দেখিতে পারেন না; হতবাং বাহারা দর্প করে, যাহারা অসুযাবিষ্ট
ও অহয়ত, তাহারা নারায়ণের কোপানলে পতিত হয়, তাহাদের
সোভাগা হুর্তাগ্যের গভীর অককারে সমাজ্ল ইইবা পডে। অহকারের সদৃশ বৈরী আর কিছুই নাই, ইহার সর্ফানাক্র পাপএভাব হইতে বিবেক বিনষ্ট হয়, সৌভাগা তিরোহিত হইবা যায়
এবং নানাপ্রকার আপদ্ আদিয়া তাহাকে আক্রমণ করে। অতএক
অহয়ার ত্যাগ করা সর্ক্র্যা কর্ত্বা। এই অন্বর্ধ-অহজারে মন্ত হইবাই
বাহু রাজা আপনার অধ্পতনের পথ অহুত্তে পরিভাব করিলেন।

হে হিল্লগণ ৷ অনুয়াবিষ্ট অহছত বাহরাজার সর্বনাশ সন্ধি-হিত হইয়া আদিশ। ডিনি যে আপনাকে মহাপরাক্রান্ত শুর্বীর নুপতি বলিয়া মনে করিয়া দম্ভ করিয়াছিলেন, ভাহা অচিরে চুৰ্ণ হইবার উপক্রম হইল। প্রবল-প্রতাপশালী হৈহয় ও তাল-ছাডেবর বলবান বংশধরগণ ভাঁহার প্রচণ্ড শত্রু হইয়া উঠিল। যেন বিধাতা তাঁহার অহন্ধারের উপযুক্ত শান্তি প্রদান্ করিবার জন্ত সেই দহাবীর যাদবদিগকে তদিকছে প্রেরণ করিলেন । ভাহারা ভাঁহার রাজা আক্রমা করিব। সেই প্রচণ্ড বীরগণের ভীষণ পরাক্রম অভিরোধ করিবার নিমিত্ত বাত্তরালা তাহাদিগের স্থিত ঘোর যুদ্ধে প্রবৃত হইলেন। একমাস ধরিরা নিরম্ভর ভরাবহ যুক্ত হইল। কিন্তু গর্মান্ত নরপাত বাহ অবশেষে সেই ছর্ম্ম হৈহয় বীরগণের ঘোর বিক্রমে পরাপ্ত হইলেন , তাঁহার অমরাবতী তুল্য রাজধানী, অমর-ৰাষ্ট্ৰিত প্ৰাসাদভ্ৰন শাণানে পরিণত হইল, নিজ বৃদ্ধির দোৰে প্রথের দংগারে ভলাঞ্চলি দিয়া অসহায় ও নিজপায় হইবা একমাত্র ভার্য্যার সহিত তিনি অর্যানধ্যে আশয়গ্রহণ করিলেন। ৫হ বুগোতনগণ। বাহর সহগানিনী পত্নী তংকালে অন্তবন্তী ছিলেন; পাষ্ঠ শত্রুগর্ণ ওাহার গঠ নই করিয়া দিবার অভিপ্রাত্তে কৌশ্রজনে তাহাকে

উৎকট গরশ প্রদান করিয়াছিল। অতিছ:বিনী রামনিইয়ী না জানিয়া সেই মহা হলাহল পান করেন। হায়। ভগবান্ প্রের্যের যে বুলবধূর লোকলশামন্ত রূপ বয় দিবাকবই কখন দেখেন নাই, পুর হইছে পুরাস্তরে গদন করিতে ইইলেও যিনি শিবিকারোহণে গদন করিতেন তিনি অনাধার আয় বয়পশুগণেরও প্রত্যক্ষীসূত হইয়া পাদচারণে অরণ্যের কউকাকীর্থ কঠোর মৃত্তিকায় জন্ম করিছেল লাগিলেন। হায়। যে বাছ পুরী হইতে বহির্গত হইবার উপক্রম কবিলে শত সহপ্র যান-বাহনাদি তাঁহাকে বহন করিবার নিমিন্ত প্রস্তুত থাকিত, সমারত বিশ্বেম্বর গালিত হইছ, তিনি নৈদায় প্রের্যার প্রথব রৌজতাশে তালিত ইইযা ঘর্মাক্ত-দেহে পাদচারণে বন হইতে বনাস্তরে জ্ঞাগিলেন, কেহ একবার তাঁহার দিকে চাহিনা দেবিল না, কেহ একবার তাঁহার দিকে করিছে অগ্রসম হইল না।

এইরপ কঠোরতম কটে নিশীভিত হইতে হইতে হতভাগ্য বাহরাজা গভিগী ভার্য্যার সহিত ভগবান গুর্ব্ধ মুনির পরিত্র আশ্রমসিমিধানে
নিজান্ত দীনভাবে উপস্থিত হইলেন। কঠোর পথশ্রমে উাহার সর্ব্বাধ
ব্যথিত, প্রচণ্ড আভপতাপে কমনীয় কান্ত কলেবর বিদক্ষ, দারুণ পুংপিপাসায় রুদ্ধ ছর্বল,—কণ্ঠ বিশুদ্ধ। নিজ কর্ম্ম স্মর্থ কবিমা
বছল বিলাপ করিতে করিতে ভিনি সেই ওপোরনের অভ্যন্তবে
প্রবেশ কবিলেন। কিমদুব অগ্রসর হইমাছেন, এমন সমযে একটি
বিশাল সরোবর জাঁহার নম্নপথে পতিত হইল। সেই বৃহৎ জলাশ্য
দর্শনে বাত পরম্পরিকৃত্ব হইলেন এবং অবগাহন ও অলপান বাবা
শ্রাত্তি ও ভৃষ্ণা দূর করিবার অভিপ্রায়ে সেই বিশাল সরসাতীরে
গমন করিলেন। অহো, কি কট, কি বিভয়না, অহকারের কি
শাচনীয় পরিশান। বাভান্তই অস্থাবান বাভ্রাভাকে দেখিয়া সরোবর্ষিত বিহসগণও দারুণ ভ্রে আকুল হইয়া ইতন্ততঃ উচ্চন্ত্রপ্রক্
চিৎকার সহকারে বলিয়া উঠিল,—"এ এ পাপকর্মা আসিল, হয় ত

#### `সপ্তম অধ্যায়।

আমাদেব শাবকদিগকে অপহরণ করিবে, আমাদের কুলায় ভালিয়া। দিবে, অতএব আইম, আমরা সেগুলিকে বকা করি।"

ভয়াকুল পদিকুল হতভাগ্য বাহুরাজাঁব প্রতি সন্দেহ করিয়া
এইরূপ কলবব করিতে লাগিল। হায়, তিনি তাহা ব্বিতে পারিলেন
না,—পারিলে সে সময় তাহার হৃদয় নিশ্চমই বিদীর্ণ হইত।
সম্মুখে হুলাময় দেখিয়াই তিনি তয়ধ্যে অবতরণ করিলেন এবং
বার বার অবগাহন ও তাহার হৃদ পান ববিয়া মুহূর্তকালেব হৃদয়
সন্ত্রীক সমস্ত শ্রম, সকল য়য়ণা, সম্পায় কই এবংলো করিতে
সমর্থ হইলেন।

ে হে হিলগণ ! বাছর কি লোকনীব মুর্ভাগ্য ! ভাঁহাব অধঃপতনে কেইই বিলুমাত্র অঞ্চত্যাগ করিল না, কেই মুহূর্তের জন্ম দীর্ঘবাদ কেলিল না । এমন কি, বাহারা ভাঁহার অন্থ্রহে জীবনধারণ করিত, তাহাবাও ভাঁহাকে অরণ্যবাসী দেহিয়া তাঁহার সমস্ত দোষকীর্বন পূর্বকে শত বিজ্ঞার প্রদান কবিতে লাগিল । অহো, এ জগতে নিন্দা ও অকার্তি মুহূার সমান ভষকবী । যে বাক্তি সকলেব নিন্দাভাজন হইয়া ভাীবনধারণ করে, ভাহার মুহূর্যই এয়: । হে মুনিরুল ! কীর্তি নানবের মাভাব সমান ; কীর্তিহাম । লোকেব প্রোপধারণ বিভ্রনামাত্র । হতভাগ্য বাহ নিভান্ত অপার্তিমান ; নেই অন্ত ভাহার বনগমনে ভানার প্রজাগণ পরম সন্তোব লাভ করিমাছিল । এমন কি, সক্র নিপাভিত হইলে লোকে যেমন আনিশিত ইইমা থাকে, বাহবাজাব পরাজয়ে ভাহার প্রকৃতিকৃল সেইরূপ আনন্দ উপভোগ করিমাছিল । এইরূপে স্বন্ধিয়ের বাহ্বিনির্ভর নিন্দিত ইইমা দেই কাননে মৃতবং অবস্থিতি করিতে দার্গিলেন।

হে বুধগণ ৷ অপযশ হইতে লোকের কি না বিনট হয় ? অকীর্তির তুল্য সূত্য নাই, ক্রোধের স্বান শক্র নাই, দিলার তুল্য পাপ নাই, এবং মোহের সমান ভয় নাই ৷ দেইরূপ অস্থ্যার তুল্য মকীর্টি, কানের তুলা অনল, অহতারের তুল্য রিপু-এবং কুসন্তেব সমান বিষ নাই। রাজ্যন্ত ছংশার্ত্তবাক্তরাকা এ সকল বিষম তথন
উত্তমকপে বৃথিতে পারিলেন; তাঁহার ছংশের আর সামা বহিল না;
বীষ ছুক্পনিচয়ের বিষয় শুরণ করিয়া তিনি তথন অভিগয় বিলাগ
করিতে লাগিলেন। একদা পাপ-অহন্তারে প্রনার্থ ইইয়া তিনি যে
দেহের শ্লাবা করিয়াছিলেন, তাহা বিবর্ণ ও বিশীর্ণ ইইয়া পভিল;
দিন দিন তাহার দেহ ক্য পাইতে লাগিল; ক্রনে অকালয়ন্তর ও
নানা ব্যাধি আনিয়া তাঁহাকে আক্রমণ করিল। হায়।
সমন্ত রোগের প্রাস ইইতে হতভাগ্য বাহু আবু নিম্নতি পাইলেন না!
অন্তঃস্বা অ্তীব ছংখিনা ভার্যার শোকানল সভত্তবে বর্তিত করিয়া
তিনি অবশেষে প্রব্যন্তির আপ্রমসমীপে ইহলোক হইতে বিনাধগ্রহণ করিলেন।

বাল্যনিদ্দনী ও রাল্লার গৃহিন্দী হইবা রাল্যনাতা ইইবেন বিল্যা
বিনি বল সাধ করিয়াছিলেন, আজি তাঁহার সকল আশা ফুরাইবার
উপক্রম ইইল। তিনি পতিগতপ্রাণা, পতি জগতে নিম্মিত
ইইলেও তাঁহার পকে দেবতার তুলা, রাল্যন্থপে জলাঞ্জনি দিয়াছেন,
অতীত অ্থের শ্বতিকে বিসর্জন করিবাছেন, খামীর হৃঃখের সম্মা
তাহার চরণসেবা করিবেন বলিবা অরণ্যন্ধানে তাঁহার অহগ্রমন
করিয়াছেন, একণে রমণীর শিরোমনি বামিধনে বহিত ইইলেন,
তবে আর তাঁহার বাঁতিয়া মুখ কি । পতির শবদেহ তোভে
ধারণপূর্বক অন্তর্গা বাহপানী বনের পশুপক্ষিকুলকে কাঁদাইযা
সেই বিজন অবণ্যমধ্যে একাকিনী হৃদ্যবিধারক স্থরে বিলাপ
করিতে লাগিলেন। এইরূপে ক্যিবকাল বিলাপ করিয়া
তিনি বামীর সহগ্রমনে অভিলাব করিছেন এবং কাঠাদি
সংগ্রহানস্তর একটি তিতা সন্দ্রিত করিবা পতির মৃতদেহ তচুপবি
হুপেন করিলেন, পরে স্বয়ং ভাহাতে আরোহণ করিতে উল্লভ

এমন সমযে পরম যোগী ওর্বমূনি মহৎ স্বাধিবলে সমস্ত বিষয় জানিতে পারিয়া স্বরিভগতিতে সেই চিতার নিকট উপস্থিত ইলেন এবং সহমরণোগ্রতা সতীকে নিবর্তিত কবিয়া সম্মেহে ক্যেকটি ধর্মানুলক কথা বলিলেন ,—"হে সালি। নিবৃত্ত হও, অতিনাহস করিও না। তোমাব ,গর্তে রাজচক্রবর্তী রহিষাছেন, 'তিনি শক্রকুল সংহার কবিয়া সমন্ত হংগ দূর করিবেন। পতিব্রতে । বাহারা গর্তিটী, বালাপত্যা, অনুষ্ট-বর্তু অথবা রল্পলা, তাঁহাদের চিতারোহণ করা করিব নহে। লোকে ব্রল্পহত্যা করিলে বরং নিকৃতি পাইতে পারে, কিন্তু ক্রণহত্যাকারীর কিছুতেই মৃতি নাই। বাহারা দান্তিক, নিদ্দুক,নান্তিক, কৃতত্র অথবা বিশাস্থাতক, বাহারা ক্রণ নই করে অথবা ধর্মে উপেক্ষা করিয়া থাকে, তাহারা কিছুতেই নিকৃতি পায় না। অত্যরব হে ভাবিনি। এ মহাপাপের অনুষ্ঠান করা তোমার ক্ষনও উচিত নহে। এক্ষণে যে বিষম হৃথে উপিহিত হইযাহে, অচিরে তাহা দূব হইবে।"

নহার্বি ঔর্কের এই অনুভমব আখাদ-বচন প্রবণ কবিয়া চ্যুংধ-শোকার্তা সাঞ্জী ভাঁহার চরণধারণ পূর্বক অনর্গল রোদন করিতে লাগিলেন।

অনস্তর সর্ব্বশান্ত্রজ্ঞ মূনি উাহাকে পুনর্বাব - সেহসিত্তবর্চনে বলিলেন ,—"হে রাজতনযে। আর রোদন করিও না, অদৃষ্টদেব জোমার প্রতি শীঘই স্থাসন্ত্র হইবেন। তুমি বৃদ্ধিমতী ও জ্ঞানবতী, তোমাকে আর অধিক কি বুঝাইব। তুমি বিলক্ষণ অবগত আছ যে, বজনের অফ্রজল প্রেতকে দক্ষ করিয়া থাকে , অতএব হে মহাবৃদ্ধে। শোক পরিত্যাগ করিয়া কালোচিত কার্য্য সম্পাদন কর। পতিপ্রাযাব। দেহ ধারণ করিলেই মরিতে হয়। কি পণ্ডিত, কি মূর্য, কি ধনী, কি দরিজ, কি যতি, কি ছুর্বত, সকলেই মূহ্যুর কাছে সমান। কেহই তাহার হস্ত হইতে নিম্নতি লাভ করিতে সমর্থ হয় না। জনাকীর্ণ অশান্তিময় নগরের মধ্যে, শান্তিময় বিজন সেবগ্য বানে, পর্কতের উচ্চ অধিত্যকাপ্রদেশে অথবা সমুদ্দের অ্রতম গর্তে—যে বানে যে অন্ত যে কোন করিছে হইবো হেং রাজনন্দিন।

(40

দৈবই সকলের মূল, দেহিগণ প্রার্থনা না করিলে যেমন ছুঃখ পাইযা থাকে , সেইরপ অপ্রার্থিত মুখও ভাহাদিগকে ভোগ করিতে দেখা \*যায , ইহা কেবল দৈবেরই ,শ্রভাবে। পূর্বেজন্মকুত কর্মনিচযেব ফলসমূহ লোকে ইহ-জগতে ভোগ করিয়া থাকে,—ইহার কাবণ কি १-কারণ দৈব , দৈব ভিন্ন আর কিছুই নহে। অহো, দৈবই এ জগতে দকলের শ্রেষ্ঠ। হে কমলাননে। গর্ভেই হুউক, শৈশবেই হউক, যৌবনেই হউক আব বাৰ্দ্ধক্যেই হউক, সকল অবস্থাতেই জন্তু-দিগকে মৃত্যুব বশীভত হইতে হইবে। অন্তদেব গোবিদ্দই কৰ্ম-. বশস্তিত জন্তুদিপকে রক্ষা ও সংহার কবিয়া থাকেন , অল্ল মানবগণ তাহাদিগেব নিমিত্তেব ভাগী করে মাত্র। অতএব, এই মহলুঃখ তাগি করিয়া নিশ্চিম্বমনে পতিব অন্ত্যেষ্টিবিধান সমাপন কর, এবং বিবেকের সাহায্যে মোহ দূর কবিষা স্থিরভাবে উদ্দেশ্সাধনে ব্যাপৃত হও। হে সুবুদ্ধে। এই শরীর অমৃত ছংখ ও ব্যাধির মন্দিরত্বরূপ। ইহা কর্মপাশে নিযুদ্রিত। লোকে যেক্প কর্ম করে, এই দেহ ধাবণ কবিবা ভদমূরণ ফলভোগ কবিমা থাকে। অভএব, তুমি দর্ববদ্ধর অবহেলা করিয়া মথাবিধি পতির ওর্জদেহিক ক্রিয়াকলাপ সম্পাদন কব।" মহর্ষি ঔর্বেব এইরূপ সুধাময সাত্ত্বনাবাক্যে প্রবোধিত হইযা

प्रश्नि शेर्डिन धरैकन स्वाप्त जायुनावारम् अरवादिण स्रेया जमल भाक जानम् क्रिकन स्वाप्त जायुनावारम् अरवादिण जम्मन् कार्य जन्म क्रिकन । यनस्व क्रिम मृनिय हम्प्यम वन्ना क्रिया एकि जरकार विल्ला,—"ह कारन्। भ्राहरुकार्यो भिष्ठिण य स्वार्ण्य यमीम केन्या क्रिया शास्त्र, जारात कि जारात यम क्रिकां करतन् ना १ वृक्कृत कि यानानिराव क्रांत अरायुक्त स्वाम क्रिया मास्वारम् जारा मृन्य क्रिल क्रिस क्रांत अरायुक्त स्वाम क्रिया मास्वारम् जारा पृत्र क्रिल क्रिस क्रांत अरायुक्त स्वाम क्रिया मास्वारम् जारा एक क्रिल क्रिया क्रिम स्वाम स्वाम भिर्मेश शास्त्र । यास्य प्रकार क्रांत्र रिकृत भ्रमण्य स्वाम भ्रमेश शास्त्र । यास्य प्रकार स्वाम स

তেনি নর্বপী নারায়ণ। <sup>°</sup>সংস্ভাবসম্পল শাস্ত্রচরিত পণ্ডিতগণ সকলের ছ:খ-নিবারণের নিমিত্ত আপনাদের বর্গীয় ভ্রানরাশি শিক্ষা দেন ; এই জন্তুই যেবানে সাধুব্যুক্তি বিরাজ কবেন, তথা হইতে তঃধ অন্তহিত হইয়া বাব। বেধানে মার্তণ্ডের ময়ুধমালা প্রবেশ করে, সেখানে কি অন্ধকার থাকিতে পারে <sup>9</sup> দ্যাময় : আপনাৰ অসীম জানালোকেৰ কণামাত্ৰ কিৱণম্পৰ্শে আমাৰ সমস্ত ছঃখ-তিমিব দূর হইল ; এ অনাথা ছর্ভাগিনীকে আশীর্কাদ করুন।" এইকপে পরমজানময মহামুনি ওর্বের চরাযুগল গলদশ্রুজলে বিধৌত করিয়া বিধবা বাজহুহিতা সেই সরোবরতীরে স্বামীর ' । প্রকাদেহিক ক্রিয়াকলাপ সম্পাদন কবিলেন। অনন্তর যোগিবর একবার সেই সর্গীর প্রভি দৃষ্টিনিকেণ করিবামাত্র বাজা বাছ দেবরাজের ভাষ জ্যোতির্ম্ম মূর্ত্তি ধারণপূর্বক জলস্ত বিমানে ত্বারোহণ করিয়া পরমপদ প্রাপ্ত হইলেন। মহাপাতকী অথবা সর্ব্বপাপযুক্ত ব্যক্তি যদি একবার সচ্চরিত্র সাধুব্যক্তিদিগের কুপা-কটাক্ষ লাভ করিতে পাবে, ভাহা হইলে সর্বপাপ হইতে মুক্ত হইয়া প্রব্রহ্মের পবিত্র চরণতলে স্থান প্রাপ্ত হইতে সমর্থ হইয়া থাকে। প্রম পুণ্যাত্মা মহাত্মগণ যদি পাণীর কলেবর অথবা ভাহার ভশ্ববাশি কিংবা তাহার চিতাধুম অবলোকন করেন, তাহা হইলে সে প্ৰমপদ লাভ কবিতে সমৰ্থ হয়।

এইরপে পতির অস্ত্যোষ্টিবিধান যথাবিধি সমাপন করিয়া বাছর বিধবা পত্নী মুনীম্রেন পবিত্র আশ্রমে আশ্রমগ্রহণ করিলেন এবং পরম আদুর ও ভক্তির সহিত তাঁহার শুশ্রুবা করিতে লাগিলেন।

## অফ্টম অধ্যায়।

#### সগর রাজার উপাখ্যান।

বাছ বাজার পরম গুণবভী ভার্যা মহামূনি ওর্বের শান্তিময আশ্রমে অবন্থিতি করিয়া ভূলেপন ও গৃহ-মার্জনাদি কর্ম বারা মহত ভক্তির সহিত, অনুদিন তপোধনের শুশ্রম ক্রিতে লাগিলেন। পরম পবিত্রকার সাধুনিরোমণি মুনীক্রের দেবার তাঁহার সমস্ত পাপ ক্ষর প্রাপ্ত হইল; তিনি মুহাপুণ্য লাভ করিতে সমর্থ ইইলেন।

এইরপে কিছুকাল অতীত হইলে সভাবদম্পরা সাধী শুভ লগ্রে
অতি শুক্তমণে, গরলের সহিত্ একটি প্রম রূপবান্ পূত্রসন্তান
প্রম্ব করিলেন। অহো! সাধৃ ও সচ্চরিত্র মহাত্মাদিগের সহবাসে
থাকিলে কোন্ বিষ না নিবারিত হব! কোন্ শুভকর্ম না'সম্পার
করিতে পারা যায়! হে ম্নিসভ্তমগণ! জান বা অজ্ঞানবশতঃ যে
ব্যক্তি যে কোন পাপের অনুষ্ঠান করুক না কেন, মহাত্মাদিগের
পরিচর্য্যা ভারা তৎসমন্তই শীত্র কয়িত ইইতে পারে। এ জগতে
সংস্ক হইতে জভ্বাত্তিও লোকের পূজনীয় হইযা থাকে। দেধ,
ভগবান্ শভ্ শুশাক্ষের কলামাত্র ললাটে ধারণ করিয়াছেন বলিয়া
আজি শশধর কত শাঘনীয়া কত পবিত্র। সংসম্বৃতি হইতে মানবকুল
নিশ্চয়ই পরমা অন্ধি লাভ করিতে সমর্থ হয়। হে বিপ্রেম্বর্ষণি! ইহ
ও পরলোকে সচ্চরিত্র ব্যক্তিগণই পূল্যভর। অহো। তাহাদের অসীম
খণরানি কীর্তন করিতে কেইই সমর্থ নহে। সংসম্বের বর্গায় তেজ:প্রভাবে গর্ভিত্ত সন্ত্রান্যবাণী গরল বিনষ্ট হইল, অতি হংখিনী ও
হুর্ভাগিনীর সমক্ত হংগ দূব করিয়া সৌতাগ্যস্থ্য অচিরে উদিত হইল।

অনন্তর তেজোনিধি ভগবান্ ঔর্ব্ব শিশুকে গরসময়িত 🔹 হইয়া ্বপ্রেষ্ঠ হইডে, দেখিয়া তাহার নাম দগর রাব্রিলেন এবং কালোচিত জাতকর্মাদি সমাপন করিলেন।` তাঁহার পাবম যতে এবং ডংপ্রদত্ত মধুক্ষীরাদি ভোজুন করিষা শিশু বাজকুমাব ক্রমে ক্রমে পরিপুষ্ট হইতে লাগিলেন। ক্রমে সগরের চূডাকরণের কাল উপস্থিত হইলে, তেজঃপুঞ্জ মহামূনি বেদবিহিত তংসমস্ত কার্য্য সমাপন করিয়া ভাহাকে রাজোচিত শাস্ত্র সমুদায় শিক্ষা দিতে আরম্ভ কবিলেন। জ্ঞানে শৈশবেৰ সুকুমার ভাৰ উদ্ভিন্ন হইলে সগৰকে সমৰ্থ দেখিয়া সর্বতত্ত্বত্ত তপোনিধি তাঁহাকে মন্তবং সমস্ত শান্ত সমর্পণ করিলেন। ় হে সন্তমগণ। রাজকুমার সগর মুনিশ্রেষ্ঠ ওর্বের নিকট এইকপে সর্বশারে সমাক শিক্ষা লাভ করিয়া শুচি, গুণবান, বলবান ও ধর্মজ হঁইয়া উঠিলেন। মুনিসন্তমের অসীম ত্রেহ ও যত্ত্বের বিষয় শাবণ করিমা কৃতজভার বর্গীয় রুদে ভাহার স্কুমার হৃদ্য অভিযিঞ্চিত হইল। তিনি প্রত্যুবে শয্যা হইতে উথিত হইবা ডাপসেল্রের নিমিত্ত সমিং-কুশাদি চয়ন করিয়া' আনিতেন এবং পরম ভক্তিনহকারে তাঁহার চরণসেবা করিতেন। হে ঝবিবর্গ । সগরের স্থুকুমার জদযে একদা এক অভিনৰ ভাবের উদয হইল। তিনি একদা সীয় জননীর চরাবন্দনা পূর্ব্বক কৃতাঞ্চলিপুটে বিনয়নম্র-বচনে ভাঁহাকে জিল্লানা করিলেন,—"জননি। আমার জ্নক কে? তাঁহার নাম কি ? তিনি এখন কোখায রহিয়াছেন ? এই সকল বিষয় যথাবং আমাকে বলুন , আমার বিষম কৌতৃহল জয়িয়াছে । হে মাত:। এ লগতে পিতাই প্রধান ধর্ম, পিতৃহীন হইযা ইহলোকে যে ব্যক্তি জীবনধারণ করে, সে নিশ্চয়ই মৃতভুল্য। পিতা দরিদ্র হটলেও পুত্রের পক্ষে ধনবানের স্থায়, মূর্থ হইলেও পণ্ডিতেব-তুশ্য, হায়, পিতৃহীন হইয়া বাঁচিয়া থাকা বিভন্নামাত। ইহলোকে যাহাব পিতা-মাতা নাই , তাহার স্থুখ কোথায় ? সে মুখ ও ধনহীন ব্যক্তির ভাষ নিরন্তর অসীম ছংখে কালাভিপাত করিয়া থাকে। যাহার পিতা-মাতা নাই, যে অজ, যে অবিবেকী, যৈ অপুত্রক ও খণগ্রস্ত, তাহার বুখা জন্ম। তাহার প্রাাধারণ বিভয়নামাত। শশাইহীন হইলে বিভাৰত্ৰী যেমন শোভাপুত হইয়া থাকে, কমলহীন

ইলে সরোবৰ যেমন কদর্য্য দেখার এবং পতিহীনা হইলে নারী যেনন হতঞী লক্ষিত হয়, পিতৃহীন হইলে পুরুষ-সেইরূপ নিতাস্ত দীনহীন হইযা থাকে দন্দেহ নাই। স্বাভাবিক আচার হইতে বিচাত হইলে জন্তু বেমন জীবনেৰ উন্নতি লাভ করিতে পাবে না, ধর্ম-ীন হইলে গৃহস্থ যেমন স্থুখলাভ করিতে সমর্থ হয় না এবং গবাদি ' পশুহীন ভবন যেমন শোভা ধারণ কবিতে সমর্থ হয় না, পিড়বিযো-, জিত হইলে পুরুষও সেইৰূপ শ্রীহীন, ছংগী ও হতভাগ্য হইযা থাকে। হরিভক্তিহীন ধূর্মের ন্থায় পিতৃহীন জীবনে কোন স্থফলই লাভ করিতে পাবা যায় না। অধাধ্যাযবান্ # বিপ্র, আডিথ্যবিহীন গৃহী, দানশৃষ্ঠ, দ্রব্য যেমন নিতান্ত অকর্মণা, পিতৃহীন পুরুষও সেইরূপ সম্পূর্ণ অক-র্মণা। সত্যহীন বাক্য, সাধুহীনা সভা, দ্যাহান তপের ভাষ পিত-হীন ব্যক্তি এ লগতে কোন কার্য্যেই আইলে না। হে মাতঃ। যাহার পিতা নাই, তাহার জীবন খণবর্জিতা নারী, জলবিহীনা নদী এবং অশান্তিপ্রদা বিচার ন্যাব সম্পূর্ণ নিকল। জননি। আব কি বলিব, যাচ্ঞাপর মানব বেমন সকলের নিকট স্থূণিত ও উপেক্ষিত হয়, পিতৃবিহীন ব্যক্তিও সেইকপ কাহারও নিকট সন্মান ও যত্ন লাভ করিতে সমর্থ হয় না , হাব ! সমস্ত জীবন তাহার ছঃখেই অভিবাহিত হয।"

বাত্ৰীহিত হব।

হৈ মুনিহুল ! অদ্যানন্দপ্ৰদ পুত্ৰের মূবে এই সবল বিধানময় বাবা প্রবণ কবিয়া বাছপত্তী ঘন ঘন দীৰ্ঘধাসত্যাগ ও অঞ্চবিসর্জ্ঞন করিছে লাগিলেন। নিদাকণ শোকে তাঁহার অদয আকুলিত হইল

উজ্বনিত বাপ্পে তাঁহার কঠরোধ হইবার উপক্রম হইল, তথাপি
পুত্রের দ্বিম্ কৌত্রল নিবারণ করিবার নিবিত উপনত শোকানল অনেক পরিমাণে দমন করিয়া আছোপান্ড সমন্ত বৃত্তান্ত সগরের নিবেট করিছে করিছে নামহর্পন বিবরণ প্রবিশ্বন করিছে
করিছে সগরের নমুন্থল আরক্ত হইলা উঠিল, ওঠাধর ঘন দ্বন

भवश्योदसम्—दन्त्राशास्त्रवर्दः ।

কম্পিত হইতে লাগিল; ক্রোধে প্রজালত হইরা জননীর সম্প্রে বিকটখরে ভিনি প্রতিজ্ঞা করিলেন, "শক্রকুলকে সংহার করিবই করিব।" মাতাকে প্রদ্ধিপ ও পুন: পুন: প্রণান করিয়া তিনি ভগবান্ ধর্মের নিকট গদন করিলেন এবং তাঁহার অহুমতি-গ্রহণ ও তদীয় চরণবুগল বন্দনপূর্বাক সেই আশ্রম হইতে নিজান্ত হইলেন।

অনন্তর সত্যপরায়ণ দৃচপ্রতিজ্ঞ সগর তথী হইতে বহির্গত হইয়া ববংশের পুরোহিত ভগবান, বশিষ্ঠের আশ্রমাভিমূবে গাতা করিলেন। অল্লকালের মধ্যে তথায উপস্থিত হাইয়া তিনি কুলগুকুর চরণতলে প্রাত হইলেন এবং ধীব ও গভীরভাবে সমস্ত হৃতান্ত আরুপূর্ব্বিক নিবেদন করিলেন। বশিশ্রেষ্ঠ > ত্রিকালজ্ঞ বশিষ্ঠ সগরের নিকট তংসমস্ত বিবরণ শ্রবণ কবিষা যুদ্ধে তাঁহার সহায়তা করিবার নিমিন্ত তাহাকে এল, বাকণ, ত্রাহ্ম ও আয়ের অর এবং তীক্ষ থভগ ও অ্পুস শবাসন প্রদান করিলেন। সেই সমন্ত দিবা মহাত্র লাভ - করিয়া দগর পরম আহলাদিত হইলেন এবং ভক্তিপূর্ণ-ছদযে তাঁহার **हदगय्गन रामना कदिया कूनशक्त व्यक्ति वासीर्वाम श्रद्धानस्ट** \* তাঁহার নিকট হইতে বিদায় গ্রহণ করিলেন। তিনি জননীর সমুধে অতিজ্ঞা করিয়াছেন যে, অরাতিদিগকে নির্মাণ করিয়া নিদারণ পিতৃশোক নিবারণ করিবেন , আজি সেই প্রতিজ্ঞা পালন করিতে ·উর্ভত হইলেন। ভীমবির্ক্রম সহকারে শত্রুকুলের উপর আপতিওঁ/ হইয়া শূরবীর সগর এঁকমাত্র চাপের সাহায্যে পুত্র,পৌত্র ও আশ্বীয়-স্বৰ্জনের সহিত তাহাদিগকে সংহার করিতে লাগিলেন। সেই বিকট শরাসন-নিশ্বিও বজ্লানল-সদৃশ্ বাণপ্রহারে সন্তাডিত হইয়া তাঁহার মরাভিগণের মধ্যে কেই বিনষ্ট কেই আহত, কেই বা সপ্তপ্ত হইয়া প্রাণ লইয়া দুরে পলায়ন করিল; কেহ কেহ প্রাণরক্ষার্থ কেশপাশ বিকিরণপূর্ব্বক বল্মীকরাশির উপরিভাগে সংস্থিত হইযা তৃণ ভক্ষণ করিতে লাগিল এবং কেহ কেহ বা নগাবেশে অসমধ্যে আএয় এহৰ করিল।

বশিলেদ-বিভেক্তিরপ্রধান।

হে বিপ্রবৃদ্ধ। শক, যবন প্রভৃতি যে সকল মহীপালগণ হৈয় কুলেব সহাযতা করিষাছিল, তাহাবা সকলে সগ্রকর্তৃক আজান্ত হইযা প্রাপ্রকার্থ তাঁহার কুলগুক বলিটের শ্বণ পর ইইল। এ দিকে শক্রকুলেব পরালয়ে পৃথিবী জ্বম করিয়া মহাবাহ্য বাহুত্বনা স্বার্থান্ত প্রতিবা জ্বম করিয়া মহাবাহ্য বাহুত্বনা স্বার্থান্ত প্রত্যাত হইলেন যে, জনেক বিপু ভগবান বলিটের শরণাগত হইবাছে। অমনি তিনি ভ্রমেল করিতে ভানামা উপস্থিত হইলেন। তাঁহাকৈ তপোবনে শ্রেম করিতে ভানামা বিচারজ্ঞ বলিট সেই শরণাগত শক্রকুলে এবল শান্তি প্রাধান করিলেন, বাহাতে তাহাদিগকে আন কবা হইল অথচ শিরোরও সম্মান রক্ষিত হইল। তিনি কাহবিও মন্তব্দর অর্জান, কাহারও মন্তব্দের পার্যভাগ, কাহারও মন্তব্দের পার্যভাগ, কাহারও মন্তব্দের পার্যভাগ, কাহারও মন্তব্দের পার্যভাগ, কাহারও মন্তব্দর মৃথিত করিয়া দিলেন, কাহাদিগকে বা মুথিতশান্ত্র এবং অপব সকলকে বেদবহিন্তুত করিলেন। ১

ইতাবসরে সগর সেই খলে উপস্থিত হুইলেন এবং গুক্কর্ত্ক শক্রকুলকে হতঐ হুইতে দেখিবা হাসিতে হানিতে বলিলেন, "ভো ভো গুরো! কেন বুধা এই ছুরাচার পাবগুদিগেব প্রোণ্যকা করিলেন? এই পাসিষ্ঠাণ আমাব বাল্য হুবণ কবিতে উন্নত ইহাবিল, আমার পিতৃদেরকে বাদ্য হুইতে ব্হিন্নত করিব।"

ধ্য সকল বীরলাতি হৈছাদিখের সহায়তা ক্ষিয়াছিল শলাহাদিনৈর নাধ কাথোল, পক্র পারণ, পক ও ঘবনগাই প্রধান। প্রত্যভীত কোনিগর্প মাহিদক, পস ও চীন প্রভৃতি অপার জনক সাধার সাধার আহি ছিল। পারণু মাহিদক, প্রত্যভ বুনিক আহেল, কার্যভাল ঘুনের ইংলিগকে দান্তিপ্রদাক কিয়াছিকেন। তিনি পুক্লিগরে অইনিক, কাংলার ও ঘবনদিপের মন্তর নুত্র, পারন্ধিগকে মৃক্তবুন পুন ক্রিয়াছিকেন। তিনি পুক্লিগরে অইনিক, কাংলার ও ঘবনদিপের মন্তর নুত্র, পারন্ধিগকে মৃক্তবুন পুন ক্রিয়াছিকেন। বিনাহিদেন। বিনাহিদ্যাক প্রত্যক্ষিপক প্রক্রান্ধিক। ক্রিয়াছিকেন। তিনি পুক্লিগরে অইনিক, কাংলার ক্রিয়াছিকেন।

উপরে বে পৃঞ্চবিধ বীয়জাতির নাম উল্লিখিত হুটসা, ভাষাবের প্রায় প্রতন্তেই বিবরধ ইতিহাসে পাওয়া বায়। প্রকাশ ই রাভিতে নিমিয়ান (5 yil inp)' বাংগাজগন কাংযাজালেশের অধিবাসী। পুরাণ্যক্ত গতিতব্বর উইলগন সাংবর কুমান করেন, কাংযাজালেশ ভারতের উত্রভাগে বিভা । তিনি আহত বংশন বে, ব্যবস্থা হয় প্রতিনা মুনীয়ান (Ionan), নমু বৃত্তি রান (Isetraa) অধ্বা

সর্ব্বনাশের হেতভূত হইযা থাকে। ছর্জন ব্যক্তিগণ যত দিন বল-বান থাকে,তঠ দিন আপনাদের বাহুবলে প্রমন্ত হইয়া তাহাবা সমস্ত জগতেব স্থায় বাধা প্রদান করিতে চেষ্টা করে, কিন্তু যেই পাপিষ্ঠগণ তুৰ্বল হুইয়া পড়ে, অমনি অতি সাধুখেব ভাগ কবিয়া লোকের চক্ষে ধলি প্রদান কবিষা থাকে। অতএব শত্রুকুলের দাসভাব, বারা-ঙ্গনার সৌহাদ্দ্য এবং সর্পের শাস্তভাবকে কখনই বিশ্বাস করিতে নাই ,--করিলে নিশ্চযই বিপদে পতিত হইতে হইবে। খল ও কপটাচাৰী ব্যক্তিগণ সমৰ্থ অবস্থায বাঁহাদিগকে দন্তপংক্তি দেখাইয়া টিট্কারী সহকারে উপহাস করিয়া থাকে, সামর্থাহীন হুইলে আবার তাহাদিগেরই নিকট কোনু মূবে আশ্রব প্রার্থনা করিতে সাহসী হয় ? ধিক, সেই পাষ্ডদিগের পাপজীবনে শত ধিকু ! ছি ! তাহারা বলমন্ত হইয়া যে ছিহনা দারা একবার, একজনকৈ পক্ষবাক্য বলে, বলহীন হইলে আবার কেনন করিয়া দেই জিলাতেই সেই পূর্ব্বাপকৃত ও লাঞ্চিত ব্যক্তিকে ককাবাকা দ্বারা প্রভাবিত করিতে অগ্রসর হয় গ অতএব হে গুরো। হে ভগবন্। যিনি নিজ মঞ্জকামনা কবেন, নীতিশাস্ত্রে যাঁহার অভিজ্ঞতা আছে, ক্রুর ব্যক্তিদিগের সাধুছ ও দাসভাবে বিশ্বাসন্থাপন করা তাঁহাব ক্থনও উচিত নহে। যে. -ব্যক্তি ছর্জন, থল অথবা হিংসাপরাযণ, সে যদি প্রণাম করে, তথাপি তাহার প্রতি প্রীত বা প্রসন্ন হইতে নাই। বিনীত শক্ত. কৈতবদীল # মিত্র এবং বিশ্বাসঘাতিনা জারা 🕆 ভাষ্যাকে যে ব্যক্তি বিশ্বাস করে,

বলিতে বলিতে সগরের হাজোংবুল বদনমগুল গাঁটীরভাব ধারণ করিল। তিনি ধার-পাঠারভাবে আবার বলিতে আরম্ভ করিলেন, "গুরুদেব। অধর্মাচারী শত্রুদিগকে পাপাযুষ্ঠানে প্রস্তুত্ত হৈতে দেখিয়া যে ব্যক্তি উপেন্দা করে, দে নিশ্চর্যই

গ্রিক (Grecina)। সন্তব্ত এছলে মুনীয়ানগণই নিষ্ঠি হইয়াছে। পারদর্গণ পাণ্ডাত, ইতিহাসে পার্থিবান (Parthian) নামে অভিত্তিত হইয়াছে।

কৈত্ৰশীল—কণ্টপ্ৰভাব।

r খারা-উপপরারণে ছিচা।

৬৮ / রুহল্লারদীয়-পুরাণ।

নিশ্চবই তাহার সর্জনাশ হয়। ভগবন্। এই পাষ্ট্রণণ গোরণী ব্যায়; আজি যদি অমুগ্রহ করিয়া ইহাদিগকে ছাড়িয়া দিই, কালি ইহারা আবার আমার অনিষ্ট করিতে চৈটা করিবে। প্রভো। ছর্জনিগকে কমা কবিলে তাহাদিগৈর ছ্টাচরণে প্রশ্রম দেওয়া হয়; অতএব আপনি ইহাদিগকে রক্ষা করিবেন না, বরং প্রশন্ন হইবা আমাকে আদেশ প্রদান ককন, আমি ইহাদিগকে সংহার করিয়া হুখে বাজাভোগ কবি।"

সগবের বাক্যপ্রবণে মহামুনি বশিষ্ঠ মনে মনে প্রম প্রীত হইলেন এবং যুগল হন্তে তাঁহার অঙ্গ স্পর্ণ করিয়া তাঁহাকে সম্নেহে বলিতে লাগিলেন,—"হে মহাভাগ। সাধু সাধু।, তুমি যে সত্য বলিয়াছ, তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই। তথাপি আমার বাক্য ত্রবণ করিয়া শাস্ত হও। বংস। তোমাব প্রভিজার সম্পূর্ণ অবি-রোধে আমি ইহাদিগকে ইভিপুর্বে সংহার কবিষাছি; হতদিগকৈ হত্যা করিলে আর কি হইবে ? রাজন্ ৷ ইহ-জগতে সকল জন্তুই কর্মপাশে নিয়ন্তিত; যে যেরূপ কর্ম্মেৰ অন্তর্চান করে, সে ভদুমুক্রপই ফলভোগ করিয়া থাকে। যাহারা পাণী, তাহাবা আত্মঘাতী; তাহারা আহাব-বিহাব ও বিচরণ করিয়া বেড়ায় 'বটে, কিন্তু তাহা-দিগের প্রকৃত জীবন নাই। অন্ত তুমি যাহাদিগকে সংহার করিতে উন্নত হইতেছ, তাহারা যোর পাপাচারী : স্বতরাং তাহাদের প্রকৃত জীবন নাই। মহীপাল! তবে এই নিহত ব্যক্তিদিগকে আর বি নিমিত্ত হনন কৰিবে ? এই পঞ্চ্তাত্মক দেহই পাপজনিত ; পাপ কৰ্তৃক ইহা পূৰ্ব্বেই নিহভ; আত্মা কেবল এই মৃতদেহকে বহন করিয়া বেডায় মাত্র। আত্মা বৈড দিন ইহাতে বিরাজ করে, ততে দিন ইহা সদ্ধীৰ ৰশিয়া প্ৰতীত হয; কিন্তু আত্মা ইহা হইতে যেমন বিচ্ছিন্ন হইয়া পড়ে, অমনি নিৰ্দ্ধীৰ দেহ জড়বং ভূতলে পতিত হয —শেষে পঞ্চত মিশিয়া যায়। হে পৃথীশ। জন্তুগণ অবর্ণের ফলভোগের হেত্মাত্র ;--কর্ম দৈবাধীন। অহো। এ জগংই

रिमवादीन । रिमरवत्र व्यदीन इट्डेब्सार्ट कीवशन व व्य कर्मामाधनं कतिय

থাকে। ফলতং দৈবই তাহাদের ফলভোগের প্রকৃত কারণ,—
তাহারা নিমিত্রের ভাগী মাত্র। বিস্তু বাঁহারা সাধু ব্যক্তি, তাঁহারা
পুরুষকারের মাহায়ে প্রতিকৃত দৈবকে বিনাশ করিতে সমর্প্র হৈ বংস! শরীর পাপসমূত; যে ব্যক্তি যত অধিক পাপের অস্কুঠান
করে, তাহাকে ডত অধিক জনম-ম্বণ-ক্লেশ ভোগ করিতে হয়।
অতএব এই পাপজনিত দেহকে সংহার করিতে কেন উদ্যত
হতৈছে মহীপাল। আআ ভত্তঃও নিজ্পাপ হঠলেও দেহপিঞ্জরে
আরম্ভ হইয়া দেষ্ট্রী নামে প্রোক্ত হইয়া থাকে। স্বভরাং দেহ যে পাপ
হইতে উৎপাদিত, ভবিষয়ে আর অণুমাত্র সন্দেহ নাই। এ পাপমূল
দেহকে বিনাশ করিয়া ডোমার কি কীত্তি হইবে ?"

দর্মণাত্মজ গুরুর এই সক্ত সাবগর্ত বাব্য প্রবণ পূর্মক সগর ফ্রোধ পরিত্যাগ কবিয়া শাস্ত হইলেন। মুনীশ্রুও তাঁহার প্রতি সম্ভূই হইরা তদীয় অদে করাবর্তন পূর্মক তাঁহাকে কৃতার্থ করি-লেন। অনন্তর মহর্যি বশিষ্ঠ পরন পণ্ডিত মুনিগণের সহিত এক-যোগে সগরকে পিতৃরাজ্যে অভিষেক করিলেন।

হে বিজর্ল। মহারাজ সগরের কেনিনী ও সুমতি নামে ছইটি
'ভার্যা ছিলেন। • ডাঁহারা উভুয়েই সূর্য্যবংশীয় বিদর্ভরাজের ছহিতা।
সগবকে রাজ্যে প্রতিষ্ঠিত দেখিয়া তপোনিধি ঔর্জ নবাভিবিক্ত
পৃপতির নিকট আগমন করিলেন এবং তাঁহাকে আফির্বাদ ও সম্ভার্থ
ক্রিয়া খীয় আপ্রমে প্রত্যাগত হইলেন। রাজ্তবনে তাঁহার অবহিতিকালে একদা সগরের পত্রীষ্ম তংসনীপে উপব্রিত ইইয়া প্রণামানত্তর
উহার নিকট পুত্রশাভার্থ বর প্রার্থনা করিলেন। তাঁহাদের

<sup>&</sup>quot;(य चार्या गर्यः ज्ञानि व्यवा चार्यस्यो छवा ॥ अवर चार्यस्यो व्यवस्थानस्यसम्। ७७८: रिमरवानि वनुरव राक्यो व्यवा ४००

প্রার্থনা-শ্রবণে ভার্গবমন্তবিৎ # ঔর্ব্ব প্রম সমাধিবলে একবার তাঁহা-দিগের ভবিষ্য ভাগ্যলিপি পাঠ করিয়া লইলেন। পরে হুটমনে উত্তর করিলেন,—"তোমাদের উত্তের মধ্যে একজন একটিমাত বংশকর পুত্র এবং অপবে ষষ্টিসহস্র তনয় লাভ করিবেন। এক্ষণে এতছভয় বরের যাহার যেটি অভিপ্রেত, সম্বর বাক্ত কব।"

হে মুনিবুন্দ। সগররাজাব ভার্যাদ্ববের মধ্যে কেশিনী বৃদ্ধিমতী ও বিচক্ষণা, স্থভরাং তিনিই বংশরকার্থ একমাত্র পুত্রকেই ধ্পার্থনা করিলেন। স্থমতি মৃচ, সেই জহাই বৃষ্টিসহত্ত প্লুত্রের প্রার্থিনী হইলেন। ভগবান ঔর্ব তাঁহাদিগেব উভর্বেরহী প্রার্থনা পূবণ করিলেন। অতঃপর কিছুদিন অতীত হইলে কেশিনী অসমর্ক্লস নামে একটি পুত্র লাভ করিলেন; হুমতিবও বাষ্টসহত্র তন্য সম্ভূত হইল। অসমঞ্চল নামে বালকবং প্রতীত হইলেও উন্নতের নাম অসমঞ্চন ণ কার্য্যাদির অনুষ্ঠান করিতে লাগিল। তাহার কার্যা-কলাপ দেখিয়া সগরের অপর পুত্রগণ তংগ্রদর্শিত পদবী অনুসরণ পূর্বক নিভান্ত ছত্বুভিও ছরাচার হইবা উঠিল। অদমঞ্চদেব আচ-রবে সগর যার-পব-নাই হঃবিত হইলেন। বাহাঁ হউক, কিযংকাল অভিবাহিত হইলে অসমগ্রদ অংশুমান নামে একটি পরমগুণবান্ পুত্র লাভ করিলেন। অভেমান্ সদাচারী, ধার্ম্মিক ও পরমোপকাবী। পিতামহের হিতামুঠানে তিনি সর্বদ। ব্যস্ত থাকিতেন।

হে মুনিসভ্রমণণ। এ দিকে সগরের ঘটিসহস্র পুত্রগণ এড মর ও হইয়া উঠিল যে, তাহাদের অত্যাচারে সমস্ত পৃথিবী নিরতি শম নিপীডিত হইন। ভাহারা অধ্টকাচারী 🕏 ও যাজ্ঞিকনিগের অতিই বার-পর-নাই উৎপীতন কবিতে লাগিল। <sup>'</sup>যজে আছতি

ভার্মবন্ধরিং—শুক্তপ্রোক্ত ময়লায়বিলারদ।
 বন্দর্গন অভাগা, জারবিগহিত।

<sup>:</sup> भोर, माय, कासन कारवा काचिन मारमद नवम पिराम माछ डेप्पान (र শাদ বিভেত্ত, তাতা প্ৰটকা নাৰে অভিহিত। এখাছ স্বন্ধে কৰিতে CVथा शह मा ।

দাযই বলপুর্বক ভোজন করিয়া ছ্বাচার রাজকুমারগণ দেবকুলকে

বঞ্চিত করিতে আরম্ভ কবিলা, বর্গ হইতে রম্ভা প্রভৃতি অপাবা-দিগকে বলপুৰ্বক আনয়ন করিয়। আপনাদিগের পাশবী বৃত্তির চরিতার্থতাসাধন করিতে লাগিল। এমন কি, পারিজাতাদি যে দকল বর্গকুমুনে একমাত্র দেবতাগণেরই অধিকার, তাহাও সেই .

বলনত ও মনমত সগরসন্তানগণ অপহরণ করিতে লাগিল ! ছরা-চারদিগের লোমহর্বণ দোরাত্মে পুৰিবীস্থ সমস্ত লোক সমস্কিত হইল। 'পাষওদিগের ,ভাষ-অভাষ-বিবেচনা সম্পূর্ণ 'তিবোহিত হুইয়া গেল।

পাপাঢ়াবী সগবপুদ্রগণেব এইকপ ভীষণ উপস্তবে যার-পর-নাই ছঃ্থিত হইয়া ইন্দ্রাদি দেবগণ তাহাদের বিনাশের উপায় উদ্ভাবন কবিতে মনস্থ কবিলেন। অনেক বিকেচনাব পর একটি সংপস্থা শ্বির কবিদা মন্দ্রাহত অমরগণ পাতালমধ্যস্থিত বিষ্ণুপ্রতিম মহর্ষি ক্পিলের নিকট পমন করিলেন। পরমতব্জ তেজোনিধি ক্পিল প্রচন্ত্ররূপে দেই নিতৃত প্রদেশে পরমানন্দ্রম অগদেকদেব বিফুর প ধ্যানে নিরত ছিলেন। সহও স্থরবর্গ তাঁছার নিকটে উপস্থিত इहेब्रा ज्ञिज्ञल मध्यः अगामश्रंक जिल्पृर्ग-कारम छोडात छव

পরনেশভক্ত লোকায়্এহতংপর মুনীক্র ৷ আপনি সংসার-কাননের দাবাগ্রিসক্রপ; আপনি সর্বজ্ঞানম্য, বীতকাম ৭ ও সর্বশক্তিমান্। . ছুর্নাচার সাগরকুলের দৌরায়্যে উংপীড়িত হইযা আমরা আপনার শরণাগত হইযাছি ; একণে আনাদিগকে তাণ করুন।"

· করিতে লাগিলেন,—"হে ভিতেক্রিয় তপোনিধে। হে ছন্মকণী নারায়ণ! হে বিকো। হে জিফো। = আপনাকে নম্ভাব । হে

হে বিগ্ৰহুল । সর্বাশাস্ত্রজ্ञ নহর্ষি কপিল দেবগণ কর্তৃক এইরূপে न्द्रउ हरेल, डाहानिगरक बाब्लोनिड ও यथारवागा पूछा करिया

<sup>•</sup> किसू-वस्ति। । रोध्याय-विन्यंशः

92

বলিলেন,—"হে স্ব্রোত্মগণ ৷ সম্পাং, আয়ু, যশ ও বলবি ক্রমে গর্বিত হইয়া যাহারা লোকের সুখে বাধা প্রদান করিয়া থাকে, তাহারা সহব নাশপ্রাপ্ত হয় : তাহাদের আপনাদের সম্পৎ,সোঁভাগ্য, এমন কি, আযু পর্যান্তও তাহাদিনকৈ রকা কবিতে পাবে না। নিরপরাধ ও নিস্পাপ ব্যক্তিদিগের স্থাবর পথে কটকরোপণ করিতে যে মৃচ উদ্যুত হইয়া থাকে, যে ব্যক্তি বাক্য, মন অথবা কর্ম দারা অপবের অনিষ্টদাধন কবে, দে নিশ্চধই পাণী , দৈব অচিরে তাহাকে সংহার কর্বিয়া থাকে। সর্ব্বশান্ত্রজ্ঞ পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, ' যে ব্যক্তি অপরের স্থাস্থাচ্ছন্দ্যে বাধাস্থাপন করে, সে অসীম তেজ:-সম্পদ্ন বা দীর্ঘাযুদ্ধান্ হইলেও শীত বিনাশ প্রাপ্ত হয়, সেই ছুরা চারের তেজোবীর্য্য, সহায়-সহল ও সম্ভান-সম্ভতি তংকত পাপ-রাশিতে কল্বিত হুইয়া ভাহার সহিত চিবকালের জ্বন্থ বিনষ্ট হুইয়া থাকে। সগররাজার পাণিষ্ঠ পুত্রগণ সমন্ত জগতের উপর অত্যাচাঁব ক্রিতেছে, একণে ভাহাদের বিপুল স্থাবিবল পাকিলেও ভাহারা অচিবে বিনাশ প্রাপ্ত হইবে। অভএব, হে অমরবৃন্দ। সর্বহে খ পবি-ত্যাগ কবিষা ভোষরা নিশ্চিন্ত-মন্ে ত্রিদিবধামে প্রতিগমন কব।" তেজ:পুঞ্জ মহামূনি কপিলের এই অমৃতম্য সাস্ত্রনাবাক্য-প্রবণে বিবৃধগণ তাঁহাকে প্রণামপূর্ব্বক পরমন্ত্রশে স্বর্গপূরে প্রতিগত হইলেন। ∙হে মুনিসন্তমরণ। এ দিকে মহারা<del>ল</del> সগব বশিষ্ঠাদি পরমতব্জ महर्षिशतार ] माशार्या भश्लोय व्यवस्थ-बख्छ व्यक्षीत श्रवृत হুইলেন। অনন্তব সেই মহাযজের তুবঙ্গ দিগ্জ্যার্থ প্রিত্যক্ত হইলে, স্বরেশ্বর ইন্দ্র অলক্ষ্যে তাহাকে হরণ কবিষা পাতালপুবে

বিষম চিস্তিত হুইল এবং ভাহাব অৱেষণে সপ্তলোক পবিভ্ৰমণ করিতে লাগিল, কিন্তু-কুত্রাপি ভাহার অনুসন্ধান না পাইয়া গুচবিগ্রহ—গুপ্তদেহ, লুক্তাইত, অনুদ্র।

স্ববিশ্রেষ্ঠ কপিলের নিকট রক্ষা কবিলেন। ত্রিদশপতি গুঢ়বিগ্রহ \* হইয়া সেই যজার হরণ করিবাছিলেন, স্কুতরাং সগরপুশুগণ তাঁহাকে দেখিতে পাষ নাই। তুরদ্ধকে সহসা অন্তর্হিত দেখিয়া তাহাবা

অবশেষে তাহাবা পাতালপুরে প্রবেশ কবিতে উন্নত হইল। তাহারা প্রত্যেকে এক এক যোজন করিয়া মহীতল ব্যাপিয়া মৃতিকা খনন করিতে ণাগিল। সেই সমস্ত থনিত দং-রাশি সমুস্রতীরে আকীর্ণ হইল। এইরপে এক মুগভীর ও বৃহং বিল স্ট হইলে, তাহা পরিস্থত করিয়া দইয়া সগরাকৃত্বগুণ পাতালনধ্যে প্রবেশ করিল 'এবং ইডস্ততঃ অধের অনুসন্ধান করিতে করিতে অচিরকাদমধ্যে রসাতলে উপস্থিত হইল। অকুমাং মহন্দ্র-পূর্য্যপ্রভ এক অসম্থ ভাোতিতে তাহাদের দৃষ্টি আকুষ্ট হ'ইল। সকলে, স্বিশ্বে দিখিল, মহাত্মা কপিল ধ্যান্দয় রহিয়াছেন এবং তাঁহার নিকট যজাখ বিরাজ করিতেছে। বিবেকবর্জিত, প্রমন্ত ও পাপাশয় নাগরণৰ কপিলপার্থে আপনাদের ভুরত্ব দর্শন করিয়া বিষম ক্রোধে উত্তত্ত হইল এবং তিনিই তাহা হরণ করিয়াছেন মনে করিয়া সহসা . তাঁহাকে বধ করিতে উত্তত হইল। ´সেই সময়ে ছুরাচাবগণ পরস্পর 'বলিতে লাগিল, 'ইহাকে বধ কর , ইহাকে বধ কর। এ লও, অর্থ লও, অর্থ লও। দেখ, দেখ, দুরাচার আমাদের অর্থ হরণ করিয়া বক-তপন্দীর ভার কেনন সাধুবং নীরবে বসিষা রহিয়াছে। যে খল ও কপটাচারী ব্যক্তিগণ পরস্ব ও পরের জীবন হরণ করিবার নিমিত্ত অন্তুদিন তদ্বিয়ে চিন্তা করে, ভাহারা সর্ব্বদা এইরূপই আডম্বর করিয়া থাকে বটে ।' বিকট হাস্তসহকারে এই কথা বলিয়া 'সেট নষ্টবৃদ্ধি ছুর্ব ওগণ সেই পর্মতবৃক্ত তপোনিধিকে চরণ দারা তাডিড কবিল, পরে তাঁহার হল ধরিয়া আকর্ষণ করিতে লাগিল। ভাহাদের সকলেরই মৃত্যুকাল আসন। /

হে বিজক্ল ! মহর্ষি কপিল সমস্ত ইন্দ্রিয় কেন্দ্রীভূত করিয়া আ্যাম আপুনাকে নিয়মনপূর্বক ছবু ওদিগের সমুদায় কার্য পর্যাবিদ্দর করিছেলেন, একলে সমাধি ত্যাগ করিয়া, সেই দৃশু ছবাচারদিগের আচবণ দেবিয়া বিশ্বিত ও ক্ষুক্ত ইইলেন এবং এই ভয়াবহ ভাবগগুলীর বাক্তো বলিতে লাগিলেন, 'অহো! যাহারা এবর্ষান্দের মন্ত, যাহারা ক্ষুতি, কামাক অথবা অইংক্তানে গর্বিত,

তাহাদেব কিছুমাত্র বিশ্বচন। খাকে না। নহীণার্ভে নিধি নিখাত থাকিলে, সে স্থল যেমন সর্বাদা অলিতে থাকে, সেইরূপ নানবের অন্তঃরকণে কোনরূপ রিপুবহ্নি,সন্ধৃক্তি থাকিলে ভাহারা যে অলিত হইতে থাকিবে, ভাহাতে আব বিচিত্রতা কি 📍 ছুর্ব্যন ব্যক্তিগণ যে স্বভনগণের সুখে বাধা-স্থাপন করিবে, ভাহাই বা বিচিত্র কিরূপে ? একাধারে যৌবন, শ্রী ও শূরতা থাকিলে, তাহা প্রাযট সর্ব্বান্ধতা ও মৃততাবও আম্পদ/হইষা থাকে। অহে। : বনুকের কি দীপ্তি। কি জ্যোতি। কি ভাষরতা। ইহাঁর মহিমা বর্ণন করিতে কে সমর্থ? ব্স্তুরও কনক' নামে অভিহিত। উভয়ের নাম এক বৃটে, বিশ্ব বর্ণ ও গুণের কত ভিন্নতা। খর্ণ উজ্জন ও দীপ্তিমান, গুতুর মদুপ্রভ। \* এক বস্তু আধাবভেদে কত ভিন্ন ভিন্ন যশ দান করিয়া থাকে। ধনদশ্ভিব সাহাত্যে সদাচারী ব্যক্তিগণ জগভের কত উপকার করেন , কিন্তু খল ব্যক্তি ধনসম্পন্ন হইলে সেই ধনসম্পত্তি হইতে লোকের কত অনিষ্ট সাধিত হয**। অনলের পক্ষে থেম**ন পবন এবং ভূজদেব পাকে যেমন ছগ্ধ, খল ব্যক্তির পাকে সেইকপ ধনসম্পত্তি। খল ও ক্রুর ব্যক্তি ধনবান হইলে, তাঁহার ধন হইতে সর্ব্বদ। লোকের অসংখ্য অনর্থ সাধিত'হয , ভাহাব ধন ছপ্পর্যক্রি উত্তেজক্মাত্র। অহোঁ। ধনমোহাদ্ধ ব্যক্তিগণ দেখিবাও দেথে না, যদি তাহাদের জাননেত্র উদ্বালিত হয়, যদি তাহারা নিজ বিষ্য ভাবিয়া দেখে তাহা হইলে নিশ্চমই তাহাদিগেব মহল হয ৷"

এই কথা বলিতে বলিতে মহর্ষি কপিলেব ক্রোধবেগ বজিত হইবা উঠিন, ভাঁহার নর্যুন হইতে অনল নির্মাত হইল সেই অগ্নি পণ-কালমধ্যে সগব রাজাব পুত্রগণকে ভস্মাৎ কবিষা যেলিল। সেই ভ্যাবহ লোচনাপ্তি দর্শনে পাতালবাসিগ্দ অকাল প্রলম্মনে কবিষা, গোর্ত্তরবে চীংকার কবিতে লাগিল এবং নাগ ও বাদ্দিগণ তাহার প্রত্য তাপে তাপিত হইযা শান্তিলাভার্য সাগবসনিলে প্রবেশ কবিল। অহা। প্রজ্ঞাবন ব্যক্তিভিগের কেপি নিতান্ত ভংগহ।

মদপ্রত—হতীর গণ্ডস্বলজাত দর্শের ভার বাহার বর্ণ।

হে মুনীমুকুল ! তংকালে নহর্ষি নারদ মহীপতি সগরের সেই মহাযজে সমাগত হইযা তাঁহার হততাগ্য পুত্রগণের ভাগ্যবৃত্তান্ত যথাবং জ্ঞাপন করিলেন। নিগ্রহামুগ্রহসমর্থ সর্ববিং রাজা সগর ডংসমস্ত বুরান্ত-প্রবণে অতিশ্য হর্ষিত হইষা বলিলেন, "ইরাচার-গণ দৈবের নিকট উপযুক্ত শিক্ষা প্রার্গ্ত হইযাছে।" হে বিপ্রবর্ণ। মাতাই হউন, অনকই হউন, প্রতি। অথবা তনবই হউক, যে নিতা অধর্মাচরণ করে, সেই রিপু নামে অভিহিত। অধর্মে নিরত থাকিয়াও যে ব্যক্তি সকলের স্থাবের পথে বাধা স্থাপন কবে, শাজামুনারে সে পরন রিপু। সেরপ লোকহন্তা ইর্ভরে নাশে কেছই দুঃখিত হয় না। নরনাথ সগর সর্বত্তববিং। তিনি ভানিতেন যে, গুরু ত্তির নিধনে সলাচারী মহায়গণ সমযুষ্ঠানে উংসাহিত হইয়া থাকেন; সেঁই অভাই তিনি খীয় হ্রাচার কুপুল্রগণের বিনাশে একদিনের হাতও শোক প্রকাশ করেন নাই। কুপুত্র হউলে পিতার त्नान थरन अधिकाती हय ना: त्महे छछ त्महे महीभाग शीव অপুত্রদিগকে 🕶 যজে অনধিকারী জানিয়া অসমগ্রদের পুত্র মতেমান্কে পুত্ৰং গ্ৰহণ করিলেন। অভেনান্ ফুধী, বানী ও মহাবীর্য্যবান। ত্রতরাং তিনি বজার আন্যন করিতে সম্পূর্ণ সমর্থ হইবেন জানিয়া সারত্র সগর তাঁহাকে সেই কঠোর কার্য্যে নিয়োজিত করিলেন।

অন্তর অভেমান সেই বিশাস বিল্লারে উপনীত হইয়াই '
মূনিপুলৰ কপিলাকে দেখিতে পাইলেন এবং অর্থানি ছারা পূচা
করিয়া পরন ভক্তিসহকারে মেই তেজানিদি তপোধনকে প্রধাম
করিলেন; পরে তংপার্থে দুভায়নান হট্যা হৃতাচালিপুটে বিনম্নরকান বলিতে লাগিলেন, "হে বক্তন্। আমার পিত্রাগণ
মোহনদে নত হইয়া বে বৃক্ত করিয়াছে, ভাহা ভাহাদিগের 

দংশীসহামনে করিয়া একণে ক্ষম করুন। বাহারা শার্থীতি,

<sup>ে</sup> অপুশু-পুশু নামের অংশার্থা।

যাহারা অপরকে সংশিক্ষা প্রদান ক্রিয়া থাকেন, তাঁহারা ক্রমানীল; তাঁহারা ছল নদিগকে দ্যা ক্রিয়া থাকেন। দেগুন, চল্র চণ্ডালগুহেও ভ্যোংলা সংহার করেন না। ছরাচার ব্যক্তিগণ যদি সকলের বিভায়ন্তানে বিরত হবেন না। অমরগণ শশাককে ভোজন করিলেও শশধর তাঁহাদিগকে পর্র আনন্দ প্রদান করিয়া থাকেন। চন্দন অরে বিদার্থ ও ছিন্ন-ভিন্ন হইলেও যেনন করন মনোমদকর দোরজদানে বিবৃত্হ্য না, সেইকণ স্কুল ব্যক্তি ছুইদিগের কর্তৃক্ত নানাপ্রকারে অপরকৃত হইলেও কথন মূহুর্তের জল্প দৃয়া প্রকাশ করিতে কাস্ত হয়েন না। যে সন্ত্রণশালী মূনীধরগণ শান্তিময তপাছ্টানের ভারা লোকশাদনার্থ গ্র্থিবীতলে জলপ্রহণ করিযাত্রন, তাঁহারাই পুক্রোভ্রম। হে মুনা হে জলন্। হে অলন্। হে অলান্তে। ব্লাধানপর ব্লাগ্যানে বা আপনাকে ন্মুখার।"

অংগুমানের এই ভক্তিপূর্ণ স্তব প্রবণ করিয়া মহর্ষি কপিল আনন্দিত হটলেন এবং হাসিতে হাসিতে সাদরে বলিলেন, "বংস। আমি তোমাব প্রতি প্রসর হইয়াছি; এক্সরে তোমাব মনোমত বর প্রার্থনা কর।"

মুনীজের এই আনন্দকৰ আধাসপূর্ণ বাক্য প্রবণে অংশুমান্ তাহাথ চরণতলে প্রণত হুইমা আনন্দাঞ্চললে তদীয় পদ্বম বিধাত ক্রিলেন এবং, বিনীত প্রথনাসহকারে বঁলিলেন, "ভগবন্! যদি দাসেব প্রতি সম্ভুট্ট হুইমা থাকেন, তাহা হুইলে এই বর প্রদান ক্রুন, যাহাতে ভাষাব পিতৃপুক্ষগণ স্তন্ধালক প্রাপ্ত হয়েন।"

বাজকুমারের প্রার্থনায় সপ্তাই হইগা মুনি তাঁহাকে প্রেহসিক্ত ু বচনে আদ্ব সহকারে বলিলেন, "হে পুত্র! তোমার পৌত্র পতিলোজারিশী গলাকে পুথিবীতলে আর্মন করিয়া, দেই পাণী ও পতিত সগরসম্ভানদিগকে উদ্ধার করিলে, তাহারা নিশ্মই প্রম্ন পদ প্রাপ্ত হবৈব। 'অভ্যুব, বংস! তোমার পিতামহের যজ্যোচিত এই অস্ব গ্রহণ করিয়া স্বদেশে প্রতিগত হও এবং ধর্মপ্রায়ণ হইয়া নিত্য সংকার্য্যের অনুষ্ঠান করিতে থাক , তোমার মঙ্গল হইবে।"

পরম কারুণিক পরতবৃত্ত মহর্ষি কপিলের এই উপদেশ শিরো-ধার্য্য করিয়া অংশুমান তাঁহার চুরণতলে প্রণত হইলেন এবং পিডা-

নহের যন্ত্রীয় ভূরত প্রহণ করিয়া সহর রাজধানীতে প্রত্যাগমন ক্রিলেন। অনস্তর তিনি মহাপতি দগরের নিক্ট উপস্থিত হইয়া

সমস্ত বিব্য আদ্যোপান্ত নিবেদন করিলেন। হে মুনিবর্গ। এই অংশুমান হইতে দিলাপ জন্মগ্রহণ করেন , দিলীপের পুত্র ভগীরথ . এই ভগীর্থই লোকপাৰনী সূরধুনীকে মহীতলে আন্যন করিয়া পিতলোকের উদ্ধারদাধন করিয়াছিলেন। হে মুনিসত্তমগণ। ভগীরধের পবিত্র কুলে সুদাস নামে এক মহাবলী রাজবুমার জন্ম-গ্রহণ করেন, তাঁহার পুত্র মিত্রসহ ত্রিলোকে বিখ্যাত। ব্রহ্মবি • বনিষ্ঠের শাপে সৌদাস মিত্রসহ রাজসহ প্রাপ্ত হয়েন , পরিশেষে গলার স্বিলাভিষেকে মুক্তি লাভ করিতে সমর্থ ইইয়াছিলেন।

## নবম অধ্যার।

## —∞∞ , মিত্রদাহের উপীখানি।

পুরাণ্ডববিং পতের নিকট এই বিচিত্র বাক্য প্রবাণ পূর্বক মূলিগণ পবন কোতৃহলাজান্ত হইবা সাধাহে জিলাগা করিলেন, "হে মূলিসক্তম। কি দোবে সৌদাস রাজা মহর্ষি বশিষ্টেব জোবা, নলে পতিত হুইবা তাহার শাপে বাক্ষমৰ প্রাপ্ত হুইবাছিলেন এবং কি প্রকাবেই বা মুরুসরিং বিশ্বুপদীর জলবিদ্দুস্পর্শে মূক্তি লাভ কবিবাছিলেন, তাহা আদ্যোপান্ত বহাব্ব আমাদিগের নিকট কীর্ত্তন ক্রিয়া আমাদেব কোতৃহল নিবাবণ ক্রমন।"

অনন্তৰ সুধীশ্ৰেষ্ঠ স্ত নোদাদেৰ হ্ৰান্ত কীৰ্ত্তন কৰিতে আরম্ভ করিলেন ;—"হে ঋষিনগুল। স্থদাদের পুত্র মিত্রসহ সর্বব-ধর্মে শিক্ষা লাভ করিয়া শুচি, সর্ব্বেও ও গুণবান্ হইযাছিলেন। সপ্তসাগরাম্বরা এই সধীপা বস্থন্ধরাকে মহীপতি সঁগর যেমন ধর্মেব অবিরোধে বাদা করিয়াছিলেন, সোদাসও সেইরূপ প্রকৃত ধর্মমার্গ অনুসরণপূর্বক পুত্রপোত্রে পবিবেষ্টিত এবং সকল ঐথর্য্যে স্থনো-ভিত হইয়া ব্রিংশং সহস্র বংসর পরমন্তবে পৃথিবী শাসন করিয়া-ছিলেন। একদা মুগ্যাভিলাব তাঁহার মনোমধ্যে উদিত হওযাতে 'ডিনি বিশ্বস্ত সচিবগণে সমাবৃত হুইয়া সেই বাসনার চরিতার্থতা-সাধন করিবাদ নিমিত্ত গভীব বনমধো প্রবিষ্ট হইলেন। তিন বংসর ধরিয়া মণয়। চলিতে লাণিল। বাজা সদলে বন চইতে বনায়রে মণেৰ অবেষণে বিচরণ করিতে করিতে একদা মধ্যাত-,দিবাকরের প্রচন্ড ভাগে ভাপিত ও পিণাসিত হইয়া দিবা বিপ্রহর-কালে, পুয়তোযা নর্মদার ভীরে উপস্থিত ইইলেন। সেখানে সানাহিত্তাদি সমস্ত কর্ম ঘ্যাবং সমাপনপূর্বতে ঘ্যাঁকালে ভোজন করিয়া ডিনি লেট পবিত্র রেখাননীব ভটে মুনিগণের সহিত

সংকথাব আলাপনে রছনীযাপন করিলেন। অনন্তর অতি প্রত্যুয়ে
শযা। হেইতে উথিত হইয়া প্রাতঃক্রিযাদি সম্পাদনপূর্বক সৌদাস
নিজ্ঞগণের সহিত পুনর্বার মুগমাব্যাপারে মনোনিবেশ করিলেন
এবং গভীর অরাাম্যা বিচরণ করিতে লাগিলেন। এইরূপে সেই
মহীপতি বন হইতে অপর বনে মুগের অ্বেষণে ভ্রমণ বরিতেছেন,
এমন সমযে এক বৃক্ষসারকে দেখিতে পাইলেন, অমনি ধহুগুণ
আকর্ষণপূর্বক ক্রভবেশে ভাহাব অনুসরণে প্রবৃত্ত হইলেন।

হে ছিলকুল। রাজা সৌদাদ দেই মৃগের অ্যেষণে এতদ্ব তম্য হইলেন যে, নিজ জীবনের বিষয় একবার ভাতিয়া দেখিলেন শা। এইরূপে তিনি অনেক দূর অনণ করিবা অবশেষে দৈতগণেব অদুশ্য হইষা পডিলেন। তাঁহাব অণুনাত্র প্রান্তি নাই-ক্রান্তি নাই, কেবল সেই কৃষ্ণমার হরিণ যে দিকে পলায়ন কবিতে লাগিল, . তিনিও অধিদ্য-শরশবাদন-হল্তে ভাহাব অফুদরণে দেই দিকেই ধাৰমান হটলেন। ক্রমে বছ গিবিগহন অভিক্রমপুর্বক তিনি এক গুহার সম্মুখে উপন্থিত হইলেন। সেই গ্রেরের অভ্যন্তবে এক ব্যায়দ<sup>ক</sup>াতি অবতকর্মে নিরত ভিল। মহীপাল সৌদাসেব দৃষ্টি সহসা সেই দিকে আরম্ভ হইল; অমনি ডিনি মূগের অমু-সরণ পরিত্যাগ করিয়া সেই শাদ্দ্রগুগলের সম্খীন হইলেন এবং অব্যর্থ শরসন্ধানে তাহাদের মধ্যে একটিকে নিপাতিত করিলেন। রাজার তীম্ম শ্বসংঘাতে ভূমিতলে পতিত হইতে হইতে বাাম ত্রিংশং বোজনব্যাপ্ত ভ্যাবহ বাক্ষণদেহ ধারণ করিয়া যুগাস্তনেবের ভাষ প্রবৃণভৈরর আর্ত্তনাদসহকারে তংগণাৎ প্রাণত্যাগ করিল। তখন অপর ব্যাদ্র "ইহার প্রতিশোধ লইব" বলিয়া ক্রতবেগে দেই স্থল হইতে অন্থর্হিত হইল।

এই অচুত ব্যাপার দেবিয়া রাজা নীদাস বিশ্বিত ও তীও । চইলেন এবং কুণায়া পরিত্যাগ ,কবিশা উদিয়াচিতে স্বীয় দৈচলপার অনুসরানে শনন করিলেন। অনস্তর দেই বননার্গেই ভাষাদিশের সহিত সমিলিত ছইয়া, তিনি মহীদিগকে নিবর্ত কণা কীর্তন করিতে করিতে নিজ রাজধানীতে প্রতিনির্ব্ব ইইলেন এবং স্বীম
পুবীমধ্যে প্রত্যাগমন পূর্বক বারগরিছেদ ও ভ্রণাদিতে অলঙ্কত
ইইমা ধর্মাদুসারে পৃথিবী শাসন করিতে লানিলেন। রাজা
সৌদাস রাজ্যম্বর্থ সম্ভূপ্ত ইইলেন বটে, কিন্তু সেই রাক্ষ্যের কথা
ভূলিতে পারিলেন না।

এইরূপে বছদিন অতীত, হইলে নরপতি নিত্রসহ বশিষ্ঠাদি মুনীশ্বরদিগকে আহ্বান করিয়া পরম ঐতিসহকারে অখনেধ-যতের অমুষ্ঠানে প্রবৃত্ত হইলেন। সেই মুইদীয় মথে # ব্রহ্মাদি দেবগণের যথাবিধি আছতি দানপূর্বক যঞ্জ সমাপন করিয়া প্রদায়ি বশিষ্ঠ স্থানার্থ বহির্ণত <sup>'</sup>হইলেন । ইত্যবসরে সেই বাক্ষস দারুণ প্রতিশোধ-পিপাসা পরিতৃপ্ত কবিবার স্থযোগ পাইল। স্থরতক্রিযা-সম্ভোগকালে তাহার পদ্মীকে সংহার কবিয়া বাজা তাহার সদযে যে শোকানল আলিয়া দিয়াছেন, আজি ভাহা নির্বাণ করিবার নিমিত্ত সে নিদারুণ ক্রোধের সহিত তাঁহার পুরীমধ্যে আগমন করিল। ভগবান্ বশিষ্ঠ স্থানার্থ প্রস্থান করিলে, সেই কামরূপী রাক্ষস তাঁহাব মৃত্তি ধাবণ করিয়া ৰাজার সম্মুখে আঁগমনপূর্বক বলিল, "রাজন্। আমার ভোজনার্থ মাংসের আযোজন কবিয়া রাথ,আমি এখনই আদিতেছি ।" এই বলিয়া দে তথা হইতে প্রদান করিল এবং পবক্ষণেই পাচকের বেশ ধারণপূর্বক কিয়ং-পরিমাণে মুমুব্যের মাংল লইবা পুনর্কার প্রবিষ্ট হইল। নরপতি দৌদাস রাক্ষ্যের মায়ায এইক্সপে প্রতাবিত হইয়া সেই মাংস এক্থানি হিরণাপাতে ধারণ পূর্বক গুজুর প্রত্যাগমন প্রতীকা করিয়া রহিলেন।

। অনন্তর স্নানসমাপনাতে মূনিশ্রেষ্ঠ বশিষ্ঠ প্রত্যাগত হইলে, মহীপাল নিত্রসহ হেমপাত্রস্থ দৈই মান্ত্রস্বাংস বিনযসহকারে উাহাব হতে অর্পন করিলেন। তদুননৈ বৃশিষ্ঠ অভিশ্য বিশ্বিত হইলেন এবং "এতকি ?" বিলয়া ননে মনে চিন্তা করিতে লাগিলেন। তাহা

<sup>\*</sup> मथ्—वद्ध।

পারিলেন এবং মনে মনে চিস্তা করিলেন, "অহো, রাজার নিশ্চয়ই ছংশীলতা ছনিত হইয়াছে, তাই আজি আমাকে এই অখান্ত দ্ৰব্য অর্পণ করিল।" ব্রন্ধর্যির মন্যু উত্তিক্ত ইইল; তিনি বোষক্ষাযিত-লোচনে নিদাকণ কর্কশন্তরে বলিলেন,—"ন্দিতীখন, তুমি যেমন আমাৰ ভোৱনাৰ্থ আমাকে অভোৱা কৰ্মাংস প্ৰদান করিলে. আনার শাপে নিশ্চয ইহাই তোমার ভোজ্য হঠবে। নুমাংস রাজনের খাত : তমি আমাকে তাহা ভোজনার্থ অর্পন কবিলে। অতএব তুমি রাক্ষসম প্রাপ্ত হও; শবদেহ তোমার ভোঁচা হইবে।" এই সদযবিদারক কঠোর শাপ-শ্রবণে সৌনাস নিরতিশ্য ভীত

হুইয়া ভয়বিবেলভাবে নিবেদন করিলেন,"সে কি গুরুদেব 1 আপনিই ন্ধে আজা কৰিয়াছিলেন।" অতঃপর তিনি তদ্বুবাস্ত তাঁহাকে বিজ্ঞা-পন করিলেন। তাঁহার নিকট সেই বিস্মাকর বিবরণ প্রবণ করিয়া নহিন্নি বশিষ্ঠ পুনর্জার চিন্তা করিতে লাগিলেন, এবং জানচফুর সাহাযো জানিতে পারিলেন যে, রাজা রাক্ষ কর্ত্ব প্রতারিত হইয়াছেন। মহীপাল সৌদালের সোভের আর সীমা রহিল না : বশিষ্ঠ-

দেব ভাঁহাকে বিনা দোৰে অভিশাপ প্রদান করিলেন : ইহা কি সামাত চাথের বিষয় ? গুরুর অবিবেহিডা শ্বরণ কবিষা তিনি **দারণ তেশাধে মুর্জিভ হইলেন এবং জলগণ্ডুব গ্রহণ করিয়া** ঠাহাকে প্রতিশপ্ত কবিতে উপক্রম কবিলেন। এমন সময়ে মহী-পতিব প্রিয়তনা মহিধী নদয়তী ভাঁহার নিকট উপস্থিত হইয়া ডাহাকে নিবার। করিয়া বলিলেন, "হে কব্রিয়নায়ান। হে রাচন। কি করিতের • কি করিতেছ • কোপ সংহার কর। যাস ভোমার भर्टी हिल, छाटा चीमारह; बाटा छामारह ट्याप द्रिएड इटेटर. पारा क्षाप प्रदेशक : चाठ दव क्यांव भदिखांग कर । व्यागवद्गठ <u>।</u> দে মৃত ব্যক্তি গুজুর প্রতি কঠোর ও নিদারণ বাকাপ্রয়োশ করিয়া थाएँ, एर निर्दान रहन उद्यक्षांकम ब्हेब्ब कार्नेगांभन दात्र।

৮২

তপোনিষ্ঠ, জিতেন্দ্রিয় এবং গুরুত্তশ্রমাপরায়ণ ব্যক্তিগণ নিশ্চয়ই ব্ৰহ্মসদনে স্থান লাভ কবিতে সমৰ্থ হয়েন।"

ভার্য্যাব এই সারগর্ভ বাক্য-শ্রবণে ভূপতি কোপ পরিত্যাগ

করিয়া তাঁহাকে অভিনন্দন করিলেন; কিন্তু তিনি সহস্তস্থ বাবি লইয়া বিষম গোলযোগে পতিত হইলেন: মনে মনে ভাবিলেন, "এ জল কোখায় নিক্ষেপ করি ৽ ইহা যাহাতে ফেলিব, তাহাই ত ভন্ম হইয়া যাইবে; তবে এ জল কোথায় নিক্ষেপ কবি ?" এই-রূপ চিন্তা করিয়া অবশেষে ডিনি খীয় চবণর্গলেব উপব তাহা ক্ষেপ্ণ কবিলেন। সেই জলম্পর্ণমাত্র ভাঁহার পাদ্হর কলাম্

প্রাপ্ত হইল। সেই দিন হইতে সৌদাস রাজা কলাষপাদ নামে

ক্ষগতে প্রসিদ্ধ হুইলেন। বুদ্ধিমতী মদয়ত্তী অনেকপরিমাণে শান্ত হইলেন। কিন্তু

তিনি স্বামীকে ভীতিপ্রদর্শন করিয়া বলিলেন যে,। গুরুব নিকট ক্ষমা-প্রার্থনা না করিলে বিপদ্ হইতে উদ্ধাবলাভের উপায়ান্তর নাই। তাঁহাব বাক্যে মতিমান কল্মাবপাদের মনে ভবের উল্লেক হইল। তিনি কুলগুরুর চরণযুগল বন্দনা করিয়া কুতাঞ্চলিপুটে বিনয়নত্র-বচনে ক্মা-প্রার্থনা করিলেন;—"হে ভগবন্! আমার কোন অপরাধ নাই, আমাকে ক্রমা করুন।"

ঁভূপডিব এই করুণ-বচন শুনিয়া<sup>,</sup> মহর্ষি বশিষ্ঠ মনে মনে ' ছঃখিত হইলেন, অগ্র-পশ্চাৎ বিচাব না করিয়া তিনি যে ছদর্ম করিয়াছেন, ভাহা ভাবিয়া তাঁহার মনে বিষম আত্মলোহিভাব উদয় হইল। "অহো। অবিবেকিতা এ জগতে সকল প্রকার বিপদের আম্পদস্বত্রপ: বাহার বিবেচনাশক্তি নাই, যে ব্যক্তি হিতাহিত না ভাবিয়া কেবল প্রবৃত্তিস্রোতে ভাগমান হইয়া কোন কার্য্যের অমুষ্ঠান করে, সে নিশ্চযই পশু ; রাজা বিবেকহীনতাপ্রযুক্ত যাহা করিয়াছেন, তাহা তাঁহার উচিত হইতে পারে; কিন্তু আনি বিবেকবান্ হইয়া এ কি মহাপাপের অমুষ্ঠান করিলাম! ইহ-

सगरु त्य वाकि वितवद-महकात काद्य कत्रिया शारक, रम त्यहे

যে ব্যক্তি বিবেকহীন, সে বিছুতেই সেই পরমপদ লাভ কবিতে

পারে না।" মনে মনে এইরূপ চিম্ভা করিয়া মহর্ষি বশিষ্ঠ ভূপতি দৌদাদকে বলিলেন, "বংদ! যাহা হইয়াছে, তাহা আর ফিরিবার নহে; যে শাপ দিয়াছি, ভাহার আর প্রতি-সংহার নাই; আর ইয়া আত্যন্তিক নহে। তোমাকে দাদশ বংসরমাত্র রাক্ষসম্ব 'প্রাপ্ত হইনা বনে বনে বিচরণ করিতে হইবে। দ্বাদৃশবর্ষ পূর্ণ হুইলে গঙ্গা-সলিলে অভিষিক্ত হুইয়া রাক্ষ্যদেহ হুইতে মুক্ত হুইবে এবং অপুর্ব্ধ দলসম্পন্ন হইযা এই পৃথিবী ভোগ করিতে পারিবে। . মুরধুনীর পবিত্র অলে অভিবিঞ্চিত হইলে ভূমি দিব্যজ্ঞান লাভ কবিয়া সুমস্ত পাপ হইতে নিহুতি পাইবে এবং নিরন্তব নারায়ণেব

দ্রদনা করিয়া অন্তে পরম শান্তিস্থপ প্রাপ্ত হইবে।" মনন্তর ধর্মসম্পন্ন বশিষ্ঠ খীর আশ্রমে প্রতিগমন করিলেন। এ দিকে রালা ভয়াবহ রাক্ষ্মদেহ প্রাপ্ত হইয়া ঘোর হুংখেব সহিত মরণ্যাভিমুবে প্রস্থিত হইল। সেই দিন হইতে তাহার উৎকট সুংশিপাসার উদ্য হটতে লাগিল; নিরন্তর ক্রোধানল কদ্যে প্রেলিত হইয়া রহিল; দে দারুণ সুধাও পিপাসায নিণীভিত হট্যা করাল-বেশে উন্তবং বিজন বনে অমণ করিয়া বেডাইতে লাগিল। বরাহ-শশকাদি বিবিধ লয়, মহুষা, সরীস্থা, বিহলম ও প্রক প্রভৃতি যাহা হিছু ভাহার সমূবে পতিত হটল, রাক্স-ভাষাপাঃ সৌদাস তংসমন্তই প্রমন্তবং গ্রাস করিতে লাগিল। তে তর্মিণীর তটভূমে বিচরণ করিতে করিতে সেই বাক্ষস দেখিতে পাইল, কোন মুনি পত্নীর সহিত খুরতক্রিযায আসক বৃহিয়াছেন। শাদ্দ বেমন ভাডিভ-বেগে মৃগশিশুকে গ্রহণ করে, রাকস পুধায সম্ভর্ত হইয়া সেইরূপ অতি বেগসহকারে সেই তপদ্দীকে আক্রমণ করিল। তদ্ধনি তাঁহার পত্নী দারুণ ভবে বিহবল হইয়া শিরো-. দেশে অগুলিধারণ পূর্বক কাতরবচনে বলিলেন,"হে শুগ্রিয়দাযাদ!\* পতিপ্রাণা ভ্যবিহ্নলা বমণীর প্রাণপতিব প্রাণদান কবিয়া আমাবে রকা কর, তাহা হইলেই আমাৰ সকল মনোরথ সিদ্ধ ইইবে। হেঁ প্রভো! ভোমার নাম মিত্রসহ, তুমি পবিত্র পূর্ব্যকুলে জন্মগ্রহণ করিয়াছ, তুমি ত প্রকৃত রাক্ষ্স নাহ; তবে আমাকে এ বিজন বনে কেন না বক্ষা কবিবে ? পভিই প্রীঞ্চাভিব একমাত্র বঁদ্ধু ও একমাত্র গতি। পতিহীনা হইযা যে নারী জীবনধারণ কবে, সে মৃততুল্যা। আজি তুমি আমার সেই পতিধন হরণ কবিতে যাইতেছ। আমি বালিকা, এ নিদাকণ বালবৈধবা কেমন ক্ষিমা সহা করিব ুহে অরিমর্দন ৷ আমি পিডা জানি না, সাডা জানি না, অপব কোন বন্ধু জানি না; পতিই আমার একমাত্র প্রন বন্ধু, আমার প্রম জীবন। হে জনেশ্বর। আপনি অখিল ধর্মা এবং যোষিংকুলেব শ সমস্ত উপায় অবগত আছেন, তবে এ হতভাগিনীকে অনাথা কবিতে কেন উভত হইযাছেন? রাজন্। আমাব আব বন্ধু নাই, আমি বালাপত্যা, এ বিজ্ঞন বনে পতিহীনা হইযা কেমন কবিয়া জীবন ধারণ কবিব ? ভূমি আমার পিতা, আমি তোমার ছহিতা, পতিদান করিয়া আজি ভোমাব ্কস্তাকে ত্রাণ কর। হে ধর্মবিং! প্রম-ত্ত্তম্ভ পণ্ডিতগণ বলিয়া থাকেন, প্রাণদানাপেক্ষা শ্রেষ্ঠ দান জগতে ু আৰু কিছুই নাই। অভএব পিঠঃ। আমাৰ প্ৰাণদান ককন।" ুবলিতে বলিতে পতিপ্ৰাণ৷ বাহ্মণপন্ী বাক্ষমেৰ চৰণতলে পতিভু

ক্তিরদারাদ—ক্তিরবাশন।
 বোবিৎকুলের—নারী সমূহের।

হইলেন এবং বাষ্পদ্ধকণ্ঠে পুনর্ববার বলিলেন, "আমায পতি-দান ক্রুন, আমায় পতিদান ক্রুন ; আমি আপনার ছহিতা।"

পতিশোকাত্রা সতীর হৃদয়বিদারক শোক্রচনে রাক্সসের
বঠোর হৃদয় অণুমাত্রও বিগলিত হইল না। শার্দ্দ ল যেমন য়ুগশিশুকে ভােদ্দল করে, সেই নরপিশাচ সেইরপ অছ্নেদ সেই
বিশতপ্রাণ রাক্ষণকে ভাষণ করিয়া ফেলিল। অয়ৣনয়-বিনয ও
কৃষ্ণপরিদেশন সমন্তই বিফল ইইল দেখিযা পতিব্রতা রাক্ষানী,
ক্রা ছইলেন এবং রাক্ষদের পূর্বশাপ বিগতপ্রায় দেখিয়া
তাঁহাকে এই বলিয়া শাপ প্রদান করিলেন, "নির্চুর। তুই যেমন
মামার ম্বতাসক্ত পতিকে বলপুর্বক সংহাব করিলে, প্রীসভাগেক
কালে তুইও সেইরূপ নাশ প্রাপ্ত লইবি।" ইহাতেও তাঁহার
কোধানল প্রশমিত না হওয়াতে তিনি পুন্বর্বার শাপ দিয়া
বলিলেন, "ঘামার পতিব প্রাণ্সংহার করাতে তুই বাক্ষর্

এই কঠের শাপ-শ্রবণে রাক্স নিবভিণ্য ক্রুদ্ধ কঠোর শ্বন বলিন, হইতে অলন্ত অনুশপুঞ্জ উদিগরণ পূর্বক কঠোর দরে বলিন, "হুটে! তুই কি নিমিত্ত আমাকে হুইটি শাপ প্রদান করিলি? একমাত্র অপরাধের একটি শাপই হওযা উচিত। তুই যেমন আমার একট অপরাধে আমাকে হুইটি শাপ দিনি, অতএব পূক্ত

সম্বিতা হইয়া অভাই তুই পিশাচবোনি প্রাপ্ত হইবি ৷"

খাকিবি।"

রাদসের এই অভিসম্পাত উচ্চারিত হইবামাত্র প্রাক্ষণী তৎক্ষণাং
পুক্রসহ পিশাচর প্রাপ্ত হটল এবং দারুণ কুধার্রা ও ভীতা হইরা বিকটসরে রোদন কবিতে লাগিল। এইরূপে রাক্ষণ ও পিশাচী উভয়ে
বিল্লনবনে চাংকার করিতে করিতে নর্ম্মণাভীরস্থ একটি বটবুদের
তদে উপস্থিত হইব। সেই বুন্দোপরি এক রাক্ষণ বাদ করিত।
সে গুমুকে অবচ্চা করিয়া ভাহার শাপে রাক্ষ্মদেহ প্রাপ্ত হইরাছিল।
রাক্ষণ ও পিশাচীকে বট-সমীপে আগমন করিতে দেখিয়া সেই
ক্রোম্মণতাব ক্রমহাক্ষণ জিন্নালা করিল,—"ভোমুরা আমার হারু

ब्रश्मावमीय-श्र्वाव ।

i.e.

রূপ ধারণ করিয়া এরূপ ভীমবেশে কি দ্বন্ত আমিলে? বোন্ পার্ণেই বা এ হুর্দ্দাগ্রন্ত হইলে, সমাক্ তাহা আমার নিকট কীর্তন কর।" সৌদাস তাহার বাক্যশ্রবণে স্বমং ও সেই ত্রাক্ষণী যাহা যাহা

করিয়াছে এবং যেরপ কার্য্যবশতঃ এরপ অবস্থা প্রাপ্ত ইইমাছে, সংসমস্তই যথাবং বর্গন করিয়া পশ্চাৎ সেই ব্রহ্মরাংশসকে ভিত্রাসা করিল,—"হে ভন্ন। হে মহাভাগ। ভূমি কে গু পূর্ব্বে কোন বর্গ্ধ-বশতই বা এরপ অবস্থায় পভিত হইমাছ, তাহার বিবরণ শুনিতে আমার বাসনা অন্মিয়াছে; আতঃ! আমাকে তোমার স্বাব বিদ্যাছানিবে। অতএব মিল্লোভিত প্রণয়বশতঃ আমাকে তোমার সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিয়া বলা কর্ত্তব্য। মিল্লকে যে নরাধর্ম বৃত্তান্ত প্রকাশ করিয়া বলা কর্ত্তব্য। মিল্লকে যে নরাধর্ম বৃত্তান্ত প্রকাশ করিয়া বলা কর্ত্তব্য। মিল্লকে মেনবের সমস্ত হয় অপগত হয়; তজ্মত্ত স্থব্তি ব্যক্তিমানেরই মিল্লকে ক্থনও বৃত্তনা বরা উচিত নহে। কি ব্যক্তিক, কি বৃত্তিক, কি বৃত্তিক, বি

মিত্রকে দেখিবামাত্র সকল ছংগ ভূলিয়া যায়।"

হে সত্তমগণ! ক্লাহপাদেব এই বাকাশ্রবণে প্রম প্রীতি লাভ করিয়া বলিও লাকজাকস এই করেকটি ধর্মবাকা বলিতে লারস্ত করিয়া বলিক রাক্ষাকস এই করেকটি ধর্মবাকা বলিতে লারস্ত করিবা বলিক রাক্ষাকস এই করেকটি ধর্মবাকা বলিতে লারস্ত করিবার, —"হে মহাভাগ! আমার নাম সোমদত ;—নগধনেশ আমার জন্মভূমি। পূর্বে আমি বল্লা ও ধনে প্রমন্ত ইয়া গুরুকে অবজ্ঞা করাতে আমি কৃদুশী দশা প্রাপ্ত হুইয়াছি। মিত্র। এ যন্ত্রগাম্য জাবনে আমি কিছুমাত্রই স্থুণ পাই না; নির্বাহারে অতি হুয়েখ কাল্যাপন করিছেছি। শত-সহল বিপ্রাক্ত ভ্রমণ করিয়াছি, তথাপি নিরপ্তর ক্ষ্মাননে নিগীভিত হুইতেছি, এ দারণ জঠরানল কিছুতেই নির্বাণিত, হয় না। বিত্য মানে তোজন পূর্ববিক জনতের ত্রাস উৎপাদন করিবা বিষম মনতাপে দিন্যামিনী ব্যথিত হুইতেছি। অহা। গুরুর প্রতি অবজ্ঞা

করিলে মানবদিগকে রাক্ষসৰ 'প্রাপ্ত হইতে হয়। আমি তাহার বিষম্য ফল ভোগ করিডেছি।"

অত্যপর কল্লাবণাদ সাথ্রহৈ জিজ্ঞাসা করিল, "সথে ! শান্ত্রামু-সারে কাহাকে গুরু বলা যায় ? তুমিই বা পূর্ণের কাহাকে অবজ্ঞা করিয়া এই ছুর্দ্দশা প্রাপ্ত হইয়াছ, তাহা জানিবার নিমিত আমার পরম কৌত্হল জ্মিয়াছে; মিত্র ! এক্ষণে আমার সেই কৌত্হল নিবারণ কর ।"

মিত্রের পরম আগ্রাহ দর্শনে সোমদত্ত পুনর্বার বলিতে আরম্ভ করিল,—"মিত্র! গুরু অনেক প্রকার আছেন। উহারা সকলেই পুলনীয় ও সমানাহ'। উহাদের বিবরণ আমি ক্রমে ক্রমে বলিতেছি, অবহিতচিত্তে প্রবণ কর। পিতা, জ্যের্চ প্রাডা, মাতুল ও যুগুর; তহাতীত, বাহারা বেদশান্ত্রাদির অর্থসমূহ অপরের নিকট ব্যাখ্যা বিরমা থাকেন, অথবা বাহারা বেদ ও নীতিশাল্প অর্থায়ন করেন, ধর্মশাত্র-কথনে বাহাদের জীবন যাগিত হয়, বাহারা মন্ত্র ও বেদবাত্যসমূহের সংশযভেদন করিয়া থাকেন, মিনি অতক্থা কীর্বন করেন, যিনি অর্কর্ম ইউতে নিবর্তিত করেন, ইইরার সকলেই শাল্রমতে গুরু। এতঘ্যতীত আরও অনেকে গুরু নামের যোগা; ওাহাদের সকলের মধ্যে কয়েকটির বিবরণ কেবল তোমার নিকট কীর্তন করিলাম।"

ক্যাষণাদ পুনর্কার জিজাসা করিল,—"সখে! তুমি ত অনেক প্রকার গুজার কথা বলিলে; কিন্তু ইহাঁরা কি সকলেই সমান পূজা?"

এই প্রদ্ধন্থবাদে সন্তুট ইইয়া সোমদন্ত ভাষাকে "সাধ্" "সাধ্" বলিয়া প্রশংসা করিল এবং পুনর্কার বলিতে আরম্ভ করিল, "বদ্ধো। এই সকল সংক্ষার আলাপনে নিশ্চয়ই আমাদের পরম্মদল সাধিত হইবে। আনরা অকর অভিশাপে রাক্ষ্যভাবি, প্রাক্ত করিক্তিয়াছি, দাক্তন পুরণিপাদা নিরম্ভর আমাদিগকে ব্যথিত করিক্তিং; এক্রণ অবস্থায় গুকুমাহায়া কীর্ত্তন করিকে আমাদের নঙ্গল

হুটবেই হুইবে। যাহা হুউক, এইমাত্র আমি যে সকল গুরুর উল্লেখ করিলাম, তাঁহারা সকলেই সর্বাদা পুলনীয় ও সম্মানার্হ',--ইহাতে আর অণুমাত্রও সন্দেহ নাই। তথাপি শালানুসাবে ইহাঁদের মধ্যে যে প্রভেদ আছে, আমি তাহার সারমর্ম তোমার নিকট কীর্ত্তন করিতেছি, ভূমি অবহিতমনে শ্রবণ কর। বেদাধ্যাপক, মন্ত্ৰ-ব্যাখ্যান্তা, পিতা এবং ধর্মবক্তা,—ইহাঁর। বিশেষ গুড় বলিয়া পরিগণিত। সর্বশান্তর পণ্ডিতগণ, ইহাঁদেব মধ্যে আবাব যাহাঁকে পরম গুরুরূপে নির্দ্ধেশ করেন, তাঁহারও বিববণ আমি বলিতেছি। হে সথে ৷ সংসার-পাশচ্ছেদনের প্রধানতম উপায় কথাপুর্ণ পবিত্র পুরাণাবলী যিনি কীর্ত্তন করেন, ধর্মলাভেব প্রস্টে উপায় দেবপূজাযোগ্য কন্মাৰলী এবং দেবতা-পূজাৰ ফল যিনি বৰ্ণন করেন, শাক্তামুলারে তিনিই পরম গুরু। মিত্র ! দেবতা ও মুনিগণ বলেন যে, পুরাণাবলী বৈদবেদার শাল্লেব সারভূত, যিনি সেই সর্বজ্বংখহব পুরাণ কীর্ন্তন কবেন, তিনিই পরম গুরু। শাস্ত্র-সমূহে লিখিত আছে যে, যিনি সংগাব-সাগর উত্তীর্ণ হইতে উচ্চোণী হযেন, পূবাণস্তুনুহ পাঠ কবা তাঁহাব অতি কৰ্ত্তব্যণ হে মহাপতে। বেদবিভাগকর্ত্তা ধর্মাত্মা কৃষ্ণবৈপায়ন পুবাবে সমস্ত ধর্মকথা বর্ণন কবিষাছেন। তর্কাদি ইহলোকের সুখনাধক বটে, কিন্তু পুবাণ-পাঠে ইহ ও পৰ উভয লোকেই সুধ লাভ করিতে পাবা যায়। হে ় ভূপ। ভক্তিপূর্ণ-হৃদযে সবিনযে যে ব্যক্তি সর্কল। অমৃতম্য পুরাণ কথা প্রবণ কবে, তাহার বুদ্ধি মার্জিত ও বিশুদ্ধ হইয়া থাকে, তাহার প্রগাচ অনুরাগ জন্মে, সে নারাযণেব প্রতি ভক্তিমান্ হুইয়া পরম হ্বথ লাভ করিতে সমর্থ হয়। পুরাণ-শ্রবণে ধর্মলাভ হয়, ধর্ম হইতে সমস্ত পাপ বিনষ্ট হইযা যায় এবং বিশুদ্ধ জ্ঞান জমে। যাহারা ধর্ম, অর্থ, কাম ও মোক্ষরণ চতুর্বর্গফল লাভ করিতে বাসনা করে, তাহারা অভিনিবেশ সহকারে পুরাণ শ্রবণ ককক। হে রাজন্ ৷ লোকপাবন গঙ্গার মনোবম পবিত্র তীবে আমি বিশ্ববাদী গেণ্ডম মনিব নিকট স্ক্-ধ্ৰ্মকথা প্ৰবণ ক্রিয়াছিলাম।

তিনি আমাকে বড ভালবাসিতেন এবং যত্ত করিয়া সমস্ত ধর্ম-শিক্ষা দিয়াছিলেন: তাঁহার উপদেশায়ুসাবে আমি সর্ব্ব-ধর্ম্মের অনুষ্ঠান কবিয়াছি। কিন্তু আমার একটিমাত্র কর্ম্মে তংসমস্তই বুথা হইল . অবশেষে এই দীনদশায পভিত হইতে হইল। সংখ। এবদা আমি পরমেশ শিবের পূজায নির্ত্ত আছি, এমন সমযে আমার গুরুদেব ভগবান গোতম আমাব বাটীতে উপস্থিত হইলেন, পূজায প্রবৃত্ত ছিলাম বলিয়া আমি তখন তাঁহাকে প্রণাম করিতে • পারিলাম না। তিনি শাস্ত ও মহাবদ্ধিমান, তথাপি আমার প্রতি . জুগ্ধ হইযা মনে করিলেন—'কিঃ আমাৰ উপদেশামুসাবে ধর্ম-কর্মানি সম্পাদন করিয়া এরপ মদগর্ব্বিত হইয়াছে ?' অমনি তিনি আমাকে রাক্ষ্যন্ব প্রাপ্ত হইতে শাপ প্রদান কবিলেন। হে বাজন্। ইহ-জগতে গুরু অতি পূজ্যপাত্র। জ্ঞান অথবা অজ্ঞান বশতঃ যে কেঁহ গুৰুব অবজা করে, তাহার অপভ্য ও ধনসম্পত্তি সমস্তই বিনাশ প্রাপ্ত হয়। যে ব্যক্তি মহাপুক্ষগণের সেবা করে, তাহার পরম মঙ্গল সাধিত হয়। হায বন্ধো। সেই পাপে আজি আমি এই ছবিশাগ্রস্ত হইযা দারুণ কুধানলে নিরম্ভর দগ্ধ হইতেছি। জানি । না, কবে এই শোচনীয় ছুরবস্থা হইতে মোক লাভ করিতে সমর্থ হইব 🕬 🗔

হে বিপ্রেক্সর্থ। বালসভাবাপন্ন ক্লাবর্ণাদ ও পোনদন্তেব
মধ্যে ধর্ম সহদ্ধে এইজপ পবিত্র ক্ষোপ্তথন হওযাতে তাহাদেব
উভযের পাপ ক্ষর প্রাপ্ত হইল। তাহাদের কথা শেব হইযাদে,
এমন সমধে সেই বটরকের নিকটে অমৃতময় হরিনাম থাত হইল।
অমনি সেই নিশাচরদ্বের শরীর পুল্কিত হইয়া উঠিল। তাহাবা
সালোদে দেখিল, এক ব্রাহ্মণ এক কলস গলাভল বীয় বক্ষে স্থাপন
করিমা মহোলাস সহকাবে বিশ্বের নারাবণের তব এবং তাহাব
পবিত্র নাম বীর্তন করিতে করিতে সেই পথে আসিতেচেন। সেই

क्यादर्शक कुक्षर्व। याशेष ठत्रव कुक्र्वर्व, छाशेष नाम वैचाववांत ।

দ্বিজেন্দ্রকে নিকটে সমাগত হইতে দেখিয়া সেই রাক্ষসদ্বয় ও সেই পিশাচী "আজি আমরা পার পাইলাম" বলিযা স্ব স্থ্যুল হস্ত উত্তোলন পূর্বক ভাঁহাব অভিমূবে অগ্রসব হইল। কিন্তু ত্রাহ্মণ তথন

হরিনাম কীর্ত্তন করিভেছিলেন বলিয়া তাহারা তা্ঁহার নিকটে উপস্থিত হইতে না পারিয়া দূবে অবস্থিত রহিল এবং সবিন্যে তাঁহাকে বলিল, "হে মহাভাগ মহামুনে! আপনাকে নমস্বার। আপনাব উচ্চারিত হরিনামেব মাহান্য্যে রাক্ষসগণও দূরে অবস্থিতি কবিতেছে। বে বিপ্র! আমরা পূর্বে কোট কোট বিপ্রকে ভক্ষণ কবিযাছি; কিন্তু আজি হবিনামকপ প্রাবরণ \* তোমাকে মহা ভয় হইতে বলা করিল। অহো! নারাযণ অচ্যুতের কি অপাব মহিমা! দেখ, ভগবানের নাম অরণমাত্র সমূধীন রাক্ষসগণও পরম শান্তি লাভ করিল। হে মহাত্মন্। তুমি সর্ব্ধপ্রকারে রাগাদিরহিড ও কুপাশীল ; অতএব গদাললাভিবেকে আমাদিগকে মহাপাতৃক হইতে উদ্ধাব কর। হে দ্বিজ! পরমতত্ত্বিং বৃধগণ বলিষা থাকেন যে, যিনি নিরস্তর হরিসেবায় নিরত থাকিষা আপনার উদ্ধারসাধনে সমর্থ হযেন, তিনি সর্বজগংকে উদ্ধার করিয়া থাকেন। হরিনাম পাপ-নাশন ;—ইহা এই ঘোর সংসার হইতে নিছতিলাভেব একমাত্র উপায। পণ্ডিডগণ আত্মমৃক্তি কিন্তপে লাভ করিযা থাকে ? উড়ূপে । করিমা সাগর পার হইতে গেলেই জলমধ্যে নিমগ্ন হইতে হয। সেই-রূপ গৃঢ়পুণা ব্যক্তিগণ অপর ব্যক্তিকে এই অপার ভবসাগর হইতে বিরূপে পার করিতে সমর্থ হইবেন ? তাঁহারা যগুপি আ্পনাদিগের পুণ্যরাশির সাহায্যে অপরকে ত্রাণ না করেন, তাহা হইলে পাণীর উদার হয় কৈ। অহো। মহাঝা ব্যক্তিগণের মহনীয় চরিত্র হইতে সমস্ত অগৎ সুধ লাভ করিয়া থাকে। দেখুন, কলানিধির অৰ্তময় কিবণে পুৰিবীস্থ সমস্ত জীব পরম আহলাণিত হয়। হে व्याददर्व-चादद्वत् ।

দিকোতম! লোকপাবনী গদার মাহান্ত্য আর কি বলিব ? এ ভূমগুলে যত পবিত্র তীর্ণ আছে, সমস্তই গদার কণামাত্রের সমান। তুলদীদলমিশ্রিত গদাফল যদি সর্বপ-পরিমাণে সিঞ্চন করা যায়, তাহা হইলে সপ্ততিকূল পবিত্র হইযা থাকে। হে বন্ধন্। হে মহাভাগ। তুমি সর্ব্বশাব্রিশোরদ, পতিতোভারিশী ভাগীরখীর অনস্ত মাহান্ত্য তোমার নিকট আর কত কীর্তন কবিব ? আমরা পাণী, সেই জভাই ছ্রবন্থা প্রাপ্ত ইইযাছি। এক্ষণে গ্রাফল-দিক্সনে আমাদিগকে উদ্ধার কর্বন।"

রাক্ষদিগের মুখে সুরধুনীর এইরূপ মাহান্ম্য-কীর্তন প্রবণ পুর্বক বিষদ্যন্তম গর্গ বিশ্বরান্বিত হইমা মনে মনে ভাবিলেন,— "লোকমাতা গলার প্রতি ইহাদিগেরও ইন্দুর্নী ভল্তি।" সেই বান্ধণোত্তম পরম পণ্ডিত। তিনি লানিতেন মে, যে ব্যক্তি সর্বক্ ভূতের মঙ্গলাম্টান বরেন, তিনি পাবমপদ প্রাপ্ত হইয়া থাকেন। রান্দ্যদিগের হর্দ্দশা-দর্শনে তাঁহার দয়ার্দ্র হুদ্য তাহাদিগের উন্ধারার্থ উৎমুক্ হইল। তিনি অচিরে ভূলসীদল-মিশ্রিত গঙ্গালল লইমা তাহাদিগের উপর সিঞ্জন করিলেন। সর্বপোপন বিন্দুমাত্র গঙ্গালল-শর্পণে তাহারা রান্দসভাব হইতে মুক্ত হইমা দেবদেহ ধারণ করিল। হে বুধগণা, প্রাক্ষণ সোমদত্ত এবং সেই পুস্তবতী আক্ষণী কোটি-

হে বুধগণ। আহ্মণ সোমদত্ত এবং সেই পুত্রবতী আহ্মণী কোটিসুর্যোর ভায় ডেলোময দেহ ধাবণ পূর্বক নারামণের স্থাবপা প্রতি
ইইয়া আপনাদের উন্ধাবকর্তা বিজ্ঞান্তম গর্মের স্থাবপার কীর্তান
করিছে করিতে বিঞ্লোক প্রাপ্ত ইইল। মহীপতি কন্মাবপাদও
হীয় রূপ পুনুকাভ করিলেন, কিন্তু গুরু বশিষ্টের কথা বিশুভ
হওয়াতে তিনি কি করিবেন, কোখাম মাইবেন, ভাহার কিছুই
হির কবিতে না পারিয়া বিষন চিন্তিত হইলেন। তাহাকে চিন্তাকুল
ও হংবিত দেখিয়া ভগবতী ভাবতী অলম্যে থাকিয়া এই ক্ষেবকটি
সারগর্ভ বাক্য বলিলেন,—"হে রাজন্। হে মহাভাগ। হংবিত
হওয়া ডোমার উচিত নহে। খীয় রাজ্যে-প্রতিগ্রানন করিয়া তুনি
মুখে বাল্যভাগ কর। রাল্যভাগের অবনানে করিয়া তুনি

মদল সাধিত হইবে। হে মহীপাল। সংকর্পের অমুষ্ঠানে বাহাদেব পাপ ক্ষয়িত হয়, বাহারা হবিভক্তিপবাষণ, শুভিমার্গগামী, সর্পন্ত ভূতে বাহাদের দ্যা আছে, বাহারা নিরন্তব গুরুপুজা করে, তাহাব্। নিশ্চয়ই বিফুব প্রমুগদ লাভ কবিতে সমর্থ হয়।"

ন্তিবাৰ বিশ্ব প্ৰথম দান লাভ বাবে বিশ্ব বিশ্ব বিশ্ব প্ৰথম দানিত বাবি বাবি বিশ্ব বিশ্ব প্ৰথম কৰা বিশ্ব বিশ্ব

ংহ বিপ্রেন্দ্রবর্গ। একণে গলা-মাহাত্ম্য প্রবণ করন। তাঁহাব . সে অপাব অনন্ত মহিমা বন্ধা, বিষ্ণু ও শিবও কার্ত্তন করিবা শেষ করিতে পারেন না। অহো। যে নাম প্রশ্ন করিবামাত্র মহাপাপি বোটি মহাপাতক হইতে মুক্ত হইবা ব্রহ্মদদন প্রাপ্ত হয়, তাঁহার মাহাত্ম্য কে সম্মৃত্ব করিতে পারে ?

## দশন অধ্যায়।

## বলিরাজাব সহিত দেবগণের বুদ্ধ।

ক্যাবপাদ রাজার মনোহর বিবরণ এবং লোকপাবনী ভাগী
র্ণীর অসীম মাহাত্ম অবন পূর্বিক মূনিগণ পরম পরিতোঁব প্রাপ্ত

হইবা নৃতকে জিজ্ঞানা করিলেন,—"হে মহাভাগ! বিষ্ণুপাদার্য্য, সমূতা যে স্বক্রিং মূনিগণ কর্ত্বক গলা নামে কীর্তিত হইবা

থাকেন, তাঁহার বিবরণ আমাদিগের নিকট বর্ণন করুন।"

অনন্তর পুরাণতত্ত্বিং সূত পুনর্ব্বার বলিতে আরম্ভ কবি-লেন,—"হে বিফ্ধ্যানপরায়ণ ঋষিকুল। অভ আপনারা আমাকে বৈ কথা দিল্লাসা করিলেন, তাহা অতি পুণ্যপ্রদ। মহাত্মা নারদ সনংকুমারেব নিকট এই বুভান্ত কীর্ত্তন করিয়াছিলেন। এ উপাখ্যান অতি মূনোহর। ইহা শ্রবণ বা বর্ণন কবিলে, সর্ব্বপাপ হইতে মুক্ত হইমা অপবর্ণ-ফললাভ # করিতে পারা যায। হে ছিল-বর্গ ৷ ভগবান্ কশ্যুপ ইন্দ্রাদি দেবগণের জনক ছিলেন ৷ তাঁহার . হুই ভার্যা ,—দিভি ও অদিতি। ইহাঁরা উভষেই দক্ষের কথা। অদিতি হইতে দেবকুল এবং দিতি হইতে দৈত্যকুল সমূত হয়েন। মুর ও অনুরবুন্দ পরস্পানকে জয় করিবার ইচ্ছায় নিরন্তব উদ্বিগ্ন পাকিত। সুরগণ অর্গবাদী, দৈত্যগণের একাস্ত ইচ্ছা, তাঁহাদিগকে পরাস্ত করিষা স্বর্গপুরী অধিকার কবে। যাহা হউব, অনেক দিন খতীত হইলে বিষ্ণুস্তক প্রফাদেব পোল্র বৈরোচন বলি পিত-সিংহাসনে অভিষ্ঠিত হযেন। হে বিপ্রবর্গ। রাক্ষ্যেক্স রাজা ধলি • অসীম বলবান , স্বীয় প্রচণ্ড বল ও বিক্রমেব সাহায্যে পৃথিবী জয় ক্রিয়া তিনি স্বর্গ অধিকার কবিতে মনস্থ কবিলেন এবং ভ্যাবহ

<sup>•</sup> অপ্রগ—মুক্তি।

বুদ্ধেব আযোজনে প্রবৃত্ত হইলেন। হে মুনীঞ্রগণ। দৈতে 🖼 বলির চতুরবিণী সেনার কথা আব কি বলিব ৽ ভাঁহাব / অযুত গঁচ, কোটি তুবদ, লকু রথ এবং প্রতি গজে পঞ্চশত পদাতি। তাঁহাব কোটি অমাতা; তথা ছাই জন প্রধান ছিল। তাহাদের এর্ব জনেব নাম কুৱাও, অপর ব্যক্তি কৃপকর্ণ নামে প্রসিদ্ধ। তদ্যতীত তাঁহার একশত পুত্র ;—মহাবলপরাক্রাস্ত বাণ তাহাদিগের সর্বণ্ জ্যেষ্ঠ। এই বাণের বিক্রম ত্রিলোকে বিখ্যাত। -

হে বিপ্রকুল। অতঃপর মহাবলী বলিরাজা সুরগণকে জ্য কবি বার অভিলাবে বিরাট অনীকিনী \* সঙ্জ্জিত করিয়া স্বীয় পুরী হইটে বহির্গত হইলেন। তদীয় সেনাচমূ বা হইতে অসংখ্য পতাকা ও আক পত্র গা উদ্যত হইয়া শৃদ্যে অপূর্বে শোভা প্রকাশ করিল। ধেই সময় ধ্বলা বাযুভরে ইতন্ততঃ আন্দোলিত হওযাতে বোধ হইতে লাগিল, যেন সুবিশাল গগনসাগরেব অনন্ত অমুরাশি তরঙ্গাকারে ধাবিঙ্ হইতেছে, অথবা দিগস্তব্যাপ্ত জলদক্রোড়ে অসংখ্য বিহাৎ ক্রীড় করিতেছে। হে শ্বিগণ। দৈত্যেক্স বলি ষেই বিশাল সেনাদল সহ অমরাবতী নগরে উপস্থিত হইবা সেই দেবপুরীকে অবরোধ কবিলেন। তদ্দর্শনে ইন্দ্রাদি দেবগণ বিবিধ অন্ত্র শত্ত্বে স্ক্রিড হুইয়া যুদ্ধার্থ দেই নগর হুইতে বহির্গত হুইলেন।

অনস্তর দেবদৈত্যে যোর যুদ্ধ আৰম্ভ হইল। উভয পক্ষের সৈগ্য-গণকে রণাভিনযে উন্নাদিত কবিয়া ডিপ্তিম-সমূহ § প্রলযকালীন মেঘের স্থায় গর্জন করিতে লাগিল। রাক্ষ্মগণ দেবতাদিগের প্রতি স্থতীক্ষ শবজাল নিক্ষেপ করিতে আরম্ভ করিল; অমবগণও "অস্থ্যকে বধ কর, বিদীর্ণ কর, ভিন্ন কর," প্রভৃতি উন্মন্ত রণ-রবের সহিত দৈত্যসেনাৰ উপর অনর্গল অন্ত্র-বর্ধণ করিতে লাগিলেন। ক্ৰগণের শ্রবণভৈবব ছুন্দুভিবব, রাক্ষসগণের সিংহনাদ, রুধসমূহের

অনীকিনী—বেনা। ব মাতপ্র⊸ছ্রু』

<sup>‡</sup> সেনাচমূ—সেনাসমূহ। § ডিভিন –বাভবিশেষ i' –

ুংকাব শব্দ, ভ্রবেষ ডে্যাবন, গজের বংহিত ধ্বনি এবং শরাসন-সমূহের বিকট টিয়ার-নিংখনে ত্রিলোক আলোভিত হইল;—উভয পক্ষের নিদিপ্ত অন্ত্র-সমূহ হইতে ঘোর অনল উচ্চ হইয়া সমস্ত জগাকৈ ত্রাসিত কবিল। সেই ভয়াবহ অপ্রায়ি দর্শনে পৃথিবীস্থ ছীব অকাল্যে-প্রলয় হইল ভাবিধা বিষম উদ্বিয় হইল।

হে বিপ্রবর্গ। সেই দিন বিরাট, রাক্ষমী সেনার এক অতুল শোভা হইরাছিল। ভাহাদের ঘোর কৃষ্ণবর্ণ অব্যবের উপর দীপামান শত্ৰদাল উদ্যত থাকাতে বোধ হইতে লাগিল যেন, জলদ-জালারত বজনীতে অসংখ্য বিহারত। তরন্তায়িত হইতেছে। অস্তর-গণ অগণ্য গিরি উৎপাটন করিয়া স্থরসেনার প্রতি নিক্ষেপ করিতে লাগিল; কিন্তু মেঘবান্ মহামেঘবং ণ প্রবণভৈরর গর্জন নঃকারে নারাচনমূহের \* নাহায্যে দৈতানিক্ষিপ্ত তংসমস্ত শিলাবাশি চূর্ণ-বিচূর্ণ করিয়া দিলেন। যুদ্ধ ঘোরতর হইয়া উঠিল , অন্তে অন্তে সমরাজন সমাচ্ছল হইল। মাতজে মাতজ, রথে রথ, অথে অথ তাভিত হইষা রণস্থল হইতে পলাষন করিতে লাগিল; কেহ বা ভীষণ গদাদও ও পবিঘাল্লে আহত হইয়া শোণিতকৰ্দমে পতিত হইতে লাগিল; কোন কোন শুর বিমানে আরোহণ করিযা গগনমার্গে উৎক্রান্ত হইতে লাগিলেন। এইবপে যুদ্ধ ক্রমে ভীষণতর হইয়া উঠিল। দেবাত্র-প্রহারে যে সকল অত্ব রণান্সর্নে পতিত হইল, তাহারা দেবভাব প্রাপ্ত হইয়া দেবানীকিনীতে সন্দি-লিত হইল এবং রাক্সদিগকে ভাভিত করিতে লাগিল।

এইজপে রাক্সদৈয়গণ অমরগণকর্ত্ব দারণ আঘাতিত ও ভাতিত হইযা বছবিধ অরশত্রে সুরদেনাকে প্রহার করিতে আরম্ভ করিল। কেহ মূগার, কেহ ভিন্দিশাল, কেহ কেহ পরত, ভোমর, কেহ বা পরিঘ, কেহ ভুরিকা, কেহ চক্র, কেহ শহু, কেহ বা অদনি, কেহ অর্শ, অবার কেহ বা লাসল; কাহারা বা শক্তি, শ্ল, কুঠার,

<sup>•</sup> নারাচ⊸বাণ।

পট্টিন, মতন্ত্ৰী, পাশ, অযোদণ্ড, অযোদ্ধদণ্ড, ভীষণ চক্ৰদণ্ড, ফুব পট্টিন, কুল নারাচ প্রভৃতি নানা অন্ত্ৰ-শন্ত্ৰ লইষা পুরগণকে আঘাত কবিতে লাগিল। দেইকাপ দেবতাগণ্ড নাক্ষসদিগের উপর বিবিধ অন্ত্র নিকেপ করিলেন। এইরূপে সহল্র বংসর ব্যাপিয়া মহাভয়াবহ যুদ্ধ হইল। মেই ভীষণ সমবে অন্ত্রকুলেব বল দিন দিন বৃদ্ধি পাথয়াতে অমরগণ পরান্ত হইয়া পুরলোক পবিত্যাগ পূর্বক ভীত ও চকিতভাবে চারিদিকে পলায়ন করিলেন এবং রাজসভবে, নিরভিশয় ভীত হইয়া নরদেহ ধাবণ পূর্বক পৃথিবীতলে বিচর্মণ কবিতে লাগিলেন।

মহাবদ-পরাক্রান্ত বিফুভক বলি এইবংশ খর্গপুরী ভ্রম কবিষা আদুর গৌরবেব সহিত ত্রিভুবন শাসন কবিতে লাগিলের। তিনি বিপ্রকুলের মনস্তান্তিসাধন কবিতে বঙ ভালবাগিতেন। সেই জ্লা মুদ্ধে জ্বলাভ কবিয়া তিনি বিবিধ যজের অনুষ্ঠান কবিলেন। দৈত্য-পতি বৈরোচনিব প্রভাব দিন দিন বাভিতে লাগিল। তিনি জগতে ইশ্রম্ব ও দিব্পাল্য কবিতে লাগিলেন। দেবতাদিগের প্রীতিসাধনার্থ বিজবুল যে সকল যজের অনুষ্ঠান কবিতেন, বাক্সেশ্রে বলি তংসমস্তেব হবিতেনিক করিতে লাগিলেন।

• হে সত্তমগণ। অদিভি স্বীয় পুদ্রগণের এইকপ শোচনীয় ছুর্দ্দশাদর্শনে নিভান্ত ছুঃনিত হুইবা "হায়। আমি বুধা পুদ্রবজী হুইয়াছি"
বিলয় শোক কবিতে করিতে তপজার্থ হিমগিবিতে উপস্থিত হুইশোন। শাক্রের ঐর্থায় এবং দৈতাকুলের পরাজ্য কামনা করিয়া
তিনি সেই বিজন পর্বভর্ত্তাদেশে কঠোর তপশ্চবণ পূর্বক নাবাযণের
থান কবিতে লাগিলেন। করন উপবেশন পূর্বক, করন দণ্ডায়নান
হুইয়া, কর্পন একপদে, আবার করনও বা পদাপ্রনাক্ত তব দিয়া
তিনি তপজা করিতে লাগিলেন। তাহার আমনের কঠোরতার
সাহিত অশনের কঠোরতা বিদ্বিত হুইতে লাগিল। প্রথমে ফ্লাহার,
পবে শীন নারাদি ভোজন, তৎপবে শুদ্ধ উদক্পান, তদ্নতার
বান্দেবন, পরিশেব সম্পূর্ণ নিবাহার হুইষা দেব্যাতা অবিতি

সচ্চিদানন্দ প্রমান্তার ধাানে নিরত হইলেন। এইরপে সহস্র দিব্যাপ তাঁহার তপ অনুষ্ঠিত হইল। তদস্করে রাক্ষদেন্দ্র বলি অদিতির এই স্থদারুণ তপোনুষ্ঠানের বিবরণ অবগন্ত হইষা তাঁহার তপোভঙ্গ করি-বার অভিপ্রীয়ে কতকঞ্চল মার্যাবী রাক্ষসকে ভৎসমীপে প্রেরণ করিলেন। ভাহারা সকলেই দেবভার রূপ ধারণ করিয়া দেব-মাডাকে বলিল,-"মাত:। কেন রখা এই কঠোর তপস্থা করিতে-(छन ? देशां अनोत्र ७ मन छे छत्रहे कुर्खेल इहेग्रा थाँ कि । - रेन छा-পণ আপনার তপস্তার বিষয় জানিতে পারিলে মহা বিপদ্ উপস্থিত হইবে। অতএব, জননি। শরীরশোবক এই ছঃধপ্রদ অনুষ্ঠান ড্যাগ করুন। কঠোর কটের সাহাধ্যে যে স্থকুত লাভ করা যায়, পণ্ডিতগা তাহার প্রশংসা করেন না। যাঁহারা ধর্মায়ুষ্ঠানে তৎপর, তাঁহাদের স্ব স্থ শরীর সমতে রক্ষা করা কর্তবা। যাহারা শরীরের প্রতি উপেকা করে, তাহারা আর্ঘাতী। অতএব, শুভে। তপ ত্যাগ করুন . দেখিবেন, মাত,। আমাদিগকে আর ছঃখিত করিবেন না। জননি। মাতৃহীন ব্লাক্তি নিশ্চয়ই মৃততুল্য। বাহার গ্রহে মাতা ও প্রিথংবদা ভার্য্যা নাই, তাহার অরণ্যে যাইয়া বাস করা কর্ত্তব্য , সে হতভাগ্যের পক্ষে অরশ্য ও গৃহ উভয়ই সমান। পশু, পক্ষী, পম্ব্য ও মহীক্ষহগণও মাতৃহীন হইয়া কিছুমাত্র স্থপসন্তোগ করিছে পারে না। কি দরিত্র, কি রোগী, কি প্রবাসী সকলেই স্ব স্ব জন-নীকে দেখিবামাত্রই পরম স্থব লাভ করিয়া থাকে। লোকে অন্ন. জন, ধন রত্ন অথবা প্রিয়তমা পত্নীর প্রতি বিমুখ হইতে পারে, কিন্তু জননীর প্রতি কেহ কিছুতেই পরান্ত্র্য হয় না। হরিভক্তিহীন ধর্ম, সম্ভোগবর্জিত ধন এবং ত্রীপুত্রহীন গৃহ যেমন কোন কর্মে / আইসে না, মাত্ৰিহীন মানবও সেইরপ অকর্মণ্য। অতএব হে দেবি ! এই কষ্টকর তপস্তা পরিহার করিয়া আশনার দুংবার্ড পুত্র-দিগকে পরিতাণ করুন।"

মায়াময় ছদ্মবেশী র্ই দৈত্যপদের এত অস্নন্থ-বিনয় ও উপদেশেও প্রতিজ্ঞাধিতা অদিতি শীয় সনাধি হইতে অণুমাত্রও হুইডে রক্ষা করিলেন।

বিচলিত হইলেন না। ছ্বাচারগণ আপনাদের সম্বন্ধ বিকল হইল দেবিয়া অবশেবে ঘোব ক্রুছ হইরা উঠিল এবং নিজ স্তিধারণ করিয়া দেবমাতাকে সংহার কবিতে উদ্রোগ করিল। দারণ ক্রোধে ঘাহাদের নয়ন আরক্ত হইরা উঠিল। কল্লান্ত-মেঘসদৃশ বিকট গর্জন সহকারে দন্তে দন্ত নিশোবিত করিয়া ত্যাবহু দৈত্যগণ অদিতির প্রতি ধাবমান হইল। ভাহাদের দন্তীঘর্ষণে বিকট বহি উন্তুত হইমা জনকালমধ্যে শত ঘোজনবিত্তত কানন দল্প করিয়া ফেলিল। অবশেবে সেই হ্রাচার রাজনগাই সেই অনলে দল্প হইয়া প্রাণত্যাগ ক্রিল। ভাহাদের মনের বাদনা মনেই বহিল। হে মুনিগণ। সে অন্ধি অদিভিত্র নিকটত ঘাইতে পাবিল না;—নাবারণেব ধ্যানে তত্য্য হইয়া থাাকতে তিনি ভৎসমন্ত ঘটনার কিছুই জানিতে পারিলন।। বিষ্ণু স্কর্ণন-চক্রে করিয়া ভাহাকে সেই বিকট বহিল

## একাদশ অধ্যায়।

# অদিতির গর্ভে বামুন্রীপৈ ভগবানের জন্ম এক

#### বালিরাজার দর্প-হরণ।

এই ব্রাপ্ত শ্রবণে বিশ্বিত ও আশ্চর্যাবিত হইরা গ্রহিনণ সাএহে বিভাগ করিলেন,—"হে শৃত। আপনার নিকট আদ্ধি আমরা অতি বিচিত্র বিবরণ প্রবণ কবিলাম। কি আশ্চর্যা, সেই বিকট বহি অনিভিক্তে ত্যাগ কবিরা বাক্ষাবিগাকে কেন দম্ম করিল। শুদিতির অসীম প্রণপ্রভাবের বিবয় ভাবিয়া আমরা আশ্চর্যাবিত ইইতেছি। অতথ্ব, হে নহাভাগ। তদিবরণ আমানিগের নিকট বর্ণন করন। যে সামুও সচচবিত্র বাজিগণ অপরকে উপদেশ দিয়া থাকেন, তাঁহারাই প্রকৃত লোকশিক্ষক ও প্রোগকারী।"

কোতৃহলাক্রান্ত মুনিগণের অনুরোধ রক্ষা করিবার নিমিন্ত ক্ষাথেষ্ঠ প্ত তাঁহাদিগের প্রশ্নের উত্তরদানে প্রবৃত্ত হইলেন ;—হে
বিপ্রগণ। ' বাঁহারা হরিভক্তি-পরাধন, হরিবানে বাঁহারা সর্ব্বদান নিরত থাকেন, তাহাদিগের কে অনিউ করিতে সমর্থ হয় প উাহাদের উদ্দেশ্যসিন্তির পথে কে বাধা দিতে পারে 
। যে বাজি ইবিভক্তিপর,
ক্যা নারায়ন, ক্রন্ত্রা ও ধিব এবং বেবতা ও সিভ্রগণ নিবন্তর তাঁহার নিকটে বিরাদ্ধ করিয়া তাঁহাকে সকল বিপদ্ হইতে হকা করেন।
হে মহাতাগগণ। শায়িতিয় ও হবিনার-পরায়ণ মহাঝাদিগের ছলয়ে হরি প্রহোবাত্র বিবাদ করেন; তবে বাঁহারা ভগবানেব খ্যানে সর্ব্বদানিরত থাকেন, তাঁহারা নাবায়ণের কত ব্রীভিভাজন। শিবপুঁজক মধ্যা হবিপুঁজক যে স্থানে অবস্থিতি করেন,লম্বী ও সমুক্ত বেবভাগণ দেই বানে বিরাদ্ধ করিমা থাকেন। বিশ্বপুঞ্জাক ব্যক্তির বাসগোনে কোন বিশ্ব বা বিপদ্ সংঘটিত হয় না। বিশ্বপূল্যকের রাজদওভর থাকে না, তবর তাঁহার কিছুই করিতে পারে না, বাাধি তাঁহাকে আদে আক্রমণ করিতে সমর্থ হয় না, এমন কি, প্রেত, পিশাচ্
কুমাও, কুগ্রহ, ডাকিনী ও রাক্সগুণ তাঁহার স্বুখবছিলে। বল্লমাঞ্জ বাধা স্বাপন করিতে পারে না।

হে বিপ্রবর্গ। ভুড, প্রেড ও বেতাল প্রভৃতি যে সমন্ত দৈব-যোনি নিরস্তর পরণীডনে রত, তাহারা যে স্থলে থাকে, সেই স্থলে -সম্ভক্ত যদি হরির অথবা লিম্বের অর্চনা করেন, তাহা হইলে তাহারী নিশ্চমট বিনাশপ্রীপ্ত হয়। জিডেন্দ্রিয়, সর্বাহিতসাধক ও শাস্তুচিত্ত বিষ্ণুপুজকর্মণ যে স্থলে বাস করেন, দেবতাগণ সন্ত্রীক সেই পবিত্র স্থলে বিরাজ করিয়া থাকেন। অহো। ভগবছক্ত যোগিগণের माशारपात कथा कि विनव शिंठोशांता निरमयमाज अथवा निरमुवार्स-কাল যে প্রদেশে অবস্থিতি করেন, ভাহা সর্বপ্রকার মন্বলের আবাস-নিল্য হইয়া থাকে,--আহা,--তাহা তীর্থস্থান, -ভাহা ভৈপোবন। পতিতপাবন হরির পবিত্র নাম স্মরণমাত্র যথন সর্বহংখ দুর হঁইয়া যায়, তখন যে ব্যক্তি অনাহাবে, অনিস্রায় কঠোর তপশ্চরণে এক-মাত্র তাঁহারই খ্যান করিয়া থাকেন, তাঁহাব ত্রিসীমায় চুঃখ পদার্পণ করিতে পারে না। হে মুনিগণ। সেই জ্বছাই ছর্'ড দৈতাগরের দংট্রাদত্তত অগ্নি হরিমযভাবিনী দেবমাতাকে, স্পর্ণ করিতে পারে নাই ৷ বিঞ্ধানপব ব্যক্তিকে কোন বহিন্ট স্পর্ণ কবিতে পাৰে নাঃ

জ্ঞনিতির স্থান্ত্রণ তপজায় নাঁরাখণ সন্তুষ্ট হইয়া শল্পক্রোনিশোভিত
চতুত্ব জ্মৃতি ধারণপূর্বন প্রসন্তর্বার তারিক ত ইইলো
এবং কণ্টাপরেলার দেহ পরিত্র করে স্পর্নি করিবা অনিমন্য মৃহহাত্ত
সহলাবে বলিলোন,—"দেবমাতঃ! তোমার তপজায় আরাধিত
হইমা আমি প্রসন্ত ইইয়াছি, নিশ্চয়ই তোমার মন্তলাহইবো। তে
তত্ত্ব। তে মহাভাগে! তোমার তব নাই, একণে তোমার বে বর
অভিলাব,প্রার্থনা করি, তাহা প্রদান করিব।"

দেবদেব চক্রপাণিব সুবে এই স্থাময় সান্তনাবাকা প্রবণ করিয়া দেবমাতা অদিতি কৃতার্থ হইলেন এবং তাঁহাকে প্রণাম করিয়া তার করিতে আরম্ভ করিলেন ;—"হে দেবদেব, সর্বব্যাণী জনাদিন।হে গুণাখন। হে নিগুণ। আপনাকে নমডার। হে লোকনাথ ৷ হে 'সর্বজ্ঞানরতী ভক্তবংসল নারায়ণ ৷ আপনাকে নমস্বার। মুনীধরণণ বাঁহার অবতার-রূপসমূহ অর্চনা করিয়া থাকেন, যোগী ও পণ্ডিতগণত ঘাঁহাকে জানিতে পারেন না, যিনি ष्यभागी रहेग्राप्त माग्रामय, ब्यत्रभ रहेग्राप्त वहक्तवान्, त्राहे बाहि-পুরুষ, জগংকারণ জগমাণকে নমভার। যাহার দর্শনলাভ অভি ছরতে. যাতার প্রাচরণ দেখিতে পাইলে মায়াপাশ শতধা ছিন্ন হইর। যায়, সেই সর্বাৎন্দিত সর্বোধারকে নমন্তার। শান্তচরিত ও নি:সঙ্গ যোগিভাপসদিগকে যিনি নিজ সঙ্গী করিয়া বিফুলোকে স্থান প্রদান করিয়া থাকেন, শদেই ভক্তিদঙ্গী ও সম্বর্জিত করুণার্ণব পরমেশ্বরকে ন্মন্তার। যিনি যজকলপ্রদ, সেই বজকর্ম প্রবোধক যভোগরকে নমস্তার। যোর পাপী অভানিলও বাঁচার নামোচ্চারণ কবিঝামাত্র পরম ধাম প্রাপ্ত হইয়াছিল, সেই লোকরপী লোক-নাথকে নমস্বার। ব্রহ্মাদি দেবগণ যাঁহার মাযাপাশে যঞ্জিত, যাহার প্রম ভাব ভাহারা ভানেন না, সেই সর্পনায়ক বিশ্বনাথকে নম্পার : বাঁহার মুখ হইতে গ্রাহ্মণ, বাছ হইতে <sup>ক</sup>্তিয়ে, উদ হইতে বৈশ্য এবং চরণ হইতে শুক্ত উংপদ্ন হইয়াছে; ঘাহার মন হুইতে চল্ৰমা, চকু হুইতে সূৰ্যা, মুখ হুইতে ইল্ল ও বহিং এবং প্ৰাণ হইতে বায়ু লশিয়াছে . যিনি হক, যালু ছ সামরণ ; সেই গগুখর-গতাত্বা, ষ্ডত্নকণী ঘগনাথকে বাব বাব নন্তার। হে প্রতো ! হে নারায়ণ। তুমিই পবন, তুমিই সোম ও দিবাকর; তুমিই ঈশান, তুনিই অন্তক, তুনিই আনি, বলগ, নিজতি ; তুনি দেব, যক্ষ, রক্ষ, গন্ধ-ৰ্ব, কিন্তুর; তুমিই স্থাবর-জলম, ভূমি ও সাগর; ভোমা বানীত আর বিছুই নাই;—এই অবিল বকাওই তুমি। হে দেবদেব।

**5**०२

শরণাগর্ডরক্ষক ! হে জনার্দ্দন ! রাক্ষসদিগের অধীনতা হইতে আমাব পূত্রদিগকে ত্রাণ করুন।"

এই মনোহর স্তব উচ্চারণ করিতে কবিতে দেবধাত্রী অদিতির হৃদবে ভিন্দবারি উচ্ছ্ সিত হইয়া উঠিল ;—ডাহার যুগল নয়ন দিয় আনন্দাঞ্চ বিগলিত হইয়া ভদীয় বৃদ্ধংগুল বিধেতি করিল ; তিনিরায়ণের চবণে বার বার প্রণাম কবিয়া কৃতাঞ্চলিপুটে ভক্তিগলাদ স্ববে বলিলেন,—"হে দেবেশ।হে সর্কাদিকারণ। যদি অভাগিনীর প্রতি অদুগ্রহ ইইযা থাকে, তবে এই বর নিন, বেন আমার পুরুগ; দৈত্যদিগকে পরাস্ত করিয়া নিক্টকে বর্গভোগ করিতে পারে। বে সর্বজ্ঞ, অন্তর্যাধি, জগত্রপ পরমেশব। আপনি, কি না জানেন, তবে কেন, প্রভা, আমাকে ছলনা কাবতেছেন ; দেবদেব। তথাদি আপনি যখন জিজ্ঞানা করিলেন, তবন আমাব মনোবাঞ্জা পানার নিকট প্রকাশ করিয়া 'বলিব। নারায়ণ। আমি রুথা পুরুদাত করিয়াহি; হুর্জ্ব রাজসগণ আমাব পুরুদিগকে পরাস্ত করিয়া স্বর্গানহাদন অধিকার কবিযাছে; আপনি তাহাদিগের দর্পহরণ করিয়া আমার সন্তানবিগকে কৌভাগ্য প্রধান করিল।"

অদিতির এই করণ প্রার্থনা প্রবণে 'সাতিশয় আনন্দিত হইমা
নারায়ণ পরম প্রীতি সহঁকারে বলিলেন,—"দেবি ! তোমার মদল
হউক, আমি তোমার গর্ভে ছলগ্রহণ কবিব। সপ্ট্রীতনবের
প্রতি মহিলাগণ যখন স্নেহ প্রকাশ করিয়া থাকেন; তখন অপুত্রের
উপর যে প্রগাচ স্নেহ হইবে, তাহাতে আর , সন্দেহ কি ; হে
মহাতাগে! তোমার এই স্তোর অবনীতলে যে ,মানবগণ পাঠ
করিবে, তাহাদের স্বোভাগ্য-সম্পত, বন-সম্পতি এবং পুত্র-পৌপ্র
কশনই হীনতা প্রাপ্ত হইবে না। আত্মন্ন প্রত্রে প্রাহার
সমান স্নেহ তাহাকে কখন পুত্রনোক ভোগ করিতে হয় না। হে
দেবমাতঃ। তুমি নিশ্চিন্ত হও, আমি পুত্ররপে ভ্রম্বর্থন করিয়া
তোমার সকল ইই দূর করিব।"
নারায়ণের প্রানন্দপ্রণ বাহ্য প্রবণ করিয়া অদিতি সবিনরে

বলিলেন,—"হে পুকবোত্তম জগত্তর প্রভো! সহত্র কোটি ব্রহ্মাও 
মাহার প্রতি রোমকূপে বিবাজ করিতেছে, তাঁহাকে আমি কেমন 
করিয়া গর্কে ধারণ করিব? জাতি ও সর্ব্বদেবতাগণও মাহার 
মহিমা জানিতে পাবে নাই, মিনি অপুবও অণীয়ান, মহতেরও মহত্তর, 
মাহাকে শ্বন করিবামাত্র মহাপাতকী ব্যক্তি মুক্তি লাভ করিয়া 
থাকে, সেই পরাংপর, পুক্ষোত্তম দেবদেবকে কেমন করিয়া গর্কে 
ধারণ কবিতে পাবিব ?"

হে বিজোন্তমগণ। দেবদেব জনার্দিন অদিভির বাক্য-প্রবণে তাঁহাকে অভযদান কবিয়া বলিলেন,—"মহাভাগে ! ডুমি সত্য বলিন য়াছ, তাহাতে আর সন্দেহ নাই; তথাপি আমি এক নিগৃত তত্ত্ব তোমাকে বলিতেছি, তুমি প্রবণ কর। হে শুভে। যাহাবা রাগ-বেষবিহীন, যাহারা ভগবন্তক, যাহারা অসুয়াহীন ও দম্ভবৰ্জিত, তাহারা সতত আমাকে ধারণ করিতে সমর্থ। সর্বদা গ্রাহারা শিবার্চনা এবং আমার কথা শ্রবণ করিয়া থাকে, তাহাবা সভত আমাকে বহন করিতে সমর্থ। যাহারা পতিব্রতা, পতিপ্রাণা ও পতিভক্তিসম্বিতা, অথবা বে সকল মহিলার মাংস্থ্য নাই, তাহারা সতত আমাকে ধারণ কবিতে সমর্থ। যে ব্যক্তি পিতা-মাতার শুশ্রারা করে, গুরুব প্রতি ভক্তি করে, অভিধিকে অভার্থনা করে, ব্রাহ্মণকুলের হিতামুগ্রান করে, সে আমাকে সতত বহন ক্রিতে সদর্থ। যাহার। সংক্রথা গুনিতে ভালবাসে, যতি-তপত্তীর সেবা-ভুঙাষা করে, স্বীয় আশ্রমোচিত আচারাযুর্চানে যাহারা নর্বাদা নিরত, পুণাতীর্থগমনে ও সাধ্বাক্তির সহিত সদালাপনে যাহারা অত্যন্ত আসক্ত, সর্বভূতে বাহারা অনুগ্রহ প্রকাশ করিয়া থাকে, তাহারা আনাকে বহন করিতে সনর্থ। বাহারা পরোপকার্যাধনে সদা ব্যস্ত, পরন্থব্য যাহারা লোষ্ট্রবং পরিত্যাগ করিয়া থাকে, এবং পর্যন্তীর পক্ষে যাহারা নপুংসক্ষের তুল্য, তাহারা সতত আমাকে বছন করে। যাহারা নিরন্তর তুলদীর উপাদনা এবং আমার নাম ল্প করিয়া থাকে, গোরকণ যাহাদের পকে একটি প্রধান নিতাবত,

যাহার। প্রতিগ্রহ-হীন এবং পরান্নতোধনে পরামুব, ক্ষিত ও ত্বিতজনকে যাহার। অন্নজন প্রদান কবে, তাহার। সতত আমাকে বহন করিতে সহর্ব। হে দেবি। তুমি সাম্মী, পতিপ্রাণা এবং সর্বক্তিতর হিতামুঠান করিয়া থাক, তুমি আমাকে বহন করিতে পাবিবে। হে দেবমাতং । তোমাব পর্তে জন্মগ্রহণ করিযা আমি সমস্ত অরিকুলকে সংহার করিব।"

দেবদেব চক্রপাণি দেবমাতা অদিতিকে এইরূপ মধুর আথাস-বাক্য প্রদান করিয়া স্বীষ কণ্ঠত মালা তাঁহাকে অর্গণ করিলেন এবং অভ্যদান কবিষা ভখনই অন্তৰ্হিত হইলেন। দক্ষনন্দিনী দেবজননী মনে মনে সাতিশয় সম্ভুষ্ট হইযা পরমেশ কমলাকান্তকে প্রণামপূর্বেক স্বস্থানে প্রস্থান করিলেন। অচিরে তাঁহার গর্ভলক্ষণ পরিলনিত হইল। তিনি যথাকালে একটি সর্বন্তণসম্পন্ন সর্বাঙ্গ-স্থদার পুত্রসন্তান প্রদাব করিলেন। অদিভির সেই নবজাত. কুমারের অপুর্ব্ধ ও অলৌকিক রণ, তাঁহাব ল্যোতি সহস্র আদি-তোর ভাষ, অথচ স্লিগ্ধ-শাস্ত-ন্যন্মনোহর, যেন চদ্রমগুলের মধ্যস্থিত। তাঁহার হস্তে শঙ্খ, চক্র, স্থাকলস, দবি ও অন্ন, তিনি ৰামন , তাঁহার ন্যন্যুগল বিকচ-ক্মলবং বিশাল , তাঁহার পরিধানে পীতাম্বর, অদে সর্বপ্রকার অলকার। পরমতত্বজ্ঞ পরমর্থিগণ চারি ' দিকে কৃতাঞ্চলিপুটে ভাঁহার স্তুতি পাঠ করিডেছেন। মহর্ষি কণ্ডপ 🗸 নারাযণকে পুত্ররূপে আবিভূত দেখিয়া পরমানন্দে পুশকিত হই-লেন এবং প্রণাম করিয়া যুক্তকরে তাঁহার স্তব করিতে লাগিলেন, —"অবিলকারণ, অবিলপালন, দৈতাহারী দেবদেবকে নমস্বার। ভক্তরনপ্রিয়, কজপরন্লিড, কমলাকান্ত কেশবকে নমন্বার। হুর্জন-মাশক, দর্শহারী, কারণবামন, সর্বশক্তিমান নারাযণকে নমস্বার। ए गाय-ठक-४०११-१५१४ । १६ शूक्ट्यास्य । १६ श्राहानि-নিবাসী 'অনার্ছন। আপনাকে নমস্বার। যিনি প্র্যাকরের ভার প্রভাময়, পুর্যা ও চন্দ্র বাঁহার ছুইটি নয়ন, বিনি ষঞ্জগলপ্রদ, বাঁহা ব্যতীত কোন যজেরই অমুষ্ঠান হইতে পারে না, সেই যজেপুরুক্

নমস্বার। যিনি ভক্তের মনোমধ্যে নিরস্তর বিরাজ করেন, যাঁহার অমুগ্রহে জম বিনষ্ট হইরা যায়, সমুল্রমন্থনকালে যিনি মন্দব- গিরিকে পূর্চে ধারণ করিবাছিলেন, বরাহমূর্জিতে স্বীয দশন-সাহায্যে যিনি অনস্ত সাগর হইতে পৃথিবীকে উদ্ধার করিযাছিলেন, সেই সর্ক্রমন্থনময় প্রমেখবকে নমস্বার। হে হিরণ্যাক্ষরিপো! হে ক্ষত্র- কুলান্তক, রাবণ্ডমন, নন্দনন্দন, হরে। আপনাকে বার বার নম্বার।

মুনীক্ত কণ্ঠপের এই তথ প্রবাদে লোকপাবন দেবদেব বামন অমৃত্যয় ঘ্তাসহকারে তপোধনের আনন্দ বর্দ্ধিত করিয়া বলিলেন, —"হে তাত, হে কুরার্চিত! আপনার তবে আদি দপ্তই হইয়াহি, আপনাব দলক হইবে। অচিরে আমি আপনার দমত মনোরথ দিৱ করিব। হে পিতঃ৷ ভবিব্যতেও এইরূপ আপনাদের পুত্রহ গ্রহণ করিয়া আমি আপনাকে ও জননীকে প্রমুখ প্রদান করিব।"

ুহে মুনিগণ। এই সময়ে দৈতাপতি বলি বুলগুরু উদানা ও অপর অবর মুনীধরগান সমায়ুত হইয়া মহাবজের অনুষ্ঠানে প্রান্থ হইলেন। বজবাদী মুনিগণ দৈত্যেক্রের সেই নহণীয় মথেও হবিপ্র হণার্থ কর্মানায়গতে আহবান করিলে, মিতহাতে সমস্ত লোহকে মোহিত করিয়া বাননকণ্ট মহাবিদ্ধু তথায় উপাইতে হইলেন এবং বলির প্রতালীভূত হইয়া বজীয় হবি ভোজন, করিলেন। যে ব্যক্তি গুগবানের প্রতি ভিজমান, সে মুর্বুন্তই হউক আর সুরুব্নই হউক, অজুবৃদ্ধি ইউক আর প্রতিত হুইলা বজামান করিতে দেখিয়া আনচক্ ক্ষিণাণ তাহাকে নারায়ণ বলিয়া আনিতে পারিলেন এবং কৃতাঞ্চলিপুটে ভাঁহার চরণবন্দনা করিবেন।

হে ছিলবর্গ। বল ও ক্রুর ব্যক্তিগণ হিতাহিত বিবেচনা না ক্রিয়া কার্য্যের অহঠান করিয়া থাকে। দৈত্যগুরু ভার্গব দারুণ বল ; সেইজ্ঞ তিনি বীয় মুদার না ভাবিয়া বিষম ঈর্ষায় নিশীভিত হইলেন এবং বলিরালকে বিজন প্রদেশে আব্বান করিয়া বীরে বীনে বলি- লেন,—"হে দৈতাপতে। হে সৌমা! তোমার শ্রীমৌতাগা অপহরণ
করিবাব কল বিজু বানদরণে অধিতির গর্ভে জন্মগ্রহণ করিমাছেন;
অব্না তিনি ভোমার বজে আসিমাছেন; অতএব হে অনুরেশ্ব!
আন যাহা বলি, ভাহা ভান; ভূমি ভাহাকে বিভূই দিও না—
দিলে নিতরই বিগলে পতিত হইবে। হে রাজন্! ভূমি সকল
শারে পাণ্ডিতা লাভ করিয়াছ; স্তরা৷ হিডাইছিড্ডান ভোমার
বিক্কেণ আছে। আমুব্ভি—বিশেষতঃ গুরুব্ভি নিশ্চমই ততসাধিনী, কিন্তু প্রবৃত্ভি অনইকারী এবং আবৃত্ভি প্রলম্মরী। হে '
দেতেক্রা যে বাভি ভোমার শক্রম হিতকারী, নিশ্চমই ভাহাকৈ
সংহাব করা করিব। সহাব্যাহকার বিবই ইইলে বেন্ কার্য্য সহাব্যাহকার বিবই ইইলে বিন্ কার্য্য সিক্

শুকুৰ এই ক্ৰু রোচিভ ৰাক্য-শ্রবণে ছংখিত হইয়া দৈত্যপতি বলি উত্তর করিলেন,—"গুরুদেব। এমন কথা বলিবেন না,—ইং। নিডান্ত ধর্মবিগর্হিত। আহা। ভগৰান্ বিফু যদি অযং আনার প্রীসোভাগ্য গ্রহণ করেন, ভাহা হইলে ভাহা অপেকা অধিকতর আনন্দের বিষয় আর কি আছে ? পুণ্যাত্মা ব্যক্তিগণ বিষ্ণুব গ্রীভিসাধনার্থ যজের অনুষ্ঠান করিয়া থাকেন, তাহাতে ভগবান্ যদি সাকাং আবি-**ভূ**তি হইষা আছতি স্বীকার কবেন, তাহ। হইলে সে ৰজ্ঞ তথনই সফ**দ** হয়, পৃথিবীতলে ইহা অপেকা আর অধিক সৌভাগ্যের বিষয় কি আছে ? হে গুরো। দবিত্র ব্যক্তি ভক্তিসহকারে বিফুকে যাহা কিছু অর্পণ করে, তাহা সামাত্ত হইলেও পরম ও অক্ষয়। অহো। পুরু-ষোত্তমকে যে কেহ পরম ভক্তির সহিও শ্বরণ অথবা পূদা করে, সে তথনই পরম পবিত্র হইমা পরমপদবী লাভ করিতে সমর্থ হয়। ছুরু ন্ত ব্যক্তিগুণও তাঁহার নাম স্মবণ করিলে হরি ভাঁহাদেব সকল পাপ হরণ করেন ৷ দেবুন, পাবককে অনিচ্ছাবশতও স্পর্শ করিলে অমৃলি দগ্ধ হইয়া থাকে। অহো। যাহার জিহ্বাতো 'হবি' এই পুণ্মেয অক্ষবদ্ধ নিরম্ভর বিরাদ্ধ করে, পেই ব্যক্তি প্রকৃত পুণাবান্, সেই ব্যক্তি জনন-মরণ-ক্রেশ হইতে মুক্তিলাভ করিবা বিঞ্লোকে স্থান প্রাপ্ত ইয়। পরমতুদ্ধবিং পশ্চিতগণ বলিয়া থাকেন, যে ব্যক্তি

সর্বাদা গোবিন্দকে থান করে, সে বিফুলবনে গনন করিতে পারে। হে মহাভাগ! হরিজানে অগ্নি অথবা ত্রাহ্মণে যে হবি: ৩ প্রদত্ত হয়, তাহাতে নারায়ণ প্রদার হইয়া থাকেন। আমি ভগবান হরিরই তৃত্তি-বিধানার্থ এই নহাযজেব অহুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছি; ইহাতে যদি বিফু স্বয়ং আসিয়া থাকেন, তাবে ত আমি নিশ্চবই ফুডার্থ হইয়াছি।"

বয়ং আদিয়া থাকেন, তাবে ত আদা নিশ্চয় কৃতাথ হুইয়াছ।"
হে নহবিবুল। পৃথ্যাঝা দৈত্যেক্ত বলি এইঝপ বলিলে বামনরাণী
বিক্ দেই হোমায়ি-প্রদীপ্ত মনোহর যজগৃহে প্রবেশ করিলেন।
•তাঁহাকে দেখিয়া বলিরাজ পরমানন্দে পুলকিত হুইলেন, •তাঁহার
সংবাদ রোমাঞ্চিত হুইল; পরম ভক্তিসহক।রে জগগ্রহ বিজ্বকে
যথাবিধানে প্রম্ন দান করিয়া তিনি ভক্তিগদগদপরে বলিতে লাগিলোন, "হে দেবদেব নারাঘর! প্রভ আনাব জন্ম সফল, জীবন সফল।
অত আমি নিশ্চয়ই কৃতার্থ হুইলাম। প্রতা। আপনার পদর্পন্মাত্র
মানার যক্ত্র সভল হুইল; আমার সংবাদে অতিস্কল্ভ অমৃতরম
অভিযিকিত হুইল; অনাযানে মহোৎনব লাভ করিলাম।

এই যে খবিগণ এই ঘন্তাগারে উপস্থিত রহিযাছেন, ইহারাও দুডার্থ হইদেন; ইহারা পৃথেব যে সকল তপজার অষ্ট্রান করিয়া-ছিলেন, তংসনতাই অভ সবল হইল। দ্যাম্য, দীননাথ! আমি দুডার্থ হইলাম। অতএব আপনার চবণে বার বার প্রথাম। হে বিজো! আপনার আদেশেই এই যজের অষ্ট্রান করি, আমি যে আপনার নিয়োগগালন করিয়াছি, এই উৎসাহে আমি আদন্দিত হুইতেতি। একণে কি করিব, আদেশ কর্ন।"

প্রমতক বণির বাব্য-শ্বাব প্রীত হইবা বামনদেব হাসিতে হাসিতে বলিলেন, হে রালন্ । আমার থাকিবার ঘাছা প্রিপাদভূমি অর্পন কর ।" ইহাতে বলি দ্বিয়াসা করিলেন, "প্রলো ! আপনি রাচ্য, নগর, প্রাম, অববা ধন, কি ইম্ছা করেন, ভাহা আমাকে আদেশ করুন।" এই বাক্য-শ্রবণে ছল্ল-শ্রী বিক্লু আসম-এইরাচ্য বানির বৈরাগ্য উংপাদন করিয়া ধীরে ধীরে বলিলেন,—"হে

<sup>•</sup> হবিং-ধোনার্থ ছত।

302

দৈত্যেন্দ্র। আমি ভোমাকে একটি নিগৃত তত্ত্ব বলিতেছি, শ্রবণ কর। गर्विमप्रशैन वाकिमिराग्व विषयविखर किंश्हेरव ? ভाविया सम् আমি সর্ব্বভৃতের অন্তর্ধামী,—সর্ব্বময়, তবে দৈত্যেন্দ্র ৷ অপরধনে আমার কি হইবে? হে বলে ৷ যাঁহারা রাগদ্বেয়হীন, শাস্তচরিত ও माग्राविष्डिङ हरेग्रा निष्ठानसम्बद्धाः हरेगाहरून, ध्यथद्र धन महेग्रा তাঁহারা কি করিবেন ? বাঁহারা আত্মনির্ব্বিশেষে সকল জীবকে ভাবিষা থাকেন, তাঁহাদের পক্ষে কে দাভা আছে ?—কি বা দেয় ? হে রাজন্। শাত্রে নির্ণীত আছে যে, এই পৃথিবী কব্রিয়েরই বশায়-গতা। ক্জিবই রাজা, তাঁহাবই আক্রায়ুসারে মানবগণ কার্য্য করিযা পরম স্থ্য লাভ কবিয়া থাকে। সেই জক্ত মূনিগণ্ও আপ-নাদের অৰ্জ্জিত ধনেব ষঠাশেও রাজাকে প্রদান কবেন। হে দৈত্য-পতে। এই পৃথিবী আক্ষণদিগকে সর্বাদ। প্রদান করা কর্ত্তব্য । ভূমি-দান হইতে যে কি মহাপুণ্য অৰ্জিড হয ভাহা জগতে কেহই সমাৃত্ বর্ণন করিতে সমর্থ নহেন , এক্ষণে আমি তাহা তোমাকে বলিতেহি, শ্ৰবণ কর। হে দৈত্যসত্তম। ভূমিদান অপেক্ষা শ্রেষ্ঠদান আব কিছুই নাই। স্থিমিদান করিয়া লোকে নির্ব্বাণমূক্তি লাভ কবিয়া থাকে। অাহিতাগ্নি ত্রাক্ষণকে স্বল্লমাত্র ভূমিদান করিলে দাতা ত্রক্ষলোকে স্থান পাইয়া থাকে, ভাহাব আর পুনজ'য় হয না। যিনি ভ্মি, দান কবেন, তিনি সর্ব্বদানের ফল লাভ করিয়া থাকেন,তিনি মোকভাক্ , অতএব ভূমিনানকে সর্ব্বপাপনাশের হেতু বলিয়া জানিবে। যে ব্যক্তি মহা-পাডকী, অথবা সর্ব্বপাতক্ষ্ক্ত, সে যদি দশহস্ত-পরিমিত ভূমি দান करत, जाहा हरेला मर्खलाल हरेराज मूक हरेराज ममर्थ हम। य ব্যক্তি সংপাত্তে ভূমিদান করিয়া থাকে, সে সর্ববদানের ফল লাভ করে, অতএব ভূমিদানেব তুল্য দান ত্রিজগতে আর কিছুই নাই। , হে ভূমিপা বৃত্তিহান ও দেবগৃধাসক বিষকে যে ব্যক্তি স্বল্লমাত্রও ভূদিনান করে সে নিশ্চয়ই বিষ্ণু , তাহার পুণ্যমাহান্ম্য শত বর্ষ ধরিয়া কেহ বর্ণন করিতে সমর্থ হয় না। যে খলে ইকু, গোধ্ম, তুলসী पृश्वकांमिटक पुरमां िक, त्मरे कुल त्व वाक्कि मान करत्न, िक्नि

নিশ্চমই বিষ্ণু। ব্যক্তিহীন বিশ্র, অথবা দরিল কুট্থাকে ব্যন্তমাত্র ত্রিদান করিলে বিষ্ণুর সামৃত্য লাভ করিতে পারা যায়। দেব-পুলাসক বিপ্রকে মহা দান করিলে ত্রিরাত্র সঙ্গামানের ফললাভ হইয়া থাকে। পবিত্র সঙ্গাতীরে শত সহস্র অব্যাহ্ম অথবা শত বালপের যন্তের অনুষ্ঠান করিয়া লোকে যে মহৎ কল লাভ করিযা থাকে, ব্রতিহীন ও সদাভাররত বিপ্রকে খারিকা অথবা লোণিকামাত্র স্থানি দান কুরিলে সেই পরম ফল লাভ করিতে পারা যায়। এই জন্ম ভ্নিদান মহায়ান ও অতিদান বিল্যা প্রকীপ্রিত। ইহা হইতে সমন্ত পাপ প্রশমিত হয় এবং অপ্বর্গফল (মোক) আজিত হয়।

হে দৈত্যকুলেশ্বর! আমি এই বিষয়ের একটি উপাখ্যান কীর্ত্তন করিতেছি, প্রবণ কর। প্রদা সহকাবে ইহা গুনিলে ভূমি-ণানের ফললাভ হইয়া থাকে। পুরাকালে ভন্তমতি নামে এক বৃত্তিহীন পরিত্র বিজবর ছিলেন , তিনি বৃত্তাকর ও মহামুনি। তিনি পরাণাদি সর্ব্ব পর্যাশালে অভিজ্ঞতা লাভ করিয়াছিলে। তাঁহাব ষ্টপত্নী .—তাহাদের নাম শ্রতা, সিরুমতী, যশোবতি, কামিনী, মালিনী ও শোভা। এই ছয়টি ভাষ্যার গর্ভে তাঁহার ত্রিশত চ্ছা-রিশং পুত্র সম্ভূত হইয়াছিল। হে অম্বরশ্রেষ্ঠ। ভত্তমতী নিধনি, তাহার এমন সাধ্য ছিল না যে, তত পুত্রের আহার সংযোজনা ক্রেন। সুতরাং ভাহার। সকলে নিরম্ভর কুধায় কাতব হইয়া কাল-যাপন কবিত। একদা ভজনতি খীয় প্রিয় পুত্রদিগকে দুধার্ত্ত দেখিয়া এবং অয় শুংকাতর হইয়া এই বলিয়া বিলাপ করিতে লাগি লেন,—'ধিক্! ভাগ্যরহিত ও ধনবর্ভিছত হল্মে বিক্! মানবকুলে समाधरণ কবিয়া যদি ধন উপার্জন করিতে না পাবিশাম, সৌভাগ্য-লক্ষীর সূত্রমাদ লাভ করিতে সমর্থ না হইলাম, তবে এ জলে ধিকু ! যে জীবন ধর্ম্মরহিত,আতিখ্যবর্জ্জিত, আচারহীন অথবা কেবল যাজ্ঞা-বত, তাহাকে ধিক ৷ যে জীবন বন্ধার অকুত্রিম স্থালাপনে বঞ্চিত, যে জীবন খ্যাতিবৰ্চ্ছিত, বছ পুত্ৰ-পৌজের ভরণপোষ্ণে যে জীবন কেবল ব্যয়িত হয়, ঐশ্বর্য-গৌরব বে কি অমূল্য বন্ত্র, যে জীবন ডাহা জানে না, হাতাতে ধিকু। আহা। দারিত্য ঘোব ভুংথের কারণ। যে হতভাগ্য দ্বিজ্যসাগবে নিমন্ন, সে গুণবান, সৌম্য, পশুিত ও সংকূল-জাত হইলেও কখন শোভা ধারণ কবিতে পারে না। তাহার পুত্র, পোত্র, বান্ধব, প্রাতা ও বিবাগণ, এমন কি, প্রিয়তমা বনিতাগণও তাহাকে পরিভাগে করিয়া চলিষা যায়। ভাগাবান চণ্ডালও ছিলবং পুঞ্জিত হইযা থাকে। হায, দবিত ব্যক্তি ইহ-জগতে সকলের খারা শবের তার উপেক্ষিত হয়। বে ব্যক্তি ধনবান ও ঐশ্বর্যালী, সে নিষ্ঠুৰ হইলেও, সকৰুণ গুণহীন হইলেও, গুণবান মুখ হইলেও পণ্ডিড বলিয়া পুলিত হইয়া থাকে। হাৰ। মোহান্ধ আশাৰুদ্ধ মানর দরিও অক্ষম হুইয়াও আশা ভ্যাগ কবিতে পারে না। একে দরিত্রতাই বিষম ত্বঃখ, ডাহার উপর আশ। যে কি ঘোবতর ত্বঃখেবু নিয়ান, তাহা বর্ণন করিতে পারা যায় না। যাহারা আশ।ভিতৃত, যাহাদেব কিছুতেই তৃথ্যি ও সন্তোষ জন্মে না, তাহারা নিত্যছঃখী, তাহারা কথনই সুথের আস্বাদন পায না। যাহাব। ছরাকাজ্ঞাব দাস, ভাছারা নিত্যছ:খী, তাহারা সর্বলোকের নিকট অবমানিত হয়। ইহ-ছগতে সম্মানই মহং ব্যক্তিদিগের অক্ষয় ও অমূল্য ধন। যে মানব রুখা মোহ ও ছবাশার বশবর্ত্তী হইয়া সেই স্বর্গীয় ধন হইতে বঞ্চিত হয়, সে মতবং কালযাপন করে। অহে। ধনের কি অপূর্ব্ব মহিনা। সর্বাশাস্ত্র পঞ্চিতও ধনহীন হইলে শূৰ্ষের ক্যান্ত নিশ্বিত হইবা থাকেন। হায়, দরিম ও মহামোহগ্রস্ত ব্যক্তিদিগের কে যোচন করিবে ৽ করে দরিম ও ধনীর এই ভেদভাব বিদ্বিত হঠরে ? অহো। ছ:খ—ছ:খ-ছ:খ, मतिप्रका विषय इस्थ। देशांत छेलद त्यावांत खोलुकांक्ति त्यारिका. অধিকতর ছঃখের কবিব।

হে দৈতাপতে। সর্মনাপ্রবিং ভয়নতি এইনপ বিশাপ করিয়া

মনে মনে আবাব ভাবিলেন, যে ব্যক্তির স্বল্প ঐর্থ্য, সে কিসে ধর্মদঞ্চয় করিতে পাবে ?—দান—ভূমিদান তাহাব ধর্মা-🖦 বেণেৰ সহাযতা করে। ভূমিদান সকল দানেব শ্রেষ্ঠ দান। ইহাতে সর্বকামনা সিদ্ধ হয়, সকল ধর্ম লাভ করিতে পারা যায়। মনে মনে এইরূপ স্থিব করিয়া ধার ও মতিমান ভদ্রমতি স্ত্রীপুত্রাদি সমভিবাহারে কৌশাখী নামক নগরীতে গমন করিলেন। তথায় স্থােয নামে দক্ষিধ্যান্ এক বিপ্রেল্ড বাদ কবিত। দ্লে বাজি ভত্রমতির কুটুর। এক্ষণে ভত্রমতি তাহার নিকট গমন করিয়া পঞ্চ-হস্তাযত ভূমি যাচ্ঞা করিলেন। ইহাতে ধার্মিক প্রযোষ মনে মনে সাতিশ্য প্রীত হইষা বলিল, 'ভব্রমতে! আমি কৃতার্থ হইলাম: আমার জন্ম সফল হইল। তুমি যখন আমাব অনুগ্রহ-প্রার্থ হট্যা আমাব বাটাতে আগমন করিলে, তখন মদীয় বংশ নিপাপ হইল। এই কথা বলিষা ধর্মতংপন স্বঘোষ তাঁহাকে বিধিবং অৰ্চনা কবিলেন এবং যথাবং মধ্যোচ্চারণ পূর্বক তাঁহাকে `পঞ্হন্তপরিমিত ভূমি দান কবিলেন।

হে দৈত্যে প্রশা পুণা ছা ধীমান্ ভ্রমতি দেই প্রাপ্ত ভূমি
বয়ং ভোগ করিলেন না। তিনি তাহা কোন হরিভক্ত প্রোত্রিয়
কুটুবকে দান কবিলেন। ভূমিদানম্বনিত অধীম প্রের প্রভাবে
কুটুবকে দান কবিলেন। ভূমিদানম্বনিত অধীম প্রের প্রভাবে
কুটুবকে দান কবিলেন। ভ্রমতি বয়ং ভূমি এইণ কবিয়া তাহা অপরকে
দান করিলেন; সেই ছক্ত তিনিও বুটুবকুক ইইয়া বিমুক্তবনে অমৃত
মূগ হান প্রাপ্ত ইইলেন; তাহার পর এপ্রপদ লাভ করিয়া প্রকর্ম
অবহিতি করিলেন এবং মর্কের্বর্যান্য ভূমি প্রাপ্ত হট্যা দহাভাগ
ক্রাতিশ্রররূপে গক্ষ প্রকার মুখ্যম্পদ্ ভোগ করিছে লাগিলেন;
ক্রের্যান্য ভূমি ভারতি লাগিলেন হিছাব ভারাত্র ভ্রমাণ্ডে তিনি বুভিহান আন্দাদিবকে পৃথিবী দান করিয়া
বিম্নর প্রমাণ্ডে পরন নাক্ষ ঘান করিমাছিলেন। অভ্যন্তর, হে
সর্ব্যধ্যপরায়ন বলে। আনাক্ষে বিপাদভূমি দানু করিমা তুমি অমুক্ত
ক্রমন্তর লাভ কর।

বামনক্রপী ভগবানের এই কথা-শ্রবণে দৈডাপতি যাব-পর-নাই আহলাদিত হইযা পৃথিবীদানার্থ কুলগুরু ভার্গবের মন্ত্রে জলপূর্ব কলম গ্রহণ করিলেন। সর্বব্যাপী সর্বজ্ঞ বিষ্ণু জলধারাবিবোধন জানিতে পারিয়া বাম-হত্তের কুশাগ্র ভাহার ছারদেশে স্থাপন করি-লেন। সেই দর্ভাগ্র হইতে কোটি সূর্য্যেব ভাষ প্রভাষিত এক অমোহ ও অভ্যুগ্র মহা জন্মান্ত্র সভূত হইয়া উক্রোচার্য্যেব চর্কু গ্রাস করিতে উন্নত হইল। এই ভযন্তর ব্যাপার দর্শনে সকলে চিন্তিত ও ভাত হইল। এ দিকে বলিরান্ধা ভগবান্ মহাবিক্ত্বকে ত্রিপাদ-পরিমিত ভূমি দান কুরিলেন। ভখন দেখিতে দেখিতে বামনক্ষী বিশ্বাম্যা লগম্মব নারায়ণের দেহ বৃদ্ধি পাইতে লাগিল; ক্রেনে ভাহা জন্মবন পর্যান্ত বাভিষা উঠিল। হই পদে তিনি স্বর্গ, মন্ত্র্য আছাদ্দন করিলেন এবং অপর চরন কন্ধাত্তকাহান্ত্র পর্যন্ত বিস্তৃত্ত ক্রিয়া দৈত্যেন্ত বাদিকে বলিলেন, "কোধায় ভূপন করিবে?"

হে বিলবর্গ। সেই সমযে ভগবানের পারাস্টাবো ব্রহ্মাও
ভিন্ন হওয়াতে সেই বন্ধুপথে বহুধাব সন্সিলরাশি উদগত ইইয়া
বিষ্ণুর চরণতল ঘৌত করিল এবং পরে ব্রহ্মাদি স্থরগণ এবং সপ্তর্ধিমণ্ডশকে অভিবিঞ্চন করিয়া দেব, কবি ও মুনিগণ আনন্দ্রগণ্যবের
নারায়ণের তাব কবিতে আবস্ত করিলেন। তাহাদের স্তবে সপ্তত্ত
ইয়া করণাম্য মহাবিষ্ণু ব্রহ্মাদি দেবগণকে য পদে স্থাপন
পূর্ব্বক অভ্যান্য দিন করিলেন এবং বলিকে বন্ধন করিয়া রসাতলে
নিক্ষেপ করিলেন। দৈতাপতি সেই পাতালপুরে রাছহ করিতে
লাগিলেন।

দানবেন্দ্র বৈরোচনির এই শোচনীয় ভাগার্থান্ত অবণ করিয়া মূনিগুণ সবিশ্বয়ে জিলালা করিলেন, "হে স্তত ! রদাতল ভ্যাবহ তুরবহুশে পরিপুর্ব, অতএব সেই দর্পনিবেবিত ভবত্তর পাতালে নহাবিদ্যু বলিরান্তার জন্ত কি ভোলা নির্দেশ করিয়া দিসেন ?".

দ্বিদ্যাপের এই কৌভূহল নিবারণ করিবার নিমিত পুরাণতব্যু

রোমহর্ষণ পুনর্ব্বার বলিতে লাগিলেন, হে বিপ্রগণ া মন্ত্র ব্যতিরেকে অশুচি ব্যক্তি দারা যে সমস্ত স্থত জাতবেদা পাবকে প্রদত হয়, এবং অপাত্রে যাহা কিছু দান করা যায়, ডংসমস্তই দৈত্যেন্দ্র বলির ভোজ্য। বিষ্ণু এইরূপে বলিরাজকে রসাতলে স্থাপন করিয়া দেবকুলকে বিষম তুর্গতি হইতে উদ্ধার করিলেন। অমর ও মহর্ষি-গণ আনদে উৎকুন হইবা তাঁহার অর্চনা করিতে লাগিলেন, গন্ধর্ম ও কিন্নরগণ অমৃতময় বারে তাঁহার মহিমা কীর্তন করিতে • সারম্ভ করিলেন।—সমস্ত লগং আনন্দে পরিপূর্ণ হইল। এইরূপে স্থুর, নর ও বিভাধরদিগের মুবে মাহাম্যকীর্ত্তন প্রবণ করিতে করিতে ভগবান নারায়ণ পুনর্কার বামনত্ব প্রাপ্ত হইলেন। প্রবি-কুল। লোকপাবনী গলা এইরূপে বিফুপদে উদ্ভূত হইয়াছিলেন। পড়িভোদ্ধারিণী সুরধুনীর পবিত্র নাম উচ্চারণ করিবামাত্র লোকে মহাপাতকরাশি হইতে মুক্তি লাভ করে। অহো। ভগবতীর পুত সৈকতের শত যোজন দুরে থাকিয়া যে ব্যক্তি ভক্তিপূর্ণ-হৃদয়ে এক-বার "গঙ্গা গঙ্গা" বলিয়া আহ্বান করে, সে সকল পাপ হইডে নিশু ক্তি হইয়া বিভূলোকে স্থান প্রাপ্ত হয়। কি দেবালয়ে, কি শৃক্ত-গ্যহে যে ব্যক্তি অবহিতচিত্তে এই অধ্যায় পঠি অথবা প্রবণ করে, দে সহত্র অশ্বমেধের ফল লাভ করিতে সমর্থ হয় এবং ভক্তিসহ-কারে ও নিবিষ্টমনে বাহারা ইহার ব্যাখ্যা করিয়া দেয়, তাহারা বিষ্ণু ও গদার প্রেসাদে জনন-মরণ-ব্লেশ হইতে মুক্ত হইয়া বিষ্ণুর চরণতলে স্থান লাভ করে।

### দ্বাদশ অধ্যায়।

#### **मानविधि ।** ≄

অনস্তর থবিগণ পুনর্বার জিজাসা কবিলেন,—"হে মহাগন্।
কাহাকে এবং কাহারই বা দান করা কর্ত্তন্ত । কিরুপ সময় দানপক্ষে প্রশন্ত এবং কাহারই বা প্রতিএই করা উচিত, এক্রণে তাহী
আমাদিগের নিক্ট কীর্ত্তন ক্ষন ।" ইহাতে পরমতব্জ স্ত
পুনর্বার বলিতে আবস্ত করিলেন,—হে বিপ্রেল্রবর্গ। রাক্ষণই
সর্ববর্গের পরম গুরু; তাহাকেই দান কর। কর্ত্ত্যা বাক্ষণই

 \*শাস্ত্ৰহার বিগের মতে <sup>1</sup>লান বিবিধঃ — বাবিক, বালব ও তাম্ব¹ তদ্যধ¹.—

পাতব্যমিতি বহানং শীরতেং ছুপকারিবে।
বেশে কালে চ পাত্রে চ তথানং সাধিকং স্বতন্ত্র
যন্ত্র প্রত্যুগকারার্থং কমন্দিত্র বা পুন: ।
সীয়তে চ পরিক্লিং তথানং বালবং বিহু: ।
অপেকালে বহানখাত্রেভাক ধীয়তে।
অপংকুতমব্জাতং তত্রাবস্থান্তন্ত্

গবদগীতা।

কাহার কাহারও মতে দান চতুর্বিধ ,—নিতা, বৈনিখিক, কামা ও বিষদ। বে দান নিদান অর্থাং কলের অহদেশে রাজ্যাকে দেওৱা হয়, কাহা নিতা; যাবা পার্শ-পারির নিমিত্র একত হয়, তাহা বৈনিখিকে , ঐশ্বর্যা, কোহার, পুত্র, ছত্ত ও শর্ম প্রভৃতির কামনার যাহা অর্থিত হয়, তাহা কামা এবং ইবরের প্রীতিসাধনার্থ বর্ষ-পূর্ব ফাদের স্ত্রিত ক্রমিব আঞ্চাকে বাহা কিছু বেওরা বাহ, ভাহাই বিমন। এই বেনোক দানই প্রেট্ডা বাদা

> "অহসংনি বং কিঞ্চিনীয়তে২গুণকারিবে। অহ্দিত ক্লৱৎ ভাব্তামণায় চ নিতাকম্ ঃ

> মুক্ত পালোপলাতার্থং দীয়তে বিছ্যাং করে। বৈনিষ্টিকং ভত্তিইং দানং সম্ভিন্নত্তবন্ a

প্রতিগ্রহ করিবে . ইহা শান্ত্রীয় বিধান। ক্ষব্রিয় ও বৈশ্র কথনই দান গ্রহণ করিতে পারে না : অতএব তাহাদিগকে দান করা অকর্ত্তবা । কিন্তু তাহা বনিয়া যে ব্রাহ্মণকুলে জন্মর্গ্রহণ করিলে সকলেই প্রতি-গ্রহপাত্র হইতে পারে, এমত নহে , ইহার বিশেষ নিয়ম আছে। যে' ব্যক্তি দেবছেবী, পুত্রহীন, দান্তিক অথবা দন্তাচারনিরত, তাহাকে দান কবিলে নিক্ষণ হয<sup>়</sup>। যাহারা দেববিদেয়ী, দ্বিজ্কুলকে যাহারা ঘুণা করে, অথবা যাহাবা তাঁহাদৈব অনিষ্টকামনা করিয়া । থাকে, যাহারা স্বাশ্রমোচিত স্বাচার হইতে পরিত্রষ্ট, যাহারা প্রদাব-রত, পরেব ভ্রবাদর্শনে যাহাদেব লোভ উত্তিক হয এবং যাহার৷ নক্ষত্রপাঠক, \* তাহাদিগকে দান করিলে নিক্ষ্প হইয়া থাকে? যে ব্যক্তি অসুয়াবিষ্ট, কুডন্ন, মাযামূচ, হিংসক প্রথবা শঠ, যে দ্বিজ অ্যাজ্য যদ্দান রক্ষা করে, নাম ণ বেদ, স্মৃতি অথবা ধর্মা বিক্রম করিয়া জীবনধারণ কবে এবং স্বার্থসাধনার্থ অপরের উপর অত্যাচার করিয়া থাকে. তাহাকে দান করিলে তাহা নিক্ষল হইষা যায়। যাহারা পাপাচারী, অজনগণের নিকট যাহার। নিবন্তব নিশ্বিত হইয়া থাকে. তাহাদিগের নিকট দান গ্রহণ অথবা তাহাদিগকে কিছুই দান কবিতে নাই। গাহারা সংকর্মেব অন্তর্গানে নিরত, তাহাদিগকে এবং শ্রোত্রির 🗦 ও আহিতায়ি বৃত্তিহীন গ্র অথবা দবিত্র কুটুরকে দান করা কঁঠবা। হৈ বিপ্রবর্ণ। দেবপুজাসক্ত, সংকথাপরাযণ,-বিশেষতঃ সবিদ্রাক যার সহকারে সর্ববদা দান কবা উচিত।

> অপভাৰিজবৈশ্বান্ত্ৰণাৰ্থ যৎ প্ৰদীয়তে। দান্তং কাৰ্মাশান্তম্বিভিধ্পতি টকং ॥

হৰীধ্বপ্ৰীননাৰ্থ ক্ৰদবিৎস্থ প্ৰদীৱতে। চেতদা কৰ্মস্থাকন দান তদ্বিদলং দিবদ্ ॥" কুৰ্মপুৱাণ দক্ৰপাঠক—ক্ষোতিবব্যবদায়ী এক প্ৰকাৰ হীন বাস্প।

<sup>†</sup> नोम—गारुत्। ‡ त्वाहित्र—रवरकः।

T दु खिशीन-दोहोद कीदनश्रात्र बिक्तांटन त्वांबल क्रेबान बाहे ।

### ত্রোদশ অধ্যার।

## ধৰ্মানুষ্ঠান-বিধি।

মুমুজু মুনিগণ গদামাহাত্ম শ্রাবণ করিতে উৎস্থক হইরা আগ্রহ সহচাবে সূতকে জিল্ঞানা করিলেন, "হে স্ত ৷ মহাভাগ ভগীবথ কি প্রকাবে পভিতপাবনী সুষধুনীকে অবনীতলে আনবন করিযাছিলেন, অসুগ্রহ করিয়া ভাহা আমাদিগের নিকট কীর্ত্তন ককন।"

তাঁহাদের এই পবিত্র প্রশ্ন প্রবাণ কবিয়া পুণ্যামা রোমহর্বদ
অভিশয় আনন্দিত হইলেন এবং তাঁহাদিগকে সাধুবাদ করিয়া বলি
লেন, হে বিজসত্ত্রমুগণ! আপনাদের জ্ঞান নিশ্চমই প্রশাসনীন
সেই ছতাই আপনারা এই পরম পবিত্র বিষয় প্রবণ করিতে সমুংমুক
হইযাছেন। এই বৃত্তান্ত সমস্ত পুণ্যের আম্পদ। মহালা নারদ
মূনিপুলব সনংকুমারের নিকট এই পুণ্যময় বিবর্ত্তব করিমা
ছিলেন। এ বৃত্তান্ত অতি মনোহর ও পুণ্যময়। ইহা প্রবণ করিমা
ছিলেন। এ বৃত্তান্ত অতি মনোহর ও পুণ্যময়। ইহা প্রবণ করিমা
ক্রমাভীও সকল পাপ হইতে মুক্তি লাভ করিয়া পরম পবিত্র হইতে
সমর্থ হয়। সগরকুলোভুত পুণায়া ভগীরণ কাহার পর্যামশিল্যম,
কি প্রকার্যে লোকপাননী গলাকে পৃথিবীতলে আম্বন্ত করিমাছিলেন,
ভংসমত বৃত্তান্ত আমি আপনাদিগের নিকট কীর্ত্তন করিতেছিল
প্রবণ করন।

হে বিপ্রেম্পর্কা । মহারাজ ভগীরথ রাজপদে অধিন্তিত হইমা সাগরাহরা সপ্তদ্বীপাথিতা বনুকরাকে ধ্রম্মের অবিরোধে শাদন করিতে লাগিলেন । ভিনি যেকপ গুণবান, সেইকপ কপবান। ডিনি নিত্য সকল ধর্মের অমুঠান করিতেন,সংগক্ষের সমর্থনে সর্ব্বদ নিরত থাকিতেন এবং সকল ধর্ম অবগত ছিলেন। ভিনি সত্য<sup>ব্রত,</sup> মহাভাগ, বিস্কণ ও নিত্য যজনীল, ভিনি কন্দর্পের স্থায় রূপবান, স্বধান্তর স্থায় প্রিয়দর্শন, তচলসম বীর এবং সাগবের স্থায় গভীর। তিনি সর্বাশাব্রক্ত ও সর্বসম্পাংসংযুক্ত। তাঁহাকে দেখিলে সকলেরই আনন্দ হইত। তিনি আতিখেব ও অ্বতনীল; পরাক্রান্ত, মৈত্র ও সকল লাবের হিতবারী। বলিতে কি, তিনি সর্ববিধানপার। নারায়ণের প্রতি তাঁহার অচলা ভক্তি। তিনি প্রত্যুহ যথাবিধানে ভগবানের পূলা করিতেন। হে মুনিগণ। মহীপতি ভগীরথের এই অসীম গুণনিচযের বিবরণ অবগত হইয়া ব্যং ধর্মরাজ একদা তাঁহার সহিত সান্দাং করিতে আসিলেন। তাঁহাকে সমাগত দেখিযা মরুনাথ ভগীরথ পরমানদ্দে পূল্বিত হইলেন এবং যথাবিধানে পূলা করিয়া তাঁহার চরণতলে সান্তাল প্রণিগাভ করিলেন। অভ্যাপর যথাবালে আভিয়া-সংকার সম্পাদনপূর্বক স্থাসীন ধর্মবাজের সমূথে আসন পরিগ্রহ করিয়া তিনি ফুডাপ্রনিগ্র্টে বিনয়নত্র-বচনে দিল্লানা করিলেন, "হে সর্বত্বার্থকোবিদ মহাভাগ। আপনার প্রাপিণে আমি ফুডার্থ ইইলাম। আমি সামান্ত মানব, ভবাদৃশ মহাত্বা দেবভার উপকার আর কি করিব।"

ধার্মিকপ্রবন্ন ভগীরথের এই ভদ্রোচিত বাকাশ্রবণে সন্তুষ্ট হইমা
ধর্ম অমিয়মন হাজ সহকারে সেহসিক্ত পরে বলিলেন,—"হে রাজন্ ।
ইহজগতে সম্পংসৌভাগোর সহিত বে শ্বনে কীর্ত্তি ও নীতি একতে,
বিরাজিত থাকে, সেই শ্বনে সাধ্যক্তি ও সর্বদেশভাগণ সর্বদা
বিরাজ করেন। বংস। সর্বভৃতের হিতামুগ্রান মাদৃশ ব্যক্তিদিগের ছ্রভি। বাস্তবিক ভোমার চরিত্র যথার্থ প্লাঘনীয় ও
প্রশাসাযোগ্য।"

ধর্ণদ্ধাকের এই উদার রাজ্যলোধ দলালিকটের জাঁহার চরণজার প্রণাম করিয়া ভগীরণ সবিনারে পুনর্বার জিলাসা করিলেন,—"হে ভগবন। বে সর্ব্যধর্মজ সমদর্শী স্বরেশর। একণে আমার একটি বিষয় ঘানিবার একান্ত অভিলান হইয়াছে, কুণা করিয়া আপনি আমার দেই অভিলান প্রণ করুন। প্রভা। ধর্মা কি ? কাহারাই বা প্রকৃত ধার্মিক ? বাভনা কয় প্রকার ? কোন্ কোন্ ব্যক্তি প্রকৃত শান্ত বিলিয়া পরিকীর্তিভ হইছে পারে ? 'কাহারা আপনার র্মমাননীয় এবং কাহারাই বা শাসনীয় ? হে মহাভাগ। এই স্কল বৃত্তান্ত সবিভারে বর্ণন কবিয়া আমাকে চবিভার্য কলন।"

এই সকল উৎকৃষ্ট প্রশ্ন শ্রবণ করিয়া পরম আহলাদ সহকারে ভগবান ধর্মারাজ ভগীরথকে বিস্তর সাধুবাদ প্রদান করিলেন এবং ধীর 🛮 গম্ভীরভাবে তংসমন্তের উত্তরদানে প্রবৃত্ত হইলেন ,—"হে মহাবুদ্ধে। ভোমার মতি যথার্থই বিমলা ও উজ্জ্বলা ; সেই জ্বন্ত ধর্ম ও অধর্মের বিষয় বলিডেছি, শ্রবণ কর। হে ভূপতে। পৃথিবীতে বছবিধ ধর্ম আছে ; তংসমন্তেরই অমুষ্ঠানে জীব পুণ্যলোক লাভ করিতে সমর্থ হয়। সেইরূপ বিস্তর ভ্যানক অধর্ম ও যাতনা আছে, কোটি বংসরেও সে সকলের বিস্তৃত বিববণ কীর্ত্তন করিতে পারা যাম না। স্কুতবাং সংক্ষেপে বৃদ্ভিছি, নিবিষ্টচিত্তে প্রবণ কর। ৰংস ! শাস্ত্রে বর্ণিভ আছে যে, বিদ্ধদিগকে বৃত্তিদান করির্লে মহাপুণ্ অজ্ঞিত হইয়া থাকে। সেই দ্বিজগণ যদি শাস্ত্ৰজ্ঞ ও পণ্ডিত হৰ্মেন, তাহা হইলে সেই দান অক্ষম হয়। যিনি কলত্রবান্, শাস্ত্রবিং, অথবা গুণসম্পন্ন শ্রোত্রিয়কে বুরিদানে স্থাপিত করেন, তিনি পরম পুর্ লাভ করিতে পারেন,—তিনি মাতৃ ও<sub>্</sub>পিভৃপক্ষের বিকোটি *কু*লে পরিবৃত হইয়া বিফুর স্বাত্মপ্য \* এবং পরম মোক লাভ করিতে সমর্থ হবেন। হে রাজন্। আক্ষণকৈ বৃত্তিদান সহ স্থাপন করিলে যে পুর্য অভিন্নত হয,তাহা অসীম,অনস্ত ও অসংখ্য। 'লোকে ভূমির ধূলিজাল ' অথবা আকাশের বৃষ্টিবিন্দু গণনা করিতে পারে, কিন্তু ব্রহ্মস্থাপুনের পুণ্য স্বয়ং বিধাতাও কখন গণনা করিতে পারেন না।

হৈ মহীপাল। শাস্ত্রে কথিত হয় যে, প্রাশ্নর সকল দেবতার শ্রতিমূর্ত্তিবরূপ। সেই সর্বাদেবমথ প্রাশ্নণকে জীবনদান করিলে যে নহাপুণ্য লাভ করিতে পার্রা যায়, ডাহা কে সম্যুক্ বর্ণনা করিতে সমর্থ ? খিনি বিপ্রকুলের হিতান্নুষ্ঠান করেন, তিনি সমস্ত যজারু-তানেব,সকল তার্থনানের, অধিল ভপশ্চরধের কললাভ করিতে সমর্থ

শরেশা—বিষ্ণুর সরপ অর্থাৎ বিফুতে বিদীন হওরা।

হয়েন। যে ব্যক্তি ভড়াগ খনন করায় এবং যে ভাহা খনন করে, তাহাদেব পুণাফল শত বর্ষ ধরিয়া বর্ণন কবিতে পাবা যায় না। ভডাগকর্ত্তা পৃথকোটি কুলে সমাত্ত হইয়া বিঞ্ভবনে গমন পূর্বক তথায় জন্ম-মৃত্যু-ক্লেশ হইতে মৃক্তি লাভ করে। পথশ্রমে ক্লান্ত এবং রৌজ-তাপে তাপিত হইয়া পরিককুল সেই সরোবরতীবস্থ স্লিঞ্চ চ্ছায়াবিশিষ্ট বৃক্ততে উপবেশনানম্ভর তৃঞ্চানিবারণার্থ জলপান পূর্বক যখন পরম শান্তি লাভ করে, তখন সেই তডাগকর্তার সকল পাপ • বিনষ্ট হইবা যায়। আহা, চিরজীবনের মধ্যে যে ব্যক্তি একদিনের জন্মও পুথিবীকে সলিলে অভিষিক্ত করিতে পাবে, সে সকল পাপ হইতে মুক্ত হইয়া ত্রিদিবধামে শতবর্ণ অর্গস্থুথ সজোগ করিতে সমর্থ হয। পুছরিণী খনন কবিতে বাহারা সহায়তা করে, তাহারাও মহা-পুণ্য লাভ করিযা থাকে। বাজন্। তড়াগ ধনন কবা মহাপুণ্য; এমন কি, যে ব্যক্তি তড়াগগর্ভ হইতে পরার্ত্তমাত্র মৃত্তিকা খনন করিয়া তুলে,নে কোটি পাতক হইতে মুক্ত হইয়া পঞ্চাশং অৰ \* ত্ৰিদিবপুৱে বাস করিতে সমর্থ হয়।

মহীপতে । দেবালয পরম পরিত্র স্থান । যে ব্যক্তি শিবের অথবা নারায়ণের মন্দিব প্রতিষ্ঠা বা নির্মাণ করে, সে মান্ত্ ও পিতৃ-পক্ষেব লক্ষকোটি কুলে সমন্থিত হইয়া কর্ম্ময় বিশ্বুপদে দ্বান প্রাপ্ত হইয়া থাকে; পবে সেই পবিত্রতম স্থলেই নির্ব্বাণমূক্তি লাভ করিয়া জনন-মবণ-বাতনা হইতে নিহ্নতি প্রাপ্ত হয় । মৃতিকা দারা যে ব্যক্তি দেবালয় নির্মাণ করে, দে ব্যক্তি মান্ত্-পিতৃপক্ষের শতকোটিকুলে সমন্থিত হইয়া বিশ্বুপদে তিন কয় বিহার পূর্বক সেই স্থানেই পরম মোক্ষ লাভ করে। কার্চে মুন্তিকার ন্বিপ্ত, ইইকে ত্রিপ্তণ, নিলায় চতুর্ত্বন, ক্ষতিকে দনগুণ, তামে শতগুণ এবং বর্ণে কোটিগুণ পুণা লাভ করিতে পারা যায়। হে রাজন্ । ভড়াগ-প্রতিষ্ঠার অর্ধ দল কাসারে, ণ কুপে ভাহার একপাদ এবং ক্ল্যায় \$ ভাহার শৃতাংশ

व्यस्—वरगतः

ণ কাসা<del>ধ--সামাত</del> সরোবর।

ক্লা—ক্লবিম সরোবর।

পুণা লাভ হইয়া থাকে। বংদ! দেবগুশ্রুষা ও ধর্মায়ুঠানে ধনিদরিদ্রের ভেদাভেদ নাই। ধনাঢ়া ব্যক্তি পাষাণ ছারা দেবনিকেতন
প্রতিষ্ঠা করিয়া যে পুণা লাভ করিয়া থাকে, দরিন্ত সামাত সৃত্তিকা
ছারা তাহা করিয়া সেই পুণা লাভ করিতে সমর্থ হয়। ধনবান্
লোকেব প্রামদান এবং নিধনের হস্তপ্রমাণ ভূমিদানের সমান ফল।
ধনদপ্র ব্যক্তি পুকরিণী প্রতিষ্ঠা করিয়া ভাহার তীরে ছাযাভক্ব
রোপণ করিলে মহাপুণা লাভ করিযা'থাকেন। রোদ্রের প্রথবতাপে
ক্রান্ত হবলে জীবণা সেই সকল বুক্লের ছায়াভলে বিরাম লাভ
করিয়া যখন উদাবহনদয়ে তাঁহাকে আশীর্কাদ করিতে থাকে, তখন
তাঁহার জন্ত বর্গনার উন্মুক্ত হয়। খাঁহারা আবাস, দেবগৃহ, তড়াগ
অথবা কৃপ প্রতিষ্ঠা করেন, তাঁহারা নিশ্চরই মহাভাগ,—এমন
কি, নারায়ণও তাঁহাদিগকে সর্বাহা পুলা করিয়া থাকেন।

হে নরনাথ। সর্বলোকের উপকারার্থ অথবা দেবপূজার নিমিত যাহারা কুমুম-কানন স্থাপন করে, তাহারা অ্যাম পুণালাভ করিতে সমর্থ হয়। সেই পুস্পোভানে কুসুমন্তরু-নিচয়ে বত পর্ণও প্রসূন লক্ষে, তাহারা তাবৎকাল শতকোটি কুলে সম্বিত হইয়া স্বর্গে অসীম স্থদভোগ করিয়। থাকে। যে সকল মমুষ্য তুলসী-বোপণ কবে, তাহারা মাতৃতঃ ও পিতৃতঃ সপ্ত কোটি কুলে সংযুক্ত হইয়া নারায়ণের সম্মুখে শতকল্ল বাস করিতে সমর্থ হয়। যাহাবা তুলদীমূলত মৃত্তিকা লইয়া ললাটে উদ্বপুত ধারণ করে, সেই স্থলে ভাহাদের অপর একটি নয়ন উদ্ভূত হইয়া থাকে। হে রাজন্। তুলসীরক্ষে সর্বদেবতা সর্বক্ষণ বাস করেন। তুলসীমূল সর্ব্বদা পরিষ্ণার রাখা কর্ত্তব্য। যে ব্যক্তি তুলসীতল হইতে ্যতথালি ভূণ উৎপাটন করে, সে ততগুলি বৃদ্ধহত্যালনিত পাপ হইতে মুক্ত হয়। যিনি গণ্ড্যমাত্র সলিলে তুলসীমূল সেচন করেন, তিনি ক্ষীরোদশায়ীর সহিত স্থুদীর্ঘকাল, বাস করিতে সমর্থ হযেন'; যত দিন চন্দ্র ও গ্রহ-নক্ষত্রাদি জগতে আলোক প্রদান ৰুরিবে, তত দিন জিনি নারায়ণের পার্য হইতে কিছুতেই অন্তরিও

হইবেন না। যে ব্যক্তি লাক্ষণের পূজার নিমিন্ত হংকানস তুলসীদল চয়ন করিয়া দেয়, সে তিনকুলে সংযুক্ত হইয়া বিষ্ণুতবনে স্থান
প্রাপ্ত হয়। আহা ! তুলসী পরম পবিত্র। তাহাকে অথবা তাহাব
কার্চ কর্পে ধারণ করিলে উপপাতক হইতে মুক্তিলাত করিতে পারা
যায়। কমলাকান্তের চরণকমল কোমল তুলসীদলে পূজা করিলে
ক্রন্ধলাকে স্থান লাভ করিয়া মানব পুনরারবি হইতে নিকৃতি লাভ
করিমা থাকে। যে ব্যক্তি পূর্ণিমা অথবা লাদশী তিথিতে প্রস্থমাত্রছম্ম বারা নারায়ণকে রাণিত করে, সে অযুতকুলে সংযুক্ত হইয়া
বিষ্ণুর সাযুদ্ধা প্রাপ্ত হইতে সমর্থ হয়। এইকপ মিন লাদশী তিথিতে
প্রস্থমাত্র হতে অথবা একাদশীতে পঞাযুতে জনার্থনক স্থান করান,
তিনি কোটিকুলে সংযুক্ত হইয়া বিষ্ণুর সাযুদ্ধা প্রাপ্ত হইয়া থাকেন।
হে মৃত্তীপতে ! একাদশী, লাদশী অথবা পেণিরাসীতে নারিক্রেলাদকে পানি নারায়ণকৈ স্লাণিত করেন, তিনি নারক্রেলাদকে প্রথমান ক্রিফে ক্রিমা বিষ্ণুক্ত ক্রমা।

জন্মার্জিত পাপরাশি হইতে নিমূক্ত হইয়া ছিশত কুলের সহিত দীর্ঘকাল বিষ্ণুব সহিত বাস করিতে সমর্থ হয়েন। পুলোদক অথবা গদ্ধসলিলে গোবিন্দকে ভক্তিসহকাবে স্নাপিত করিলে মানব মুগকাল বর্গের অধিপতি হইতে পারে এবং ময়ণুত জলে অথবা ইকুনীরে দেবদেব চক্রপাণিকে স্নান করাইলে মানব অমৃত কুল-যুক্ত হইয়া ভগবানের সহিত বাস করিতে সমর্থ হইয়া থাকে।

রাজন্। বিবিধ বিধানে শিব ও নারাযণকে স্নাপিত করিয়া
মনোহর গন্ধ ও পুল্প-সন্তে তাঁহাদিগকে পূলা করিলে তাঁহাদের
স্বান্ধপা লাভ করিছে পারা যায়। বিকচ কনলদলে যে ব্যক্তি
বিষ্ণু অথবা শিবকে পূলা করে, সে কুলত্রিতর-সংযুক্ত হইয়া প্রদ্ধলাকে স্থান প্রাপ্ত হইয়া থাকে। নারায়ণকে কেডকী, চল্পক,
বন্ধুক ও সেফালি এবং শিবকে নিশাকালে ধৃত্তুর, অর্ক, ভাতী ও
ক্ষম্ম (বক) পূলো পূলা করিলে তত্তংবেবের স্বান্ধপা প্রাপ্ত হইয়া
তাঁহাদিগের চরণতলে স্থানলাভ করিতে পারা যায়। হে রাজেপ্রঃ

প্রস্থিল পরিমাণাবশের। চারি মৃথিতে এক কুড়ব ও চারি, কুড়বে এক প্রস্থ

র্হনারদীয়-পুরাণ।

522

অনুরক্ত। সেই সকলেব মধ্যে প্রস্থ ও শমীপুশ উভরেবই অতি
প্রিয় । চতুর্দদী তিথিতে যে ব্যক্তি গিরিজাগতি শিবকে অপামার্গদলে পূরা কবিতে পারে, সে শিবসাযুক্তা লাভ করিতে সমর্থ হয় ।
শহর অথবা বিক্তুকে ধূপ ও যুত্যুক্ত গুগুজন দিয়া ভক্তিসহকারে
পূজা করিলে সর্ব্বপাপ হইতে মুক্তিলাভ কবিতে পারা যায় । হে
নবোন্তর । যে ব্যক্তি বিক্তু ও শহরকে ভিলতৈসাধিত অথবা যুত্যুক্ত
দীপ প্রধান করে, সে সর্বকাষের সাক্ষ্যা লাভ করিয়া তাঁহাদিগেই

এতদ্বাতীত আরও অনেক কুমুম আছে; হবি ও হর তংসমস্তেই

পদ প্রাথ হইতে পারে। লোকনাথ ব্রাহ্মণ সকল বর্ণের শ্রেষ্ঠ,-ব্রাহ্মণ দেবতার স্বরূপ; অতএব যাহা কিছু ইষ্ট বস্তু, তৎসমন্তই ব্রাহ্মণকে দান করিলে বিষ্ণু-ভবনে ত্থান প্রাপ্ত হওয়া যার। অরদান পরম-পুণ্যপ্রদ অতুর্চান। আমদান কবিলে জ্রণহা # ব্যক্তিও পবিত্রতা লাভ করিতে পারে । বংদ! অল্পান ও জলদানের তুল্য দান আব নাই। শরীর অল্প অন্ন প্রাণ, দেই জন্ম অন্নদাতা প্রাণদাতা বলিষা বর্ণিত হইয়া থাকেন; —প্রাণদাতা সর্বাদাতা, স্বতরাং অল্লাভা সর্বাদাতা। অল্লান হইতে সকল প্রকার দানের ফল লাভ করিতে পার। যায়। শারে বর্ণিত আছে যে, অন্নদাতা অযুত্রবংশে সমধিত হইষা ব্রহ্মসদনে স্থান প্রাপ্ত হয়েন ;—স্মার তাঁহাকে পুনরাবৃদ্ধি-ব্রেশ ণ ভোগ করিতে হয় ना । সেইরপ জলদান মহাপুণ্যপ্রদ ; জলদান হইতে সদ্যু পরম ভুষ্টি লাভ করিতে পারা যায় ; <sup>'</sup> স্নতরাং জলদান অন্নদান হইতেও শ্রেষ্ঠ দান। যে ব্যক্তি মহাপাতকী অথবা সর্ঝপাতকযুক্ত, সে অয়লল দান করিলে সমস্ত পাপ হইতে নিবৃতি লাভ করে। আয়ত্রদাতাই কুলে বাহারা জন্মগ্রহণ করে, ভাহারাও নরকের ভীষণ মৃত্তি হইতে চিরকাল দূরে থাকে ; অতএব, বংস ৷ সর্ববদা ভক্তিসহকারে কৃষিত ও ডুফার্ড ব্যক্তিকে অগ্নছল দান করিবে।

বিনি গ্রহ শিক হনন করেন, তিনি অবহা।
 পুনরার্গ — পুনরাগ্রন।

হে রাজন্। যে ব্যক্তি ভক্তিসহকারে অতিথিব সেবা-শুশ্মা করে, সে পরম পূণ্যবান্। গলালান করিয়া যিনি ভক্তিপূর্ণরদ্যে অতিথিব পাদদ্য অভ্যন্তন করিয়া থাকেন, তিনি সকল তীর্থলানের ফললাভ করিছে সনর্থ হবেন। ক্লয় আন্দাকে যে রক্ষা করে, তাঁহাদিগকে ভূমি অথবা পর্যাঘিনী গাভী প্রদান করে, তাঁহাদিগের শুশ্বায় সদা নিরভ থাকে, সে যে অসীম পূণ্য অর্জন করিতে সমর্থ হয়, ভাষা কেহই গণান করেতে পারে না। ভ্যবিহলে ব্যক্তিদিগকে বিনি অভ্য দান করেন, তাঁহার পূণ্যকল বর্ণন করিতে কেইই সমর্থ নহে। একমাত্র ভ্যাবিশ্বলের প্রাণরক্ষণ করেতে হইছে সকল প্রকার মজাযুঠানের ক্ষলাভ হয়। ভ্যবিহলে বাজ্ঞাবে যে ব্যক্তি রক্ষা করে, সে নিশ্বাই বিজ্ঞা প্রাণরক্ষা কল বর্ষের প্রোঠ। তে মহীপাল। একজাতীত অপর অপর দান হইতে যে যে

হে মহীপাল। এতখাতীত অপর অপর দান হইতে যে যে পুণ্য লাভ করিতে পারা যায়, তাহা বর্ণন করিতেছি, প্রবণ কব। বস্ত্রদাতা ক্ষত্রভবনৈ, ক্যাদাতা ব্রহ্মপদে এবং স্থবর্দাতা বিফ্রভবনে স্থান পাইয়া থাকেন। য়ে ব্যক্তি স্বীয় কন্সাকে নানাভূষণে ভূষিত করিয়া বেদবিং গ্রাহ্মণকে দান করে, সে শতবংশে সমাবৃত হইয়া ব্রহ্মপদে আশ্রয় লাভ করিতে সমর্থ হয়। কার্ত্তিকী পৌর্ণমাসী তিথিতে অথবা আঘাচমানে মহাদেবের ভুষ্টিসাধনার্থ যিনি বুবভ দান করিয়া ধাকেন, তিনি সপ্তদমাৰ্জিত পাপ হইতে নিম্মুক্ত এবং সপ্ততি কুল-সংযুক্ত হইয়া ক্লন্তের সহিত বাস করিতে সমর্থ হয়েন। শিবলিপারতি করিয়া যে ব্যক্তি তংসমূখে মহিব উৎসর্গ করিয়া থাকে, ডাহাকে আর কোন যাতনাই ভাৈগ করিতে হয় না। যে ব্যক্তি ভক্তিসহকারে তাম্বল, ক্ষাঁর, মৃত ও দাবি প্রদান করে,বিফু তাহার প্রতি সম্নষ্ট হইয়া তাহাকে শ্রীসম্পন্ন পদ প্রদান করেন, সে দিবাযুগ পর্যান্ত পরম' স্থাবের সহিত স্বৰ্গপুরে বাস করিয়া থাকে। ইকুদানে চল্রভবন, গুড় ও रेक्द्रमातः कीद्रमागद, शक्ष-भूष्ण-धनमातः उक्षणम, बनमात-पूर्या-লোক এবং বিদ্যাদানে নারায়ণের সাযুদ্য লাভ করিতে পারা যায়। দরনাথ। শাস্ত্রে ডিনটি দান মহাদান বলিফা বর্ণিত আছে

তাহা বিভা, গাতী ও ভূমি। বিদ্যাদান পরস তভকর অমুঠান।
ইহা দারা হৃদধেব অমুকাররাশি বিদ্রিত হয়। মাহার সাহায্যেলোক প্রকৃত মামূয হইতে পারে, যাহা সকল প্রকার হুখের নিদান,
তাহা কি সামান্ত ধর্ম ? এই মহান্ ধর্মের অমুঠানে নারায়ণের সামূজা
শক্ষ হইমা থাকে। অভএব সর্বাদা বিদ্যাদানে নিরত থাকিবে।

হে পরস্তপ! ০ ধাতাদাতাকে প্রীপতি ধন দান করিয়া থাকেন;
ধাতাগাতা উপপাতকরাশি হইতে মুক্তি লাভ করিয়া প্রক্রেসদদে
হান প্রাপ্ত হয়; কিন্তু ইহা অপেকা শিবলিদ্দানে অধিকতর পূণ্য
কোট প্রক্রাপ্ত প্রদান কবিলে মানব যে মহাপুণ্য লাভ করিতে সমর্থ
হয়, একমাত্র শিবলিদ্দানে নেই পূণ্যলাভ করিতে পারা যায়
শালগ্রামশিলাদানে ইহার বিশুণ ফল অর্জিত হইমা থাকে। এইবপ
হয়,মাণিক্য ও বল্লাদি প্রদান করিলে মানব পরম মোক্ষলাভ করিতে
সমর্থ হয়। হে নূপতে। ভিন্ন ভিন্ন বন্ধদানের ভিন্ন ভিন্ন ফল নির্দিষ্ট
আছে। হীরকদানে প্রবলোক, বিক্রমদানে শ স্বর্গ, মৌক্তিকদানে
চন্দ্রলোক, প্ররাগ ও বৈনুর্গাদানে শ ক্রমলোক লাভ করিতে পাবে।
অলল্বারদানে সর্বত্র পুঞ্চাভ কবিতে পাবা যায়। পেইবপ সন্মানদান
করিলে লোকে বিমানারোহণে সৌরলোকে, স্থান প্রাপ্ত হয়।

হে মহীপতে। অ অ আশ্রমোচিত আচারের অনুষ্ঠানে বাঁহার।
সর্বাদা নিরত, সংকর্মসাধন বাঁহাদের একমাত্র প্রধান তত, বাঁহারা
আদান্তিক ও গতাস্থ্য, বাঁহারা সকলকে সংশিক্ষা প্রদান কবিছে
ভালবাসেন, বাঁহারা রাগ, বেষ ও মাংস্বাধিহীন এবং বিঞ্ভক,
তাঁহারা বিঞ্ব পরষপদে ছান পাইয়া বাকেন। সাধু ব্যক্তির
সমাগমে বাঁহারা আক্রাধিত হইবা থাকেন; সর্বভূতের
হিতাম্বর্চান বাঁহাদের প্রধান ব্রত; হিংসা, ব্রেম, পরনিকা ও
পর্যানি প্রভৃতি পাণপ্রবৃত্তিনিচ্বকে বাঁহারা বিববং ত্যাগ, করিমা
থাকেন; তাঁহাদিগকে আমার নিকেতন দেখিতে হব না। বাঁহারা

পরস্থপ—শতাহননকারী।

<sup>†</sup> বিজ্ঞ্য-প্রবাল । ‡ বৈদর্য্য-নীলকান্তমণি । পদরাগ-মরকডমণি ।

জিতেন্দ্রিয় ও জিতাহার, সুশীল ও সচ্চরিত্র , বাক্ষণকুলের হিতার্যুচানে 
যাহারা সর্ববিদা ব্যক্ত; যাহারা আয়ি, গুরু ও যতি-তপথীর গুণ্ণবা
করিয়া থাকেন, তাঁহারা যম্যাতনা হইতে মুক্তি লাভ করেন।
অনাথ, নিঃস্বল ও সহাযহীন বাক্ষণ প্রাণত্যাগ করিলে, যিনি
তাঁহার অন্ত্যোপ্তিসংকারে সহাযতা করিতে পারেন, তিনি সহস্র
অধ্যমধের ফল লাভ করিয়া থাকেন। যিনি কাহারও নিকট দান
গ্রহণ করেন না, দেবার্চন ও হরিনাম-কার্তন যাহার একটি প্রধান
'ধর্ম, তিনি নিশ্চনই পরমপদ লাভ করিতে সমর্থ হানে।

হে জনেরর। পূজারহিত শিব্দিস্থকে যিনি বিষণাত্র, পূপা,
ফল, অথবা জল ভারা পূজা করেন, ভিনি বে মহাপুণ্য লাভ করিতে
সমর্থ হযেন, তাহার বিবরণ বলিতেছি, প্রবণ কর। যে ব্যক্তি
পাঙ্ ব্যাত্র উনকে শৃতালিদ্র পূজা করে, সে লক্ষ অথবেধের ফল লাভ
করিয়া থাকে। পূজাবিরহিত পরিত্যক্ত শৃত্যলিদ্রকে বিষণাত্র ও
কুম্মরাশি ভারা পূজা করিলে অনৃত অথবেধের ফল এবং ভক্য-ভোজা
অথবা ফলভারা পূজা করিলে শিবের সাব্দ্রা লাভ করিতে পারা
যায। সেইরূপ পূজারহিত বিঞ্কে ফল, পৃত্যা, পত্র অথবা ভক্যভোজাদি ভারা পূজা করিলে মানব উক্তরণ মহাফল প্রাও হয়।
হে রাজন্। যাহাবা জল ভারা দেবাল্য বিধ্যাত করিয়া থাকে,

হে রাজন্। যাহাবা জল ধারা দেবালয় বিবাত কার্বাশিকে, তাহাবা অনীম পরম পুণা লাভ করিতে সমর্গ। তংগ্রদন্ত সলিল-দেচনে দেবমন্দিরের যত ধূলিকণা দ্রবীভূত হইষা যায়, সে ব্যক্তি তত সহল্র বিশ্লুলোকে বাস করিয়া থাকে। যে ব্যক্তি তত সহল্র বিশ্লুলোকে বাস করিয়া থাকে। যে ব্যক্তি তিল-সহকারে গড়োকক দারা দেবতায়তন সেচন করে, তাহার প্রদত্ত গদ্ধললে যতগুলি পাতেকণিকা দ্রবীভূত ইইযা যায়, সে ব্যক্তি বিশ্লুর যারপা লাভ করিয়া তত সহল্র অমরধানে বিরাজ করিতে সমর্থ হয়। যে ব্যক্তি শ্লুটিকনির্মিত দীপমালা দেবালয়ে প্রমালিত করে, সে প্রত্যাহ প্রতিদিন অবমেধ-যোহান্তানের যল লাভ করিতে সমর্থ হইয়া থাকে, পরিশেবে দেহান্তে বিশ্লুক্তবন প্রাপ্ত হইযা তথায় শত বংসরকাল যাপন করিতে পারে।

# চতুৰ্দ্দশ অ্ধ্যায়।

-000-

### পাপ ও পাপীর শান্তি-বিবরণ।

সর্ব্বধর্মবিং ত্রিকাল্ড কাল আবার বলিতে লাগিলেন, "হে। রাজন ৷ এফণে ভিন্ন ভিন্ন পাপ ও স্থল স্থল যাতন৷-সন্হের বৃত্তান্ত বর্ণন করিতেছি, ধীরভাবে শ্রবণ কর। যাহারা পাণী, যে ছরাত্মগণ পবের সর্বনাশসাধনে সদা ব্যস্ত, তাহারা ভ্যাবহ নবকানলে বিদম হইয়া থাকে। বংস। পাণীর যে কত প্রকার ভীষণ শান্তি थाहि, छांश दर्गन कविशा स्थव कवा यांच ना। क्ट निमाय छश्तन খ্যায় সহত্র মার্ভণ্ডেব প্রচণ্ড কিরণে দগ্ধ হইতে থাকে; কেহ বালুকা-কুন্ত, রৌরব, মহারৌরব, কুন্তাপাক, নিরুজ্বাস, কালস্ত্র ও প্রমর্দন প্রভৃতি মহাভয়াবহ অসভ বল্লণামর নরককুণ্ডসমূহে নিমজিত হয়; কেছ বা স্থতীর্গ্ন অসিপত্র-বনের উপরিভাগে উংকট হিমানীময় গভীবতন বৈতে নিমজ্জিত হইয়া ঘোরতর বন্নণাভোগ করিতে থাকে। কোথায়ও তীক্ষদংগ্ৰ অসংখ্য কুকুর গলক্ষধিরাক্ত বিকট মুখ ব্যাদিত করিয়া রহিয়াছে এবং যে কোন পাণ্য ভাহাদিগেব সম্প্রে নিফিপ্ত ইইতেছে, অননি প্রবণভৈরব গর্জনে তাহাদিগকে দংশন 4 বিভেছে। এক স্থলে অগণ্য পাণী বিকট পৃতিগম্বপূর্ণ বিশাল মৃত্র ও পুরীযতুদ-সমূহে নিময় ও উলগ্ন হইয়া বার বার বালি রাশি মলমূত্র গলাধ:করণ করিতেছে। অপর স্থলে উত্তপ্ত ধুলি ও উত্তপ্ত শিলা-দ্মানিৰ উপৰ সহস্ৰ সহস্ৰ পাত্ৰী শায়িত বহিষাছে; উংকট ভাপে তাহাদের দর্ধান্ত দথ হইতেছে, তথাপি হতভাগ্যদিশের নিডার নাই। কোথায় বা ছুৰ্গন্তনয় শোণিতভূপে নিমন্দিত হইয়া কত পাণী প্রচুর পরিনাণে রক্ত পান করিয়া যেলিভেছে; আবার (कर या छेवको सहता महा कविष्ठ ना शाबिया छेदछरः निष्ठ स्मार्ट्स

দংশন করিতেছে; প্রাথালিত বহিনাগে প্রথিষ্ট ইইতেছে। কাহার
পৃষ্টে শিলারাশি, কাহার শরীরে শগ্রদাল এবং কাহারও সর্গাতে
শহিরাশি ব্যিত হুইতেছে। কেই বা নিদারণ বহুবায় নিপিড়িত
হুইয়া উংকট ক্ষারোদক ও উত্তপ্ত সলিল পান করিতেছে,
আরকোক অ্যাপিও ভক্ষণ 'করিতেছে; অধবা উর্জপদে
অংগান্তকে অবস্থিত রহিয়াছে। কেই বা শৃত্যনার্গে নিরগ্র নিশিপ্ত
ও উংক্তিপ্ত ইইতেছে। কোবাও লক লক পানী পুরীবহুতে নিময়
ইইয়া অনর্গল ক্রমিডোঘন করিতেছে। কাহার নয়নমুগলে অধবা
নথসছিদমুহে অন্যথা স্থতীক সৃষ্টি প্রবিদ্ধ ইইতেছে। হে নহাভাগ।
এতদ্বাতীত অসংখ্য উংকট লাভি আছে; তহুবো রেতঃপান, পুরীবলেপন, ক্রকচছেদন, ভ ভ্রাপারশ্রন, মুখলম্পন, ভ্রায়ান্মন, শ
ভ্রায়োভক্ষণ প্রভৃতিই প্রধান। ভালন্। এই প্রকার যে কোটি কোটি
ভীবণ যাতনা আছে, সহত্র বংসরেও আমি তাহ। বর্ণন করিয়া শেব
করিতে পানি না।

হে নহীপাল। একণে পুথিবীতে যতপ্রকার পাপ আছে, তৎসমন্তের বিবরণ আনি সবিস্তারে বর্ণন করিতেছি, প্রবণ কর। বাহারা
অক্ষয়াতী, সুরাপায়ী, তেরী ‡ ও গুরুতন্ত্রগামী, তাহারা নহাপাতকী।
বংস,শারাদুসারে বহুপ্রকার অক্ষয়াতক আছে; তন্মধ্যে পাক্তিভেদী,
বুধাপাকী, রাক্ষণনিন্দক, আদেশী ও বেদবিক্রেতাই প্রধান। ধনের
প্রদোভন দেখাইয়া রাক্ষণকে বগুহে আনয়নপূর্বক যে ব্যক্তি পশ্চাব
'নাই' বিলিয়া তাহাকে বঞ্চত করে,শার্মতে সে ব্যক্তিও অক্ষয়াতী।
যে ব্যক্তি ভূকাভিভূত, যে পানার্থে ধাবমান বেয়ুকুলের পথ রোধ
করে, আক্ষণকে স্থানার্থ অথবা ভোহনার্থ গমন করিতে দেখিয়া যে
তাহার পথের অন্তরায়পরপ হয়, সেই নরাধন অক্ষয়াতী। যে ব্যক্তি
শার্মাণি পাঠ না করিয়া তবিষয়ের তর্কবিতর্কে প্রথন্ত হয়, যে লোক

ক্রকচছেদন—হরাত্যারা ছেবন।
 তথ্যানং শরন্—তথ্যনাংশি, তর উপর শরন।
 তথ্যী –চোর।

ষহন্ধাবরত, বিজ্ঞনিন্দক, শাস্ত্রবিদ্বেষী অথবা মিখ্যাবাদী, সে পাপিষ্ঠ ব্রহ্মহত্যার পাতকভাগী। প্রাযশ্চিন্ত, চিকিৎসা, দ্যোতিষ প্রভৃতিকে যে মানব শাস্ত্র বলিষা গ্রহণ করে না, যে মূচ ঐবর্ধ্যাভিমানে অথবা বিল্লা ও ধনমদে মন্ত, যে আন্থাক্র্বাপরাষণ, অথবা যে ব্যক্তি অপ-রের স্থশান্তির পথে কণ্টক বোপণ করে, সে ব্রহ্মাভির পথে কণ্টক বোপণ করে, সে ব্রহ্মাভির। যে মানব প্রাণিহত্যা করে, নিত্য পরেব নিক্ট দান গ্রহণ করিয়া থাকে, অধ্বর্দের প্রপ্রথ দেয়, নে নবাধম ব্রহ্মঘাতক।

. সে রাজন্! অক্ষহতার তুল্য এইরূপ বছবিধ পাপ আছে; তংসমতের বিতৃত বিবরণ সমাক্ বর্ণন করা কঠিন। একণে সুরা-পানের সমান পাপসমূহের বিবর সাক্ষেপে বলিভেছি। মাহারা গগক, পানিকা, দেবল ● ও পতিত ব্যক্তির অয় ভোজন করে, উপাসনা পরিভাগে করে, অথবা স্বাপানিনী রমণীর সহিত সংসর্গ করিয়া থাকে,
ভাহারা সুরাপানজনিত পাপের ভাগী হয়। যে বিজ শুরু কর্তৃক
সমাহত অথবা অয়্জাত হইয়া ভাহার বাটাতে ভোজন করে, যে
সর্বধর্মতাগী ও সর্বকর্মহীন, ভাহাকে সুরাপানজনিত পাপ স্পর্ণ
করিয়া থাকে।

মহীপতে! হেম-হরণ মহাপাপ; ইহাতে বে ঘোরতর শান্তি ভোগ করিতে হয, তাহা পরে বলিতেছি; এফণে যে সকল পাপ।
ইহার তুলা, তংসনতের অতি সংক্ষেপ্বর্থনে প্রস্থত হইলাম। বংস।
চৌর্য্য ঘোরতর পাপ। বহুদ্যা রর হরণ করিলে যে পাপ। সামাত
ক্ষম্পুল-যদ মধবা তৃণমাত্র অপহরণ করিলেও সেই পাপ। অতএব
ফল, পুলা, কন্ত্রী, পট্রবাদ, ধর্ণবাদ, দাং, হুল, হুল, মুড, চন্দম ও
কপুর প্রভৃতি সুগছি অবা, তাম, মীদ,কাতে প্রভৃতি বাড় এরং গাত
রন্তাক প্রভৃতি বুলাছ করা, তাম, মীদ,কাতে প্রভৃতি বাড় এরং গাত
রন্তাক প্রভৃতি বুলাছ করিলে হেম-হরণের পাপ প্রথ
করিতে হয়। বাহারা ছবিতা, ত্মিনী, পুরবর্ধ, রহণবলা প্রা, হান-ক্ষাতীয়া ঘ্রথা মহুলা রন্তী, পরস্তী, প্রাকৃবনিতা,বন্ধুভার্যা ও বিবন্ধ

দেইন্—আদ-বালক, বান আদহ শাস্থাল মহবা স্কলেরই প্রোহিত।
 ১৭—১৮

300

রমণীতে অভিগমন করে,তাহারা গুরুপত্নী-হরণের পাপ গ্রহণ করিয়া থাকে। যে ব্যক্তি অকালে কোন কর্ম্মের অমুষ্ঠান করে, বেদকে অশ্রদ্ধা করে, পিতৃযক্ত পরিত্যাগ করিয়া যায়, অথবা যতি-তপশ্বি-গণের নিন্দা করিয়া থাকে, সে গুরুপদ্বীগমনের পাপ প্রাপ্ত হয়। হে রাজন্ ৷ এইকপে বছবিধ মহাপাপের বিবরণ পরমতবজ্ঞ পরমর্থি-গণ শাস্ত্রসমূহে বর্ণন করিয়া গিয়াছেন। সে সকল পাণ অভি ভযঙ্কর , অযুত প্রাযশ্চিত করিলেও দেই সকল পাপ হইতে নিচুটি পাইবার উপায় নাই। যে ব্যক্তি শূক্তম্পৃষ্ট শিবলিত্ব অথবা নারায়ণ-বিগ্রহ পূলা করে, দে সকল প্রকার কঠোর যাতনা ভোগ করিয়া থাকে , যত দিন চম্রনক্ষরণা জগতে আলোক প্রদান করিবে, তত দিন সে সেই সমস্ত ফুঃসহ বছণা হইতে কিছুতেই নিস্তার পাইবেনা। যে লিম্ন পাৰণ্ডগণ কৰ্তৃক পুলিত হুইয়া থাকে, তাহাকে করিলে পাষ্ডত্ব প্রাপ্ত হইতে হয। হৈ বাজন্! বেদবিং অথবা সর্ব্বশান্তবিশারদ ব্যক্তিও যদি আভারপুদিত 🛎 লিদ্প পৃদ্ধা কবে,তাহা হইলে সে নিশ্চয়ই নরকগামী হইয়া থাকে। যোগিংপুলিত নিস অথবা বিফুকে যে ব্যক্তি পূজা করে, সে কোটিকুলে পরিবৃত হইয়া আকল্লকাল রৌরবহুদে ক্টভোগ করিতে থাকে। হে বাজনু। মন্ত্রবিৎ ব্রাহ্মণ কর্তৃক বেদবিহিত বিধানামুসারে যে লিক্ন একবার প্রতিষ্ঠিত হয়, সে লিঙ্গকে যোষিং ণ অথবা শুদ্রগণের স্পর্শ করা উচিত নহে; স্পর্শ করিলেই তাহা পতিত হইযা থাকে। অমুপনীত, শৃদ্র ও স্ত্রীর বিষ্ণু বা শঙ্করকে স্পর্শ করিবারও অধিকার নাই। অতএব স্বাশ্রমাচার-হীন, শুদ্র, আভীর ও পাষণ্ড ব্যক্তি কর্তৃক পুদ্ধিত বিষ্ণু শিবকে স্বশ্নেও অর্চনা করিতে নাই,-কবিলে মহাপাপ কবিতে হয়।

হে নরেশ্ব। যাহারা ব্রাহ্মণের প্রতি হিংসা ও ছেয় করে, শুন্তরীর্তে অভিগমন করে, শূড়াল্লে জীবনধারণ করে, আব বাহারা বিশ্বাস্ঘাতক

শভীর—গোরালা।
 গাধিৎ—হী।

ও কৃতন্ত, ভাহার। মহাপাতকী; বরং অক্ষবাতকগণ কোনকপে
মুক্তি পাইতে পারে, তথাপি ঐ নহাপাণিগণ কিছুতেই নিজ্ তি পার
না। বাহারা শিব, বিকু, বেদ ও গুরুকে নিন্দা করে, বাহারা সংকথার বিরোধী, ভাহারা কি ইহলোক, কি পরলোক কোন
লোকেই মুক্তি লাভ করিতে পারে না। বৌছগণ বেদনিক্তক, সেই
জল্প তাহারা শারে পাবও বলিয়া কীর্বিত হইয়াছে; অভএব যে
ছিজের বেদে ভক্তি আছে, মোক্ষ লাভ করিবার অভিলাব আছে,
তিনি যেন কখনও বৌছালযে প্রবেশ না করেন,—বেন কখন দেই
পাবওদিগের মুখাবলোকন না করেন। শারে বর্ণিও আছে যে,
যে ছিল আন অথবা লক্ষানভাবশতঃ একবার বৌদ্ধ-মন্দিরে প্রবেশ
করে,তাহার আর কিছুতেই নিতার নাই; ভাহাকে কোটিকল্প নরবভোগ করিতে হইবেই হইবে। এইরূপ পাপসমূহের প্রায়শিতই
নাই; সুভরাং নিকৃতি পাওয়া অসম্ভব।

রালন্! ব্লহ্নচাতী, পুরাপায়ী, গুরুতয়গ • ও পাষ্ট প্রভৃতি যে পাপিগণের বৃত্তান্ত কীর্তিত হইল, তাহারা কি কি শান্তিভোগ করে, তিরিবরণ প্রথম করঁ। সেই নরাধ্রণণ অযুত্বংশে সমন্বিত হইয়া কোটি কোটি কয় ধরিয়া নিদারণ নরকানতে বিষদ্ধ ইইয়া থাকে; পবে কর্মাবনানে জাবহর প্রাণ্ড হইয়া তিনকয় সেই অবস্থায় যাপদ কাব; তদন্তে কৃমি ইইয়া যাই সহস্র বংসর বিষ্ঠা ভোলন করিয়া থাকে। হৃমিলস্বের পর ভ্রত্তর্গন প্রত্তর্গন প্রত্তর্গন প্রত্তর্গন প্রত্তর্গন প্রত্তর্গন করেয়া থাকে। হৃমিলস্বের পর ভ্রত্তর্গন প্রত্তর্গন করেয়া থাকে। করিয়া রাজ্তর্গন আবাহ য়য় পতলাম প্রত্তর্গন করিয়া রেজত্বলে জয়য়য়্রহণ করে। এইরপে জমে কদমে কর্মাবনানে সেই পাণিগণ প্রথমে হেয় গোলক, পরে কুণ্ড শা এবং পরিশেষে অকিঞ্কন ‡দীন-হীন বিপ্রকৃলেজয়্মগ্রহণ করিয়া নিত্য তিকা ও প্রতিপ্রহ ঘাবা জীবনবাপন করিতে থাকে। আহা!

ওফতয়গ—শুরুপদ্বীৼয়ঀড়ায়ী ৷

<sup>†</sup> গোনক—বামী অবর্তনানে উপপতিয়াত পুতের নাম। কৃত-ঘামী বিচ-মানে উপপতিঘাত পুতের নাম। ‡ অবিঞ্ন—বাহার কিছুই নাই।

হতভাগ্যগণ প্রতিগ্রহ হইতে আবার পাপগ্রহণ করিয়া পুনর্ব্বাদ নবকে নীত হয় ৷ ছুর্ভাগ্যদিগের কিছুতেই নিস্তার নাই ৷

হে রাজন্! ইভিপুর্বে তোমান নিকট যে সকল যাতনার বিববণ বলিয়াছি, মহাপাতকিগণ সেই সমন্ত শান্তি প্রাপ্ত হইযা মুগ্যুগান্তকাল নিশীভিত হয়। তাহার পর পৃথিবীতে আদিযা সপ্তজম গর্কত, পরে দশজদা কুকুর ও বিঠাভোজা শুকর, শতাকী-কাল বিঠাকুমি, শত বংসর মূবিক হইয়া জন্মগ্রহণ করে; ডদন্তে

ঘানশলম সর্প, তাহার পর বোভশলম শূজাদি হীনজাতি, তদত্তে . দ্বিজন্ম বৈশ্য ও ক্ষত্রিষ হইবা থাকে। ক্ষত্রিষকুলে জন্মগ্রহণ পূর্বাক নিজ বলমদে মন্ত হইয়া নিতা অপরের স্থাশান্তির পথে বাধান্তাপন করাতে হতভাগ্যগণ আবার মন্থ্যজন্ম হইতে পতিত হয়, আবার সহস্ৰজন্ম পশুকুলে কাল হরণ কবিষা চণ্ডালকুলে জন্মগ্ৰহণ কৰে। সেই ক্টকর জীবন সপ্তজন্ম ভোগ করিয়া তাহাবা পবিশেষে বিশ্র-কুলে সমূত হয। কিন্তু হতভাগ্যদিগের 'তাহাতেও নিস্তার নাই। দ্বিলকুলে জন্মলাভ করিয়াও তাহারা সুখা হইতে পারে না। নিতা অভাব-অনাটন : নিবন্তব দারিত ;-সর্বনাই ব্যাধি-ব্যামোহ। জীবিকা-নির্বাহের উপায়ান্তর না দেখিয়া ভাহার। অন্তুদিন প্রতি-গ্রহপরায়ণ হইয়া থাকে:ভাহাতে আবাব পাপে পতিত হইয়া পুনর্বার নরকভোগ কবিতে বাধ্য হয়। হে ভূপতে। যাহারা অন্যাবিষ্ট পরহিংদাপরাযণ, পরের 🕻 স্থাধ্যর্যা বাহারা দেখিতে পারে না, তাহারা রৌরব-নামক মহা-ভয়াবহ নরককুণ্ডে নিক্ষিপ্ত হইয়া থাকে; তথায দীর্ঘকলৈ কষ্ট ভোগ কৰিয়া কোটজন্ম চণ্ডালৰ প্ৰাপ্ত হয়। হে বাজনু ! যে মৃচ বলে যে, গৌ, অগ্নিও আন্ধণকে কিছই দান করিতে নাই, সে কুকুর-জাতিতে জন্মগ্রহণ করিষা চণ্ডাল হইষা পড়ে: তাহার পর বল্পকার্ণ বিষ্ঠার ক্নমি,হইযা অভিবাহিত করে; তদন্তে ভিনজন্ম ব্যাসকুশে সঞ্লাত হইমা পরিশেষে নরককুণ্ডে নিক্ষিপ্ত হয়; তথায় তাহাকে

একসপ্ততি যুগ দরক্ষত্রণা ভোগ করিতে হয়।

নরপাল : যাহারা পরনিদ্যাপরাধে, স্প্রিয়া সকলকে কঠোর ৰাক্য বলিতে বাহারা ভালবালে, যাহারা দানাদি পুণাক্রিয়ার বিষ উংপাদন করিয়া খাকে, ভাহাদিগের বদুনবিবরে তথ্য দৌহণিও অর্পিত হয়,—ভাহাদিগের নয়নে ভীকু স্থচি প্রবিদ্ধ হয়। যাহার। পরস্থবা হবে করে, ভাহার। অতি কঠোর মহণায় নিশীলিত হইয়া शाद्य ; जामात जीमनर्रन विद्यत्वर्ग छाशांनिरगत अनापूर्ध शाहन-পূর্ব্বক ভীমবেগে সেই হতভাগ্যদিগকে নরকভুণ্ডে নিন্ফিত করিয়া নিরম্বর আরুদরতে • তাড়না করিতে গাকে। এইরপ শোচনীয় ত্ববস্থায় শতবংসর অতিবাহিত হইলে তাহাদিগের হঠে গুরুর পাষাণ সংলগ্ন হইয়া হতভাগ্যগণ শোণিতহ্রদে নিব্দিপ্ত হয়। তথায় শতাশীবাল বাস করিয়া তাহারা সমত নরককুণ্ডে কিছু কিছু কাল যাপন করে, পরিশেষে কর্মাবশেষে পৃথিবীতলে নিদিপ্ত হইয়া আনিবভোচনে দেহধারণ করিতে পাকে। ভত্তরণণ প্রথমত: মুবল ও উনুধল ছারা নিরন্তর নিপীড়িত হইতে গাকে: পরে দুই বংদর ধরিয়া ভাহাদিগকে তপ্ত পাযাণ ধারণ করিয়া পাকিতে হয়; তাহার পর ক্রমাগত সপ্তবংসর তাহারা কালস্বরে ভির হইয়া আমত্ত পাণামূচানের হাত অমুশোচনা করিতে পাতে: তদন্তে সেই হতভাগ্যগণ দারুণ নরকানলে নিক্ষিপ্ত হয়।

হে নরপতে। পরস্থাপহারক ব্যক্তিদিগের যন্ত্রণার বিষয় এবণ
কর। সেই নরাধনগণ সহত্র বুগ ধরিয়া উত্তপ্ত অন্নিপিও চক্ষণ
করিতে বাধ্য হয়। সেই সময়ে কঠোর সন্দংশ বারা ও তাহাবিগের
দশন-পাক্তি উংপাটিত হইতে থাকে; তাহার পর তাহারা নিক্তচ্ছাস নামক নহাভয়াবহ নরককুতে নিক্তিপ্ত ইইযা তথায় করাতকাল বাস করে। যাহারা পরপ্রীলোলুপ, পরলোকে তাহারা
তপ্ততাদ্রন্তী রমনীগণের সহিত বিহার করিতে বলপ্র্কক নিযুক্ত হইয়া
থাকে। অন্তর্প্ত অধারবং অন্ত্যুক্ত তাদ্রমন্ত্রী অঞ্চনাগণ কর্তৃক

<sup>্</sup> আহুসদত্ত—লৌহদত্ত।

<sup>ি</sup> সক্ষে—সাড়ানী।

আকৃষ্ট হইযা সেই নরাধমগণ বিকট আর্ত্তনাদ সহকারে ইতন্ততঃ পলায়ন করিতে চেষ্টা করে; কির্ম্ম পারে না। এইরপ নিদারণ যাতনায় নিপীডিভ হইয়া পরস্ত্রীলোভী পাপাত্মগণ ক্রমে ক্রমে সমস্ত নরককুণ্ডে নিশ্দিপ্ত হইতে থাকে।

হে ভূপাল। যে সকল রমন্ধী নিজ নিজ পতিকে ত্যাগ করিয়া আপর পুরুবরে প্রতি মন সমর্পণ করে, অপর পুরুবকে গুজনা করে, তাহারা তপ্তারঃশ্রমায় শাবিত হইয়া তপ্তারঃপুরুবণণ কর্তৃক বলপুর্বক গৃহীত হইয়া কর্বকাল রমণ করিতে থাকে, তদন্তে সেই পাপিষ্ঠাগণ অপন্ত অনলবং উত্তপ্ত লোহতত্ত্ব আলিক্ষন করিয়া সহত্র বংসর দারুণ বন্ধাণ ভাগ করিতে বাধ্য হয়। আহা! হত্তাগিনীনিপের তাহাতেও নিতার নাই, তত কই, তত্ যন্ত্রণা সহু করিয়াও সেই ব্যক্তিচারিশী রমনীগণ বিকট ক্ষারোরকে সাম এবং ক্ষারোগক সেবন করিয়া ক্রমে সকল নরকর্তেও অমণ করিতে থাকে। হে নুপোজম।বে ব্যক্তি রাহ্মানী, ক্রিয়া অথবা গাভী হত্যা করে, তাহাকেও পঞ্চকর ধরিষা উক্ত ভ্রাবহ শাভি ভোগ করিতে হয়। যে নরাধ্য আধ্রের সহিত গুরুলোকের নিশা প্রবিশ্ব করে, তাহার কর্ণবিবরে পলিত ও উত্তপ্ত অয়োরাশি প্রক্রমত হুইয়া পেই নরাধ্য নিদাক। কুন্ত্রীগাকে নিশিপ্ত হয়।

হে ভূপতে। যাহারা দান্তিক, অথবা দন্তাচাররত, তাহারা কোটি বংসর পর্যান্ত লবণ ভোজন করিয়া থাকে, তদতে কর্ম পর্যান্ত পুরীষ ভক্ষণ করিয়া তাহারা ঘোর ত্বংদং রৌরব তুদে নিশিন্ত হম, পরিশেষে দেই হতভাগ্যগণ উত্তপ্ত সৈকত ভোজন করিয়া থাকে। যে নরামগণ রাজ্ঞপদিগকে কোপ নয়নে নিরীকণ করে, তাহাদিগের চকুমধ্যে সহস্র উত্তপ্ত ও সুতীক্ষ সূচি প্রবিদ্ধ হয়। তাহার পর উৎকট কার-স্থানে নিমক্ষিত ইইয়া তাহারা দাক্ষণ ক্রকচ • ছারা বিদারিত হইতে থাকে। যাহারা বিশ্বাদ্যাতক,

ক্রক —করাত।

মধ্যাদানাশক, অথবা পরারলোলুপ, তাহারা উংকট কুধায় নিশী-ভিত হইয়া উন্নতবং অমাংস ভক্ষণ কৰে। তাঁহুদংট্র ভাষণ কুকুরগণ তাহাদিগকে দংশন করিতে থাকে; ভাষাব পব দেই পাপিঠগণ সমস্ত নরককুণ্ডের প্রভ্যেকটিতে এক এক মুগ বাস করিতে বাধা হয়।

হে রাজন্ ! যাহারা প্রতিগ্রহরত, নক্ষরণাঠক, অথবা যাহারা দেবলের অন্ন ভোলন করে, তাহারা করকাল পর্যান্ত যোর যাতনাম নিপীডিত হইবা সতত বিঠা ভোলন করিমা থাকে। তাহার পব পৃথিবীতলে নিক্ষিপ্ত হইবা শতলম চন্ডালম্ব ভোল পূর্বক নিরন্তর হংগ-দারিজ ও ব্যাধি বারা নিপীডিত হইরা বাকে। যাহারা মিথাবানী অথবা কঠোরভাবী, তাহাদের জিবরা দারুল সলংশ বারা টুংপাটিত হয় এবং সেই নরাধমণাও উত্তপ্ত তৈলে নিক্ষিপ্ত হইমা বিকট কালস্ত্রে প্রপীডিত হইতে থাকে; তাহার পর কারোদকে মান করিয়া মৃত্র ও বিঠা ভোলন করিতে বাধা হয় এবং তদন্তে পৃথিবীতলে নিক্ষিপ্ত হইমা মেচ্ছকুলে জমগ্রহণ করে। যাহারা অপবের ম্বধশান্তির পথে বাধা খাপন করে, অপর ব্যক্তিকে উৎপীডন করে, তাহার বৈতরণী নদীতে নিক্ষিপ্ত হইঘা থাকে, উপাদনাত্যাগী ও অনুষ্ঠানবিহীন ব্যক্তিগণ রৌরব নবকে গমন করিয়া পঞ্যুগ ধরিয়া কৃমি ভোলন করে, তাহাব পর ভূতলে আগমন পূর্বক পরপাছকা মস্তকে বহন করিয়া জীবনধারণ করিতে বাকে।

হে লোকনাথ! যাহারা বিপ্রথানে কর গ্রহণ করে, তাহারা সহন্রকুলে পরিবৃত হইয়া কোটিকর কঠোর নরক্ষণায নিশীডিত হয়। যে ব্যক্তি উক্তরপ অস্তায় কার্য্যের অমুষ্ঠানে অনুমৃতি দেয়, দে নরাধনও ঐ মহাপাতকে কলন্ধিত হইয়া লক্ষহত্যা-পাপের ঘোর মান্তি ভোগ করিয়া থাকে। যাহারা আভিগ্যবর্ভিত, অভ্যাগত অভিথিকে যাহারা উপেক্ষা করে, তাহারা স্ব স্ব বিষ্ঠা ভোলনপূর্বক মহাভাগ্যবহ কালস্থ্রে চারিশ্বণ ধরিয়া বাস করিতে বাধা হয়। যে ব্যক্তি কুনোনি,বিবোনি,অপবা পশুবোনি মোক্ষা করে, দেই মহাপাপী

🔻 বুহুনারদায়-পুরাণ।

১০৬

রেতোভোচন করিযা থাকে, পরে বসাকৃপে নিক্ষিপ্ত হইযা সপ্ততি দিব্যাব্দ কঠ ভোগ করে। যাহারা উপবাসদিবসে দন্তথাবন করে, তাহারা অঘোব-নামক নরকে যাইয়া চতুর্গ ধবিয়া ব্যাত্রবৃদ্ধ করিছ স্টতে থাকে।

হে মহীপতে! যে ব্যক্তি স্বদন্ত অথবা প্রদন্ত ভূমি হরণ করে, সে কোটিকুলে সংযুক্ত হইয়া পৃতিযুত্তিকা ভোজনপূর্বক সমস্ত নরক-কুণ্ডে গমন করিয়া থাকে; প্রত্যেক নরককৃপে কোটিকল্ল করিয়া তাহাকে থাকিতে হয়। যে ব্যক্তি স্বাশ্রমোচিত স্বাচার-ব্যবহার. পরিত্যাগ করে, সে পাষ্ঠ নামে নিন্দিত হইয়া থাকে: আর যে মানব তাহার সঙ্গী,সেও পাষ্টী; ইহারা উভয়েই মহাপাণী; উভযেই সহস্র বংশে সংযুক্ত হইয়া সহস্র কোটিকল্প নরকানলে বিদ্যা হইযা থাকে। ত্রী ও শুদ্রদিগেব সম্মুখে যে ব্যক্তি বেদপাঠ করে, সে সহস্র কোটিকল্ল ধবিধা ক্রমে ক্রমে সমস্ত নরকানলে পচিতে যাহারা দেবতাব অথবা গুরুর ভ্রব্য অপহরণ কবে, তাহাদিগকে অযুত ব্রহ্মহত্যার পাতক গ্রহণ করিয়া ঘোরতর নরক্ষপ্রণা ভোগ করিতে হয়। যে নরাধমগণ জনাথ ব্যক্তিকে হিংসা করে. অপবা তাহাব ধন হরণ করে, তাহাদের যন্ত্রণার আর সীমা নাই; সেই মহাপাতবিগণ অধঃশির ও উদ্ধর্পদে ছইটি স্তম্ভে কীলিত চট্যা উৎকট ধূমপটল সেবন পূর্বেক ব্রাহ্মবংসর অবস্থিতি কবিতে বাধ্য হইযা থাকে।

হে মহীপাল! দেবপুজার্থ নির্দিষ্ট কুসুমোজান হইতে যে ব্যক্তি
ফুল অপচবণ করে, সে বহ্নিজালাময় তীবণ নবককুণ্ডে নির্দ্ধিপ্ত হয়।
যে নরাধম দেবালযে অথবা জলমধ্যে পুরীষ, মৃত্র ও প্লেমা প্রভৃতি
দেহজ মল পরিজ্যাগ করে, সে ক্রবহত্যার পাপে পাপী হইরা অতি
ভয়ানক শান্তি ভোগ করিয়া থাকে। বাহারা দেবমন্দিরে
অথবা জলাশযে ভূকাবশেষ কিংবা দম্ভান্তি, কেশ ও নথরাদি নিক্ষেপ করে, তাহাদিগকে নিরম্ভর প্রাসাদি যতে ভিন্ন হইযা
অত্যায় তৈদ পান করিতে হয়; ভাহার পর কুত্তীপাকে এবং ক্রমে

সমন্ত নরকক্ষে নিদিপ্ত হয়। যে ব্যক্তি ব্রহ্ম নু, অমন কি, ব্রাহ্মনর দানাগ্য তৃষ ও কাঠাদিও চুরি করিয়া লয়, তাহাকে ইহকাল ও পরকাল উভযকালেই নিদারুণ করু তোগ কবিতে হয়, ইহলাকে দে নরাধ্যের সমস্ত ধনসম্পত্তি বিনষ্ট হইয়া যায়, পরলোকে তাহাকে ঘোরতর নরকে পতিও হইতে হয়। যে ব্যক্তি গুচ সাম্মীকে সমস্ত কথা প্রকাশ করিয়া বলে, অপবের গুচ মহণা যাহার ভাহার নিকট বলিয়া যেলে, অথবা সাক্ষ্য দিতে যাইয়া শিশ্যা বলিয়া থাকে, ডাহার আব যহণার সীমা নাই, সেই মহাপাতকীকে সমস্ত কঠোর যাতনা ভোগ করিতে হয়। ইহলোকে তাহার পুরপৌজাদি বিনষ্ট গুইয়া যায়, পরলোকে তাহাকে রৌরবনামক অতিভীবণ নরককৃত্বে গমন করিয়া অনন্তকাল ঘাকিতে হয়।

যে সকল ব্যক্তি অভিশয় কামুক, বাহারা মিখা। অভিবাদ করিবা থাকে, ভাহাদিগের মুধবিবন প্রগোপম জলোকা » সমূহ বাপিত হয়। এই শোচনীয় ও বীতংস অবহাব দীর্ঘকাল থাকিয়া ভারার ফারসলিলে স্লান করে এবং উৎকট দুখার উন্মন্ত হইয়া স্বমাসে ভক্ষপূর্প্ত লারকদ্মে নিমন্ত্রিত ইইরা থাকে, ভাহার পর মদোন্দত প্রচণ্ড মাতলগণ বিকট শুণ্ড ভাহাদিগকে আকর্বণ করিয়া শুত্যনার্ঘ নিমন্তর উৎপাতিত করিতে থাকে, ভদতে দেই হতভাগাগণ সুধিবীতলে জন্মগ্রহণ করিয়া গণ, বিশ্ব প্রভৃতি হীনাফ স্ইত্যা গণতে।

হে মহাদেশর। খার জতুয়াতা পরীতে যে ব্যক্তি অভিগমন
না করে, সে একাহত্যার পাতক এহণ করিয়া খোরতয় নরকে গমন
করিয়া থাকে এবং । ব্যক্তি কোন নানবকে অনাচারে বত হইতে
দেখিয়া সাধাসত্তে তাহাকে নিবারণ করে না, সে তাহার অর্থনাপ
প্রাপ্ত হয়। যে নরাধ্য ব্যক্তি পাণী লোকের পাণ গণনা করে,
সে ততুলা পাণী হইয়া পতে। যে মৃত নানব নিশাপ দেহে পাপ
মারোপ করে, সে ছ্রাচার যে পাপ নির্দ্ধেশ করে, তাহার হিত্তণ

<sup>•</sup> অংগীকা—ছে°াক।

বৃহস্পাবদীয়-পুরাণ।

506

শান্তি তাহাকে ভোগ করিতে হয়; নিস্পাপ ব্যক্তি যেরপ পবিত্র সেইরপই থাকেন;—হত্তির ব্যা পাপারোপে; তাহার নির্মন চবিত্রে অণুমান্ত্রও পাপ স্পর্শ করে না।

যে নরাধম কুমারীতে অভিগত হয়, সে তীক্ষণ্টে কুলুরগণকর্তৃক নিরন্তর ভক্ষিত হইয়া উদ্ধিপদ ও অধােমপ্তকে প্রথমে ধ্মপাননামক নরকগর্ভে দণ্ডিত হয়, তাহার পর ক্রমে ক্রমে সমস্ত নরককুণ্টে
ঘুরিয়া বেড়ায়। যে ব্যক্তি বত গ্রহণ করিয়া, অসমাণ্ড অবস্থাতিই

তাহা ত্যাগ করে, সে অসিপত্রবনে নিক্ষিপ্ত হয় ; পরে পৃথিবীতলে

জন্মগ্রহণ কবিয়া হীন ও বিকৃতাক্ত হইয়া পড়ে। আবার যে নরাধ্য অপরের ব্রতামূর্চানে বিশ্ব উৎপাদন করিয়া থাকে, দে এক বিশেতি কুলে পরিরত হইয়া নিবস্তর প্লেমা ভোজন করে। যে বাজি পদপাতের বশবর্তী হইয়া ভাষ ও ধর্ম শিক্ষা প্রদান করে যে বাজন্। সে বে ঘোর পাপে পতিত হয়, শত প্রায়ন্তির করিলেও তাহা হইডে নিকৃতি লাভ করিতে পারে না। যে বিল্ল অভোজা ভোজন করে, দেনরাধ্য পিতপানের ভায় অযুত্ শান্তি প্রাপ্ত ইইটা চঙালকুলে জন্মগ্রহণ পূর্বক সর্বরা গোনাংস ভক্ষক করিয়া থাকে।

হে ভূপাল ! যে ব্যক্তি বাকা অথবা কাৰ্য্য ছাৰা বিপ্ৰকুলেই অবমাননা করে, বিপ্ৰকে কোন বন্তদানে বাধা স্থাপন করে, সে সহত্র ক্রমহত্যাব পাপ প্রাপ্ত ইইয়া সক্রম নরক-মূল্রণা ভোগ করিমা পাকে, তাহার পর পাহাকে দশন্ধন্ম চঙাল হইমা পৃথিবীতলে কার্য মতিবাহিত কবিতে হয়। যদি কোন মূচ মানৰ একজনের ধন অপিত হয়। ইবাক করিয়া মুপরতে দান করে, ভাগা হইলে সেই অপহাক

বাওবাহিত কাবতে হয়। যাদ কোন নুচ মানৰ একজনের বন জগত হবন করিয়া অপরতে দান করে, জাহা হইছে সেই অপহাইই দাতা নরকে গুনন করে; কিন্তু বাঁহার বন, তিনিই ফল্ভোগী হরেন। যে বাজি দানে প্রতিশ্রুত হইয়া দান করে না, তাহাকে লালা ভাষণ করিতে হয়। যতিনিক্ষক শিলায়য়ে নিম্পেষিত এবং আরানজ্বৌ ব বাজি বুকুর কর্তৃক ভক্ষিত হয়; পরে ক্রনে ক্রনে সন্ত যাওনাট

<sup>•</sup> আহাম—উভান। তে উভান নই করে, ভাগার নাম আরাম্যের।

নিপীডিত হইতে থাকে। যে নরাধমগণ দেবালয়, পৃক্রিণী ও তডাগ এবং পুশোষান ভয়, বিশোষিত ও প্রীন্তাই করিয়া ফেলে, তাহার। প্রত্যেকে কোটি কোটি কুলে যুক্ত হইয়া ক্রমে ক্রমে এক একটি ভাষণ যম্বণায় নিপীডিত হয়, তাহার পর কোটিকল্প ধরিয়া বিষ্ঠাব কৃমি, তদম্ভে সপ্রতিকল্প বিষ্টাভোজা, তাহার পর পৃথিবীতলে নিশিগু ছইযা কোটি ক্রম্ম চন্তালন্থ ভোগ করে।

হে পৃথিবীপতে। গ্রামনাশক হুরাচার ব্যক্তিদিগের মহাপাপেব বিষয় কোটি জন্মেও বর্ণন করিয়া শেষ করা যায় না। যাহারা দৈব-মন্দির অথবা নগর-গ্রামাদি অগ্নিসাং করে, তাহাদের শান্তির অব-সান নাই , যতদিন লোকপিডানহ বন্ধা স্থাবরজন্মাত্মক এই নিখিল জ্বগং সৃষ্টি করিতে থাকিবেন, ততদিন সেই পাপাচারী নরাধ্মদিগকে ভীষণ নরক্ষত্রা। ভোগ ক'রতে হইবে। বে ব্যক্তি অপরকে পাপা-ষ্ঠানে প্ররোচনা দেয়, দে তদহৃষ্টিত পাপের অর্জভাগ প্রাপ্ত হইযা বধাযোগ্য শান্তি ভোগ করিয়া থাকে। যাহারা কৃও ও গোলক-দিগের আর ভোজন করে,গ্রামে যাজকতা করে,যাহারা অ্যাভাযাজক. থামনক্ষত্রযালক, দেবল, বক্ষচণ্ডাল অথবা আন্ধৃসিক, \* তাহারা মহাপাতকী, সেই মহাপাপিগণ সগুতি বুগ ধরিয়া সকল যাওনা ভোগ পূর্ব্বক পৃথিবীতে নিক্ষিপ্ত হইয়া চণ্ডালগৃহে সপ্তজম্ব অতি কণ্টে ভীবন-শাপন করে। যাহারা উচ্চিষ্টভোজী অথবা মিত্রপ্রোহী, ভাহারা ঘোর নরক্যাতনা ভোগ করে , যভদিন সূর্য্য, চক্র ও গ্রহনক্ষত্রগণ জগতে আলোক প্রদান করিবে, তভদিন নেই পাণীদিগের যথ্যা কিছতেই নিবারিত হইবে না। যাহারা পিতামাতা ও পিতদেবতাদিগকে ত্যাগ করে, বেদবিগহিতি কার্য্যের অনুষ্ঠান করে, তাহারা শাস্ত্রমডে পাষ্ড। ইহাদের যাতনার সামা পরিসীনা নাই।

হে ভূপতে। এইকপে যে কত পাতক ও উপগাতক আছে, তাহা সম্যত্ন বৰ্ণন করিতে পারা যায় না। বাহুল্যভয়ে তাহাদের কয়েকটির মাত্র বিবরণ এ ভূলে সন্ধিবেশিড হুইল। নতুবা সমস্ত

আনুসিক—ঘরণাচক সুগকার।

180

কর্ম, পাডক ও উপপাতকের সম্পূর্ণ বর্ণন একমাত্র বিষ্ণু ব্যতিবেকে আর কাহাবও মাধ্যায়ত্ত নহে। যথাবিহিত প্রায়শ্চিত করিলে এই সমস্ত পাপবাশি হইতে নিজুতি পাওয়া যায়। ইহজগতে পাপ হইতে মৃক্তিলাভের যে সকল উপায় আছে, তন্মধ্যে গন্ধাস্থান, তুলদী-অর্চন, সাধুসমাগম, হরিসঙ্কীর্ত্তন, অনস্থা ও অহিংসাদি শ্রেষ্ঠ । হে বাজন। জগন্মব বিফুতে যে কোন বিষয় অর্পণ করা যায়,তাহা নিশ্চযুই সফ্ট হুইয়া থাকে এবং যাহা কিছু অৰ্পণ না কবা যায়, তাহা ভুম্মে ছুডা-হতিবং নিফল হইযা থাকে। নিতা, নৈমিত্তিক ও কাম্য প্রভূটি যে ক্ষেক্টি মোক্ষ্সাধনোপযোগী অনুষ্ঠান আছে, তংস্মন্তই বিফুতে সমর্পণ কবিলে সান্তিক ও সফল হয়। বিফুভক্তি হই<sup>দেও</sup> সকল পাপ বিনষ্ট হয, সমস্ত হংব ও যাতনা দূব হইযা যায। ইহা মুমুক্ মানবগণের শ্রেষ্ঠ উপায়। হে মহীপতে। বিফুভজিপবাংণ শান্তচরিত সাধুব্যক্তি যে কোন ব্যাপাবে হস্তার্পণ করেন, তাহাতেই সাফল্য লাভ করিতে সমর্থ হযেন। ভগবদ্ভক্তিই এই পাপপূর্ণ সংসার কাননের ভীষণ দাবানল হইতে নির্তিলাভেব একুমাত্র উপায়। হে বাজন্ ৷ তামস, বাজস ও সাত্ত্বিগুণেব অনুসাবে ভক্তি দুশবিং ৷ কোন ব্যক্তি যখন অস্ত্রের বিনাশ-কামনা করিয়া নারায়ণকে ডল্লনা করিয়া থাকে, ভাহার সেই ভক্তিকে ভাষসাধ্যা ভক্তি বলা যায়। বৈরিণী ণ যেমন নিজ পতির প্রতি কপট প্রণয প্রকাশ করে, সেইণ রূপ কৈতবশীলতা ণ সহকারে ভণ্ড ব্যক্তিগণ বিষ্ণুর প্রতি যে ভর্কি প্রকাশ করে, তাহা তামসমধ্যমা এবং অপর ব্যক্তিকে দেবপূলা করিতে দেখিয়া তাহার অফুকরণপূর্বক হবিকে যে অর্চনা করা হয়, তাহা তামসোরুনা।

হে মহীপাল। ঐক্লপ রাজসাধনা, রাজসমধ্যমা ও রাজসোত্তমা এবং সাত্তিকাৰ্যা, সাত্তিকমধ্যমা ও সাত্তিকোত্তমাভক্তি আছে , ক্রমাণ ষয়ে তাহা বর্ণন কবিতেছি। ধনধান্তাদি প্রার্থনা করিয়া শ্রদ্ধাস্হকারে বিফুকে অর্চনা করিলে ডাহা রাজসাধনা, সর্বলোকখ্যাতিকর কীর্তিই • বৈহিন্ট-বেজ্যাস্থি। † কৈদ্ৰশীলমা—লঠকা।

উদ্দেশে পরম ভক্তির সহিত হরিকে অর্চনা করিলে, তাহা রাজসমধ্যমা এবং সালোক্যাদি পরমপদ কামনা করিখা অচ্যুত্তবে অর্চনা করিলে তাহা বাজসোক্ষমা ভক্তি বলিয়া কবিত। বক্তুত পাপের ক্যকামনা করিখা পরম প্রজাসহকারে পূজা করিলে তাহা সাধিকী, মারায়ণের ইহা প্রিয় ও অভিনত, এইক্রপ বির করিয়া লোককে শুশ্রমা কবিলে তাহা সাধিকমধ্যমা এবং বিধিল্লাকে চক্রপাণিকে দাসের ভায় কায়ননাবাক্যে সেবা করিলে অথবা নারায়ণের ইহালে তাহা সাধিকমধ্যমা এবং বিধিল্লাকে তাহাসাদিকে দাসের ভায় কায়ননাবাক্যে সেবা করিলে অথবা নারায়ণের ইহালে তাহা সাধিক্রাক্তমা,—ইহাই সকল ভক্তির শ্রেষ্ঠ। কিন্তু মহাপতে। এই সর্ব্বোধনা ভক্তিরও উত্তমা ভক্তি আছে। তাহা অতি হল্পভ। আমিই পরন বিক্লু, আমাকেই এই সর্ব্বেলণ অবহিত, এইরপ যিনি সতত খান করিয়া থাকেন, তাহার ভক্তিই উত্তমোত্যমা।

বে রাজন্। উক্ত দশবিধ ভক্তি ছারাই সংসার হইতে বিছিন্ন হইযা জীবন-জনন-মরণ-কেশ হইতে নিছুছি লাভ করিতে সমর্থ হয। এই সকলের মধ্যে সাথিকা ভক্তি হইতে সর্ব্বকামনা সিদ্ধ হইয়া থাকে। অতএব হে ভূপাল। অ ব আশ্রামোচিত কার্য্যের অমুষ্ঠান 'সহ তনার্দ্ধনে ভক্তি-উপহার পরম শ্রুছার সহিত অর্পণ করা উচিত, তাহা হইলে সংসারবন্ধন হইতে মুক্তি লাভ করিতে পারিবে। নডুবা কর্মা পরিয়াগ করিয়া কেবল ভক্তি করিলে সিদ্ধিলাভ করিতে পারা যায় না। যে ব্যক্তি ধর্ম পরিভাগ করিয়া একমাত্র ভক্তিতেই জীবিত থাকে, নারায়ণ ভাষার প্রতি সম্ঞূষ্ট থাকেন, —কেম না, তিনি আচারেই প্রত্বত ইয়া থাকেন। আচারই সকল প্রকার আগমের ক্ষেম্ম ও প্রধান বিজয়া পরিক্রিত আছে। আচার হইতে ধর্ম ও ধর্ম হইতে অচ্যুত্বকে লাভ করিতে পারা যায়।

হে মহাধুর। তুমি বাহা কিছু লিজাসা করিলে, তংসমন্তের উত্তব দিলাম , একণে আমাব একান্ত ইল্ডা, ছুবি ধার্ম্মিক হইযা সুখে পুৰিবী শাসন করিতে থাক এবং অন্তেদজ্ঞানে হরিহরকে পুছা করিয়া ভগবানের স্কুপ্রসাদ ও সর্ককাষনার চরিতার্ম্বঙা লাভ কর। বংস। শিবই হরি এবং হরিই শিব। হরি-হরে যে মৃট ভেদ্টা আরোপ করে, সে কোটি কোটি কল্প নরক ভোগ করিয়া থাকে:

হে বাজন্ ৷ তোমার পিতামহগণমহাপাতকী ও আত্মধাওক ; ক<sup>িন</sup>

কোপে বিদশ্ব হইষা ভাহার৷ এক্ষণে নরকে বাস করিতেছে পতিতোদ্ধারিণী গন্ধার সলিলসেকে ভাহাদিগকে উদ্ধার কা

শঙ্গার স্থপবিত্র সৈকতভূষে জীবনত্যাগ অথবা সংকারলাভ <sup>বর্মা</sup>

যাহার ভাগ্যে ঘটিয়া উঠে না, যদি তাহার কেশ, অস্থি, নং, দই অথবা ভদ্ম বিষ্ণুপদীর জলে নিক্ষেপ কবা হয়, তাহা হইলে সে বা

পাতকী হইলেও বিফুর চরণতলে স্থান লাভ কবিতে সমর্থ হয়।" এই কথা বলিয়া ধর্মরাজ ধার্ম্মিকশ্রেষ্ঠ ভগীরথের সমূখে সম্ভ

হইলেন : রাজাও অপশ্চৰণ করিবাব অভিলাবে সচিবগণের ই বাজকার্য্যের ভার অর্পণ করিয়া ভিমগিরিতে

### পঞ্চলশ অধার।

#### ----

### ভগীরখের গঙ্গানয়ন।

মুনিগণ পরম ক্ষিতৃহল সহকারে স্বিনয়ে জিআসা করিলেন,
"হে মহামুনে ! মহীপতি ভগীরব'ছিমগিরিতে উপস্থিত হইবা কি কি
করিলেন এবং কি উপায়েই বা লোকপাবনী স্বধুনীকে মঠ্যলোকে
আনমন করিতে সমর্থ হইলেন १"

মৃমুক্ ক্ষিগণের বাকাশ্রবণে পুরাণভত্ত কৃত পুনর্বার বলিতে আরম্ভ করিলেন, হে বিপ্রেম্রবর্ণ। মহাত্মা ভগীর্থ জটাচীর ধার্ণ-পূর্বক হিমাজিপ্রদেশে गহিতে যাইতে গোদাবরী-ভটে যাইযা উপ-হিত হইলেন। তথায় ভগবান্ ভ্তম্নির পবিত্র আঞাম তাঁহার ম্যনপথে পতিত হইল। সেই পুণাময় তপোবন পরম রুম্ণীয়। তাহা বিবিধ ফল ও কুমুম-পাদপে পরিবৃত। তাহার কোথায় প্লক, বজ্ঞভূমর, শমী, শাল, তাল, তমাল, হিস্তাল ও অধুখ প্রভৃতি বিশাল মহীক্ত একত্র সপ্রাত হইয়া শাখায় শাখায় আলিক্স পূর্বক ক্লিম ছাযামণ্ডল স্বষ্ট করিয়াছে, কোখায় বা মালতী,যুথিকা,চপ্পক প্রভৃতি ন্দানাপ্রকার কুরুমভক বুল্লযুলজালে স্থােভিড হইয়া বিমল পরিমল বিতরণ করিতেছে . ভ্রবরগণ মকরন্দ-লোভে গুণ গুণ রবে পুষ্প হইতে পুশাস্তরে ভ্রমণ করিয়া বেডাইতেছে। শাস্ত মাডক ও বরাহণণ ইতত্ততঃ ধাৰমান হইতেছে ; চদুরী-শিশুগণ স্লিক্ষ ছায়াতলে শয়ন করিয়া রোমস্থ করিতেছে এবং কৃষ্ণদার-মূগগণ প্রশ্ন, ইসূদী প্রভৃতি ব্রুত্তলে বিচরণ করিয়া অচ্ছন্দে ভূপতিত ফলসমূহ ভক্ষণ করিতেছে অথবা মুনিক্স্যাগণের পশ্চাং পশ্চাৎ ধাবমান হইতেছে। কোথাও ছামা-পাদপের নিবিভ পত্রাবলার মধ্যে উপবেশনপূর্বক তক, প্লিক ও সারিকা প্রভৃতি নানা কলক্ষ্ঠ বিহঙ্গ প্রবণমোহন স্বরে আপন মনে গান কবিভেছে, ভাহার নিমন্থিত শাখার উপরিভাগে ময়র

ও মহুরী পরম আনন্দ সহকাবে পল্লব ইইতে পল্লবাস্তবে নৃত্য করিয়া বেডাইতৈছে; দূরে আত্মন-ফুটাব-সন্মুখে শুদ্ধাচারিনী মুনিকল্যাগণ মনোনীত পাদপসমূহের আলবালনক মূশদেশে থারে থারে সলিল-দেচন কবিতেছে। পক্ষিকুলেব নিবিভ কলরব অতিক্রম পূর্মক মধিগণের উচ্চাবিত বেদমন্ত্র শাস্ত ও গস্তাব বুদুব উবগত ইইয়া শান্তিম্য তপোবনেব গৌন্দর্য্য শতগুগে বৃদ্ধি কবিতেছে।

মহাভাগ ভগীবথ দৈই প্রম মনোরম আশ্রমমধ্যে প্রবিষ্ট হইলেন এবং সমন্ত্রম মণ্ডপস্মীপে উপস্থিত হইবা দেখিলেন, ডগবান ভৃগু শিষামগুলে পবিবৃত হইয়া পরব্রহ্মেব মহিমা কীর্তন করিতেছেন। হে দ্বিজকুল । সেই তপোনিধির তেজ সূর্য্যের ছা<sup>য</sup> নিতান্ত অধুষ্য। সেই তেজ:পুঞ্চ পবমর্ষিব চরণতলে বিধিবং প্রণ্<sup>ত</sup> হইযা রাজা কৃতার্থ হইলেন। মুনী স্ত্রাবিহিত সন্মান সহকারে ভাহাকে অভার্থনা করিয়া কুশলাদি জিজ্ঞাসা কবিলেন। অনস্তর যথাকালে ভৃঞ্র নিকট আতিখ্যসংকার লাভ করিয়া মহীপতি ভগীবথ কৃতাঞ্চলিপুটে বিনয়ন্মবচনে জিজ্ঞাসা ক্রিলেন, "ভগবন্! আপনি স্বাংশ্ঞ; সকল প্রকাব শাস্তই স্মান্রপ আপনাব মধিগত হইযাছে। একণে এ দাস আপনার নিকট কয়েকটি তব লানিতে ইচ্ছা করিতেছে ; অনুগ্রহ করিষা উত্তরদানে চবিতার্থ কলন। প্রভু নারায়ণ মানবেব প্রতি কিলে সন্তুষ্ট হযেন গ কিলে তাঁহার তৃষ্টি উংপাদন এবং সংসারসাগর হইতে নিয়তি লাভ করিতে পারা যায় ? কিরুপ কর্ম্মেই বা তাঁহার পূজা কবা উচিত, অন্থ্রহ করিয়া আমাব নিকট তাহা কীর্ত্তন করুন।"

ভূপাল ভরীরবের এই পবিত্র প্রশ্ন শ্রবণ করিয়া মুনিবর ভৃত্ত পবন পরিতুই হউলেন এবং প্রেহসিক্ত খবে বলিলেন,—রাচন্! "ভোমার অভিলবিত বিষয় জানিতে পাবিলাছি। ভূনি পুণাবান্ বাতিগাবের শ্রেষ্ঠ, নতুবা খীয় পিতৃপিভাষহদিবেব উদ্ধারমাধনে কেন কৃতস্কান হইয়াছ। বংশ। গ্রামালিক শ্রপণি হরিনামাদি পুণাক্ষ বারা বিনি আপনাকে ও আপনার বাশকে উদ্ধার করিতে

ইচ্ছা করেন, তিনি নিশ্চরই নির্রূপী নারায়ণ। মানবর্গণের কি প্রকার কার্য্যে দেবদেব নারায়ণ সম্বষ্ট হইয়া তাহাদিগের মনস্বা-মনা সিদ্ধ করিয়া থাকেন, ভাহার বুঝান্ত ভোমার নিকট কীর্ত্তন কবিতেছি, অবহিতচিত্তে প্রবণ কর। সত্য, শৌচ, সর্বজীবে नमान नया, इतिशान ७ भः मन्न अरे करत्रकृष्टि विषय भूगार्क्सनद ঁ প্রধান উপায়। অভএব বংস। তুমি সভ্যপরায়ণ ও অহিংসারত হইয়া সর্বজীবের হিতামুর্চানে দুচত্রত হও, ছর্জ্জন-সংসর্গ বিষবৎ ° ড্যাগ করিয়া সাধুসমাগমে জীবন্যাপন কর, অহোরাত্র বিবিধ পুণাামুঠান ঘারা সনাতন বিষ্ণুর ধাান ও পূজায় রত হও এবং অষ্টা-কর জপ করিতে থাক। এই সকল পুণ্যকার্য্যে নিশ্চয়ই ভোমার মঙ্গল হইবে ,—তুমি পরা শাস্তি লাভ কবিতে পারিবে।"

অনন্তর ভগীরথ সবিনয়ে জিজাসা করিলেন, "হে তপোধন। সতা কাহাকে বলে এবং অহিংসাই বা কিবল ? কি প্রকারে সর্ব্ব-<del>ছু</del>তের হিতানুষ্ঠান করিতে পার। যায় ? শান্ত্রমতে অনুত কিরুপ এবং কাহারাই বা তুর্জন ? কিরুপ ব্যক্তিকে সাধু বলা যায় ? পুণ্য কীদৃশ , কি প্রকারে বিফুর শুরুরণ ও পূজা করা কর্তব্য • পূজা ও শান্তিই বা কিরুপ ় এবং অষ্টাকরই বা কাহাকে বলে গু মুনিবর ! আপনি সর্বশান্তভ । পুত্রবংসদ। আমি আপনার পুত্রতুল্য, • অতএব তুপা করিয়া এই সমস্ত বিষয় বর্ণনা করুন।"

ভনীরেধের এই কথা প্রবণ করিয়া মুনীশ্বর ভুগু অতিশয় সন্তুষ্ট ছইলেন এবং তাঁহাকে বিস্তৱ সাধুবাদ প্রদান করিয়া সম্লেহে বলিলেন,—"হে মহাপ্রাজ্ঞ। তোমার বৃদ্ধি নিক্তরই প্রশংসনীয়, নতবা এই স্কুল পবিত্র বিষ্যে ভোমার বুভুংদা জ্মিবে কেন ? এক্ষণে তুমি যাহা কিছু জিজাসা কবিলে, তংসমস্তের উত্তরদানে আমি প্রত্ত হটলাম। রাজন্। ধর্মপরায়ণ সাধু ও সচ্চরিত বাক্তিগণ ধর্মের অবিরোধে এবং দেশ, বাল ও পাত্রের বিবেচনায় বে যথার্থ বাক্য উচ্চারণ করিয়া থাকেন, আহাই সভ্য। যে কার্য্য দারা কোন জীবঞ্জরই ক্লেশ জনিত না হয়, তাহা বহিংসা.—

এই মঙ্গলময়ী বৃত্তি হইতে সকল কামনা সিদ্ধ হইখা থাকে। যে কার্য্য দারা ধর্মানুষ্ঠানেব সহায়তা হয়, সর্ববর্গজ্ঞ পণ্ডিতগণ বলেন, তাহা দারাই সর্বলোকের মহলসাধন করিতে পারা যায়। ধর্মা-ধর্ম বিচার না করিয়া, বিবেকের পরামর্শ না লইয়া কেবল ইচ্ছার অমুবর্ত্তন পূর্ব্বক এয়ে বাকা উচ্চারণ করা হয়, তাহাই অনুত ,— অসত্য কথায় অমঙল ভিন্ন কথনও মদল সাধিত হয় না, ধর্মাধর্ম ও ভারীভাববিচার পুর্বক বেদমার্শের অনুসরণ করিষা বাঁহারা সকল জীবের হিতামুর্চানে সদা আসক্ত, তাঁহারাই শাল্লামুসারে সাধু বলিয়া পরিকীত্তিত হইতে পারেন। কিন্তু ঘাহারা মূর্থ, যাহাদের মতি নিরস্তর কুমার্গগামিনী, ভাহারাই হুর্জন, এই নরাধমগণ সকল প্রকার কার্য্যের বহিন্নত। যাহাতে নারাযণের ও নিজের থ্রীতি উৎপাদিত হয়, বাহাতে সাধু ব্যক্তিগণের মনস্তুষ্টিসাংন করিতে পারা যায়, তাহাই পুণ্য , পুণ্যই জগতের প্রধান মধন। পুণ্যহীন ব্যতি দিগের জীবনধারণ বিভন্ননাত্র। নারাযণের নাম ম্মরণ করিবামাত্র হৃদয়ে যে অপূর্ব্ব প্রীতি ছগ্মে,—মনে হইতে থাকে, এই সমস্তই বিষ্ণুব, তিনিই সর্বাদেবময়, তাঁহাকে যথাবিধানে পুল করিতে হইবে ,—সেই প্রীতিই ভক্তি। এই ভক্তিই পূজার সাবসর্বব । -বিফু দর্ম ভূতিময়। তিনি অবায, অক্ষয়, পরিপূর্ণ, সনাতন ,—এই· ৰূপ যে অভেদপ্ৰদা ভক্তি,তাহাই পৃধা। শত্ৰুমিত্ৰে সমানভাব, স্বৃদ বিষয়েই বিনয় ও শীলতা এবং বনুচ্ছালাভেই যে সন্তুষ্টি, তাহাই শান্তি। হে রাজন্। শান্তিই সমস্ত স্থের কারা, মোহান্ধ মানব হতদিন না শান্তি লাভ করিতে পাবে, ততদিন সে জীবনে কোন সুৰসম্ভোগ কৰিতে সমৰ্থ হৰ না। বংদ! এই সক<sup>ল</sup> বিষয় হইতে তপ,সিদ্ধি লাভ করিতে পাবা যায় এবং পাণী গোক সহর পাপ হইতে নিম্বতি পাইযা থাকে। .হে রাজেন্দ্র ইতিপুর্বেবে অত্তাক্ষরের বিষয় তোমাকে

. হে রাজেন্দ্র! ইভিপুরের যে অপ্তান্ধরের বিষয় তোমাকৈ এশিয়াছি, ডাহাবও ব্যাখ্যা করিতেছি, প্রবা কর। এইাকর একট মহামন্ধ,—ইহাজপ করিপে সমস্ত পাপ হইতে মুক্তি লার্চ বিতে পারা যায়। ইহা পুরুষার্থের একমাত্র সাধন । প্রণব 
দ্বারার পূর্বক 'নমো নারায়ণায়' বলিয়া হূপ করিবে। সেই 
সময়ে তোদার মনোমধ্যে বিন ভগবানের ভক্তবংসল মূর্ত্তি দ্বাগক্ষর থাকে। সেই শন্তাক্রবর, শান্ত, গল্ভীর, অথচ প্রভূমবদন; 
বামে লোকমাতা ইন্দিরা; সেই কিরীটবুশুল্বর, নানালকারশোভিত; দেই কৌতভ্রমণি ব্রীবংসাহিত বিশাল বক্ষ ক্পর্শ 
করিয়া গণদেশে পোভ্রমান; সেই গীতাধর কটিতটে পরিহিত;—
সম্মুথে পদতলে সুরামুর ও মুনিগণ প্রণত। বংলা অনাদিনিধন, অনত, অপ্রান্তিত, ভক্তবংসল মহাবিমূর ঐ বরাভ্যপ্রাদ্ধ 
লোকরঞ্জন মূর্ত্তি ধ্যান করিলে মানব স্কর্মপ্রকার মঙ্গল লাভ করিতে
সমর্থ হয়।

রাজন্! তিনিই সমস্ত জগতের স্টেকর্ত্তা, তিনিই রক্ষাকর্তা, তিনিই সংহারকর্তা। তাঁহাকে ভজন করিলে জীব সর্ব্বক্রামনার সাফদ্য লাভ করিছে পারে। সেই অন্তর্যামী, নিত্য,
নিরপ্রন, পরিপূর্ণ পরব্রব্বের মহিমা শুনিতে যখন উৎস্কুক হইয়াছ, তখন তুমি নিক্তরই পূণ্যবান্। যাখ, বংস, একণে আমি
মাণার্বাদ করি, তোমার মঙ্গল ইউক, তোমার তপ স্থানিক ইউক;
তুমি পরমানন্দ সহকারে যথেতে তানে গমন কর।"

মহবি ভ্রুর উক্তরূপ আশীর্কাদলাতে পরম প্রীত হইয়া রাজা ভগীরধ হিমালয়প্রদেশে উপস্থিত হইলেন এবং পরম পবিত্র ও মনোরম গলাতীরে নাদেশর নামক পুণ্যক্ষেত্র কঠোর তপশ্চরণ করিতে আরম্ভ করিলেন। তিনি ত্রিসন্ধ্যা স্থান করিতে লাগি-লেন। কন্দ্রন্থক্ষ ও ভার্পপত্র তাহার তোল্য হইল। তিনি ম্পাকালে অভিথিনেরা করিতেন। তিনি শান্ত, বিন্থী, হোম-পরায়ব, সর্কান্ততের হিত্সাধক ও নারায়বতক। ত্রিসন্ধ্যা সান করিয়াতিনি মল, পুশা, পত্র ও জলে নারাম্বর্ণের পূতা করিতেন। তাহার তপ্যার কঠোরভাব গহিত ধৈর্য ব্যক্তির নাগিল, মন্দ্র্যনাদি ভোচন পুর্কৃক হক্তম্ভায় নীর্থকান, এতিবাচিত

করিয়া ভগীরণ ক্রমে শুক পত্র দেবন করিতে লাগিলেন, তাহার পর কেবল জল, তাহার পর কেবল বাব্,—ভদন্তে প্রাণায়াম— পরিশেষে নিক্তভ্যুসপর \* হইয়া স্থদারুণ তপোস্ঠানে প্রবৃষ্ট হইলেন।

মহীপাল ভগীরথ এইরপে ষ্টি সহস্র বংসর কঠোর তপ্সর্গ করিলেন ৷ সেই সমযে তাঁহাব নাসাপুট হইডে বিকট ধুম <sup>উপগ্</sup> হইল। তদ্ধনে দেবভাগণ বিষয় ভয়ে আকুলিত হইযা প<sup>ড়ি</sup> লেন। তাঁহাদিগের ভয় হইতে লাগিল, বুঝি ভগীরথ তাঁহাদে? সকলের অধিকার লাভ করিবার আশায় সেই ভীষণ তপশ্চরকৈ প্রবৃত্ত হইয়াছেন। নিদাকা ভয়ে নিগীডিত হইয়া তাঁহারা <sup>অব-</sup> শেষে জগদ্বাথ বিফুর শরণাপদ্ধ হ'ইলেন। ফীরান্ধির উত্তর-তারে উপস্থিত হইয়া তাঁহারা ভগবানের স্তব করিতে লাগিলেন 🖵 "জগদেকনাথ, শবণাগতপালক প্রমেশ্বের চর্ণতলে আম্ম প্রণত হইলাম। যিনি সভা, বিনি সনাতন, যিনি পরিগুর্ণ পর-্মেশ্বর, ধার্ম্মিক ব্যক্তিগণের হুদ্দে অপূর্ব্ব ক্রেজাবং বিনি বিবার করেন , ধাঁহার নাম স্মরণ করিবামাত্র মহাপাতকীরও সমস্ত পার্প প্রশমিত হইয়া যায়, পুক্ষার্থসিদ্ধি লাভ ক্রিবার আশায সেই আছ পুরাণপুৰুষ নারাযাকে প্রাাম কবি। বাঁহাব তেলে স্ব<sup>ঠ</sup>ন চন্দ্র গ্রহনক্ষত্রাদি আলোকিত হইয়া থাকে , যাঁহার অলঙ্গ্য বিধির অমুদারে দাগর ও নদনদীকুল তার অতিক্রম করিতে পারে না, অনাদি অনম্ভ কাল যাঁহাৰ আত্মস্বরূপ; সেই ত্রিলোকনা<sup>ৰ</sup> পর্মেশ্বরকে নমস্থার। যিনি ব্রহ্মাক্তপে জগং সৃষ্টি করিতের্ছেন বিফুরপে পাশন কবিতেছেন এবং মহেশ্বরূপে সংহার করিতেছেন, সেই শুবারি মধুকৈটভাবি জনান্দিনকৈ নমস্কাব। যিনি স্বীয ভঞ্জ দিগের সকল্লেব সিদ্ধিস্থকণ , একমাত্র জ্ঞানেব সাহায্যে বাঁহার্কে कानिए भारा याय , विनि बनामि ७ वनस्य, खानी महाभूक्ष्यम्रिश

নিরজ্রাস্পর –নিঝাস পর্যান্ত না ফেলিয়া।

পাকে বিনি আনন্দস্বস্কণ, সেই সফিং সদানন্দ আদিদেবকে নমকার। যিনি নিরাকার হইয়াও সাকার, রূপহীন হইয়াও সরুপ,
ক্রুন্ধানি দেবগণ বাঁহার চরু সেবা করিয়া থাকেন, সেই গীভাষর,
পুরুবোত্তন নারায়ণকে নমকার। বিনি যজ্ঞপ্রিয় ও যজ্ঞকর, বাঁহা
ন্যাভিরেকে কোন যজ্ঞই সম্পূর্ণ ২ইছে পারে না, সেই যজ্ঞাধিপতি
যজ্ঞেশরকে নমকার। হে প্রাক্তী। হে জ্বরাথ, শর্ণাগডপালক।
ভগীরপের কঠোর তপে শক্তিত ইইয়া আমরা আপনার চরণ্ডলে
শর্ণ লইতে আনিয়াছি; ইইলাভঃ। আমাদিগের হুংখ দুর করুন।

ইন্দ্রাদি দেবগণের এই করণ স্তব শ্রবণ করিয়া ভগবান মহাবিষ্ণু তাঁহাদিগের নিকট রান্ধর্মি ভগীরথের পবিত্র চরিত কীর্ত্রন করিলেন এবং তাঁহাদিগেকে অভরববর্বানে আবস্ত করিবা শছ্ম-ছন্তব্বর, সভিদানন্দবিপ্রাহ, প্রকৃত্র বরদবেশে ভগীরথের সন্মুখে আবিস্তৃত ইইলেন। রান্ধ্রি তথন পরমান্ধায় সমস্ত চিত নিবিষ্ট করিয়া বন্ধ সনাভনকে চিন্তা করিতেছিলেন। সহসা তাঁহার হদম অপূর্ব আনন্দরমে আরুত ইইল। তিনি নয়ন উন্মানন করিয়া দেবদেব নারায়ণকে প্রভাক দেবিতে পাইলেন;—দেখিলেন, পীতাখরবর, অভসীক্ষ্মবর্ব, বিকচ-ক্ষমললোচন নারাহণ প্রসাম বদনে তাঁহার সন্মুখে আবিয়া দণ্ডায়নান ইই্যাছেন। ভগবানের বিশ্ব ওেলাঞ্জভাবে দিগন্তর আলোকিত ; লগং অমুপম স্বর্গায় দৌরতে পরিপূর্ব। তাঁহার নিরে কিন্তীট, প্রবণ্ কৃথজ, পালে কৌন্তভানালা, বন্ধে শ্রবণ্টাছেন। তাহার কর্বন্ত্রণ বিকসিত পরবং শোভমান ; স্বর, নর ও তাপ্যক্রণ ভতিসহতারে সেই মান্ধ্রন্ত প্রিক্ষত পাদপ্র পূর্ণ। করিছেছেন।

বিষদ্ধপ জনার্দ্ধনকে সম্পুথে আবিস্থৃতি দেখিয়া ভাগীরণ দ্বধন ভূমিতলে প্রণত হইলেন। তাঁহার অব্যা আসীম আনন্দরসে আমুত হইল; সর্বাাগ রোমান্দিত হইল। অভিনয় আনন্দে উৎকুল্ল হইয়া তিনি নারায়ণের চরণডলে,পতিত হাইলেন এবং ভক্তি-সংসাদ্ধরে কেবল বার বার 'কুল। কুল।' ব্লিতে লাগিলেন।

রাজর্ধি ভগীরধের মনোভাব বুঝিতে পারিয়া ভূতভাবন ভ্ৰনপতি যার-পর-নাই মুদ্ধষ্ট হইলেন এবং ভগীরথকে সংখাদ করিয়া শ্লেহসিক্ত স্বরে রলিলেন, "ভগীরথ। মহাভাগ। সহ ভোমার অভীষ্ট সিদ্ধ হইবে; সম্বন্ন ভোমান পূর্ব্বপিতামহগণ আমার ভবনে স্থান লাভ করিবে। বংস । এঞ্চণে তুমি যগাশন্তি আমার মৃ্তান্তর শস্তৃ মহেশ্বরকে পূজা কর; নিশ্চযই তিনি সম্ভ হইয়া,ভোমার সমন্ত অভিলাষ পূবণ করিবেন। দেখ, শিব নক লের মঙ্গল ও সুথ প্রদান করিয়া থাকেন, আমিও প্রত্য*হ* সেই গিরিজাপতি গিরিশের পূজা করিয়া থাকি। তিনি সকলের <sup>ব্না</sup> নীয, সমস্ত দেবতার বরেণ্য। অতএব, বংস, তাঁহার আরাধনায় প্রবৃত্ত হও। সেই অনাদিনিধন, অপরাজিত পরমেখ*রকে* পূ<del>র্</del>জা করিলে দর্বকামন। পুসিদ্ধ হইষা থাকে। ভূমি পূজা করি<sup>লে</sup> নিশ্চযই তিনি তোমার প্রতি সম্তুষ্ট ইইবেন, নিশ্চরই তোমার মহামঙ্গল সাধিত হইবে। এই বলিয়া বিষ্ণু অন্তর্হিড उठेरलम् ।

তথন ভগীরথ ভূমিণায়া ত্যাগ করিয়া বিআন্তভাবে দণ্ডায়মান হছৈলে। সকলই তাঁহার বধের ভায বোধ হইতে লাগিল। তিনি কি করিবেন, কোথায় বাইবেন, তাহার কিছুই দ্বির করিছে পারিলেন না। তৎকালে নানাপ্রকার চিন্তা তাহার মনামধ্যে উদিত হইতে লাগিল। তিনি একবার ভাবিলেন, 'ইহা কি বধ, না সভ্য ?' আবার পবকণেই সিভান্ত কবিলেন, 'না, বৃধ কেন ? সভাই বোধ হইতেছে। এই যে কগন্তুক নারায়ণ আমার সম্মূহে আরিছ ভ হইয়া আমাকে নানাপ্রকার আথাস দিয়া গেলেন, এখনও তাঁহার প্রভুল্ল ব্রহ্মুভি আমার সম্মূহে যেন বিরাজ করিছেছে।' তিনি আবার নয়ন নিমীলন করিয়া কর্বতেছেল।' তিনি আবার নয়ন নিমীলন করিয়া কর্বতে পারিলেন না। কিছু ভগীরথ কিছুতেই কিছু দ্বির করিছে পারিলেন না। মেই সন্মে উচ্চ আক্রাক্ষরণ প্রভাত সংক্রম্বাহ্য ভানিয়াচ, সমক্তই

সতা :\_ ওৎসমস্তই পালন 'কর ; কিছুমাত্র চিন্তা করিও না। নিশ্চমই তোমার মঙ্গল হইবে।"

ভগীরখের সকল চিম্তা দূর হইল। তিনি সম্পূর্ণ আশ্বস্ত হইয়া পরম ভক্তিসহকারে সর্বদেবভাবপী, লোককারণ ঈশানের ন্তবে প্রবৃত ইইলেন :- "হে জগনাথ। হে প্রাতার্তিনাশন, প্রমাণাগোচর, প্রণবাস্ত্রক ঈশান। আপনাকে নমস্তার। তে জগ-ন্ময। আপনিই স্রষ্টা, আপনিই পালক, আপনিই নাশক। হে 'উন্ধরেতঃ ৷ হে বিরূপাক, বিশ্বরূপ বিশ্বনাথ ৷ আপনার চরণে व्यगम। दर चन्न, जनस, जराय। जाशनीय चामि नारे, मधा মাই, অন্ত নাই। আপনি সকলের শ্রেষ্ঠ ; হোগীত ও মুনীজ্ঞগণও আপনাকে চিনিতে পারেন নাই, আমি অকিঞ্চন; আপনার ্যথাযোগ্য ভন্ননা কি কৰিব <sup>°</sup> হে লোকনাথ। নালক্ষ্ঠ। পশুপতে। আপনাকে নমন্ধার। হে চৈত্তস্তরণ, প্রস্তানাথ, পত্তিতপাবন, পরমেশ্বর। এ দাসের প্রতি প্রসন্ন হউন। হে রুজ, হে কন্দর্প, হে প্রচেডঃ, হে পিনাকহস্ত, দর্শভূষণ, ভূতনাথ। আপনাকে थगाय कदि। कङ्गामस्। छक्तवश्ममः। ज मौत्नव প্রতি প্রসন্ন হউন।" এইরূপ নানাপ্রকার উপচার খারা পরম ভক্ত ভগীরণ ষ্ট্রভাবন ভোলানাথের স্তব করিতে লাগিলেন। তাঁহার ভবিদ-পূর্ণ উপাসনায় সন্তুষ্ট ইইয়া মৃত্যুল্লয সদাশিব ভাঁহার প্রভাকে আবিভূতি হইলেন। পুণাত্মা ভগীরথ সম্পূথে ভগবানের সেই প্রসন্ন মৃত্তি দেখিতে পাইলেন ;—দেখিলেন, দেই পঞ্চ মুখ, সেই মততাশিবিদ্যানত মূর্তি — উরতে অলাট-শেখার উচ্ছল অভিচল বিরাজমান: বিশাল বক্ষে অস্থিমালা, দশত্রে দশবিধ পদার্থ; পরিধানে গলচর্ম ; পদতলে ইন্রাদি দেবতাগণ করযোডে ধানিরত। মহাদেবের এই আনন্দময় বেশ দেবিষা ভগীরণ সাঁটাঙ্গে

ন্হাদেবের এই আন্দৰন বেশ পোৰ্থা তথাবে নাগ্রাদে ভাহার চরণ্ডলে প্রণত ইইপেন। অসীন ভক্তিনে তাঁহার ক্ষয় পরিপূর্ণ ইইল। তিনি অচল আনম্প বিহরে ইইচা পট্নিলম এবং উচ্চেংখবে কেবল "মহাদেব। মহাদেব।" বলিয়া টীংকার করিয়া বার বার প্রভাৱ চরণতলে পতিত হইতে লাগিলেন। তাহার অক্লেম ভজির বিষয় জানিতে পারিয়া শন্তর সেহসিক্তব্যরে বলিলেন, "বংস। আমি তোমার প্রতি সপ্তাই হইয়াছি। একণে ম্বেং অভীঠ বর প্রার্থনা কর। হে পুণাখন। তোমার কঠোর তপতা ও ভক্তিপূর্ণ জবে আমি পরম প্রীতি লাভ করিবাছি, একণে আমিকাদ করি, ইহলোকে অভুল স্বুবভোগ করিয়া অস্ত্র মোক্ষ লাভ করিবে। একণে তোমার মনোমত বর প্রার্থনা করি, আমি তাহা অচিরে প্রদান করিতেছি।"

ভগবান ভূতনাথের এই মধুমর আবাসবাকো উৎসাহিত হইযা ভণীরথ কৃতাপ্রলিপ্টে বিন্যুন্ত্রবচনে প্রার্থনা করিলেন, "হে দীন-নাথ, ভক্তবংসল! যদি অনুগ্রহ করিবা ভক্তকে ব্রুলানে সক্ষত হইযা থাকেন, ভাহা হইছে ত্রিপ্থগামিনী লোক্পাবনী গলাকে অর্পন করিয়া আমার পিতামহদিগকে উদ্ধার ককন।"

অনস্তর মহাদেব বলিলেন, "বংস। আমি তোমাকে গলা এবং তোমার পিতামহদিগকে পরমা গতি প্রদান করিলাম।" অমনি ভিনি সেই স্থলেই অন্তর্হিত হইলেন। তৎক্ষণাৎ তাঁহার জটালাল হৈতে বিগলিত হট্যা ভগবতী গলা সমস্ত জগৎ পবিত্র করিতে করিতে ভগীরথের অনুগমন করিলেন।

সেই দিন হইতে পতিতপাৰনী গলা ভাগীরখী নামে লগতে প্রদিন্ন হইলেন। গারের ছুরাচার আত্মলগণ যে স্থলে মুহানি কণি-ক্ষের বুংগোনালে দক্ষ হইলাছিল, সুক্ষুমুন ক্ষেই স্থলে উপান্ধিত হই-গোন। তাহাদিগের ভন্মরাশি ভদীয় পবিত্র জলপ্রবাহে প্লাবিত হইবামাত্র তাহারা নরক হইতে নিছুতি লাভ করিল। নগরসভান-দিগকে পাপমুক্ত লানিয়া ব্যরাল ভাহাদিগকে প্রথাম ও বিধিবং অর্চনা,ক্রিলেন এবং সবিনয়ে বলিলেন, হে রাজকুমারগণ। নিজের কর্মবাযে ভোমরা এড দিন নিদারণ নরকানল ভোগ করিলে, কিন্তু এক্ষণে সাধু ভাশিক্ষক কর্মান ভাগে করিলে,

পাপ নই হইল। আজি তোমাদের জন্ম বর্গবার উন্মুক্ত হইল। ধন্য তনীরধ ;—ধন্ম সগর-কূল! আজি তোমরা ঘন্ত হইলে। যাও, বংসগব! এক্ষণে স্বর্ধালাকের শ্রেষ্ঠ, চিরানন্দর্ময় বিষ্ণুলোকে গনন করিয়া অনন্ত স্থলভোগ কর। এই কথা বলিয়া ধর্মরাজ সগরস্তানদিগকে বিদায় দিলেন। রাজকুমারগণ্ড শতকোটকুলে সমায়ত হইযা বিজ্বলোকে ভান প্রার্থ ইইলেন।

### ষোড়শ অধ্যায়।

# দাদশী ও পূর্ণিমাত্রত।

শুত বলিলেন, হে শ্বিসন্তমগণ। যে সকল ব্রতের অনুষ্ঠানে নারায়ণের প্রদান লাভ করিতে পারা বায, এক্ষরে তৎসমন্তের বিষয় বর্ণন করিতেছি, প্রবণ করুন। প্রতিমাদের প্রসা বাদশী অভি পবিত্র, ঐ তিথিতে বিধিবৎ বিশ্বপতি নারায়ণের পূরা করিতে পারিলে মানব পরম তপ লাভ কবিয়া ঐতিক ও পারলোকিক উট্ট লীবনেই স্থাপন্তোগ করিতে সমর্থ হয়।

হে ৰিজবৰ্গ! মাৰ্গনীৰ্ষের সিতপকে ৩০ ছাদ্শী ডিথিতে উপ বাস করিয়া পরম শ্রদ্ধা সহকারে মানব জলশায়ী অচ্যুতের অর্চনা করিবে। দেই দিবদ প্রাত্তকোলে শ্যা হইতে গাত্রোখান পূর্বক দন্তধাৰন এবং শুক্লবাস পৰিধান করিয়া বিবিধ গন্ধ-পূপ্প ও'অঞ্চ ম্বারা যথাবিধানে নারাযণের পূজা কবিতে হব। ইহার পর হোম তদন্তে নারায়ণকে ছুগ্নে স্থাপিত করিবে,নানাপ্রকার নৈবেদ্য, ভক্ষা-ভোদ্যাদি এবং গীতবাভ দারা তাঁহার অর্চ্চনা করিবে। শে<sup>হে</sup> সমস্ত রছনী শালগ্রাম-সমীপে জাগরণ করিয়া থাকিবে। এইবর্ণ বিধানে লক্ষ্মী ও নারাযণের ত্রিকাল-পূজা করিয়া পরদিন প্রভূা<sup>হে</sup> শ্যাত্যাগ পূর্বক উপিত হইবে এবং যথাবিধি প্রাত:ক্রিয়া সম্পা দন করিয়া পূর্ববং শুদ্ধান্তঃকরণে মংস্থাকণী কেশবের অর্চনা করিবে । তাহার পর মৃত ও নারিকেলভল-মিশ্রিত সুখাত্র পায়স প্রস্তুত করিয়া বিধিবং মুল্লোচ্চারণ পূর্বেক পরম ভক্তি সহবাবে ব্রাহ্মণদিগকে দান করিবে। ব্রাহ্মণভোজন সমাও হইলে পর শাপনি ভোলন করিতে বসিবে। যে ব্যক্তি ভক্তিপূর্ণ-হৃদয়ে এই-দ্ধপ প্রতের অনুষ্ঠান করে, দে বিকুশোকে স্থান প্রাপ্ত হইতে সমর্থ হয়।

এইন্ধপ বিধি অনুসরণ পূর্বক প্রতি মানের গুরা ঘাননী তিথিতে বথাবিধানে নারায়ণের পূজা কবিলে মানব স্বীয় অভীষ্টের সাফস্য লাভ করিতে সমর্থ হইয় থাকে; ভাহা হইডে ভাহার সকল পাপ বিনই হইয় ঘায; সেই গভপাপ পূর্বর একবিংশতি কুলে সমার্ত হইয়া চিরানন্দময় বিফুডবনে স্থান লাভ করে।

ং মুনিগণ। এইরপ আর একটি পুণামর এতের বিবরণ বলি-তেছি, নিবিইটিতে প্রবণ ককন। সেই প্রতের নাম পূর্ণিমান্তত। বাহ্মণ,
কৈছিয়, বৈশ্ব ও পৃত্র এবং চতুর্বর্গের বোবিংকুল এই পৃর্ণিমান্তত জারু-টান করিতে পারে। এই ব্রুড পরন পবিত্র; ইহাতে সকল কামনা সিদ্ধ হয়, ফ্রারণ ও মুঠিএই নিবারিত হইয়া থাকে এবং সমন্ত প্রতের ফল লাভ করিতে পারা যায়। একশে আমি তাহার বিধান কীর্ত্তন করিতেছি, প্রবণ করুন।

মার্গনীর্ধ মাসের পবিত্র পূর্ণিমা দিবদে দস্তধাবন পূর্বক বাধাবিধানে স্থান করিয়া শুক্ত বসন বারণ করিবে; ভাহার, পব বস্তুত্তে প্রভাগত হইযা পাদবয় প্রশাসন পূর্বক নারায়ণের শারণ করিতে করিতে দিত্য-নিমিতিত দেবার্জন সম্পাদন কবিবে। দেবারায়ন শ্বের ইইলে সরয় পূর্বক আসনাদি ও গন্ধ-পূর্পা প্রভৃতি বারা লাম্মানরায়ণের পূরায় প্রবৃত্ত ইইলে। সেই সময় বেবস্মীপে যেন পূরাগ্নারায়ণের পূরায় প্রবৃত্ত ইইলে । সেই সময় বেবস্মীপে যেন পূরাগ্নারায়ণের পূরায় প্রবৃত্ত ইইলে । কেই সময় বেবস্মীপে যেন পূরাগ্রাজাগে চতুহ তি-পরিমিত শুভিল ও প্রভৃত করিয় ভাহাতে একবার, বিরার, অববা ত্রিবার শিলিক কর্মান করিবে। বর্ষাবিধানে পূর্বা হোমারের বিরিবং শালিকক লগ করিতে ইইলে। বর্ষাবিধানে পূরা সমাও ইইলে যথাপাকি প্রাম্পতনামন করাইবে এবং তদতে ব্যং সৃত্য ও আয়ীয়বভন সমতিবাহারে ভোলন করিতে বনিবে।

শাস্ত্রোক বিধানে উপবাস পূর্বক এইত্রপে সংবংসর নারায়ণের পূচা করিয়া অবশেষে কার্তিকমাসের পূর্বিনায় ত্রত উদ্যাপন

করিবে। তদ্বিধান এ স্থলে বর্ণিত হইল। হে ম্যানবর্গ। চতুবস্র-পবি-মিত একটি মণ্ডপ প্রস্তুত করিয়া বিবিধ পুস্পমালা, বিডান, # ধ্রজ, দীপ, কিন্ধিণী,ণ দর্পণ ও চামরাদি দ্বাবা স্থশোভিত করিবে,—তাহার মধ্যে পঞ্চবর্ণয়য় সর্ব্বজোভন্ত বিরাজিত থাকিবে। তাহার একটি জলপূর্ণ কুন্ত ভত্নপরি স্থাপন করিবে এবং বিশুদ্ধ ও পবিষ্ণুত বসনে সেই কলস আচ্ছাদন পূৰ্ব্বক স্বৰ্ণ, বৌপ্য অথবা তাম্ৰে তাহা ুখলম্বত করিয়া লক্ষ্মীনারায়ণের মূর্দ্তি ভতুপরি স্থাপন করিতে হইবে। অনস্তর পঞ্চায়তে ভগবানকে স্নাপিত করিবা গৃদ্ধপুষ্প এবং ভক্ষ্য-ভোল্য ও নৈবেছাদি দারা ভক্তিপূর্ণ হৃদযে তাঁহার পূজা করিবে। দেবতা-সম্মুখে রজনীযোগে জাগবণ কর্তব্য: নতবা অভীপ্রসিদ্ধি হইবার সম্ভাবনা নাই। পরদিন প্রত্যুবে গাত্রোখানপূর্বক যথাবিধি ভগবানের পূজা করিয়া পুরোহিতকে যখাশক্তি দক্ষিণাসহ দেবপ্রতিমা প্রদান কবিবে, তাহাব পর সাধ্যাদুসারে বাহ্মণভোজন করাইয়া স্বয়ং এভালন করিবে। তখন ব্রভ উদ্যাপিত ইইবে। হে বিলকুল<sup>1</sup> শাল্রোক বিধানে এই মহাপুণ্যপ্রদ পূর্ণিমাত্রত সমাপন করিতে পারিলে লোকে যোগিজনছার ভ পবন পদ লাভ করিতে সমর্থ হয়।

### সপ্তদশ অধ্যায়।

ধ্বজানোপণ-ব্রত এবং সুমতি রাজার উপাধ্যান।

শ্ত বলিলেন, হে ব্যক্তিল। আমি একণে আর একটি পুণ্যপ্রদ রতের বিবরণ বলিতেছি, অবহিতিচিত্তে শ্রবণ করুন। সেই
রতের নাম ধ্রলারোপণ-রত। এই রতের অন্তর্চান হইতে সমস্ত পাপ
বিনই হয়, সকল ছাব দূব হইয়া যায এবং মানব দেবদেব বিয়ুর
প্রসাদ লাভ করিতে সমর্থ হইয়া থাকে। বে মুনিগণ! বিয়ুবনে
যে ব্যক্তি পতাকারোপণ করেন,তিনি বিরিঞ্চাদি দেবগণেরও পূল্য;
অভএব ড়াঁহার মহা পুণ্যের কথা আর কি বলিব ? গলাসান,ত্লসীসেবা, শৃত্যালিক পূল্ন অথবা কুটুবকে রাশীক্ষত ধনরত্ব প্রদান
করিলে যে পুণ্য হয়, একমাত্র ধ্রলারোপণ হইতে সে মহাপুণ্য
মর্জিত হইয়া থাকে।

হে বিষবর্গ। এই পূণ্যপ্রদ ব্রতে যে সকল অনুষ্ঠান কর্ত্ব্য,
আমি ক্রমে ক্রমে তৎসমত্তের উল্লেখ করিতেছি। কার্ত্তিকমানের
শুরু বাদনী এই ব্রতাচরণের প্রশক্ত দিবস। তাহার অব্যবহিত
পূর্ববর্তী একাদনীদিনে ব্রহ্মহুর্য অবলবন পূর্বক যথাবিধানে
দন্তধাবন ও আন করিয়া বিশুছবেশে নারাযণের অত্যে বিরামদামিনী নিপ্রার কোনল ক্রোভে নিশাবাপন করিবে। তাহার
পরদিন অতি প্রত্যুব্য গারোখান এবং রানাহিকাদি সমাপন করিয়া
নারাযণের পূলার প্রবৃত্ত হইবে। তদত্তে রাক্ষাহত্তুইরের সহকারে
নানীম্থ-আছ সনাপন করিতে হয়। আছবিধি সম্পাদ হইতার বহসংগ্রুত ইট ধর্মবন্ত গায়ত্রী চল করিয়া প্রোক্ষণ করিবে। তাহার
পর শুরু পূপা, হরিদ্রা, অকত ও গছন্মবাদি বারা সেই প্রভাকারত
পূর্যা, চন্দ্র ও বৈনতেয়কে ০ এবং গুরুগারে বিষাতাকে পূরা করিতে

<sup>•</sup> বৈন্তের—গ্ৰুড় I

হইবে । পূজার পর হোম এবং হোমান্তে রাজিজাগরণ। তাহার পর প্রাতঃকালে উঠিয়া নিত্যক্রিয়াকলাপ সমাপন পূর্ব্বক গদ্ধব্য ও কুস্থনাদি দারা পূর্ব্ববং দেবার্চন করিবে। দেবারাধ্ন শেব হইলে সূক্ত ও স্তোত্রপাঠ এবং মনোহর নৃত্য, গীত ও বাছ সহকারে বিষ্ণুভবনে ধাজ লইযা যাইতে হইবে।

হে বিপ্রকুল : দেবালযের ছারদেশে অথবা শিখরোপরি ধরজ-দও রোপণ কবিতে হয়। পভাকার স্তম্ভ যেন স্থুদুচ্ ও দেখিতে স্থাদর,হয়। এইৰূপে স্থাশেভন ধ্বল দেবালয়ে স্থাপিত হইলে তাহা ভক্তিসহকারে প্রদক্ষিণ করিয়া এই স্তোত্ত উচ্চারণ কবিবে ,—'পুত-' ব্রীকাক্ষ, বিশ্বভাবন, হৃষীকেশ, দেবদেব নারায়ণকে নমস্বার। যাঁহা কর্তৃক এই নিখিল জগৎ স্ট হইযাছে, বাঁহাতে সমস্ত প্রতিষ্ঠিত এবং ্ অন্তে যাঁহাতে আবার সকলই লয়প্রাপ্ত হইবে, সেই জগন্ময, বিফুব শরণাগত হইলাম। একাদি স্থরগণও বাঁহার মহিমা বুঝিতে সমর্থ-নহেন, যোগিগণ নিবস্তর ঘাঁহার প্রশংসা করিয়া থাকেন, সেই জ্ঞানকণী জগদীখনকে নমস্কাব। স্বৰ্গ যাঁহার মৃদ্ধা, অন্তরীক্ষ যাঁহাব নাভি, পৃথিবী যাঁহাব পদতল, দশদিক যাঁহার শ্রোত এবং দিনকব-শশাভ বঁহার চকু, বাঁহার মূখ হইতে অগ্নিও বাক্ষণ, বাছ হইতে ক্ষত্রিয়, উরু হইতে বৈশ্য এবং পদ্বৰ হইতে শুদ্র সঞ্চাত হইয়াছিল. বাঁহাব মন হইতে চন্দ্ৰমা 📽 প্ৰাণ হইতে পবন উৎপন্ন হইবাছে সেই সর্বেশ্বর শুদ্ধ নির্মাল নির্বিকার নির্মান নারায়ণকে নুমুম্ভার ক্ষিত্যাদি পঞ্চ মহাভূত ও প্ৰাত্মাত্ৰ-সমূহ বাঁহা হইতে জ্মিয়াছে সেই সর্বতোভুক প্রব্রগাকে নমস্কার। যিনি নিগুণ হইযাও সন্ত্রণ নিয়াকার ইইযাও সাকার, তখজানী যোগীস্থগণ যাঁহাকে সর্বকার ণের কারণ বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, সেই নিরাকার নির্বিং কার অল পুরাণ পুরুষকে নমন্তার। বিনি সর্বাস্থাত্তর অন্তরাত্মা, নায়ামুগ্ন মোহান্ধ ব্যক্তিদিগেৰ হৃদযে বিরাজ করিয়াও যিনি তাহা-দিগের পক্ষে দূরস্থ, ভানী ব্যক্তিগণ যাঁহাকে সর্বদা দেখিতে পায়, দেই বিফু আমার প্রতি প্রদল হউন। সাধুব্যক্তিগণ হাঁহাকে

সচিদানলবিএহ বলির। কীর্তন করেন,সেই পরেশ পরমানন্দ পরাৎ-পরতর পরমেখরকে নমন্ধাব। ভগতের হিডার্থ নানা মৃত্তিতে যিনি পৃথিবীতলে অবতীর্ণ হইনা থাকেন, সেই বিধরপ বিবেশ্বরকে বার বার নমন্বার করি, তিনি আমার প্রতি প্রশন্ন হউন।'

এইরূপ স্তব করিয়া বিষ্ণু ও আন্ধণকে পূজা করিবে এবং দক্ষিণা ও বসনাদি দান পূর্বক পশ্চাং আচার্যাকে আরাধনা করিয়া ভক্তিসহ-কারে যথাশক্তি আন্ধাভোজন করাইবে। তাহার পর পূজ, মিত্র, কলত্র প্রভৃতি আত্মীয়-বজনগণের সহিত স্ববং পারণা করিবে।

হে বিপ্রকৃন ! যিনি অভারোপণরূপ এই পরম পরিত্র ব্রক্ত উদ্যাপন করিতে সমর্থ হযেন, তিনি যে কি মহাপুর্যা লাভ বরিতে পারেন, তাহা প্রবণ করুন । তংল্থাপিত গ্রন্থগুট বাযুভরে যতদিন চলিতে থাকিবে, ততদিন তাহার সমস্ত পাপ ক্ষম পাইবে। মহাপাতনীই হউক, আর সর্অপাতকযুক্তই হউক, যদি বিশ্বমন্দিরে একবার শ্বন্ধ আরোপণ করিতে পারে, তাহা হইলে তাহার সমস্ত পাপ বিনই হইযা যায় এবং সেই গ্রন্থ বিশ্বমূহে যত দিন বিরাজ করিবে, তত সহত্র মুগ সেই ব্যক্তি হরির আরুণ্য লাভ করিরা বিশ্বসোকে বাস করিতে সমর্থ হৈবে। যে মানব অপরের স্থাপিত শ্বন্ধসন্দিন আহলানিত হইরা বারে, সে সমস্ত পাতক হইতে সম্ভ নিকৃতি লাভ করিতে পারে। আহা ! হরিতবনের হারে অথবা শিরোদেশে থাকিয়া সেই পবিত্র পতাকা যথন মন্দ সমনীরণস্থারে পটপট ব্রবে আন্দোলিত হইতে থাকে, তখন নিমেমার্ছনাত্রে সেই প্রবংশ স্থাপ্রস্থার সমস্ত পাপ অপনীত হইযা যায়।

হে ধ্যিসভ্যগণ। এই বিষয়ের একটি মনোরন উপাখান বলিতেছি, সমাহিতননে সকলে শ্রণ কলন। ধার্মিকগ্রেঠ প্রলাধি নারদ এই কথা কীর্তন করিঘাছিলেন। কুত্যুগে পবিত্র সোমবংশে ক্ষাতি নামে একজন পরম গুণবান্ মরণতি জন্মগ্রহন কবিঘাছিলেন। তিনি জানী, ধার্মিক, কপবান্, সতাসন্ত, তঠি ও বিন্মা। তিনি অতি-বির পুলা করিতে বভ ভালবাসিতেন এরং প্রতিদিন ঘ্যাকালে আডিথ্যশংকার সমাপন করিষা জলগ্রহণ কবিডেন। তিনি পূচ্যব্যক্তির পূজা ও মাজেব সম্মানর্দ্ধি করিতেন; সর্ব্বানা হবিকথা শুনিতেন এবং হরিভক্তদিপের শুশ্রুমায় নিরত থাকিতেন। ভিনি কুঁতজ্ঞ, শান্ত, কীর্দ্ধিপ্রিয়,সর্ব্বস্থুতের হিজাকাজ্ঞী, এক কথায় তিনি সর্ব্বগ্রসম্পন্ন।

মহাত্তৰ স্থাতি সপ্তৰীপের অধীষৰ হইবা প্রমান্তরে দেই হবিতৃত বাদ্যা দাসন কবিতে লাগিলে।। ভাঁহার পুত্রীর নাম সভ্যম্তি। সভ্যমতি যেরপ বলবতী, সেইরপ গুণবভী। তিনি পতিপ্রাণা ও সর্বেহলকশমুকা। হে মুনিগণ। এই পরম পুণ্যাত্মা বাহনক্পতি আভিন্মর হইরা নিবভ সংকার্ট্যের অনুষ্ঠানে কাল অভিনাহিত কবিতে লাগিলেন। ভাঁহারা ক্ষ্ণিতকে অর ও ভ্বিতকে জল দান করিতেন এবং আপানর সাধারণের মন্ত্রলার্থ সরোবর, ওভাগ, কুণাদি ও মনোহর উভান হাপন কবিমাহিলেন। মন্ত্রনাদিনী লগী সভ্যমতি পবিত্রকাবনে নিভ্যু নাবায়ণের গৃহে মৃত্যু করিতেন। ধার্মিক স্থমতিও প্রত্যেক গুরুগ হাদনী দিবনে বিমুগ্রেই বিভর মনোক্ত এক বিরুগ্রিক স্থমতিও প্রতিত্রক গুরুগ হাদনী দিবনে বিমুগ্রেই বিভর মনোক্ত এক বিরুগ্রিক স্থামিল ও এনন কি, বেবতাগণও ভাঁহাদিগেব দিনতের প্রশান কবিয়েলন।

সেই ত্রিলোকবিখ্যাত রাজ্যম্পতির সহিত সাকাৎ ক্ররিবার
নিমিন্ত মহর্ষি বিতাথক এককা বছ শিশাইশিব্যের সম্বতিবাহারে
ভানীয় রাজ্যানীতে আগমন করিলেন। তাঁহাকে আগমন কুরিতে
ভানিয় মহান্ত্রত স্থমতি বিবিধ উপচাব ছারা তাহাকে অভ্যর্থনা
করিবাব অভিশাবে সন্ত্রীক রাজ্যকন ইইতে বহিগতি হুইলেন।
তাহাদেব উভয়ের আনন্দের আর সীমা রহিল না। অভ্যানর মহামুনি গ্রীজাব অভ্যর্থনায় সন্তুর্থ হুইয়া তাহাকে আন্মর্কাদ করিলেন।
আত্থাসংকারের সমস্ত আরোজন স্থির ইইল। তাপোনিধি বিভাগফ
শীয় শিয়াবুন্দের সহিত আনন্দের বালার সংকার স্থীকার করিলেন

मध्याविनी—मत्नाद्यशाविनी।

এবং পানভোজনাদি সমাপন করিয়া কিয়ংকাল বিশ্রামারে রাজার সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। মহাত্মা সুমতি মৃনীন্দ্রের চরণবন্দনা করিয়া যথাযোগ্য আসনে উপবেশিত করিলেন এবং স্বয়ং তাঁহার সম্মুখে নিরাসনে উপবেশন পূর্বক কুডাঞ্চলিপুটে বিন্যন্ত্রবচনে বলিলেন, "ভগবন্। আপনার পদার্পণে অন্ত আমি কুতকুতা হইলাম, আমার জীবন সার্থক; রাজ্য পবিত্র হইল। প্রভা। পণ্ডিতগণ সাধু ও সচ্চরিত্র ব্যক্তিদিসের আগমনকৈ স্থাধের নিদান বলিয়া প্রশংসা করিয়া থাকেন। আপনি মহাত্মা, মহালুভব ও প্রকৃত দাধু। ভবাদৃশ মহোদয়গণ যাহার প্রতি একবার দামুরাগ দৃষ্টি বিদেপ করেন, ভাহার সকল পাপ দূর হইমা যায়, সকল আশা পূর্ণ হয়; সে ব্যক্তি ধনধাত, পুত্রপৌত্র, তেজোবল ও কীভি প্রভৃতি দর্কপ্রকাব সম্পদ্ লাভ করিতে সমর্থ হয়। সাধু মহাত্মা-দিগের করুণা ব্যতিবেকে কাহারও মন্ত্রল সাধিত হয় না। এক্ষণে ঐ পবিত পাদপদ্মের পাঁদোদক আমার মন্তংক অর্পণ করিয়া আমার সকল কামনা চরিতার্থ করুন।" এই বলিয়া ধার্ম্মিক স্থমতি তেজো-নিধি বিভাগুকের পাঁদোদক প্রমভক্তি নহকারে স্থীয় মন্তকোপরি ধারণ করিলেন এবং আনন্দগদদভাবে বলিতে লাগিলেন,"হে ত্রন্ধানু ! এট পাদান্তু শিরে ধারণ করিয়া আজি আমি সর্বতীর্থসানের ফল • লার্ভ করিলাম। প্রভা। একবে কি অভিপ্রায়ে এ দাসের ভবনে পদার্পণ করিয়াছেন, অনুগ্রহ করিয়া প্রকাশ করন। আপনি আমার শাসক ও আদেশকর্তা: আমার পুজু কলত্র ও সমস্ত ধনসম্পত্তি আপ-নারই চরণতলে সমর্পণ করিয়াছি, এক্ষণে কি করিব,জাদেশ করুন।" ু বিনয়াবনত নরপতিব শুমধুর বাকে। পরম আহলাদিত হইযা

্বেনয়াবনত নরপাতব খ্রপুর বাংলা পর্য আবোনত হত্যা
মহবি বিভাগত তাঁহার আদে হতাবইন পুর্বক সমেহে বলিলেন,
"রাচন। তুমি যাহা বলিলে, তাহা তোমার উচ্চতুদেরই যোগ্য
বটে। বংস। বিনয় একটি মহং তব; ইহাতে পরম মলললাত
ক্রিতে পারা যায়। বিনয়া ব্যক্তি নিশ্চয়ই চহুর্ব্যব্দ লাভ করিতে
সমর্ব হয়েন। বলিতে কি, বিনয় ইইতে সর্ব্যক্তর খ্যক্ত সাধিত

হইয়া থাকে। হে ভূপাল। ভোমার বিনয়, শীলভা, সদাচার দোবিঃ।
প্রম প্রীতি লাভ করিয়াছি; আশীর্কাদ করি, তোমার মঙ্গল বর্ত্তিত
হউক। একণে আমার একটি নিজাত অহর্ণ \* আছে; বিস্ত

ভোমাদের স্ত্রীপুক্ষের বিষ্ণুসেবাৰ একটি বৈচিত্র্য দেখিতে পাই; তুমি প্রত্যন্ত ধ্বলারোগণ কর এবং ভোমার সাধনী পত্নী দেবালয়ে মিত্য নৃত্য করিয়া থাকেন; ইহার কারণ কি ?"

মহর্ষি বিভাওকের এই বিচিত্র প্রশ্ন প্রবণ করিয়া, মহীপতি 
মুমতি আনন্দিত হইলেন এবং সবিনয়ে বলিতে আরম্ভ করিলেন,
"ভগবন্। আপনি যাহা আদেশ করিলেন, তাহার পরিপালনে
আমি প্রবৃত্ত হইলাম"; অনুগ্রহ কবিয়া প্রাণ করন। হে মুনে!
আমাদের ত্রীপুরুষের চরিত অতি বিস্মাকর। প্রকোণ,
শ্রামি শ্রুকুলে জন্মগ্রহণ করিয়া মালী নাম ধারণ করিয়াছিলায়।
আমি প্রকৃত্ত অভ্রতণ করিয়া মালী নাম ধারণ করিয়াছিলায়।
আমি প্রক্রা অপহরণ করিতাম, প্রোণগণে পরের অনিইসাধনে
বাস্ত থাকিতাম এবং নিত্য কুকর্মে রত থাকিয়া ধর্মের অপমান
করিতাম। আমি ঘোর ক্রুক্ত পাষণ্ড ছিলাম। সমা হুরাচার
ব্যক্তিদিগের সহবাসে কাল্যাপন করিতাম এবং স্থরণান ও বেখাভিগমন করিয়া সর্ক্রণ পাপপকে নিমার থাকিতাম। ভগবন্। বলিতে
মুণা হুন, প্রামি নিরাহ বিপ্রকুলেরও সর্ক্রণ অপহরণ করিতে স্মুভিত হুইতাম না। আমার পিতামাতা ও আফ্রীয়-স্ক্রনগণ আমাকে

তিরস্বার করিতেন, ভৎপনা করিতেন, প্রহার করিতেন, বাটা হইতে দ্র করিয়া দিতেন: ভাগতেও আমার জাননেত্র উদীদিত হইত এইরূপ হৃষ্ণ-ছৃদ্রে কাল অভিবাহিত হইতে লাগিল। একদ।
নৈদায় স্থেট্যর প্রথম তাপে পরিপ্রান্ত ও ক্রপেপাসার্ত হইয়া বনমার্গে আহার ও জনের অরেধণে ক্রমণ করিতে করিতে একটি ক্লীর্ণ
দেবালয় দেখিতে পাইলাম। তাহার পার্বে একটি বুহং সরোবর।
হংসকারওবাদি বিবিধ জলচর পদ্দী দেই সরসীজলে খেলা করিতেছিল; তাহার তীরভূমি অসংখ্য বনপাদপ ও নিবিভ লতাক্তমে
সমাজ্যাদিত। হে মুনীধর! তংকালে লপর খাল না-পাওমাতে
দেই সরোবরের মধ্যন্থিত মুগালমূল ধাইমা কুধা নিবারণ করিলাম
এবং তাহার সুনীতল ললপানে স্কুত্ব হইষা তীরভূমে বিশ্বাম ক্রিতে
স্বাগিলাম।

কিছুক্দের মধ্যেএকটু হুল্ম হইরা আবার নিজ অবস্থা ভাবিতে
লাগিলাম। নিবিভ বিজন অরণ্য , জনমানবের সমাগম নাই;
হায়, নিরাশ্রম ইইলাম। কোথায যাইব ? কাহার কাছে আশ্রম
প্রার্থনা করিব ? অবশেষে অক্ত কোন উপায় না দেখিয়া সেই জীর্ণ
দেবালয়েই বাদ করিতে কুতসজয় ইইলাম, এবং তুণ, পিত্র ও কাষ্টাদি
নাএই করিয়া তাহার এক পার্শে একটি গৃহ নির্দাণ করিলাম।
নিবর। তথায় জনমানবেরও সমাগম ছিল না ;—আমি একাকী।
বিশাল অরণ্য, অসংখ্য বনবৃক; সকলই আমার হেইল। আমি
এবাকী সেই বিত্ত গভীর বনমধ্যে বাদ করিয়া দেবালয় পবিভার
হরিতে লাগিলাম। আধর্ত্তি বাতীত তৎকালে আমার আর কিছু
নীবিতা রহিল না। আমি প্রতিকালে গৃহ হইতে বহির্ণত হইরা
মরণ্যের শভীরতর প্রদেশে প্রবেশ করিয়া এবং বরাই ও মৃণাদি
হত্যা করিয়া দিনাত্তে আবার ফিরিয়া আদিতাম।

এইরূপে বিংশতি বংদর অতীত ইইল্.। খনন্তর একদা আনি দেবালয়ে বনিয়া আহি, এনন সময়ে একটি ব্রীলোক আদিয়া আমার নিকট উপস্থিত হইল। তাহার রুপ কেন, মলিন বেশ; বেশ; মরীর নিতান্ত ৭র্প; পরিধানের বন্ধবানিও ছিল্লভিয়, দেখিয়া বোধ চটনা, যেন তাহার ভিংসারে কেইই নাইণ। বিংশতি বংদ্ব মানবের মুখ দেখি নাই; সুভরাং দেই অভ্যাগত রমণীকে দেখিযা আমি বড আহলাদিত হঠলাম; সাদরে গ্রহণ করিয়া তাহাব পরিচয় তিজ্ঞাসা কবিলাম, প্রত্যুক্তরে যাহা জানিলাম, তাহাতে তংপ্রতি আমার অমুরাগ বৃদ্ধি পাইল। তাহার নাম কোকিলিনী, সে নিমাদকুলে জন্মপ্রহণ করিয়াছে, বিদ্ধাদেশ তাহাব জন্মভূমি। তাহার আআম কেলনগণ তাহাকে পরিত্যাগ করিয়াছে,—কেহই তাহাকে আআম দেঘ নাই। অগতা। কোকিলিনী লোভালম ছাঁডিয়া বনে আগ্রয় লইতে বাধ্য হইমাছে। প্রথম্মেনে বোরতর মান্ত, দারুগ কুংপিপাসায় তাহার শরীর অবসর, কণ্ঠ বিতত, তাহাক উপৰ-আবার কঠোর অস্ত্রাগে তাহার মুখ্রিল ক্ষতবিক্ষত। আহা।

বনকল ও জল দিয়া আমি ভাহাব কুংপিগান। নিবারণ করিলাম।
এইকপে আন্তি দ্ব করিয়া সেই শোকার্ত্তা নিযাদক্তা আমাকে
নিজ বুতান্ত বলিতে আবন্ত করিল। হে মহামুনে ি ভাহা অতি
শোচনীয়। কোকিলিনী অতি কুরা, নির্চুবা ও স্কভোধিনী। সে
সর্ব্বদা পরত হবণ করিত , যাহাকে ভাহাকে কঠোব কথা বলিত;
সকলের প্রতি নির্চুব ব্যবহাব করিত। সে এতদূব পাপিষ্ঠা যে,
নিজ বামীকে হত্যা করিয়াছিল। সেই জন্ত ভাহাব বন্ধুগণ ভাহাকে
পরিত্যাগ কবিয়াছে। হতভাগিনী কোথাও আপ্রয় না পাইমা
মবশেবে বন্ধব্য প্রবেশ কবিবাছে।

তাহাকে দেখিয়া আমার অত্যন্ত দ্যা ইইল। যথাসাধ্য মাংস

পারত্যাগ কাবনাছে। ইউভাগিনা কোষাও আশ্রম না পাইন্য শ্বন্ধের বননধ্য এবেশ কবিনাছে।

কোকিলিনী এ আধার অবস্থা একরুপ, ভাগ্য একরপ, পরি-শাম একরুপ, সুভবাং উভয়ের মধ্যে দৃঢ একভা স্থাপিত ইইনা উভয়ে দম্পতিরূপে সেই দেবালাযে কাব্যাপন কবিতে লাগিলায়। এইবলে বহুদিন অভীত ইকা ক্রমে আমাদেব সৌভাগ্যগগন পরিস্থত ইয়া আদিল,—আমাদেব অর্গভার বীরে বীরে উন্তুক্ত ইতে লাগিল। একদা রহুনীবোগে আমবা উভয়ে বিক্ট মদিরা পান করিয়া ধোর উন্মন্ত ইইনাম। আমাদের বাহুজান বিনুগু ইইল, বিবেক ভিরোহিত ক্ইয়া গেল, স্থ বন্ধ দত্তে বন্ধন গুর্জক ্ন নিদ্ধ নিদ্ধা হস্তে উষ্ঠত করিয়া সেই দেবাদ্যে উভয়েই উৎকট আনন্দ সহকারে উন্নত্তবং নৃত্য করিতে লাগিলাম। সেই সময়েই হঠাৎ আমাদিগেরে
মৃত্যু হয়। অমনি ভীমদর্শন যমন্তগণ ভয়কর পাশহতে আমাদিগকে
লইতে আসিল, কিন্তু তাহারা পারিল না, ভগবান মধ্সুদ্দা তাহাদের হত্ত হইতে আছিয় করিয়া লইবার লগ্ন তীয় দৃতদিগকে
প্রেরণ করিকোন। সে বিবরণ অতি মনোহর।

হে তপোধন। সেই ভীখণাকার যদকিছবগন বিকট দশনবিকাশ পূর্বক রদযন্তন্তন হাত্ত করিয়। আমাদিগকে কঠোর পাশে
বন্ধন করিবার উপক্রম করিতেছে, এমন সময়ে দুরে মধুর হরিনামসঙীর্বন শ্রুড হইল। চারিদিক্ বেন এক মিগ্র আলোকে বিভাসিত
হইল। অমনি নির্ভুর শমনদৃতগণের হস্ত হইতে পাশ খানিত হইনা
ভূমিতলে পভিনা গেল, তাহারা ভতিভভাবে দখায়মান রহিল।
দেখিতে দেখিতে হবিনাম অধিকতর নিকটে শ্রুড হইতে লালিল।
অবশেবে হরিদ্তগণ আনিয়া উপস্থিত হইলেন। তাহানদর জ্যোভিং
সহল পূর্বের ছায় উপ্রজন অবত শাস্ত কোমকা ও লার নিম্নাকর।
ভগবানের ছায় উল্লেশিক হস্তে শশ্ব, চক্র ও গণ। বিবালিত।
তাহারা মধুরভারী, কুপালু ও অনুগ্রহবান। বাস্তবিক তাহাদিগকে
দেখিনে হদয় ভক্তিরনে আগ্রত হইয়া যায়।

সেই শান্ত-শভাৰ দেবদুভগৰ হরিনাম কীর্ত্তন করিতে করিতে জীমান্ততি বমদুভগণের সন্মূৰে আদিরা বলিলেন, 'রে তুর ছ্রাচার-গণ। নিবৃত্ত হও প্রতি করিছে প্রতি করিছে লগে লিবুক হও! হরিভক্ত প্রেই নিজ্ঞাপ দল্লাডির অন্ন করালি ল্লাণ্ট করিও না। বৃত্তগণ। তোমালের বিবেক কি একবারে লোপ পাইয়াছে ? তোমরা কি জান না যে, বিবেকই জিছু-বনে সন্পদের আদি কারণ এবং অবিবেকিতা সকল অনিষ্টের নিদান ? যে বাজি অপাপকে পাপ, ধর্মাকে অবর্ধা এবং জায়কে অভায় বলিয়া তান করে, সে নিশ্চমই নরামন, কিন্তু যে মৃত পাপকে অপাপ বলিয়া কারন রে, অধর্মকে বর্ধ্বের বিক্রতে প্রশ্রম্ব দেয় এবং ভাষাবকে ভাষাব বিদ্যা কার্যকর ব্যক্তি বায়্য় সেম্বর্ধন ক্রিতে প্রায়্য দেয় এবং ছায় বলিয়া সম্বর্ধন ক্রিতে বায়্য সে নরাধনের অব্ধান বিদ্যা ক্রায় বিদ্যা সম্বর্ধন ক্রিতে বায়্য সে নরাধনের অব্ধান বিদ্যা

বানপ্রত্ব বছা তৈলে অভাঙ্গ বিরবে; নির্দ্রা, আলত, ব্ধাবার্ক্য, পরীবাদ ও দ্রচ কথা পরিত্যাগ করিবে। শীত, রৌজ, বর্ধা প্রভৃতি স্বহ্য করিতে নির্দিবে এবং সর্বব্দা অগ্নিসেবন করিবে। এইদ্রপ নানা প্রকার নৈসার্গিক ক্লেশ সহু করিতে করিতে বানপ্রত্ব চালাংগাদি প্রত অদুষ্ঠান করিবে; ক্রমে যধন সকল নব্যতে বৈরাগা মধিবে,

রহমারদায-পুবাণ।

326

বিভাসিত হইবে, তখনই সন্মাস অবলখন করিবে; নতুবা পতিত হইতে হইবে।

চতুর্থ আশ্রমে প্রবেশ করিষা দিল নিরম্ভর বেদান্তশাস্ত্র অধ্যযন করিবেন ; শাস্ত দান্ত, জিতেন্দ্রিয়, নিম্পৃহ ও নিরহঙ্কাব হইবেন , কামক্রোধাদি রিপুগণকে পরাজ্য করিবেন; শমদমাদি গুণে বিভূষিত इरेटन এलः नशस्त्रम अथवा जीर्व कोशीन शावन पूर्वक मृधिङ-মস্তকে নিয়ত সচ্চিস্তায় নিবত থাকিবেন। ভিন্দুৰ কি শত্ৰু, কি মিত্ৰ, কি মান, কি অপমান সকলকেই সমান জ্ঞান করা কর্ত্তব্য, সকল অবস্থাতেই সমান থাকা উচিত। তিনি এক বাত্র গ্রামে এবং ত্রিবর্ত্তি নগরে বাদ করিবেন। অনিন্দিত দ্বিজগুহে তিনি একবাবের অধিক ভিক্ষা করিবেন না. প্রাণধারণের উপযোগী একবারমাত আহার করিবেন। গৃহন্থেব গৃহেব পাকধ্য বিগও হইলে, অগ্নি নিবিমা গেলে, পরিবারী সকলে আহাব করিয়া উচ্ছিষ্টাদি দূরে নিক্ষেপ করিলে যতি ভিক্ষার্থ তাহার ঘারে উপস্থিত হইবেন। ভিক্ষা না পাইলে বিষয় বা ক্ষুদ্ধ হইবেন না; পাইলেও আহলাদিত হইবেন না; যাহা পাইবেন, তাহাতে সম্ভন্ত হইবা চলিয়া আদিবেন। তিনি ত্রিসবন স্থান করিয়া নিয়তেন্দ্রিযভাবে প্রণব জপ করিবেন, কদাপি বিষয-চিন্তা হৃদয়ে স্থান দিবেন না, মৃহুর্ত্তের জন্ম বিপুসকলের বশীভূত হইবেন না। দিবদে একবারমাত্র আহার করিয়া যে ব্যক্তি লাম্পট্য প্রকাশ করে, অথবা লাম্পট্যে দৃষিত হয, সে অরুড প্রাযশ্চিত করিলেও কখনও নিক্ততি পাইতে পারিবে না।

হে বিপ্রকুল। যতি বদি লোভী ও দান্তিক হইবা পড়ে, তাহা হৈছে দে চণ্ডাল সমান হেয়;—দে বর্ণাশ্রম হইছে অন্তর্নত হয়, জতএব তিনি নির্মাল, নির্দ্ধুন্দু, নিন্পৃহ ও নিরহন্বার হইবা নিরন্তর অবায়, অক্ষয়, অনামধ নারায়ণকে ধ্যান করিবেন, অবিরত বেবান্তার্থ ছিন্তা করিবা সেই ছণ্ডাচেড ক্সম্বন্ধ্রম করে হেবান্তার্থ দেবদেব সত্যবন্ধ্রপ সনাতন পরমান্ত্রায় তত্ত্বয় হইবা থাকিবেন; তবে চিরানন্দময পরমণ্ড লাভ করিতে সম্ব্ ইইবন। বর্ণাশ্রমের

উক্তরূপ বিধান সমাক্ পালন করিয়া যে ছিছ জীবনধারণ করেন, তিনি সমস্ত পাপ হইতে নিমৃক্তি হইয়া জগন্ময বিষ্ণুর চরণতলে স্থান কাত করিবেন।

# পঞ্চবিংশ অধ্যায়।

## শ্ৰাদ্ধ-বিধি।

হে ঋষিসত্তমগণ। একণে আমি প্রযোজনীয় প্রাজবিধি বর্ণন করিছেই, আগনারা অভিনিবেশ সহকারে প্রবণ কফন। এ বৃত্তান্ত অতি পুণাপ্রদ, ইহা শুনিলে সকল পাপ চইতে মুক্তি লাভ করিছে পারা যায়। অমাবতা-দিবদে প্রাক্ত সম্পন্ন করিছে হয়। দেই জত্ত স্মাহের পূর্বনিবদে প্রান্ন করিয়া একবারমাত্র আহার করিবে এবং প্রকার্য্য অবজ্বন পূর্বক রজনীতে নিম্নে ভূমিতলে শয়ন করিয়া থাকিবে। সেই দিবদে ই কার্যার্থ বিপ্রদিগকে নিমন্ত্রণ করা কর্তব্য। সে দিন দন্তধাবন করিবে না; তাহ্ল, তৈল ও অভ্যুসাদি ব্যবহার করিবে না। প্রাক্তর্যাধ ভোজা উভয়েই বেরাধ্যয়ন, পরান্ধ-ভোজন, প্রশ্রম, কোধ, কলহ, খ্রাসঙ্গ ও দিবানিজা হইতে দ্বে থাকিবে। প্রাক্তে ইইয়া যে বিপ্র জীসভোগ করে, ল বজহত্যার পাশে ক্যন্ধিত হইয়া যে বিপ্র জীসভোগ করে, ল বজহত্যার পাশে ক্যন্ধিত হইয়া থাতে নহাভ্যাবহ নরকত্তে নিশ্বিপ্ত হইয়া থাতে নহাভ্যাবহ নরকত্তে নিশ্বিপ্ত হইয়া থাতে নহাভ্যাবহ নরকত্তে নিশ্বিপ্ত হইয়া থাকে ন

হে বিপ্রেন্ডবর্গ ! বাছিয়া বাছিয়া প্রান্তে বেদতা ও বিফুতংপর
বাচ্ছণকৈ নিয়োগ করিবে ৷ যে আক্ষা প্রশান, ক্রুলোচুত, ও রাগবেগবিহান ; যিনি স্বাপ্রযোচিত আচার-ব্যবহারে নিরত থাকেন ;
বিনি স্থতি, বেদান্ত ও পুরাণার্থে সন্যক্ পারদর্শী ; সদা সর্বলোকের
মঙ্গসমাধনে বতী থাকেন ; যিনি ক্রতন্ত, ভক্তত্ত ও ভাসম্পান্ন ;
যিনি সর্বানা সকলাকে স্থানিকা প্রদান করেন, সংখাত্রকথার

শ্রাদ্যাপাবে অন্বজ্ঞাত হইবা তুইটি মণ্ডল প্রস্তুত করিবে। বান্ধণের চতুন্দোণ, ক্ষপ্রিয়ের ত্রিকোণ এবং বৈশ্রেব বর্তু লাকার মণ্ডল কর্তব্য ,

—শ্রের কেবল অভ্যক্ষণ করিলেই হইবা থাকে। ত্রান্ধণের অভাবে বীয ভ্রাতা, পুত্র অথবা আপনাকে নিষোগ কবিবে। পাদপ্রকালন পূর্বক আচননাদি করিয়া বিপ্র নারান্ত্রণের অর্চ্চনা কবিবেন এবং নাবদেশে ও প্রান্ধাণিত্যের মধ্যে "অপহত" এই মন্ত্র উচ্চারণ পূর্বক প্রান্ধকর্যা চিন্ত চন্দাইরা দিবে।

ভোজা ও আছকর্ত্তা আছিবিসের বলনীতে প্রীসংসর্গ ত্যাগ করিবে এবং বাধ্যায় ও বেদাধ্যন হইছে দূবে থাকিবে। হে ছিলোতমগণ! পবিক, আত্ম ও ,নিধন ব্যক্তিগণ আম আছ করিয়া সিদ্ধিশাভ করিতে পাবিবে। যে ব্যক্তি অবাদিব আযোজন করিতে না পারে, ছিলের সাহায্য লাভ করিতে অসমর্থ হয়, সে কেবল অরপাক করিয়া গৈভুক শুক্ত উভারণ পূর্বক হোম করিবে। যে ব্যক্তি নিভান্ত দীনহান বাহার সহায় নাই, সহল নাই, সে ধেমুকে কিঞ্চিং ভূণ দান করিবে, অথবা স্থান করিয়া বিধিবং ডিলতর্পা করিবে, কিবো বিজন বনমার্গে প্রবেশ পূর্বক "আমি দরিঅ, মহাপানী, আমার কিছুই কমতা নাই," বলিয়া উট্টেম্পরে বোদন করিবে। ভাহা হইলেই ভাহার মনোভিলাই পূর্ব হবৈরে, সে বেবতাগণের ভৃগ্তিলাভ করিতে পারিবে।

হে বিপ্রগা। আছের পরবর্তী দিবদে যে মানব পিভূতপণ কবে
না, সে ব্রহ্মহত্যার পাপে কল্বিত হর , তাহার বংশ শীম নাশ প্রাপ্ত
হইয়া থাকে। যাহারা পরমা শ্রদ্ধা সহকারে শ্রাদ্ধা করে, তাহাদের
সৌভাগ্য বর্ত্তিত হয, তাহাদিগের সন্তান-সন্ততিগণ অমশা উপ্লতি
লাভ করিয়া থাকে , তাহারা কথন বিপদে পতিত হয না। পিভূকুলের শ্রাদ্ধ করিলে বিশুর পূজা করা হয। কি পিতা, কি দেবতা,
কি গদ্ধর্ক কি কিয়র,কি অপ্ররা,কি বিশ্বাধর, কি মযুল দহুল সকলই
বিশু, তিনিই সর্বস্থিতনায়। খাহা কর্তৃক স্থাবরলক্ষমাত্মক এই অধিশ
বক্ষাত স্তঃ হইয়াছে, যিনি ইহার সর্বতা বিরাল করিতেহেন,

ভিনিই দাতা, ভিনিই ভোকা। হৈ মুনিবর্গ। বাহা প্রত্যক্ষ অথবা
অপ্রভাক, বাহার সতা আমবা অন্নতব করিতে পাবি এবং বাহা
বিজ্ঞান নাই, তৎসমস্তই বিভূম্ম, ভাঁহা ভিন্ন আর কিছুই নাই।
ডিনি সমস্ত জগৎসংসাবের আধাবভূত, ভিনিই সর্বভূতাথক; তিনি
অব্যব ও অক্ষব; ভিনি অনুপামেয়; ভিনিই হবাক্ব্যভূক্। সেই
সভ্যবক্ষপ বিজ্ঞ্পরভ্রন্ধাভিধানে সর্বত্ত বিরাজ করিতেছেন। হে
বিপ্রক্ষপ। ভিনিই কর্তা ও কারবিতা।

হে মুনিশ্রেষ্ঠগণ। এই পরম পরিক্র আছিবিধি আপনাদিণের
নিকট বর্ণিত হইল। এই বিধান সর্ববা পালন করিছে পারিদে,
সমন্ত পাপ হঠতে নিছতিলাভ করিছে পারা যায। আছিলালে যে
ব্যক্তি ইহা পাঠ করে, তাহার পিড়কুল পরম পরিভোব লাভ করেন,
তাহার সন্তানসন্ততি ক্রমশং বৃদ্ধি পাইতে থাকে।

# 

#### প্রায়শ্চিত্ত-বিধি।

হে বিপ্রেক্সবর্গ । একলে আমি প্রাথশ্নিত-বিধি বর্ণন করিছে প্রবৃত্ত হইবাম ; আপনারা সুসমাহিত হইয়া প্রবণ কফন। বেদ-বিহিত প্রায়শ্চিতের অনুষ্ঠানে যাহার কদম পবিত্রীকৃত হইয়াছে, যাহার গাণরাশি বিনত্ত ইইমা গিষাছে, সে ব্যক্তি যে কোন কার্য্যের গাণরাশি বিনত্ত ইইমা গিষাছে, সে ব্যক্তি যে কেনা কার্য্যের গাণরাশি বিনত্ত ইইমা গিষাছে, সে ব্যক্তি হয় , বিস্তু বাহারা ক্ষমনত প্রায়শ্চিত করে নাই, তাহারা কিছুতেই সাফল্যলাভ করিছে পারে না; তাহারা বে কর্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়, তাহার বিকল হইয়া নায়। হে ম্নিগণ! হরিতভিত্তীন ব্যক্তিগণেই প্রায়শ্চিত বর্ণন করিয়া,বাহে যে, "নায়ন্তবির কল্প প্রাথশিকত করিয়া,বাহে যে, বিয়ন্তবির কল্পই এইকপ খাণ্ডিক

त्रश्मात्रमीय-পুরাণ। কথা উচ্চারণ করে। শতসহস্র নদী থেমন স্থবাভাগুকে পবিত্র করিতে পারে না, সেই প্রাযশ্চিত্তবিবোধী মূচগণ সেইরূপ কিছুতেই আত্মণ্ডদ্দি লাভ কবিতে সমৰ্থ হয় না। বৈদ্যাতী, সুৱাপাথী, স্তেষী ও শুরুতন্ত্রগ—এই চারি ব্যক্তি মহাপাতকী এবং যে মৃচ ইহাদেব

₹•8

একজনের সহিত ক্রমাগত এক বংসর ধবিষা একত্র ভোজন, একত্র ৻ শযন অথবা একত্র বসবাস করে, সে ব্যক্তি পঞ্চম মহাপাতকী বলিযা শাল্তে বৰ্ণিত হইষাছে। হে ঋষিকুল! স্বহন্তে ব্ৰাহ্মণকে হত্যা কৰি-লেই ব্ৰহ্মহত্যা হইল না. ব্ৰহ্মহত্যা বছবিধ আছে। স্বহন্তে অথবা, অপর লোক ঘারা লার্মাণকে বধ করিলে তাহা ক্রমহতা : সেইকপ

ভালাণের গো, ভূমি ও হিরণ্যাদি হরণ করিলে যদি তিনি ছ:খে— ক্রোধে স্বয়ং প্রাণভ্যাগ করেন, ভাহা হইলে যে ব্যক্তির হরাচরণে

তিনি আত্মঘাতী হয়েন, তাহাকে ব্রহাহত্যার পাতক গ্রহণ করিতে হয। যদি কেহ না জানিয়া লাক্ষাকে হত্যা কবিয়া ফেলে, ডাহা -হইলে সেই ব্রহ্মঘাতী চীর্জটা ধারণ পূর্ব্বক সংসার পরিত্যাগ कतिरव এवा मिटे निर्छ विख्यत क्लान धातन कविया वनमस्था আশ্রম গ্রহণ করিবে। হত ব্রাক্ষণের কণাল না পাইলে অপর মৃত ব্যক্তির কপাল ব্দাহত্যার চিহুত্বরূপ ধ্রহদণ্ডে ধারণ করা কর্তব্য। সেই ব্রহ্মহা বছ কন্দমূলফলে দিবসে একবারমাত্র পরিমিত ভোজন করিয়া জীবনধারণ করিবে, সদ্ধ্যাকালে উপবাসী খাকিবে ; ত্রিকাল স্নান করিবে, হরির চরণ স্মরণ করিবা অধ্যয়ন ও অধ্যাপন পরিত্যাগ করিবে, ব্রন্ধচর্য্য অবলম্বন করিবে, গদ্ধমাল্যাদি কদাপি ব্যবহার করিবে না এবং পুণ্যতার্থ ও পবিত্র আশ্রমসমূহে

সংযোদনা না হয়, সে গ্রামে যাইয়া ভিকা কবিবে এবং শরাবপাত্র কবে ধারণ করিয়া বিফুচিন্তা করিতে করিতে ধীরভাবে গৃহস্থের ঘারদেশে দণ্ডাযমান হইয়া বলিবে, "আমি বক্ষঘাতী।" এইকপে বান্ধণ, ক্ষত্রিয়, বৈশ্ব, শৃদ্র চতুর্বংশের অধবা- বান্ধণ, ক্ষত্রিয় ও বৈশ্যেরই গৃহে সর্কান্মত, সাতি বাটা পর্যাটন করিবে।

সমবে সময়ে গমন করিবে। হদি তাহার বভ ফলমূলাদির

নাবাখাকে নিরস্তব হৃদ্ধে ধ্যান করিতে করিতে এইরূপ বতাচবণ করিতে ব্রহ্মবাতী বাক্তি শুন্ধি লাভ করিতে সনর্থ হইনে এবং শীন্রই কর্মামুঠানের যোগ্য হইমা উঠিবে। ত্রতবালের মধ্যে যদি হিংশ্রন্থস্তর হুগবা কোন রোগের আক্রমণে তাহার প্রাণবিযোগ হয় কিবো যদি সে বাক্তি জলপতিত অথবা ব্যাগ্রাদি হিংশ্রন্থস্ত কর্তৃক আক্রান্ত গো ও' বিজেব প্রাণরক্ষা নিনিত্ত স্বয়ং প্রাণ পবিত্যাগ করে, তাহা হইলেও প্রস্নহত্যাব পাতক হইতে নিম্নতি পাইতে পারে। বিপর গো-প্রান্ধনাে উদ্ধারেক পর সেই প্রস্নাতী যদি জীবিত থাকে, ঘাদশ বংসর পূর্ব না হইলেও সে ক্রমহত্যার পাতক হইতে নিম্নতি লাভ করিয়া থাকে। হিন্তেম্প্রন্ত ব্যাহ্ব গো দান কবিলেও প্রস্নহা শুক্ত হইতে পান বির্থা

• দীন্দিত ক্স্ত্রিয়কে হত্যা করিয়া ত্রন্ধার ব্রত অযুষ্ঠান পূর্বক প্রায়শ্চিত্ত করিবে; অথবা অগ্নিতে প্রবিষ্ট হঁইবে, কিংবা উচ্চ শৈলকুটে উথিত হইথ। বাযুদাগরে স্বস্পত্রণান করিবে। দীন্দিড ব্রান্দাকে হত্যা করিলে উহার দ্বিগুণ এবং আচার্য্যাদিবধে চতুগুর্ণ কঠোরতা সহা করিবে। কিন্তু ভাতিমাত্র বিপ্রকে হত্যা করিলে এক বংসরমাত্র এরপ বত পালন করিবে; তাহা হইলেই পাপ , হইতে মুক্ত হইতে পারিবে। হে বিজগণ থিরপ প্রায়শ্চিত্তবিধি বিপ্রেব সম্বন্ধে কথিত হইযাছে; ক্ষত্রিয উহার দ্বিগুণ এবং বৈশ্য ত্রিগুণ পালন করিবে। শৃদ্রের পক্ষে ত স্বতন্ত্র কথা। যে শৃত্র ব্দাহত্যা-পাপে কলন্বিত হয়, পণ্ডিতগণ তাহাকে মূবল্য নানে অভিহিত করিয়াছেন। রাজ। মুঘলোর শান্তিবিধান করিবেন রাজারই আদেশামুসারে তাহার বৃশাহত্যাপাপের প্রায়শ্চিত বিহিৎ হইবে। ব্রাহ্মণীবধে দ্বাদশ ব্রতাচরণের অর্ধেক এবং অনুচ বান্ধণকভার বধে ভাহার এক পাদমাত্র প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে বিপ্র ষ্মাণি ক্ষত্রিয়কে হত্যা করে, তাহা হইলে ছয় বংদর, বৈশ্র ব্ধে তিন বংসর এবং শুলের বধে এক বংসরমান কৃচ্ছ সং ৰবিবে। ধীকিত লাক্ষণীকে হত্যা কবিলে 'আট' বংস

ব্রন্মহত্যার প্রায়শ্চিত্ত করিয়া যুক্ত হইতে পারিতে। হে মুনিস্তম-গণ। বৃদ্ধ, আতৃর, ব্রী ও বালক-বালিকাদিগের হত্যায় স্বর্ধত্রই সমান প্রায়শ্চিত্ত , দেকপ হত্যাকারী ব্রন্মহত্যার প্রায়শ্চিত্তের অর্ক্তাগ প্রহণ করিবে।

হে ছিলোন্তমবর্গ। স্থবাপান মহাপাতক। এ দেশে গৌডী,
মাধনী ও পৈষ্টা এই ভিন প্রকার স্থবা প্রধান বলিয়া প্রসিদ্ধ। ইহাদের
মধ্যে গৌড়ী শুড়, মাধনী মধ্কর্মের পূস্প এবং পৈষ্টী পিষ্ট হইছে
প্রস্তেত। চতুর্বর্মের নবনাবীগণ কথনও এই তিন প্রকার স্থবা পান
করিবে না।

হে মনিগণ। বিজ যদি অজ্ঞানবশতঃ জন্ম মনে করিয়া সুবাপান করে, তাহা হইলে দে ব্রহ্মহত্যার সমস্ত প্রাযশ্চিত করিবে, কেবল তাহার চিহ্ন ধারণ করিবে না। রোগনিবাবণের নিমিত্ত ঔষধন্বকপ, সুবাপান করিলেও পাপে পড়িত হইতে হয়, কিন্তু সে পাপ অভি সামান্ত , চুইটি চান্দ্রায়ণত্রত সম্পাদন করিলেই তাহা হইতে নিচ্চ তি পাইতে গারিবে। সুরাম্পষ্ট অন্ন ভোজন অথবা সুরাভাগ্যেদক পান করিলে, সুবাপানের সমান পাপ গ্রহণ ক্রিতে হয। হে ছিলগণ। গৌড়ী. পৈষ্টী ও মাধনী ব্যভিরেকে পানস, স্বাক্ষ,মাধুক,খার্জুর,ডাল, এক্ষর, মাধ্বীক, টাঙ্ক, আহিক, মৈরয় ও নারিকেলজ এই একাদশ প্রকাব মন্ত আছে . বিপ্র ইহাদের একটিকেও কদাপি পান করিবে না। কেন না, ইহাতেও মহাপাতকসঞ্চ্য হইয়া থাকে। জানিযা দুৱে থাকুত, অজ্ঞানবশতও যদি কেই এ একাদশ প্রকাব মতের মধ্যে একটিও পান কবে, ভাঙা হইলে ভাহার উপন্যন-সংস্থাব পুনর্কার সম্পাদন করিতে হইবে . সেই স্থবাপায়ী বিপ্র জলন্ত সুরা পান করিয়া প্রাযশ্চিত্তবিধান করিবে। স্থরাপানের এই সকল প্রয়শ্চিত কথিতৃ হইল,এক্ষণে স্তেষপাপের প্রায়শ্চিত্তের বিষয় বর্ণিত হইতেছে। হে বিপ্রেন্দ্রবর্গ। সমক্ষে পরোক্ষে বলপূর্ব্বক অথবা গুপ্তভাবে

খবর্ণ-পরিমাণে পরস্ব অপহরণ করিলে তাহা স্তেম বলিয়া পরিগণিত ২ইছে। এই খ্বর্ণ-পরিমাণ অতি সূজ। মধাদি শাক্তকারগণ ইহার বিষয়ে যাহা বলিগাছেন, যথাযথ তাহা বর্ণন করিতেছি, আপনারা অবহিত-চিত্তে প্রবণ কলন। হে মুনিগণ। গৰাক্ষতিত রদ্ধু দিয়া স্থারিনা প্রবেশ কলিলে তল্পধাে যে তাসমান বেণুজাল দেখিতে পাওযা যায়, বুধগণ সেই এক একটি রেণুকে রচ বলিগা বর্ণন করিয়াছেন। সেইকা আটটি বেণুতে এক লিগা, তিনটি লিখাে এক রাজসর্বাণ, তিন রাজসর্বাণ এক গোসর্বাণ, ছয় গোসর্বাণ একটি বর,
তিনটি যবে এক কঞ্চল, গাঁচটি কৃষ্ণলে এক মাৰ, বােল মাবে এক স্থব্ব।

বান্ধণ অল্লান্বণতঃ স্বৰ্ণপরিমাণেও ব্রহ্মণ হরণ করিলে দাদশাদ্ধ ব্রহ্মহত্যার ত্রত পালন করিবে; কেবল ব্রহ্মহত্যার নিদর্শন
সেই কণাল-ব্রহ্ম বহন করিবে না। গুলু, যজকর্ত্তী, ধার্ম্মিক অথবা বেদবিদ্ধিল কুলেব হেমহরণ করিলে যে মহাপাপ সঞ্চিত হয়,তাহাব প্রাযিশ্চিত বলিতেছি। জেয়ী ব্যক্তি আল্লাকৃত পাপের লগ্ন অন্তাপ করিয়া স্বীয় সমস্ত দেহ বৃতলেপিত করিবে এবং করীবে • আচ্ছাদিত হইয়া অনলে দত্ত হইবে। তবে সে পাপ হইতে নিক্তি লাভ করিতে পাবিবে।

ক্ষমিত্র ব্রহ্ম হরণ করিলে অধ্যেধ্যজ্ঞের অমুষ্ঠান দ্বারা শুদ্ধ
ছইতে সমর্থ ইইবে। যদি অধ্যেধ্যজ্ঞ সম্পাদন করিতে না পারে,
তাহা হইলে আত্মপরিমানে সুবর্গ দিবে, অথবা গোসব্যজ্ঞের অমুঠান করিবে,কিংবা সহত্র গো অর্পন করিবে। ব্রহ্মখাপহারী আত্মক
পাপের জল্প অমুতাপ করিয়া যদি অপ্রত প্রব্য পুনদ্দিন বরে,
তাহা হইলে আর তাহার প্রায়ন্চিত্ত কি? সে সান্তপন-বতাচরণ
পূর্বক দ্বাদশ দিবস উপবাদী থাকিলেই শুদ্ধিলাভ করিতে সমর্থ
হইবে। ইহার অল্যগাচরণ করিলে,তাহাকে প্রতিত হইতে হইবে।
রহাসন, মনুষ্য, স্ত্রী, ধেরু ও ভূষ্যাদি হরণ করিলে স্বর্গ-হবণের অর্ধপ্রায়ন্চিত করিতে হ্য।

করীব—ঘুটে।

হে দ্বিজসত্তমগণ। অসবেৰূ পৰিষাণে সুৰাছিত্ৰণ করিয়া সমা-হিতমনে স্থানীৰ প্ৰাণামাম কবিলেই শুদ্ধি লাভ কবিতে পাবিবে। শিখা-প্ৰমাণ সুৰৰ্ণ হৰণ কবিলে ভিন্টি প্ৰাণামাম, ৰাজসৰ্ধপ-পৰিমাণে

চারিট প্রাণাযাম, গোসর্বপপ্রমাণে বিধিবং স্নান কবিয়া অষ্ট সহস্র-বাৰ গাযন্ত্ৰী জপ কৰিবে: 'ঘৰমাত্ৰে প্ৰাতঃকাল হইতে সামংকাল পর্য্যন্ত অবহিতমনে গাযন্ত্রী ল্পপ করিবে; কৃষ্ণলমাত্রে সান্তপনত্রত পালন করিতে হইবে। মাধ্যাত্র স্বর্ণহ্বণ করিলে পাঁপী গোয়ত্রসিক্ত যবাগু ভক্ষণ কবিষা তিন মাদ নারাষণকে নিরস্তর গ্রান করিবে<sub>।</sub> তবে শুদ্ধি লাভ কবিতে পাবিবে। স্থবর্মান্তার কিছু নান হেমহরণ করিলে উক্ত প্রকাব কৃচ্ছ,সহা করিয়া এক বংসর থাকিবে এবং সম্পূর্ণ স্ম্বর্ণমাত্রাব হ্বণে দ্বাদশ বংসব ধবিয়া ব্রহ্মহত্যার প্রায়শ্চিত করিবে। হে বিপ্রেক্রবর্গ। স্বর্ণমানের অনুান্বন্ধত অপহবণ করিলে সম্যুক সাস্তপন অমুষ্ঠান করিবে, নতুবা পতিত হইতে হইবে। নিক পবিমিত বজত অপহবণ করিলে যে পাপ সঞ্চিত হয়, তাহা হইতে শান্তিলাভেব নিমিত্ত ছইটি চান্দ্রায়ণ করা কর্ত্ব্য। শত হইতে সহস্ৰ নিৰু পৰ্যান্ত বজত হরণ কবিলে চান্দ্ৰায়ণে শুদ্ধি লাভ করা যাইতে পারে; কিন্তু তাহার অধিক হইলেই অক্ষহত্যার ৈ প্রায়শ্চিত্ত করিতে হইবে। সহস্র নিরু-পরিমিত কাংছপিত্রদারি হরণ করিলে পারক্য-নামক পাতক গ্রহণ করিতে হয। রত্নাদির স্তেমে বজতবং প্রায়শ্চিম বিধেয় ৷

হে বিজেপ্রবর্গ! অরুত্রগামী পাপিগণের প্রায়ন্টিরের বিবরণ
'বণিত হইতেছে। অল্লানবশতঃ থীয় মাতা লখবা বিমাতায় উপগত
ইইলে বহন্তে নিল মুক্ছেদন কৃতিবে এবং হলে সেই হিন মুক্
ধারণ পূর্বক নৈজ ভিদিকে গমন করিবা প্রাণত্যাগ করিবে। নিল বনিতাল্রমে সবর্গা কোন রম্গীতে গমন করিবা খাদশ বংসর ধরিয়া
বর্জহত্যার প্রায়ন্টিন করিবা; কিন্তু লানিয়া গুনিয়া এরূপ পাণকার্য্যের অ্যুষ্ঠান করিলে ভূখানলে প্রাণত্যাগ করিবে, তবে গুরু

হে মুনিগণ। বিপ্ৰ যদি স্বেচ্ছাক্ৰমে স্বীয পিতার ক্ষত্রিয়া ভার্য্যাতে পদন করে, ডাহা হইুলে নধ বংগর ধরিয়া ক্রক্ষহভারি রভ পালন করিবে। এইরূপ পিতার বৈশ্যাভার্য্যাতে ছয় বংসর এবং শুদ্রাতে তিন বংসরমাত্র ব্রহ্মহত্যাকৃছ্ পালন কর্ত্তব্য। মাভূষদা, পিভূষদা,আচার্য্য-ভার্য্যা, মাতুলানী, খঞ, অথবা চুহিভাতে কামবশতঃ গমন করিলে বে প্রায-িচন্ত বিহিত আছে, ভবিবরণ শ্রবণ ককন। উহাদের মধ্যে `যে কোন রুণীতে হুই দিবুদ সঙ্গত হুইলে যুণাবিধি অক্ষহতাার রতধারণ কর্ত্তব্য : অগ্নিদত্ত হুইলে এই পাপ হুইতে মুক্তিলাভ ক্রিডে পারিবে। সেইকপ এক্রার্মাত্র গমন করিলে এক বংশর এক হত্যার কুছু সহু কবিতে হুম। কামানল-নিবারণের নিমিত্ত -যে যাক্তি চাণ্ডালী, পুৰুণী, পুত্ৰবধ্, ভগিনী, মিত্ৰত্ৰী ও শিষাপত্মীতে গমন করে, 尔 হয় বংসর অধাহত্যার ব্রত পালন করিলে শুদ্ধ হইতে পারিবে , ' কিন্তু যে ব্যক্তি না জানিযা অথবা অনিচ্ছা বদতঃ সঙ্গত হয়, সে তিন বংসরমাত বক্ষহতাাব কুছে সহা করিলে ওছিল,ভ ক্রিতে সমর্থ হইবে। সর্বশাল্লভঃ,বৃধ্ণণ এই বিধান বি। এদ্ধ কবিয়া গিয়াছেন।

হে মুনিদত্তমগণ। একণে নহাপাতকি কামনৈর প্রায়ণিত বিষয় কথিত হুইতেছে। পুর্বে বর্ণিত হুইরাছে বে, অক্ষমাতী, স্কেমী, সরাপামী ও গুজতত্ত্বগামী,—এই চারিজন মহাপাশী। ইহাদের মেধা যে কোন মহাপাতকার সহরাশে কালমাপন করিবে, ওাহারই সমান পাশী হুইতে হুইবে এবং ভাগারই ব্রত পালন করিবে প্রিব্রতা লাভ করিতে পারিবে। অজ্ঞানবশত: ইহাদের সহিত পঞ্চরাত্রনাত্র বর্ষার সম্বান করিবে সমাক করিবে সমাক কাষ্ক্রকু স্কু করিয়া শুলি লাভ করিতে সমর্ব ইবৈ, অভ্যা পতিত হুইবে। ঘাদশ বার সংসর্বে দহা সাত্রপন, পঞ্চশা রাত্রে দশ উপবাদ, নাসম্বর্মসর্বার করিবিল, দেয় নামে তিনটি চাশ্রায়, গুমু নামে তিনটি চাশ্রায়, গুমু নামে তিনটি চাশ্রায়, গুমু বাবে বুক বংসরের কিঞ্চিয়নে ছয় নাম প্রস্তুর্ভাবত-পালন কর্বতা।

হে ছিছেল্রগণ। না জানিয়া মহাপাতকীর সহিত রাস কলিছে

২১০ ' রহমাবদীয়-পূবাণ। একপ প্রায়ন্চিত বিহিত হইবাছে: কিন্তু জ্ঞান বশতঃ করিলে যথা-

ঐরপ প্রায়ন্চিত্ত বিহিত হইষাছে ; কিন্তু জ্ঞান বশতঃ করিলে যথা-ক্রমে তংসমস্তের পাঁচ পাঁচ গুণ করিতে হয়।

হে মুনিবর্গ। জীবজস্তুদিগের প্রাণনাশেরে প্রায়দ্চিত্ত বিধিবদ্ব হইয়াছে, একণে ক্রমার্যে তংসমস্তের বিবরণ বর্ণিত হইতেছে। মণ্ড্ক, নৃত্ক, কাক, বরাহ, মৃষিক, সার্জ্জার, আর, মেম, কুরুর ও কুরুটাদিব বধে একটিমাত্র কুঞ্চু, অধবধে তিনটি, হত্তিবধে সাতটি

এবং গোবধে পৰাক বিধেয়। কিন্তু ইচ্ছাপুর্বক গোবধ করিলে যে

মহাপতক সঞ্চিত হয়, তাহার আব কিছুতেই শাস্তি নাই। সেই মহা: পাতকী কিছুতেই নিচ্তি পায না। বান, শ্যা ও আদনাদি এবং পুষ্প, ফলমূল ও ভোজ্যভক্ষাদির অপহরণে পঞ্চগব্য প্রাশন করিলেই অপহাবক শুদ্ধি লাভ করিতে পারিবে। শুরু কার্চ, তৃণ, ক্রম, গুড়, চর্ম, বস্ত্র ও আমিধাদির অপহরণে ত্রিরাত্র উপবাস করিলেই শুদ্ধ ্ হইবে। টিট্টিভ, চক্রবাক, হংস, কারগুব, উপুক, সাবস, কপোড, - বলাকা, জালপাদ, শিশুমার ও কচ্ছণ,—এই সমস্ত জীবের মধ্যে যে কোন একটিকে বধ করিলে ঘাদশ দিবসের উপবাসেই শুদ্ধি লাভ করিতে পারিবে। শুদ্র সকল বর্ণের র্অধন, সর্বদা র্তাহার দঙ্গ পরিত্যাগ কবা কর্চব্য। শুদ্রের উচ্ছিষ্ট ভোলন করিলে প্রালাপত্য-ত্রত পালন, রেড ও বিখ্ত ভোজন অথবা তিনটি চান্দ্রায়ণ করিলেই শুদ্ধি লাভ করিতে সমর্থ হইবে।বাজস্থলা, চণ্ডাল, মহাপাতকী, সৃতিকা, পতিত<sup>ঁ</sup>ব্যক্তি, উচ্ছিষ্ট অথবা রম্বকাদি অস্পৃশ্র জাতিকে স্পর্শ করিলে সবত্ত্রে স্নান কবিযা মত ভোজন করিবে এবং বিশুদ্ধমনে অষ্ট্রশত পাষ্ট্রী জপ করিবে।

অথবা রকনা। বিশ্ব আবাতিকে শাশ কারনে সবজে স্নান কারবা।

হত ভোজন করিবে এবং বিশুজননে অষ্টণত শামতী লগ করিবে।

অল্লানবশত: ঐ সকলের মধ্যে যে কোন ব্যক্তি অথবা বস্তুকে শর্পা
করিয়া যদি কেই ভোজন করে, তাহা ইইলে ত্রিরার উপবাসী ইইয়া

পঞ্চগবা প্রাদান পূর্বক শুদ্ধ ইইতে পারিবে। স্নান, দান, ভোজন

ও অধ্ববসময়ে যদি ঐ সকল পতিত ও পালী ব্যক্তিগণের কঠবব

।নিতে পাওয়া যায়, ভাহা ইইলে তৌজা ভূক আম তখনই বনন

।রিয়ে ফেরিবে এবং স্থানপূর্বক সেই দিবস উপবাসী থাকিয়া

দ্বিতীয় দিবলৈ ঘৃত ভোজন করিবে; ভবে ভাত হুইতে পারিবে। ব্রতাদির অমুষ্ঠানকালে যদি উহাদের-বাক্য শ্রুভিগোচর হয়, অষ্টো-বর্মত গায়ন্ত্রী লগ করিবে।

হে মুনিস্ত্নগণ! ছিজ ও দেবনিন্দা মহাপাতকমধ্যে পরি-গণিত। যে নরাধমগণ ছিল ও দেবতাকুলের নিন্দা করে, তাহা-দের পাপেব প্রায়শ্চিত্ত নাই; তাহারা অসীম পাপ হইতে কিছু-ডেই নিহ্নতি পাইতে পারে না। হে বিপ্রেন্দ্রবর্গ! সর্বশান্ত্রজ্ঞ শণ্ডিভুগ্ৰণ যে সকল পাতক ও নহাপাতক-নিচয়ের বর্ণনা করিয়া গিয়াছেন, তৎসমত্তেরই প্রায়শ্চিত এক্ষণে ক্ষিত হইল। উপরি-উক্ত বিধানামুদারে প্রায়শ্চিত করিতে হইবে; প্রায়শ্চিত্ত না করিলে কিছুকেই পাপ হইতে নিছ্তি লাভ করিতে পাবা যায় না। ভক্ত-বাণ্ডাকল্লভক নারাযণের চরণে মন-প্রাণ সমর্পণ করিয়া যে ব্যক্তি নিজ পাপের প্রায়শ্চিত করে, ভাহার সমস্ত পাতক বিনষ্ট হয় ; সে অতে দেই প্রমানদ্দময় বিফুপ্দ আগু হইতে সমর্থ হইয়া থাকে। প্রায়ণ্ডিও না করিলে পাণভার ক্রমে হুর্ভর হইয়া উঠে। 'হে খুষিকুল বিফুই শ্রেষ্ঠ ভপ, বিফুই শ্রেষ্ঠ গতি; বিফুই জীবের একমাত্র নিয়ন্তা। সেই সর্বাদেবময় অনাদি অনত আদিদেব নারামণতে যে ব্যক্তি নিত্য ভক্তিপূর্ণ-হৃদয়ে স্মরণ- করে, সে মহা-পাত্রী হইলেও প্রিত্তা লাভ করিতে সমর্থ হয়। সেই সনাতন অগমাধকে শুরণ করিলে, তাঁহাকে ভক্তিভাবে পূলা করিলে, তাঁহাকে নির্মল-ফদয়ে নিবন্তর ধ্যান করিলে, তাঁহার মোকপ্রদ চরণতলে প্রণত হইলে ফীবের সকল পার্প প্রশমিত হয়,—সকল যদ্লণা নিবারিত হইয়া যায়ী। এমন কি, মোহবশতঃ অনাময নারামণকে পূচা করিলেও সমস্ত পাপ ইইতে নিম্কি হইয়া পরম-, পদ লাভ করিতে পারা যায়। তবে বেচ্ছাপূর্বক পরন ভক্তি-সহকারে সেই ভক্তবংসল ভগবান্তে পূলা করিলে যে পরম ও হক্ষেয় পুণা অভিডে হইয়া থাকে, ভাষাতে আৰু অণুমাত্ৰও সক্তেহ নাট। দে ব্যক্তি পাপ, তাপ ও কটোর ব্যব্যালিতে নিক্তিত

হইয়া অকপট-ছদযে ভ্রুজিগদগদভাবে একবার মুরারি সনাতন হরিকে সরণ করে, তাহার সুমুক্ত পাপ বিনষ্ট হয়, তুইগ্রহ দমিত হয়, সকল যন্ত্রণা নিবাবিত হয়, সে নির্বিদ্ধে অনস্ত সুখেব নিলয় স্বাধানে যাইতে পারে।

হে ম্নীধরগণ। ইহ-জগতে তৃত পুণাবলে মানবজন্ম লাভ করিতে পাবা যায। সেই ছুল্ল ভ মানবজন্ম কে অবহেলে হারাইতে পাবে। কিন্তু এই মানবজন্ম হাবভজ্জি অধিকতব ছুল্ল। হায। এই মানবজন্ম ভভিন্নতার ভাব নিতান্ত উচ্চল,—নিরতিশ্য অহিব। এই ক্লপন্থায়ী মন্থাজীবন লাভ করিয়া থিদি নিতা ও অনন্ত পুংলাভেব বাসনা থাকে, তবে পশুপাশমোচক পবমেশব হরিকৈ ভক্তিসহকারে পূজা করিবে; ভাহা হইলে সমন্ত বিদ্ধ, সকল বিপদ, সমুদার অন্তরায বিনত্ত ইইবে; মন বিমল শুদ্ধি লাভ করিবে এবং পরম মোক্ষও লাভ করিতে পারিবে। নতুবা এ জগতে যাতায়াতই সার। ধর্মা, অর্থ, কাম ও মোক নামে যে চারিটি পবমপুক্ষার্থ আছে, হরিপুলাপরায়ণ ব্যক্তিগণই নিশ্চম তাহা প্রাপ্ত হইয়া থাকেন। অহো। এই মোহনিল্রাসমাকুল মহাধ্যার সংসাবে যাহারা নাবায়ণের শরণাগন্ন হয়, ভাহ্বারাই কৃতার্থ; ভাহাদেরই মানবলুল্ম সফল।

এই সংসারের চারিদিকেই নোহ,—সর্ব্জেই মারা। পুল, দারা, গৃহ, কেত্র, ধনধাত সেই সমত মোহমীয়াকে দ্বিওপিত করিয়া নান্বকে অল্লানাজকারে আছ্রের করিয়া রাধে; তাহার উপর আবার মুর্ন্মর রিপুলল প্রবল হইবা নামুবের সমত ত্রান হরও ররে। অতএব এই নোহম্মী নামুবী বৃত্তি লাভ করিয়া কেছ ক্যন দর্শ করিও না, কেছ ক্যনত কার, লোভ, নোহ, মন ও নাংসর্ঘের বন্ধীয়ত হইও না; পরনিন্দাও পর্যানি করিও না। বিষয়বাপার তাগ করিয়া কেবল নারায়লের চরগায়ুল তলনা করিবে। আর সময় নাই;—বাল স্বিহিত। ঐ দেধ, সুডাত্তনাবের শান্তবিত্ত ক্রমরাজি নয়নগোচর হইতেতে। অতএব, বতক্ষণ না

দরা আসিয়া শরীরকে জীর্ণ করিয়া ফেলিভেছে, যতক্ষণ না ইন্দ্রিয-সমুদায় বিকল হইখা পভিতেছে, যতকণ না সুভার করালছায়া সর্বাহে বিসারিত হইতেছে, তত্ত্বণ হরির অর্চনা কর। বে मोनद! जुनि यनि वृक्तिमान् शब्, छाद छहे व्यनिका मानवामार অণুমাত্র বিশাস করিও না; ইহা যে কখন অসাভ হইযা পডিবে, তাহার কিছুই শ্বিরতা নাই। মনে, করিতেছ, এই সংসাবে চির-কাল থাকিবে; মনে করিতেছ, ডোমার বৌবন, এ, লাবণ্য, .তেলোবার্য্য, ধনগোরব চিরকাল অন্থর থাকিবে !-- ভ্রম! নিডান্তই অম। বিকট কালবশে মৃত্যু বে অহরহ তোমার শিবরে রহিয়াছে, তাহা কি তুমি ভুলিয়া গিয়াছ ? নিশ্চয় জানিও, মুভূাহ তোমার একমাত্র নিয়তি। তবে আর দর্প করিও না, ধনযৌবনমদে মও , হইও मा। নিশ্চয জানিও, সংযোগ হইলেই বিয়োগ হইবে; • জায়মান সমস্ত জ্বতাই বিনষ্ট হইয়া বাইবে। সার কথা—এই স্বগং-সংগারের সমস্তই কণ্ডকুর<del>, অনিছা—অসার। এক</del>্যাত্র সেই সত্যবরণ সনাতন হরিই নিতা, অনন্ত, সার। অভএব ভজিপুর্ণ-হৃদয়ে তাঁহাকে পূজা কর, তবে অভ্যন্ত দুল্লভ মোক লাভ করিতে সমর্থ হইবে। মহাপাতকীও যদি ভক্তিসহকারে বিষ্ণুর ভলনা করে, সে সর্ব্বপাপ হইতে বিমুক্ত হইষা প্রমপদ লাভ করিয়া থাকে। অকণট হাদরে নারায়ণের অর্চনা করিলে যে পরমপুণ্য অর্জিও হয়, গলাস্নান, যজ্ঞানুষ্ঠান, বেদাধ্যযন, সর্বভীর্থ-সেবন তাহাব যোড়শ ভাগের এক ভাগও পুণা প্রদান করিতে পারে না। যাহাব, হৃদয়ে বিষ্ণৃতক্তি নাই, তাহার তপ, জপ, যাগ, যজ, বেদ, শাস্ত্র ও তীৰ্থাদিতে কি হইবে খ

হে বিজ্ঞেবর্গ। দেবর্থি নারদ পরমা পুর্বাাঝা সনংব্রুমারের নিকট প্রাথন্টিতের উক্তরপ সংক্রিপ্ত বিবরণ কীর্তন করিয়াছিলেন। বিষ্ণু অনাদি ও অনন্ত, অক্ষম ও অচ্যুত। তিনি ওলারগত, তিনি সকল দেবতার বরেগা,—বেদান্তবেছ। বাহারা ভক্তিসহকারে ভাহাকে ভলনা করে, তাহারা পরমপদ লাভ করিতে সমর্থ হয়।

# স্প্রবিংশ অধ্যায।

## যমমার্গ-বর্ণন।

মুনিগণ স্ভমুধে প্রাথশিন্ত-বিহিত বিবণ প্রবাণ বিয়া যার-পরনাই আজাদিত হুইলেন এবং কৃতজ্ঞতাপুর্ণ হৃদযে লিজানা কবিলেন,
"হে মুনে! আপনাব নিকট বর্ণাপ্রাথবিধি ক্রমে ক্রমে প্রবাণ কবিলেন,
লাই মুনে! আপনাব নিকট বর্ণাপ্রাথবিধি ক্রমে ক্রমে প্রবাণ কবিলাম, এক্রণে আরও ক্রের্লটি বিষয়ের বিবরণ শুনিতে আমাদের
পরম কৌতুহল লিম্নাহে। হে তপোধন। শুনিয়াছি, যমমার্গ অভি
ভ্যাবহ, কিন্তু ভাহা কিন্তপ, ভাহা ক্রমণ শুনি নাই। সেই
সঙ্গে হুংসহ সংসার-ব্রগা, সে ব্রগা কিনে নিবারিত হয়, কিনে
মোহার মানব পরম স্থুখ লাভ করিতে পারিবে । প্রহিক ও নারকাদি কি প্রকার । তৎসমস্ত বি্যয়ও বর্ণায়থ বর্ণন করিয়া আমাদিগের দারণ কৌতুহল নিবারণ করন।"

শুত বলিলেন, হে বিপ্রগণ। একণে আমি স্বর্ধাগ্রে তীবণ বমমার্গের বর্ণনে প্রবৃত্ত হইলাম, আপনাবা অবহিতমনে প্রবৃত্ত করন। হে অবিকূল। বমর্মার্গ অতি হুর্গম ও ভ্যাবহ, কিন্তু পুঢ়াক্তা ব্যক্তিগণের পক্ষে সেরুপ নহে। যাঁহারা ইহজাবন কেবল পুঢ়াকুটানে যাপন করেন, তাঁহাদেব পক্ষে তাহা অতি স্থগম ও স্বর্থপ্রদ, স্থ্রাচার পাণিগণই ভাহাতে ছুঃসহ কট্ট পাইয়া থাকে। হে মুনীবরগণ। যমমার্গ অতি বিকৃত, ভাহার বিত্তার বভাগতি সহপ্র ঘোলন। যে মানবগণ দান, বাান ও নানাবিধ সংকার্যের অন্টোনে বাল অতিবাহিত করেন, তাঁহারা পুর্বে নেই স্থবিত্তত শ্মনভ্বনে প্রবেশ করিতে সমর্থ ইয়েন, কিন্তু অধর্মাচারী হুর্বপ্র গণের করেই আর সীমা-পবিশীমা থাকেনা। গাণিগণ ইহলোক ইইতে অন্তর্গর ইইলে বিকট প্রেত্যপূর্বি বারণ করিবা মনলোকে

নীত হইয়া থাকে। অহো। তাহাদের অবস্থা অতি শোচনীয, শান্তি নিতান্ত প্রবিষহ। সেই সময়ে ভাহারা বিবস্তবেশে অভি ছীৰণ বহুণা সহকারে শমনভবনে তাভিত হয , দাহণ পিপাসায তাহাদের তালুকা শুক্ষ, ওষ্টাধর বিদন্ধ। ভীমদর্শন যমদূতগণ কর্তৃক নিরহার নানাবিধ কঠোর অস্ত্রে তাডিত হুইয়া প্রবাবিদারক আর্তনাদ করিতেকেরিতে সেই হতভাগ্যগণ পত্তবং চালিত হইতে থাকে। অন্থিভেদী ভীষণ কট্ট সক্ত কবিতে না পাবিষা ভর্ভাগ্যেবা ইডস্ততঃ পশাযন করিবার চেষ্টা করে, কিন্তু ভাহাদের সে চেষ্টা ফনবঁতী হয় নী। হে বিপ্রেক্সবর্ণ। একণে ভয়ত্ব যমনার্শেব হুতান্ত কীর্ত্তন করিতেছি,—শ্রবণ করুন। সেই ভ্যাবহ শমনমার্গেব সর্বাম নানা সহট। তাহার কোথাও পদ্ধ, কোথাও বহিন, কোথাও উত্তপ্ত কৰ্দিম, কোথাও জপ্ত সৈকড, আবার কোথাও বা তীল্লধার শিলারাশি বিরাজ কবিতেছে। ভাহার কোন স্থলে জনয় অসার-রাশি, কোন প্রদেশে প্রচও শিলারাশি, কোথায় মুবলধারে সলিল-রাশি, আবার কোথাও বা তীক্ষ শস্ত্র, উত্তপ্ত ভল, বিকট পারকর্ত্তম ব্যতি হইতেছে। প্রলয়-প্রভয়ন যেন সহত্র বৃদ্ধিনিখা উলিগরণ পুর্বেক ভীমরবে প্রবাহিত হইতেছে। অভ্যুক্ত কর্দ্দনরাশি সেই ভীষণ বায়ুবেগে চালিত হইয়া ইতন্তত: উংক্লিপ্ত ও নিজিপ্ত হইতেছে। ছুরারোহ ক্টক্তঞ্-সনুহের শাখালাল ভ্যানক মত্ত-মত শব্দে ভঃ হইয়া চারিদিতে ধাবমান হইতেছে। তানে ভানে অন্ধনার,--গাত —নিবিভ-নিরবচ্ছিল্ল অন্ধকার। কিছুই দৃষ্টিগোটর হয় না। স্থানে স্থানে কটকাবরণ অত্যুক্ত, বন্ধুর সায়, • ডিমিরার্ড ভয়হব কলর। ু হতভাগাগণ নিচুৰ শমনণ্ড কর্তৃক ভাভিত হইয়া সেই সংল সাহুর উপরিভাগে উটিতেছে, আবার কেহ কেহ র্সেই সমস্ত কলরে,প্রারে : করিভেছে। খানে খানে শর্বর, লোট্র ও সূচিতশা কটকলাং । কোমাও পিচ্ছিল শৈবালৱাশি পতিত, কোন স্থানে ভীষণ কীশক

নাত-বিধিপুৰ। কীপ্ত-থোটা।

সমূহ উত্তত। কোন দিকে মদমত নাওলগণ বিকৃট বৃংহণ সহকারে ভীমবলে ধাবমান হইডেছে; তাহাগদর পদভরে ভূমিতল কল্পিড, ভীষণ গর্জনে চারিদিক্ প্রতিহ্বনিত।

হে মুনিসত্তমগণ! পাপিকুল এইৰূপ বছবিধ বেশে নিণীড়িত दरेश विकृष वार्तनाम् ७ . अर्थाविमात्रक त्रामन महकारत यमा-লাযে প্রবেশ করিতেছে। কেহ গলদেশে পাশ দ্বারা বন্ধ হইয়া ভীষণ অন্ধুশাঘাও সহা করিতে করিতে ধাবমান হইতেছে। কাহাব নাসাথ্রে, কাহার কর্ণে, কাহার গলদেশে, কাহার গাত্রে, কাহার বা পদাতো রজ্ব বছন করিবা যমদৃতগণ ভীমবলে টানিয়া শইয়া যাইতেছে ৷ তীক্ষ কণ্টক ও উত্তপ্ত কন্ধবাদিতে হতভাগ্যদের স্পাদ কত্বিক্ত হইতেছে। কাহার শিশ্বারে, কাহার নাসার্থে-এবং কাহাবও বা কর্ণহৃণলে ছুর্ভর লোহপিও স্থাপিত; মেই ছুর্ব্ ভার বহন পূর্বক তাহারা, অতিকট্টে গমন করিতেছে; তথাপি নিন্তার নাই। কেহ কেহ ব্মদ্ত কর্ত্ত ভীষণ অভ্নে তাডিত হইয়া খলিতপদে বাবমান হইতেছে। কেহ নিক্লছ্বাস, ভবে ভীত; কাহার বা ন্যন্তুগল দৃষ্টিহীন। আহা। হতভাগ্যগণ যে ভ্যাবহ পথ দিয়া তাড়িত হইতেছে, ভাহার কুত্রাপি একটি বৃক্ষ নাই, পুদরিণী নাই। স্থতনাং উৎকট বোজে তাহাদের বাথিত অঙ্গ বিখণ ব্যথিত , নিদারণ ভৃষ্ণার ভাহাদের কঠভালু বিশুদ; অমু-তাপের নরকানলে তাহাদেব হৃদ্য বিদ্য়। আহা। হতভাগ্য দিগের অবস্থা অর্তি শোচনীয। পাপের পরিণাম ছোব হৃদ্যবিদারণ! रर म्नीक्तमण्ण । यादाता धर्त्वर्छ, मानभील ७ पृत्किमान्,

দিগের অবস্থা অতি শোচনীয়। পাপের পরিণাম ঘোব হৃদ্যবিদারণ।
হে মুনীদ্রমণ্ডল! যাঁহারা ধর্পিচ, দানশীল ও প্রুদ্ধিমান,
বাঁহারা অতীব স্থতোগ কবিতে করিতে শমনমার্থে গমন করিযা
থাকেন। বাঁহারা পৃথিবাতে অল্লান কবেন, তাঁহারা
ম্বাহ্ অ্বা ভোজন করিতে কবিতে গমন কবেন; জলদাতা,
তুক্রদাতা ও দ্বিদানকর্ত্তী উত্তম ক্ষীব এবং হৃত, মধু ও ক্ষীরদাতা
ম্বা পান প্রক্ত পরম ম্বে অগ্রসর হবেন। শাক্দাতা পাম্য
ভোজন এবং দীপ্রাতা বিমল আলোকে দশদিক্ বিভাগিত করিতে

করিতে গমন করেন। হে ব্রহ্মেটগণ! বন্তদাতী দিব্য বসনে শক্ষিত হইয়া এবং অলভারদাতা নরগণ কর্তৃক পুঞ্জিত হইতে ইইতে যাইয়া থাকেন।

হে মুনিসত্যগণ। গোদাতার সর্বকামনা সির হয়। ভূনিবাজা ও গৃহদাতা অপ্সরোগন্দেবিত দিবা বিমানে আরোহণ
পূর্বক নানাপ্রকার সুবপ্রদ ক্রীডা করিতে করিতে গনন করেন।
অপদাতা, যানদাতা ও রখনাতা দিবা বিমানে-আরোহণ কবিয়া
নানাপ্রকার সুবপ্রভাগ করিতে করিতে যান। যাহারা এলপুপাদি
দান করেন, তাহারা অপ্যরোগণে সেবিত হইয়া পরন সন্তোব
লাভ করেন। তাদুল্লাভা তুই হদরে যমমন্দিবে প্রবিট হয়েন,
বিনি পিতামাতা, যতি ও আক্ষাদিসের, ভশ্ষায় সর্ববা রত থাকেন,
তিনি মুহুর্মুহ্ অমরগণের প্রিত হইয়া শ্যনভবনে প্রবেশ লাভ
করেন। বিদ্যাদাতা পুরাণ্ণাঠক মানব ক্রল্যোনির আত্মল
কর্তৃক প্রভামান হইযা থাকেনণ। এইরূপে থার্মিকগণ নানা স্থা
এবং পার্পিগণ অসংখ্য যম্প্রণা ভোগ করিতে করিতে যমালয়ে
প্রবেশ করেন।

5254

আঘ্যাতী। এই ভগংসংগাব তৃত্যমূহের সমন্তিমার। প্রাণিগ সেই
সমস্ত তৃত্তর শ্রেষ্ঠ , প্রাণীব শ্রেষ্ঠ বৃদ্ধিজীবী, বৃদ্ধিমান ভীবদিগের
মধ্যে নর শ্রেষ্ঠ , নরের শ্রেষ্ঠ বান্ধণ, বান্দণের শ্রেষ্ঠ বিধান,
বিধানের শ্রেষ্ঠ কৃত্তৃদ্ধি, বৃত্তৃদ্ধির শ্রেষ্ঠ কর্তা, কঠার শ্রেষ্ঠ ক্রমন্বাদী। এই ক্রমন্বাদীর আবার বাহারা শ্রেষ্ঠ উচ্চারা ধ্যে নির্গম
নামে আধ্যাত। হে পুণারেল। ইটাদেরও শ্রেষ্ঠ আছেন, তিনি
নিত্য ধ্যানপরাধণ। বিধের মসলচিয়্তার তিনি গভীব নিময়।
অতএব প্রাণ্পণে দ্র্যাসক্রম করা কর্ত্তব্য, ধার্ম্মিক ব্যক্তি সর্ক্তর
পূষ্টিত ইইমা থাকেন। এশ্রণ ত্রোমবা সর্ক্তিকার শ্রুষ্টোগের
আধারস্থানে শ্রুষ্কর। বিদি ছীবনে কিছু হুছ্তি করিয়া থাক,
তাহার প্রতিফ্র্য্ন সেই স্থলেই তোগ করিবে।"

হে বিপ্রেন্সবর্গ। ধর্মবাজ একপে পুণ্যবান ব্যক্তিদিগকে অর্চনা কবিয়া ভাঁছাদিগকে দদগতি অর্পণ কবিবেন এবং পরে সমস্ত পাণীদিগকে আহবান করিবা⊷ ভীষণ কালদণ্ডে তাডনা করিতে থাকিবেন। সে সময়ে জাঁহাব আরুতি অতি ভযাবহ। তাঁহাব দেহ\_অঞ্নগিরিসনৃশ যোব কৃষ্ণ ও প্রকাও, তাহা যোজনত্রয় বিভূত, বিহ্যুৎপ্রভাষিত, দাবি শতুজসংযুক্ত। তাঁহাব ন্য্ন্যুগল গভীৰ আৱক্ত ও ৰাপীবং বিশাল, নালিকা দীৰ্ঘ, বদনমণ্ডল কবাল দশনপ জিডে বিকৃত! তাঁহার চতুদিকে মৃত্যু ও জরাদি বিকটবেশে বিরাজ কবিতেছে। অতঃপর তাঁহাব অনুমতিক্রমে ভীমাকৃতি চিত্রগুপ্ত সেই পাতকীদিগকে কঠোরস্ববে তিরস্কার করিবেন। হে মুনিগণ। বিভীষণ চিত্রগুপ্ত প্রলয়জলদ-রবে গর্জন করিয়া ভীত, চকিত ও কম্পুমান পাণীদিগকে বঁলিতে থাকিবেন, "রে রে পাণী ছুরাচার। রুখা গর্ব্ব ও অহঙ্কারে মন্ত হইয়া যে চ্ন্দর্ম করিয়াছিলি, ভাহার ফলভোগ কব। মূচগণ! ডোরা নিতান্তই অবিবেকা , নতুবা কামক্রোধাদিতে উদ্মন্ত হইযা পশুবং ডত চ্কর্ম করিবি কেন গ নত্বা পৃথিবীতে যাহা কিছু পাণ-ময়, তাহারই অনুষ্ঠানে ব্যক্ত হইবি কেন ? গুরুস্তগণ ৷ পূর্বেং যে

সভাস্ত আনন্দিত হইষা নানা প্রকাব পাপ করিষাছিলি, এফণে ভাহাব মল ভোগ কৰ; ভবে আর অভ রুগা ছঃখিত হইডেছিন্ কেন ? তোদেৰ গুৰু ন্তভায় কত শত লোকেব সৰ্ব্বনাশ হইযা শিয়াছে; পরিশেষে এই বিচারস্থানে ভাহার শান্তি ভোগ করিতে হইবে, जारा कि उपन ज़िवा शियां जिल ? श (व बुक्वर्ग । य खी, शूल, মিত্র ও ভূত্যবিগকে প্রথে রাধিবার জত্ত নানা হুত্ম করিযাহিলি, ভাহারা কর্মবন্দে কোখা গিয়াছে: আর তোরা এই স্থানে বইভোগ করিতেছিস: আর এখন অনুভাপ করিয়া কি হইবে ? পবের **শ্বনিষ্ট করিয়া, পরের সর্ববে অপহরণ কবিয়া ভোরা যে নিজ নিজ** পুত্রকলত্রদিগকে পোষণ করিয়াছিলি, তাহারা অহতে গমন করিয়াছে; কিন্তু ভোবা ভংসমন্ত পাপ প্রাপ্ত হইয়াছিদ্; আহা, ভোদের অবস্থা কি শোচনীয়। কিন্তু ইহাতে আর হঃখের কি বারণ আছে 🕈 ভোরা ষেত্রণ পাপ করিষাছিলি, অভ তাহারই উপযুক্ত প্রতিষল ভোগ করিতে হইবে ; তবে ইহাতে আর ছ:খের বিষয় কি আছে । তোৱা নিশ্চর জানিদ্ধ ধর্মরাজ ক্ষনও কাহার প্রতি পক্ষণাত করেন না। তিনি ফাযের পুদ্ধ তুলাদণ্ড ধারণ করিয়া সকলের যথাযোগ্য বিচার করিয়া থাকেন। একণে তিনি ভোদের প্রতি কিছুমাত্র অবিচার করিবেন না। ভবে ভোৱা যেরপ পাপ করিযাহিস্ ভাহার উপবৃক্ত প্রতিফল পাইবি। धवन निष्य निष्य शूर्व्यक्टर्स्व विषय विठात कतिया एवं। कि धनी, কি দরিদ্র, কি পণ্ডিড, কি সুর্গ, কি বীর, কি ভীরু, দকলেরই শিরে যম সদাসর্বাদা বিরাজ করিডেছেন, ইহা যেন দুচধারণা ধাকে।"

চিত্রগুপ্তের এই নিশারণ বাক্য প্রথম করিয়া হতভাগ্য পাপি- >
গণ বিষম ভবে আবুলিও হইন। কিন্তু ভাহারা কি করিবে।
আর উপায় নাই; পুর্বে বাহা করিয়াতে, ভাহার ফলভোগ করিছে
হইবেই ংইবে, কেচ ভাহা বঙৰ করিছে পারিবে না নিফপায়
হইবা ঘণডাগভাহারা যা ব হৃদ্ধের অধ্যাধাননা করিছে প্রবিভাবে দভাষ্টান বহিল।

-রুহরারদীয়-পুরাণ।

230

অভ:পর চণ্ডাদি ভীমনৃত্তি যমন্তগণ দেই পাতকীদিগকে ছযা-বহ নবকসমূহে নিদেপ কবিতে লাগিল। তথায় তাহারা যু স্ কর্মাছসারে ফলতোগ পূর্বাক পাণমূক্ত হইয়া মহীতলে নিশিও হইল এবং এখানে স্থাবমাদি ইইমা রহিল।

পুরাণতথজ্ঞ সূতের নিকট এই বিচিত্র বিববণ প্রবাণ খবিকুল দাকণ সংশ্যায়িত ইইয়া জিজ্ঞাসা করিলেন,—"ভগবন্। আমাণ

দিগের মনোমধ্যে বিষয় সন্দেহ উথিত হইয়াছে; সে সন্দেহ একমাত্র আপনি ব্যতীত আর কেহই ছেদন করিতে সমর্থ নহেন; কেননা, আপনি ভুগবান্ ব্যাদেব নিকট শিক্ষালাভ করিয়াছেন। দ্যাময়। আপনি বিবিধ ধর্ম ও পাপ এবং ডংসমন্তেব ফলভোগেই বিষয় বর্ণন করিলেন। পাপপুণ্যের ফল যে চিরকাল ভোগ করিতে হয়, তাহাও কার্ত্তন কবিলেন; কিন্তু প্রভো ৷ এ সকল বিষয়ে আমাদের এই বিষম সন্দেহা উপস্থিত হুইতেছে যে, বিষ-ব্রদাণ্ডের লয হইলে পাপপুণোর ফল অনন্তকাল ধরিয়া কি প্রকারে ভোগ কবা বাইতে পারে ? ইতিপুর্বের আপনাব নিকট अनिग्राहि त्य, बन्नाव मिवनावनार्तन जिल्लाक नहे हहेगा याहे त्य এবং প্রার্ক-দ্বিতয়ে ব্রহ্মাণ্ডের ধংস হইবে। আরও আপনি বলিয়াছেন যে, গ্রামাদি দান করিলে সংশ্রকোটি কল্প ধরিয়া দাতা তাহাব পুফল ভোগ করিয়া থাকেন। কিন্তু হে ব্যাসবলভ। সেই মহাএলযে সমস্ত ব্ল্ঞাণ্ড প্রলয়সলিলে বিপ্রস্ত হইলে ডাহা-দের ফলভোগ কোথায় থাকিবে ? তাঁহারাইবা কোথায থাকি-বেন ৷ মাপনার নিকট শুনিষাছি যে, সেই মহাধাংসকালে একমার্ ্রিগময় বিষ্ণু অবশিষ্ট থাকিবেন। তবে, পার্ণ ও পুণোর ফল-ভোগের সমাপ্তি কি প্রকারে হইবে ? দ্যার্থবন আমাদিগের এই ঘোর সংশয়জেদন করিয়া আমাদিগকে অনুগৃহীত ককন।" ্ ম্নিশণের এই দারগর্ভ বিচিত্র প্রাশ প্রবণ করিয়া পুরাণডভবিং

স্ত তাঁহাদিগকে বিস্তর সাধুবাদ প্রদান করিলেন এবং তাঁহা-দিগের সকলকে সম্বোধন করিয়া বলিলেন, "হে মহাভাগরুলঃ। পদ আপনারা আমাকে যে প্রশ্ন জিজ্ঞানা করিলেন, তাহা শুহের**ং** অঞ্তম। এক্ষণে আমি ইহার উপযুক্ত উত্তরদানে প্রবৃত হইলাম, শাপনারা অন্তামনে প্রবণ করুন। হে সুনিগণ। সনাতন নারাযণ পদ্ধ, অনন্ত এবং প্রম জ্যোতি:স্বরূপ। তিনি বিশুদ্ধ, নিত্য ও বহানোহবন্দিত। তিনি নিগুণ হইয়াও, সগুণবং প্রকাশ পান, এক ও অধিতীয় হইযাও ব্লা, বিষ্ণু ও শিবভেদে ত্রিমূর্ভিতে বিরাজ ৰবিতেছেন; বিনি ব্লাকণে সমস্ত জগৎসংসার সৃষ্টি করিতেছেন, বিষ্ণুরূপে পালন করিতেছেন এবং অস্তে রুজুরূপে সমস্ত ধ্বংস ক্রিডেছেন, সেই জগন্মৰ জনান্দিন বিষ্ণু প্রলয়ান্তে উথিত হইয়া বন্ধরণে এই বিশ্বচরাচরকে আবার পূর্ববং সৃষ্টি করেন, স্থাবর-**দদ**মাদি পূর্ব্ব হইতে যেরূপ হইয়া আদিতেছে, গরেও দেইরূপ হইবে , তরু, লভা, গুল্মাদি, সেই গিরি, প্রান্তর, নদী , সেই পশু-পদী, মানব, দানব, ফফ, রঞ্চ, গত্রব্ব, কিন্তর প্রভৃতি আবার পূর্ব্ব-বং জন্মগ্রহণ করিবে। অতএব নানবগণ পূর্বকৃত পাপ্পুণ্যের ফলভে'গ না -করিবে কেন ? হে বিপ্রেন্স্বর্গ । এ জগতে কোন পनार्ख्य नहां अदक्यांत्र मके इरेग्रा याय ना , दक्तना, उश्ममन्तरे প্রমাণ, নিত্য ও অক্ষ। ভোশ ব্যতীত কর্মকল কর্মই কয়প্রাপ্ত হয় না ; সূতরাং ইহলগতে যে ব্যক্তি যেরপ কর্ম কবে, তাহাকে তাহাব উপযুক্ত ফদতোগ ক্রিতে হইবেই হইবে। এয ধগদ্বয मात्रायन मर्दरकृष्टद यस्त्राचा , यिनि विरंधन , यिनि चनष्टर बनः দ্যাের স্টি, পালন ও সংহার করিতেছেন, তিনিই পরিপূর্ণ সনাতন-মূপে দর্ববকর্মের ফল সম্ভ ভোগ করেন।

## অফীবিংশ অধ্যায়।

\$ ----- .

### জীবেব নিয়তি।

হে মুনিবুল। এ জগৎ সুখছঃগ উভয়েবই লীলাত্ব। জন্তুগ কর্মপাশে নিয়ন্ত্রিত --কর্ম্বন অবশ্বই ভোগ করিতে হয়। ব যেরপ কর্ম করিবে, তাহার উপযোগী কল তাহাকে ভোগ করিছে ছইবেই হইবে, ইহা স্থির ,--ইহাই জীবের নিয়তি। এই কঠো ও অবশ্যস্তাবী নিয়তিব হস্ত হইতে কেহ কখনই নিচুতি লাভ করিতে পাবে না। জীবগণ স্ব স্ব কর্মের ফলভোশ করিয়া কর্মা বসানে ইহলোকে পুনর্বার আগমন পূর্বক স্থাবরাদিকুলে জনগ্রহণ করে। হে বিপ্রেক্রবর্গ। বৃক্ষ, গুদ্ম, লতা,, তুন ও নিবি প্রভৃতি স্থাবর নামে অভিহিত। স্থাবরত প্রাপ্ত ইইয়াও ভাহার। মুহুর্জের ম্বন্ধ মুখভোগ কবিতে পারে না। প্রাকৃতিক পীড়নে তাহাদিগরে নিরম্ভর নানাবিধ কট ভোগ করিতে হয়। ঝড, বৃষ্টি, বছামাত, দাবানল প্রভৃতি নানা উপসর্গ উখিত হইবা তাহাদিগের প্রাণ-সংহার করে। এই যে সম্মুখে প্রকাশ্ত কাণ্ডবিশিষ্ট মহীক্হরালি ' নযনগোচর হইতেছে, এখন্ট্ প্রচণ্ড কটিকা উথিত হইয়া ইহা দিগকে সমূলে উংপাটিত করিতে পারে; এখনই ভাষণ বছাঘাটে रेशापत्र भाषा-श्रमाया पद्म इरेग्रा याहेरछ शास्त्र , अवनरे पारामण উংপন্ন হইয়া ইহাদিগকে সমূলে ভন্মদাৎ করিতে পারে। ধে ু থবিদুল ৷ যে বৃক্ষ এককালে উন্নতনস্তকে আকাশ স্পূৰ্ণ কৰিয়া-ছিল, তাহা চুণবিচূর্ণ অথবা ভন্মীনৃত হইলা পরমাণুতে পরিণত इरेएड शास बाँह, किंग्रु छाहाएड कीवनीमिक विपृत्र हुए ना। কালে তাতাত্রা পভটোনি প্রাপ্ত হইয়া কংন মাংস, আবার কংশ ও

বা কলমূলাদি আহার পুর্বক জীবনধারণ করে, জুর্বল প্রাণিগণের উপর সর্বদা পীডন করে, কুম্পিপাসায় কাতর হইষা অপর অপর জীবের জনিষ্ট্রদাধনে প্রস্তুত হয়। তদন্তে অপর আনি প্রাপ্ত হইষা দিবগও করে বায়, করমও বা নেব্যাদি অমন পূর্বক নিটা নানা বিশে কঠে জীবন যাপন করিয়া বাকে। ভাহার পর তাহারা বাদি আমা পশুভূলে লক্ষপ্রত্থা কবে, কিন্তু ভাহাতেও কিছুমার র্থশাভ কবিতে পারে না। নির্ভূর মানবগণের অত্যাচাবে ভাহান্দর আধীনতা অপজত হয়, ভাহারা শুল্লাকর, যতি-ভাভিত এবং প্রায়ই নিহত হইষা পাকে। জ্বাহ বলাতিবিযোগকপ রেশও চাহািগিকে ভোগ কবিতে হয়। কিন্তু ভাহারা কি করিবে ? মহ্যা চাহািদিগের অপেশা অধিবতর বলবান।

ह महाजाशभूम । अहेदाल वहरयानि अभव क्तिइत्त कारम जाराता नमूबाजम आख ह्या। जारा आवात महर्क नरह, जीवतात मर्था किए यिन जाराता आत भूग करत, जारा रहेरलहे अहे सहस्र कि मानवस्त्र मांच कृतिए अभव ह्या। मर्था रहेरलहे अहे सहस्र कि मानवस्त्र मांच कृतिए अभव ह्या। मर्था रहेरलहे अहे सहस्र कि मानवस्त्र मांच कृतिए अभव ह्या। मर्था रहेरल क्या अहव क्रिक्ट हरेर वा जारात क्रिक्ट हरेर के क्षण्य क्रिक्ट हरेर वा जारात क्रिक्ट हरेर वा क्रिक्ट हरेर के क्षण्य क्रिक्ट हरेर वा वा क्रिक्ट हरेर वा क्रिक्ट वा क्रिक्ट हरेर वा क्रिक्ट वा क्रिक्ट हरेर वा क्रिक्ट वा क्रिक्

হে মৃনিবৃষ্ণ । ত্রী-পুরুষের সাসর্গে পুরুষের মরান্ত্রাকে প্রবিষ্ট হটনে ভীব কর্মবলে তংগত সেই ভরায়নকা প্রবেপ্ন লাভ সাস ২২৪ - বৃহলারদীয পুরাণ।

এবং শুক্রশোণিতের সংমিশ্রাণে গঠিত হইতে থাকে। এইরূপে জীব জন্মগ্রহণ করিলে পঞ্চদিবদে তাহা কলন, অর্জমাদে পলল এবং এক-মাদে প্রাদেশপ্রমাণ আকৃতি প্রাপ্ত ইইয়া থাকে। তাহার পর ইইতে বায়ুবদেশক্রমে তাহার চৈতক্ত উদিত হওয়াতে দে স্বীয় জননীর জঠরস্থ উৎকট তাপক্রেশ-সহ্ব করিতে না পাবিয়া ক্রমাণত নিজ্ঞ্যা বিভাগ। দুই মাস পরিপূর্ণ ইইলে প্রক্ষাকার এবং তৃতীয় মাস পূর্ণ হইলে কব-চরণাদি অবযবে সক্ষিত্ত হইরা থাকে। তাহাব পর চতুর্থ মাস অতীত ইইলে গর্ভস্থ করি বর্ষাণাত, বর্ষ মাস পরিপূর্ণ ইইলে নথরাদিব পরিক্ষ্টতা এবং সপ্তম মাস অতীত ইইলে রামাদিব পরিক্ষ্টতা এবং সপ্তম মাস অতীত ইইলে রোমাদিব পবিক্ষ্বণ এবং অইম মাদের প্রারম্ভে তাহার শরীরে চৈতত্যেব ক্রিজ জন্ম। শিশু স্বীয় মাতিস্ত্রে প্র্যাণ হইতে হইতে অমেধ্য মূত্রে সিক্ত হইয়া জরামু বাবা বর্ষিত্ত হইযা থাকে।

হৈ ছিছেন্দ্রর্গ। অইম মাদের গর্ভস্থ মিশুর উক্তর্মণ অবস্থা

উৎপন্ন হুইলে জননীর কটু, অন্ন, লবণ, উঞ্চ ও ৰুকাদি রসে দহুমান হইষা অত্যন্ত ক্লেণ ভোগ কবিষা থাকে। তংকালে তাহাব মনো মধ্যে নানা হুঃখের চিন্তা লক্ষিত হয়। সে সেই সমস্ত চিন্তায় আকুল হইষা এই বলিষা মনে মনে বিশাপ করে ,—"হাম। হাম। আমি কি পাণী। কি হত্তাগা। পৃক্জিনে ত্রী, পুত্র ও পরিবাবরর্গের ভরণ-পোষাার্থ কভ লোকের কভ সর্বনাশ করিয়াছি,—কভ লোকের ধনধান্ত-ক্ষেত্রগৃহাদি অপহরণ কবিষা ভাহাদিগকে পথের ভিথারী করিয়াছি, কত লোকেব স্ত্রী হবণ কবিয়া তাহাদিগের হৃদয়ে বিষম শোকশেল বিদ্ধ করিয়া দিয়াছি। হায়। আজি ভাহার ফশভোগ করিতেছি ৷ কত যোনি ভ্রমণ করিয়া অন্ত মনুযাকুলে জন্মিয়াছি,ডগাপি কত কষ্ট ভোগ কবিতে হউতেছে। স্ববাসূতে পরিবেষ্টিত হইয়াসম্প্রতি মন্তর্হণ ও বহিস্তাপে নিবস্তর বিদগ্ধ হইতেছি। স্বামি তত কুকার্য্যের অমুষ্ঠান করিয়া যে দারাপুত্রগণকে ভরণপোষণ করিয়াছিলাম,ডাহারা স্ব্ৰক্ষৰণে এখন অন্তৰ্গমন কৰিয়াছে, আৰু আমি এই কঠোৰ

ষঠর-মন্ত্রণা ভোগ করিতেছি। অহো। ছংথ—বিষম ছংথ,—উং-কট অসম জঃব:--দেহীদিগকে অসম জঃবভোগ করিতে হয়। হায়, এই দেহ পাপ হইতে জনিত অতএব আর কেহ যেন কখনও পাপ না কবে। ১ভৃত্য, মিত্র ভ পুত্রকলত্রদিগের জন্ত আমি পূর্ববিদ্ধে কড পাপ কবিয়াছি, আজি সেই সমস্ত পাপে জরাযুবেষ্টিত ইইয়া বিষম ছাৰানলে দক্ষ হইতেছি। হায়। আমি কি পাষ্টা কি হতভাগ্য। পুর্বের পাঁবর স্বোভার্ম্য দেখিয়া অসুযায় অলিয়া পুডিয়া মরিয়াছিলাম, দেই পাপে কঠোর গভানলে দগ্ধ হইয়া মরিতেছি। পূর্ব্বে আমি কাৰ্য্যশনাবাক্যে পরের অনিষ্ট করিয়াছিলাম,দেই পাপে আমি একাকী আজি এত কইভোগ করিতেছি।" এইকণে বছবিধ বিঁলাপ করিয়া ছঃখনিবারণার্থে স্থরাসূর,গদ্ধর্ম, উরগ, রাক্ষম ও মানবদিগের পুঞ্জিত নারায়ণের চরণকমল ধ্যান করিতে থাকিবে এবং প্রসবকাল উপস্থিত ইইলে বাহ্নবায়-পরিণীভিত হইয়া কুর্মপাশে আবদ্ধ হইয়া মাতার ছং উৎপাদন করিয়া যোনিমার্গ দিয়া অতি কটে নিজ্ঞান্ত হইবে। তাহাব পর বাহ্য-নান্ন তাহাকে উজ্জীবিত ক্রিয়া ভূলিবে। বাহ্যবায় দারা ম্পষ্ট হইবানাত্র তাহার স্মৃতি নষ্ট হইয়া যায়, সে অভীত ও বর্তমান ছঃখপুঞ্চ ভূলিফা গিফা বিষময় কর্ত্তপতিত হয।

लममोत्र गर्छ रहेर्ट निर्मुछ रहेत्रा निर्फ किन प्रिन दृषि भारेरछ सागिन ; णहां ब्रान नाहे, विरवना नाहे, अपमन्तिन क्रितां क्रमण नाहे। स्म नजूर वाहा भाग्न जहां है स्तः ; याहा भाग्न जहां है क्रितां क्रमण नाहे। स्म नजूर वाहा भाग्न जहां है क्रित है विनात भार विज्ञ है विनात भार ना। स्म वज्न क्रानहोंने स्म, निर्म मन्त्र है किन क्रित्र भार । है व्याप क्रित्र क्रानहोंने स्म, निर्म मन्त्र है किन क्रित्र भार । है क्रित्र क्रानहोंने स्म, निर्म मन्त्र है क्रित्र क्रा । व्याप्त माना क्रम क्रा क्रम क्रा व्याप्त क्रित्र क्रा । व्याप्त मन्त्र क्रा निर्म क्रम व्याप्त क्रम क्रा विज्ञ है स्म विद्या क्रा विज्ञ है स्म विद्या क्रा विज्ञ है स्म विद्या भाग्न क्रा विद्या है स्म विद्या क्रा विद्या क्र विद्या क्रा विद्या क्र विद्या क्रा विद्य क्रा विद्य क्रा विद्य क्रा विद्या क्रा विद्या क्रा विद्य क्रा विद्य क्रा व

226

এইরপ স্থিব কবিষা তিনি ঔষধ প্রযোগ করেন , স্থতরাং শিশুর প্রকৃত অভাব দ্বীকৃত হয় না। তাহার ক্ষুৎপিপাসা নিবাবিত হয না, দে অবিবত রোগন করিতে থাকে।

ক্রমে শিশু স্বাধীনভাবে চলিতে থাকে, কিন্তু তুখনও তাহার বৃদ্ধিবৃত্তি কিছুমাত্র পরিক্ষৃতি হয় নাই। সে যেখানে ইছা গমন করে, যাহা অভিলাধ, ভাহাই ভোলন করে, কথন ধূলা, কথন ভন্ম, কথনও কর্পন মানে; পথে, গোচে, ফুলকুণ্ডে, নানা অভিনিদ্ধানে থলা করিবা বেভায়, সমনমুদ্ধদিপের সহিত কলহ করে, মারামারি করে, অপবের অনিষ্ট করে। দে এইকুপ নানা প্রকাশ করেবা লাভায় বার্পাবে প্রবৃত্তি হয়। ভাহাকে কুকার্য্য হইতে নিবর্তিত করিবার জন্ম তাহার পিতা, মাুডা, শিক্ষক ভাভনা করেন; কর্পন কথন প্রহাব করিতেও কুষ্টিত হয়েন না। স্কুতবাং শিশু বে জীবনে আব অনুমাত্রও মুখ পায় না।

শৈশবের স্কুমার বয়স অতীত হইল; ক্রমে বৌবনের ক্রি তাহার সর্বাঙ্গে পবিদৃশ্যমান হইল। সে আর তথন বালক নহে। হয় ড সে বিভাশিক্ষা করিয়াছে, অথবা শিক্ষাভাবে মূর্থ হইয়াই সংসারে প্রবিষ্ট হইয়াছে।. এখন সংসারের ভার তাহার ফর্মে অপিত। হুডরাং তল্জ্যু অর্থোপার্জন আবশ্যক। যুবক অর্থের অনুসদ্ধানে উন্মন্তবৃৎ, ভ্রমণ করিতে পাগিল। সেই যৌবনের উল্লাসময জীবনেই তাহার হৃদযে চিন্তাকীট প্রবেশ, করিল। সে কষ্টেশ্ৰ্যে অৰ্থ উপাৰ্জন করিল; কিন্তু ভাহাতেও নিশ্চিম্ব হইতে পারিল না। সেই ধন কিলে নষ্ট বা অপ্রত না হয়, কিসে ভাষার পরিমাণ বৃদ্ধি পায়, কিসে সেধনী লোক হইতে পারে, এই আকাজ্মার সর্বেদা উদ্বেদ্ধিত হইতে লাগিল। হয় ড সে রাণীকৃত ধন উপার্জন করিতে পারিল; কিন্তু তাহার ছরাকাজণ 'মিটিল;না। ভাহার উপর আবার ভাহার মায়া, মোহ, কাম, ক্রোধাদি বৃদ্ধি পাইতে লাগিল। বুধা গর্ব্ম, মততা, অসুয়া ও অংকার উদিত হইয়া ভাহাকে অন্ধ করিল। পরের ধন দেশিরা

গহার হিংসা উদ্রিক্ত হইল, পরের ল্লী দেখিয়া সে কামোন্মও ংইল।

যৌবনের প্রখরতা ক্রমে মন্দীকৃত হইয়া পড়িল। সে পুত্র-পাতাদিতে পরিবেষ্টিত হইয়া প্রবীণবযদে পদার্পণ করিল. কন্ত তাহাতেও দে সুখ পাইল না। মনে করিবাছিল, পুত্রের ্ধক্ষল দেখিয়া সংসারজালা অবহেলা কবিবে, কিন্তু ডাহা ঘটিয়া টিল না। কর্মদোষে তাহার সন্তানগণ রোগে, কেহ বা কাল-ধানে পতিত হইল , স্বতবাং তাঁহার হৃংখের দামা-পরিসীমা রহিল া। বিষম । মনোহঃথে কাতর হইবা'লে মনে মনে বলিতে শাণিল,—"গৃহণেত্রাদি, কর্ম ও কার্যা কিছুই বিচার করিয়া দেখি নাই , সেইজন্ম একণে এড কট্ট পাইডেছি। সমৃদ্ধ কুটুম্বের নিকট কি প্রকারেই বা বৃত্তি স্বীকার করি । আমার মৃশংন নাই , পৃথি-বীতেও বারিবর্ষণ হয় না। একণে আমার উপায় কি ? আমার অথ কোণায় পলায়ন করিয়াছে, গাভী সকলও অ্সিডেছে না। আমার ভার্য্যা বালীপ্ত্যা, আমি কয় ও নিধ্ন। হাষ, অনাচারে আমার কৃষি নট হইয়া গিয়াছে , পুত্রগণ আহাবাভাবে নিডা রোদন করিতেছে, আনার বাটী ভগ্ন ও ছিন্নভিন্ন হইরা পডিয়াছে . ব্যুবাদ্ধবগণও নিকটে নাই, কোখাও একটি বৃত্তি খুঁ জিয়া পাই না ,-রাজা তাহাতে বাধা দেন ,-সে বাধা অতি ছ:সহ। এদিকে রিপুগণও নিরন্তর নানা রাধাবিপতি উত্থাপন করিতেছে, ভাহা-দিগকেই বা কি উপায়ে জয় করি ? বাবদায় করিয়া যে জীবিকা নির্বাহ কবিব, তাহারও কোন ক্ষমতা নাই। হায়, আমি নিতান্ত অপদার্থ, আমার আর উপায় কি ? ধিক্ ৷ আমার জীবনে শত ধিক্ ৷ এই অকিঞ্চিংকর তুর্বাহ জীবন বহন করিয়া আমার যশ কি ১"

অনে মানব বার্ছকো উপনীত হইল। সঙ্গে সঙ্গে লহা আসিয়া দেখা দিল, তাহার কেশ পলিত, গাত্রচর্ম লোলিত, দস্ত গলিত হইল। সর্বাবিষৰ শোতাহীন হইয়া পভিদ। ইন্দ্রিয়া-নিশ্বল শুর সভযাতে দে বিধিত, মত্ত ত সর্ববিষয়ে নিভাগ্ন রহন্নারদীয-পুবাণ

226 অশক্ত হইল। একে শরীর নিতান্ত ছর্বল, তাহার উপব আবার খাসকাসাদি ছক্ত রোগ্য-আসিযা আক্রমণ কবিল। বৃদ্ধ । ব্যতিরেকে পদমাত্র যাইতে পাবে না; দণ্ডেব উপব ভর দিয়া কিযদাৰ অগ্ৰসৰ হইবাই নিতান্ত ক্লান্ত হইবা পড়ে ; কণ্ঠখাস ক্ষ হইয়া আইসে; উচ্ছুদিত শ্লেমাষ তাহার নঘনযুগলও 🗵 হইয়া পডে। যে পুত্রদিগের স্থস্বাচ্ছন্দ্যের জন্ম এককালে -কত কষ্ট, কত<sup>®</sup>বন্ধণা ভোগ করিমাছিল, আজি তাহার। এব প্রতি বিরক্ত হইয়া সর্বদ। নানুপ্রিকার ভংগনা করিতে থাকে অন্তুদিন,তাহার মৃত্যুকামনা করে। তাহাদের আঁচবণে রুক 🗤 পর-নাই মর্মাহত হইবা আত্মত্রোহিতাব উবিশ্ব হইতে থাকে "হায! কবৈ আমি মরিব ? কবে সংসাবজালা হইতে নিষ্ পাইব ?" তখন বৃদ্ধ মনে মনে এইরপ চিন্তা করিতে ১ কিন্তু তথাপি সংসারের মাবা ভূলিতে পাবে না। "আমি নী আম্ব্র অর্জিভ গৃহক্ষেত্রাদি মদীয় পুশুগণ কি প্রকাবে রক্ষ करिदर १ होय। येज श्रीडश्रम कतिया दि छेशार्बन कतिया सरि লাম, হয় ত তংসমূদায় অপরেব হস্তগত হইবে। তাহা হই<sup>দে</sup> আমার পুত্রদিগের ভাগ্যে কি হইবে ? ভাহার। দি প্রকারে জীবন ধারণ করিবে 🕫 এইরূপ নানা চিন্তায় আকুল হইয়া ঘন 🕫 দীর্ঘদা ভাগ করিতে থাকিবে। ক্রমে ক্রমে যখন ব্যাধি প্রব

হইয়া উঠিবে, জীবনের সমস্ত আ্লাশ্যভরসা বিলুপ্ত হইয়া বাইক্টে মৃত্যুর বিকটমূর্ত্তি শিল্পরে আসিমা বিরাজ ক্রিতে থাকিবে, তর্থ কঠোর মন্ত্রণায় কাওর হইয়া রোগী কণ শ্যাম, কণ মধ্যের উপন্নি ভাগে, কণকাল মৃত্তিকায় পর্যাটন বরিবে এবং দাবণ তৃফায স্বা হইয়া সর্বাদ। নিরতিশয় কফাস্বরে ভল বাঁচ্ঞা করিতে থাকি<sup>রে।</sup> কিন্তু তাহার আত্মায়স্থলনগণ তখন তাহাকে কিচুতেই তল বি<sup>ত</sup> না। ক্রনে তাহার অসপ্রত্যক শিবিল হইয়া পড়িবে; <sup>ক্রি</sup> यमाज, निम्भन, छजरं প্রতীয়নান হইবে। নয়নের স্যোতি লিংবার বল নিজেল হইয়া পভিবে। তথন সে মৃত্যুর বি

্বশ ব্যতীত আৰু কিছুই দেখিতে পাইৰে না। মনে মনে কথা দিবিবাৰ ইছো হইবে, কিন্তু হওতাগ্য ৰাক্য উচ্চাৰণ ক্রিডে সানিবে না। মনোহাখে হৃদয় শীভিত হইতে থাকিবে; নয়নশুগল দিয়া অনিরলগারে জলধারা নির্গত; হইবে। তবনও হতভাগ্য নিজ ধনপৃহাদির মান্তা ভূলিতে পারিবে না। জনে তাহাব
তৈত্ত নিনুপ্ত, হইবা আনিবে। কঠ যভু-ষভ় ক্রিতে থাকিবে;
শবশেষে তাহাব দেহ হইতে প্রাণবানু বাহির হইয়া যাইবে।

